মৃত সাগর (Dead Sea) জর্ডান-ইসরায়েল সীমান্তে অবস্থিত। সমুদ্র পৃষ্ঠ থেকে ৪২০ মিটার নিচে এটি পৃথিবীর নিম্নতম স্থলভূমি। লবণাক্ততার মাত্রা অত্যধিক হওয়ায় একে 'লবণ সাগর'ও বলা হয়। এই সমুদ্রে সব দ্রব্য ভেসে থাকে - মানুষ অনায়াসে গা ভাসিয়ে থাকতে পারে।

বৈকাল বিশ্বের গভীরতম হ্রদ। হ্রদটি রাশিয়ায় (সাইবেরিয়া) অবস্থিত।

MCQ Solution

১. **Which of the following is the largest lake in the world?** [Standard Bank Ltd. Trainee Asst. Officer: 13] *Or,*
বিশ্বের বৃহত্তম হ্রদ কোনটি? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর: ১৮]
ⓐ Victoria Lake ⓑ Lake Superior
ⓒ Caspian Sea ⓓ Baikal Sea **Ans.** c

২. **Which of the following is an inland sea?/ নিচের কোনটি হ্রদ?** [Standard Bank Ltd. Trainee Asst. Officer: 16]
ⓐ Caribbean Sea ⓑ Caspian Sea
ⓒ Red Sea ⓓ Yellow Sea **Ans.** b

৩. **পৃথিবীর বৃহত্তম লবণাক্ত হ্রদের নাম কী?** [ইবি (জি ইউনিট): ১১-১২]
ⓚ কাস্পিয়ান ⓚ বৈকাল
ⓖ পীত সাগর ⓖ মান্নার উপসাগর **উত্তর:** ক

৪. **পৃথিবীর বৃহত্তম হ্রদ 'কাস্পিয়ান সাগর' কোন মহাদেশে অবস্থিত?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]
ⓚ আফ্রিকা ⓚ উত্তর আমেরিকা
ⓖ এশিয়া ⓖ অস্ট্রেলিয়া **উত্তর:** গ

৫. **কোনটি ভূ-বেষ্টিত সাগর?** [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]
ⓚ মর্মর সাগর ⓚ কৃষ্ণসাগর
ⓖ কাস্পিয়ান সাগর ⓖ ভূমধ্যসাগর **উত্তর:** গ
ব্যাখ্যা: ভূ-বেষ্টিত সাগর অর্থ হ্রদ।

৬. **যুক্তরাষ্ট্রের গ্রেট লেকস (Great Lakes) বলতে কয়টি হ্রদ বোঝানো হয়?** [জেলা সমাজসেবা অফিসার: ৯৯]
ⓚ ৪টি ⓚ ৫টি
ⓖ ৩টি ⓖ ৬টি **উত্তর:** খ

৭. **Which is the deepest lake in the world?** [Sonali & Janata Bank Ltd. Senior Officer (IT): 18]
Or,
পৃথিবীর গভীরতম হ্রদ কোনটি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-এর কার্যালয়ের অধীন অডিটর: ১৪]
ⓐ Lake Superior ⓑ Lake Baikal
ⓒ Lake Huron ⓓ Lake Malawi **Ans.** b

৮. **সুপিরিয়র, মিসিগান, হুরন, ইরি, অন্টারিও- এই পাঁচটি হ্রদকে একত্রে কি বলে?** [থানা সমাজসেবা অফিসার: ৯৯]
ক ফাইভ লেকস খ গ্রেট লেকস
গ স্লাভ লেকস ঘ ইউনিপেগ **উত্তর:** খ

৯. **'ডেড সী' (Dead Sea) কী?** - [জাতীয় নিরাপত্তা সংস্থার সহকারী পরিচালক (গবেষণা কর্মকর্তা): ২১]
ক একটি নদী খ একটি সাগর
গ একটি হ্রদ ঘ মৃত সাগর **উত্তর:** গ

১০. **Which of the following sea is also called Salt Sea?/ কোন সাগরকে 'লবণ সাগর' বলা হয়?** [Trust Bank Ltd. Asst. Executive Officer : 10]
ⓐ Persian Gulf ⓑ Bay of Bengal
ⓒ Caspian Sea ⓓ Dead Sea
ⓔ None of these **Ans.** d

১১. **Dead Sea কোথায় অবস্থিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা): ১৪]
ক Egypt এবং Jordan এর মধ্যে
খ Israil এবং Jordan এর মধ্যে
গ Iraq এবং Jordan এর মধ্যে
ঘ Iraq এবং Turkey এর মধ্যে **উত্তর:** খ

১২. **পৃথিবীর কোন সাগরে মানুষ অনায়াসে গা ভাসিয়ে থাকতে পারে?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক: ৯৭]
ক বাল্টিক খ লোহিত
গ মৃত ঘ আড্রিয়াটিক **উত্তর:** গ


১৩. **'মৃত সাগর' অবস্থিত যে দেশে** - [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ক ইরান খ জর্ডান
গ সিরিয়া ঘ ইসরায়েল **উত্তর:** খ,ঘ

নদনদী


যে নদী সবচেয়ে বেশিপথ অতিক্রম করে, সে দীর্ঘতম নদী (Longest river)। পৃথিবীর দীর্ঘতম নদী নীল নদ। বৃহত্তম নদী (Largest river) বিচার করা হয় যে নদীতে প্রতি সেকেন্ডে সবচেয়ে বেশি পরিমাণ পানি প্রবাহিত হয় তাকে। পৃথিবীর বৃহত্তম নদী হচ্ছে আমাজন (২০৯০০০ ঘনমিটার পানি প্রতি সেকেন্ডে প্রবাহিত হয়)।

নীল নদ (Nile)

নীল নদ এর দৈর্ঘ্য ৬৬৯০ কি.মি.। এর দুইটি উপনদী রয়েছে, হোয়াইট নাইল এবং ব্লু নাইল। এর মধ্যে হোয়াইট নাইল দীর্ঘতর। হোয়াইট নাইল আফ্রিকার মধ্যভাগের হ্রদ অঞ্চল হতে উৎপন্ন হয়েছে। এর সর্ব দক্ষিণের উৎস হলো রুয়ান্ডাতে এবং এটি এখান থেকে উত্তর দিকে ভিক্টোরিয়া হ্রদের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে। ভিক্টোরিয়া হ্রদ কেনিয়া-তাঞ্জানিয়া-উগান্ডা ত্রিদেশীয় সীমান্তে অবস্থিত আফ্রিকা মহাদেশের বৃহত্তম হ্রদ। অন্যদিকে, ব্লু নাইল ইথিওপিয়ার তানা হ্রদ হতে উৎপন্ন হয়েছে। দুইটি উপনদী সুদানের রাজধানী খার্তুমের নিকট মিলিত হয়েছে। নীলের উত্তরাংশ সুদানে শুরু হয়ে মিশরের ওপর দিয়ে প্রবাহিত হয়ে বিশাল ব-দ্বীপ সৃষ্টি করে ভূমধ্যসাগরে গিয়ে মিশেছে। মিশরের রাজধানী কায়রো নীলনদের ব-দ্বীপের শীর্ষভাগে অবস্থিত। নীল নদ আফ্রিকার মোট ১১টি দেশের মধ্যে দিয়ে প্রবাহিত হয়েছে। যথা- রুয়ান্ডা, বুরুন্ডি, উগান্ডা, তাঞ্জানিয়া, কেনিয়া, গণতান্ত্রিক কঙ্গো, ইথিওপিয়া, ইরিত্রিয়া, দক্ষিণ সুদান, সুদান এবং মিশর।



আমাজন নদী (Amazon River)



আমাজন বিশ্বের প্রশস্ততম নদী। বিশ্বের দ্বিতীয় দীর্ঘতম নদী। আমাজন নদী আন্দিজ পর্বতমালা থেকে উৎপন্ন হয়ে ৬৩৮৭ কি.মি. পাড়ি দিয়ে দক্ষিণ আমেরিকার ৬টি দেশ (পেরু, বলিভিয়া, ভেনিজুয়েলা, কলম্বিয়া, ইকুয়েডর এবং ব্রাজিল) বিধৌত হয়ে আটলান্টিক মহাসাগরে গিয়ে পড়েছে।

মিসিসিপি - মিসৌরি

মিসিসিপি-মিসৌরি যুক্তরাষ্ট্র তথা উত্তর আমেরিকার দীর্ঘতম নদী। মিসিসিপির প্রধান উপনদী মিসৌরি। মিসিসিপি-মিসৌরির একত্রে দৈর্ঘ্য ৬২৭৫ কি.মি. (মতান্তরে ৮০৯৫ কি.মি.)। মিসৌরি-মিসিসিপির সাথে যুক্তরাষ্ট্রের সেন্ট লুইসে মিলিত হয়েছে। যুক্তরাষ্ট্রের নিউ অরলিন্স, মেম্ফিস প্রভৃতি গুরুত্বপূর্ণ শহর মিসিসিপি নদীর তীরে অবস্থিত।

বিশ্বের প্রধান শহর যে নদীর তীরে অবস্থিত

নিউইয়র্ক	হাডসন
কুইবেক	সেন্ট লরেন্স
লন্ডন	টেমস
বার্লিন	স্প্রি
প্যারিস	সিন
রোম	টিবের
ওয়ারস	ভিশ্চ্যুলা
মস্কো	মস্কোভা
দিল্লি	যমুনা
ইয়াঙ্গুন	ইরাবতী
টোকিও	সুমিদা

ইয়াংসিকিয়াং (Yangtze)

ইয়াংসিকিয়াং এশিয়ার দীর্ঘতম নদী। দৈর্ঘ্য ৬৩৮০ কিমি। এটি তিব্বতের মালভূমি থেকে উৎপন্ন হয়ে পূর্ব চীন সাগরে পতিত হয়েছে।

হোয়াংহো

হোয়াংহো এশিয়ার দ্বিতীয় দীর্ঘতম নদী। এর অন্য নাম পীত বা হলুদ নদী (The Yellow River)। এটি কুনলুন পর্বত থেকে উৎপন্ন হয়ে বোহাই সাগরে পতিত হয়েছে। প্রাচীন চীনে প্রায় হোয়াংহো নদী ছাপিয়ে উঠে সবকিছু বন্যায় ভাসিয়ে দিত বলে এই নদীর নাম ছিল 'চীনের দুঃখ'।

সিন্ধু নদ (Indus River)

সিন্ধু নদ তিব্বতের মালভূমি থেকে উৎপন্ন হয়ে ভারত ও পাকিস্তানের মধ্য দিয়ে আরব সাগরে পড়েছে। এই নদের নামানুসারে ভারতের নাম 'ইন্ডিয়া' হয়েছে। শতদ্রু (শতলজ), বিপাশা, ইরাবতী (রাভী), চন্দ্রভাগা, বিতস্তা (ঝিলাম) প্রভৃতি সিন্ধুর প্রধান উপনদী। পাকিস্তানের করাচী সিন্ধু নদের তীরে এবং লাহোর নগরী রাভী নদীর তীরে অবস্থিত।

আমুদারিয়া (Amu Darya)

আমুদারিয়া পামীর মালভূমি থেকে উৎপন্ন হয়ে আরল হ্রদে পতিত হয়েছে।

জর্ডান নদী

জর্ডান নদী মধ্যপ্রাচ্যের একটি নদী। সিরিয়ার মালভূমি (গোলান মালভূমি) থেকে উৎপন্ন হয়ে মৃত সাগরে (Dead Sea) পতিত হয়েছে। মৃত সাগরের ৯৫% পানি আসে জর্ডান নদী থেকে। জর্ডান নদীর প্রবাহ সিরিয়া, লেবানন, ফিলিস্তিনের পশ্চিম তীর (West Bank), ইসরায়েল এবং জর্ডানসহ ৫টি দেশের ভিতর দিয়ে। খ্রিষ্টান এবং ইহুদী ধর্মাবলম্বীদের কাছে অত্যন্ত পবিত্র এ নদীতে দূষণের মাত্রা আশঙ্কাজনকভাবে বেড়েই চলেছে। জর্ডান নদীতে মাছ হয় না।

ভলগা


ভলগা ইউরোপের দীর্ঘতম নদী। ভলদাই পাহাড় থেকে উৎপন্ন হয়ে মধ্য রাশিয়ার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে কাস্পিয়ান সাগরে পতিত হয়েছে।

মারি নদী (Murray River)

মারি অস্ট্রেলিয়ার দীর্ঘতম নদী। এটি অস্ট্রেলীয় আল্পসে উৎপত্তি লাভ করে এনকাউন্টার উপসাগরের কাছে ভারত মহাসাগরে পতিত হয়েছে। মারামবিজি এবং ডালিং মারির দুই প্রধান উপনদী। ডালিং নদীর উৎপত্তিস্থল থেকে মারি নদীর মোহনা পর্যন্ত জলপথের দৈর্ঘ্য ৩৭৫০ কিমি, যা অস্ট্রেলিয়ার দীর্ঘতম জলপথ।

টাইগ্রিস ও ইউফ্রেটিস

টাইগ্রিস (আরবি নাম দাজলা) ও ইউফ্রেটিস (আরবি নাম ফোরাত) উভয় নদী তুরস্কের পর্বতমালায় (আর্মেনিয়ার উচ্চভূমি হতে) উৎপত্তি লাভ করে সিরিয়া এবং ইরাকের ভিতর দিয়ে প্রবাহিত হয়েছে। টাইগ্রিস নদীর দৈর্ঘ্য ১৮৫০ কি.মি. (১১৫০ মাইল)। ইউফ্রেটিস নদীর দৈর্ঘ্য ২৮০০ কিলোমিটার (১৭৪০ মাইল)। দক্ষিণ ইরাকের বসরার নিকট নদী দুইটি পরস্পরের সাথে মিলিত হয়েছে এবং 'শাত-ইল-আরব' নামে পারস্য উপসাগরে পড়েছে। ইরাকের বাগদাদ, মসুল শহর টাইগ্রিস নদীর তীরে অবস্থিত। ইরাকের ফালুজা, কারবালা. কুফা প্রভৃতি নগরী ইউফ্রেটিস নদীর তীরে অবস্থিত।



দানিউব

দানিউব ইউরোপের দ্বিতীয় দীর্ঘতম নদী। এটি ইউরোপ মহাদেশের অন্যতম প্রধান পরিবহন পথ। ইউরোপের প্রধান নদীগুলোর মধ্যে কেবল দানিউবই পশ্চিম-পূর্বে প্রবাহিত হয়। জার্মানির ব্ল্যাক ফরেস্ট অঞ্চলে এর উৎপত্তি। সেখান থেকে ২৮৫০ কি.মি. পূর্ব দিকে প্রবাহিত হয়ে রুমানিয়ার উপকূলে কৃষ্ণসাগরে পতিত হয়েছে।



দানিয়ুব নদী তীরবর্তী ইউরোপের ৪টি দেশের রাজধানী

নদীবিহীন দেশ

বাহামা, বাহরাইন, কমোরোস, কিরিবাতি, কুয়েত, মালদ্বীপ, মাল্টা, মার্শাল দ্বীপপুঞ্জ, মোনাকো, নাউরু, ওমান, কাতার, সৌদি আরব, টুভ্যালু, সংযুক্ত আরব আমিরাত, ভ্যাটিকান সিটি, ইয়েমেন।

MCQ Solution

১. **পৃথিবীর (তথা আফ্রিকার) দীর্ঘতম নদী -** [মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর জুনিয়র অডিটর: ২২]

Or,

Which of the following is the longest river in the world? [EXIM Bank Ltd. Trainee Asst. Officer: 18]

ⓚ কঙ্গো ⓚ নীলনদ ⓖ নাইজার ⓖ আমাজান **উত্তর:** খ

২. **নীল নদের উৎপত্তি হয়েছে-** [খুবি (বি ইউনিট): ১৯-২০]

ক) ককেসাস পর্বতমালা থেকে
খ) পামির মালভূমি থেকে ককেসাস পর্বতমালা থেকে
গ) ইথিওপিয়া পর্বতমালা থেকে
ঘ) ভিক্টোরিয়া হ্রদ **উত্তর:** ঘ

৩. **নিম্নে উল্লিখিত কোন হ্রদটি তাঞ্জানিয়া ও উগান্ডার মধ্যে আন্তর্জাতিক সীমানা হিসেবে বিবেচিত?** [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]

ক) চাদ খ) মালওয়ি গ) ভিক্টোরিয়া ঘ) জামবেজি **উত্তর:** গ

৪. **আফ্রিকার বৃহত্তম হ্রদ কোনটি?** [থানা শিক্ষা অফিসার: ৯৬]

ক) তাঞ্জানিয়া খ) রুডলক গ) আলবার্টন ঘ) ভিক্টোরিয়া **উত্তর:** ঘ

৫. **নীল নদ কোন মহাদেশ দিয়ে প্রবাহিত?** [ববি (ঘ ইউনিট): ১৩-১৪]

ক) দক্ষিণ আমেরিকা খ) উত্তর আমেরিকা গ) এশিয়া ঘ) আফ্রিকা **উত্তর:** ঘ

৬. **পৃথিবীর দীর্ঘতম নদী 'নীলনদ' কয়টি দেশের মধ্যে গিয়ে প্রবাহিত হয়েছে?** [ইউনিয়ন ব্যাংক প্রবেশনারী অফিসার: ২১]

ক) ৭টি খ) ৮টি গ) ৯টি ঘ) ১১টি **উত্তর:** ঘ

৭. **নীল নদ প্রবাহিত -** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]

ক) উত্তর থেকে দক্ষিণে খ) দক্ষিণ থেকে উত্তরে গ) পূর্ব থেকে পশ্চিমে ঘ) পশ্চিম থেকে পূর্বে **উত্তর:** খ

৮. **নীল নদ কোন দু'টি দেশের মধ্য দিয়ে প্রবাহিত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-জুনিয়র অডিটর: ১৪]

ক) মিশর-লিবিয়া খ) মিশর-সুদান গ) লিবিয়া-মরক্কো ঘ) মিশর-ঘানা **উত্তর:** খ


৯. **নীলনদ কোন সাগরে পতিত হয়েছে?** [সমবায় অধিদপ্তরে প্রশাসনিক কর্মকর্তা: ৯৭]

ক) লোহিত সাগরে খ) ভূমধ্যসাগরে গ) এডেন উপসাগরে ঘ) আরবসাগরে **উত্তর:** খ

১০. **আসওয়ান বাঁধ অবস্থিত -** [ইবি (বি ইউনিট): ০৩-০৪]

ক) তুরস্কে খ) মিশরে গ) ইরানে ঘ) পাকিস্তানে **উত্তর:** খ

দানিউব ইউরোপের দ্বিতীয় দীর্ঘতম নদী। এটি ইউরোপ মহাদেশের অন্যতম প্রধান পরিবহন পথ। ইউরোপের প্রধান নদীগুলোর মধ্যে কেবল দানিউবই পশ্চিম-পূর্বে প্রবাহিত হয়। জার্মানির ব্ল্যাক ফরেস্ট অঞ্চলে এর উৎপত্তি। সেখান থেকে ২৮৫০ কি.মি. পূর্ব দিকে প্রবাহিত হয়ে রুমানিয়ার উপকূলে কৃষ্ণসাগরে পতিত হয়েছে।



দানিয়ুব নদী তীরবর্তী ইউরোপের ৪টি দেশের রাজধানী

নদীবিহীন দেশ

বাহামা, বাহরাইন, কমোরোস, কিরিবাতি, কুয়েত, মালদ্বীপ, মাল্টা, মার্শাল দ্বীপপুঞ্জ, মোনাকো, নাউরু, ওমান, কাতার, সৌদি আরব, টুভ্যালু, সংযুক্ত আরব আমিরাত, ভ্যাটিকান সিটি, ইয়েমেন।

MCQ Solution

১. **পৃথিবীর (তথা আফ্রিকার) দীর্ঘতম নদী** - [মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর জুনিয়র অডিটর: ২২]

Or:

Which of the following is the longest river in the world? [EXIM Bank Ltd. Trainee Asst. Officer: 18]

ⓚ কঙ্গো ⓚh নীলনদ
ⓖ নাইজার ⓖh আমাজান **উত্তর:** খ

২. **নীল নদের উৎপত্তি হয়েছে-** [খুবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ ককেসাস পর্বতমালা থেকে
ⓚh পামির মালভূমি থেকে ককেসাস পর্বতমালা থেকে
ⓖ ইথিওপিয়া পর্বতমালা থেকে
ⓖh ভিক্টোরিয়া হ্রদ **উত্তর:** ঘ

৩. **নিম্নে উল্লিখিত কোন হ্রদটি তাঞ্জানিয়া ও উগান্ডার মধ্যে আন্তর্জাতিক সীমানা হিসেবে বিবেচিত?** [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]
ⓚ চাদ ⓚh মালওয়ি
ⓖ ভিক্টোরিয়া ⓖh জামবেজি **উত্তর:** গ

৪. **আফ্রিকার বৃহত্তম হ্রদ কোনটি?** [থানা শিক্ষা অফিসার: ৯৬]
ⓚ তাঞ্জানিয়া ⓚh রুডলক
ⓖ আলবার্টন ⓖh ভিক্টোরিয়া **উত্তর:** ঘ

৫. **নীল নদ কোন মহাদেশ দিয়ে প্রবাহিত?** [ববি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ দক্ষিণ আমেরিকা ⓚh উত্তর আমেরিকা
ⓖ এশিয়া ⓖh আফ্রিকা **উত্তর:** ঘ

৬. **পৃথিবীর দীর্ঘতম নদী 'নীলনদ' কয়টি দেশের মধ্যে গিয়ে প্রবাহিত হয়েছে?** [ইউনিয়ন ব্যাংক প্রবেশনারী অফিসার: ২১]
ⓚ ৭টি ⓚh ৮টি
ⓖ ৯টি ⓖh ১১টি **উত্তর:** ঘ

৭. **নীল নদ প্রবাহিত** - [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ উত্তর থেকে দক্ষিণে ⓚh দক্ষিণ থেকে উত্তরে
ⓖ পূর্ব থেকে পশ্চিমে ⓖh পশ্চিম থেকে পূর্বে **উত্তর:** খ

৮. **নীল নদ কোন দু'টি দেশের মধ্য দিয়ে প্রবাহিত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স-জুনিয়র অডিটর: ১৪]
ⓚ মিশর-লিবিয়া ⓚh মিশর-সুদান
ⓖ লিবিয়া-মরক্কো ⓖh মিশর-ঘানা **উত্তর:** খ

৯. **নীলনদ কোন সাগরে পতিত হয়েছে?** [সমবায় অধিদপ্তরে প্রশাসনিক কর্মকর্তা: ৯৭]
ⓚ লোহিত সাগরে ⓚh ভূমধ্যসাগরে
ⓖ এডেন উপসাগরে ⓖh আরবসাগরে **উত্তর:** খ

১০. **আসওয়ান বাঁধ অবস্থিত** - [ইবি (বি ইউনিট): ০৩-০৪]
ⓚ তুরস্কে ⓚh মিশরে
ⓖ ইরানে ⓖh পাকিস্তানে **উত্তর:** খ

১১. **The city of Cairo located by which river?** [BRDB Officer: 04]

Or,

কায়রো কোন নদীর তীরে অবস্থিত? [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]

ক টাইগ্রিস খ সিন্ধু
গ নীল ঘ ইউফ্রেটিস **উত্তর:** গ

১২. **পৃথিবীর প্রশস্ততম নদী কোনটি?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]

ক আমাজান খ মেঘনা
গ মিসিসিপি ঘ নীলনদ **উত্তর:** ক

১৩. **The largest river in the world is -** [BHBFC Officer: 17] *Or,*

পৃথিবীর বৃহত্তম নদী কোনটি? [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্ট্রি অপারেটর: ১৮]

ⓐ Nile ⓑ Mississippi
ⓒ Amazon ⓓ Padma **Ans.** c

১৪. **The river which carries maximum quantity of water into the sea?** [IFIC Bank Ltd. Probationary Officer: 11]

Or,

বিশ্বের সবচেয়ে বেশি পানি প্রবাহিত হয় কোন নদী দিয়ে? [চবি (ছ ইউনিট): ০৮-০৯]

ⓐ Amazon ⓑ Nile
ⓒ Ganges ⓓ Indus **Ans.** a

১৫. **আমাজান নদী কোন মহাদেশে অবস্থিত?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]

ক আফ্রিকা খ উত্তর আমেরিকা
গ দক্ষিণ আমেরিকা ঘ এশিয়া **উত্তর:** গ

১৬. **পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম নদী–** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলি): ১১]

ক নীল খ মিসিসিপি
গ আমাজন ঘ সেন্ট লরেন্স **উত্তর:** গ

১৭. **দক্ষিণ আমেরিকার দীর্ঘতম নদী কোনটি?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ): ০৯]

ক আমাজান খ মারে ডার্লিং
গ নীলনদ ঘ ভলগা **উত্তর:** ক

১৮. **এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?** [২০তম বিসিএস]

ক হোয়াংহো খ ইয়াংসিকিয়াং
গ গঙ্গা ঘ সিন্ধু **উত্তর:** খ

১৯. **The longest river in Asia, Yangtze, is located in -** [Combined 5 Banks Officer (Cash): 22]

ⓐ China ⓑ India
ⓒ Thailand ⓓ Japan **Ans.** a

২০. **সবচেয়ে বড় নদী 'মিসিসিপি' কোন মহাদেশে অবস্থিত?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]

ক আফ্রিকা খ এশিয়া
গ আমেরিকা ঘ ইউরোপ **উত্তর:** গ

২১. **মিসিসিপি-মিসৌরি নদীর একত্রে দৈর্ঘ্য প্রায়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা): ১১]

ক ৯৫০৮ কি.মি. খ ৫০৯৮ কি.মি.
গ ৬০৯৫ কি.মি. ঘ ৮০৯৫ কি.মি. **উত্তর:** ঘ

২২. **Which of the following cities is located on the bank of the Mississippi?** [JU (F Unit): 18-19]

ⓐ Ottoowa ⓑ Quebec
ⓒ New Orleans ⓓ California **Ans.** c

২৩. **হোয়াংহো নদী কোথায় অবস্থিত-** [ডেন্টাল কলেজ: ০৩-০৪]

ক জাপান খ চীন
গ ভিয়েতনাম ঘ কোরিয়া **উত্তর:** খ

২৪. **হোয়াংহো নদীর উৎপত্তি স্থল কোথায়?** [২৮তম বিসিএস]

ক হিমালয় খ কুনলুন পর্বত
গ ব্ল্যাক ফরেস্ট ঘ আল্পস **উত্তর:** খ

২৫. **চীনের দুঃখ বলে পরিচিত-** [কর্মসংস্থান ব্যাংক ডাটা এন্টি অপারেটর: ১১]

ক মেনাম নদী খ হোয়াংহো নদী
গ ইয়াংসিকিয়াং নদী ঘ মেকং নদী **উত্তর:** খ

২৬. **'মারে ডালিং' কোন দেশের নদী?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]

ক অস্ট্রেলিয়া খ আফ্রিকা
গ ইরান ঘ ইরাক **উত্তর:** ক

২৭. **ইউরোপের দীর্ঘতম নদী কোনটি?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী: ২১]

ক দানিয়ুব খ রাইন
গ ভলগা ঘ টেমস **উত্তর:** গ

২৮. **ভলগা নদী কোন দেশে অবস্থিত?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]

ক যুক্তরাষ্ট্র খ চীন
গ রাশিয়া ঘ জার্মানি **উত্তর:** গ

২৯. **ব্ল্যাক ফরেস্ট (Black Forest) কোন দেশে অবস্থিত?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক: ২০]

ক জার্মানিতে খ যুক্তরাষ্ট্রে
গ ইংল্যান্ড ঘ আমেরিকা **উত্তর:** ক

৩০. **টাইগ্রিস নদী কোথায় অবস্থিত?** [রাবি (ভূগোল ও পরিবেশ): ০৫-০৬]

ক মিশর খ আফগানিস্তান
গ সৌদি আরব ঘ ইরাক **উত্তর:** ঘ

৩১. **টাইগ্রিস নদী পতিত হয়েছে --** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]

ক পারস্য উপসাগরে খ মেক্সিকো উপসাগর
গ ভারত মহাসাগর ঘ কাস্পিয়ান সাগর **উত্তর:** ক

৩২. ইউফ্রেটিস নদীর অন্য নাম কী? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ৯৪]
ⓚ ফোরাত ⓚ নীল নদ
ⓖ দজলা ⓘ টাইগ্রিস **উত্তর:** ক

৩৩. Baghdad stands on the river- [IBBL Assistant Officer: 03]
ⓐ Shatt al-Arab ⓑ Euphrates
ⓒ Nile ⓓ Tigris **Ans.** d

৩৪. The city 'Mosul' is in which country? [Bank Asia Ltd. Trainee Officer: 16]
ⓐ Syria ⓑ Iraq
ⓒ Iran ⓓ Turkey **Ans.** b

৩৫. কারবালা কোথায় অবস্থিত? [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ⓚ ইরাক ⓚ ইরান
ⓖ মিশর ⓘ কাতার **উত্তর:** ক

৩৬. কারবালা কোন নদীর তীরে অবস্থিত? [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ টাইগ্রিস ⓚ নীলনদ
ⓖ ইউফ্রেটিস ⓘ সিন্ধু **উত্তর:** গ

৩৭. 'ফালুজা' শহরটি কোন দেশে অবস্থিত? [বাংলাদেশ কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত): ২০]
ⓚ ইরান ⓚ সিরিয়া
ⓖ ইরাক ⓘ লিবিয়া **উত্তর:** গ

৩৮. কুফা কোন নদীর তীরে অবস্থিত? [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ইউফ্রোটিস ⓚ টাইগ্রিস
ⓖ গোয়ডাল কুইভার ⓘ ভলগা **উত্তর:** ক

৩৯. শাত-ইল আরব হলো- [১০ম বিজেএস: ১৬]
ⓚ ইরাবতি ও সালুইন নদীর মিলিত প্রবাহ
ⓚ ট্রাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মিলিত প্রবাহ
ⓖ আমুদরিয়া ও শীরদরিয়া নদীর মিলিত প্রবাহ
ⓘ তারিম নদী ও হেলমন্দ নদীর মিলিত প্রবাহ **উত্তর:** খ

৪০. Basra lies in- [Southeast Bank Ltd. Officer: 09]
ⓐ Japan ⓑ China
ⓒ Iraq ⓓ Iran **Ans.** c

৪১. কোন নদীটি সরাসরি আরব সাগরে পতিত হয়েছে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ⓚ যমুনা ⓚ সিন্ধু
ⓖ ঝিলাম ⓘ ভাগিরথি **উত্তর:** খ

৪২. আমুদরিয়া নদীর উৎপত্তিস্থল কোনটি? [থানা শিক্ষা অফিসার: ৯৬]
ⓚ ইউরাল পর্বত ⓚ পামীর মালভূমি
ⓖ হিন্দুকুশ পর্বত ⓘ ভিয়েনশান পর্বত **উত্তর:** খ

৪৩. পশ্চিম তীর (West Bank) কোন নদীর পশ্চিম তীরে অবস্থিত? [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ⓚ নীল ⓚ ফোরাত
ⓖ জর্ডান ⓘ সিন্ধু **উত্তর:** গ

৪৪. পৃথিবীর কোন নদীতে মাছ হয় না? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা): ১৩]
ⓚ আমাজান ⓚ জর্ডান
ⓖ দানিয়ুব ⓘ জাম্বেসী **উত্তর:** খ

৪৫. টেমস নদীর তীরে কোন শহর অবস্থিত- [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (ঢাবি) এ উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ⓚ অটোয়া ⓚ সিউল
ⓖ প্যারিস ⓘ লন্ডন **উত্তর:** ঘ

৪৬. রোম শহর কোন নদীর তীরে অবস্থিত? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার: ০৪]
ⓚ টাইবার ⓚ টেমস্
ⓖ ডার্লিং ⓘ দানিয়ুব **উত্তর:** ক

৪৭. Paris is situated on the bank of the river- [Rajshahi Krishi Unnayan Bank. Senior Officer: 14]
ⓐ Volga ⓑ Hudson
ⓒ Amsteel ⓓ Seine **Ans.** d

৪৮. পোল্যান্ডের রাজধানী ওয়ারস কোন নদীর তীরে অবস্থিত? [শাবিপ্রবি (খ ইউনিট): ০৮-০৯]
ⓚ দানিয়ুব ⓚ রাইন
ⓖ ভিশ্চুলা ⓘ সীন **উত্তর:** গ

৪৯. 'দানিউব' নদী কোন মহাদেশে অবস্থিত? [পররাষ্ট্র মন্ত্রণায়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২২]
ⓚ ইউরোপ ⓚ এশিয়া
ⓖ আফ্রিকা ⓘ অস্ট্রেলিয়া **উত্তর:** ক

৫০. কোন নদীর তীরে ৪টি দেশের রাজধানী শহর অবস্থিত? [রেলপথ মন্ত্রাণালয়ের অফিস সহায়ক: ২১]
ⓚ দানিয়ুব ⓚ আমাজন
ⓖ টেমাস ⓘ ভলগা **উত্তর:** ক

৫১. ইয়াঙ্গুন কোন নদীর তীরে অবস্থিত? [রেলওয়ে সহকারী কমান্ডেন্ট: ০৭]
ⓚ কিজিল ⓚ ইরাবতি
ⓖ চাংকিং ⓘ ইয়াং সিকিয়াং **উত্তর:** খ

৫২. Delhi is situated on the bank of which river? [Pubali Bank Ltd. Senior Officer/Officer: 11]
ⓐ Padma ⓑ Yamuna
ⓒ Iraboti ⓓ Meghna **Ans.** b

৫৩. যেটি নদীর নাম নয়- [রাবি (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ): ০৮-০৯]
ⓚ ডন ⓚ ভলগা
ⓖ দানিয়ুব ⓘ আল্পস **উত্তর:** ঘ

৫৪. পৃথিবীর কোন দেশে কোন নদী নেই? [জবি (ঘ ইউনিট): ১১-১২]
ⓚ নেপাল ⓚ ইয়েমেন
ⓖ কুয়েত ⓘ সৌদি আরব **উত্তর:**
ব্যাখ্যা: ইয়েমেন, কুয়েত এবং সৌদি আরবে কোনো নদী নেই।

৫৫. নদীবিহীন দেশ কোনটি? [বেবিচক এর এরোড্রাম ফায়ার লীডার: ২১]
ⓚ ইরাক ⓚ সৌদিআরব
ⓖ সিরিয়া ⓘ মিশর **উত্তর:** খ

৫৬. **Which of the following is the deepest river in the world?** [Premier Bank Ltd. TJO (Cash): 21]
ⓐ Volga ⓑ Nile
ⓒ Congo ⓓ Amazon **Ans. c**

৫৭. **Hoover Dam is built on which of the following rivers?** [UCBL Probationary Officer: 16]
ⓐ Colorado River ⓑ Seine River
ⓒ Rhine River ⓓ Niger River **Ans. a**

খাল (Canal)

খালের নাম	অবস্থান	দৈর্ঘ্য (কি.মি)	
গ্রাণ্ড খাল	চীন	১৭৯৪	পৃথিবীর প্রাচীনতম এবং দীর্ঘতম কৃত্রিম খাল।
সুয়েজ খাল	মিশর	১৯৩	
কিয়েল খাল	জার্মানি	৯৮	
পানামা খাল	পানামা	৭৭	

MCQ Solution

১. **পৃথিবীর বৃহত্তম কৃত্রিম খাল কোনটি?** [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ সুয়েজ খাল ⓚ পানামা খাল
ⓖ বাল্টিকখাল ⓖ গ্রান্ড খাল **উত্তর: ঘ**

২. **Which is a man made waterway?/কোন পানিপথটি মানুষের দ্বারা নির্মিত?** [Basic Bank Ltd. Officer: 02]
ⓐ Kiel Canal ⓑ Strait of Bosphorus
ⓒ Strait of Gibraltar
ⓓ Cape of Good Hope **Ans. a**

৩. **Which one is not a man made waterway?** [Mercantile Bank Ltd. Officer: 04]
ⓐSuez Canal ⓑStrait of Gibraltar
ⓒKiel Canal ⓓPanama Canal **Ans. b**

জলপ্রপাত (Water Falls)

জলপ্রপাত	অবস্থান	তথ্য কণিকা
অ্যাঞ্জেলস	ভেনিজুয়েলা	বিশ্বের উচ্চতম জলপ্রপাত। উচ্চতা ৩২১২ ফুট (৯৭৯ মি.)
ভিক্টোরিয়া	জিম্বাবুয়ে -জাম্বিয়া	বিশ্বের বৃহত্তম জলপ্রপাত। জাম্বেসি নদী থেকে এ জলপ্রপাতের উৎপত্তি হয়েছে।
গুয়ারিয়া	ব্রাজিল - প্যারাগুয়ে	পানি পতনের দিক থেকে বিশ্বের বৃহত্তম জলপ্রপাত।
নায়াগ্রা	যুক্তরাষ্ট্র - কানাডা	সেন্ট লরেন্স নদীতে নদীর ক্ষয়কার্যের জন্য সৃষ্টি হয়।
বোয়োমা	গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র	জলপ্রপাতের পূর্ব নাম স্ট্যানলি।
লিভিংস্টোন	গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র	
স্টবাক	সুইজারল্যান্ড	
ব্রাউনি	নিউজিল্যান্ড	

MCQ Solution

১. **Which one of the following is the highest waterfall in the world?** [Mutual Trust Bank Ltd. MTO: 14] *Or,*
পৃথিবীর সর্বোচ্চ জলপ্রপাত কোনটি? [জবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ⓐ Niagara Falls ⓑ Angel Falls
ⓒ Tugela Falls ⓓ Creek Falls **Ans. b**

২. **The world's highest waterfall, the Angel Falls is situated in -** [Dhaka Bank Trainee Officer: 16] *Or,*
বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত অ্যাঞ্জেল ফলস্ কোথায় অবস্থিত? [সাব-রেজিস্ট্রার: ০৩]
ⓐ Venezuela ⓑ USA
ⓒ Guyana ⓓ Australia **Ans. a**

৩. **ভিক্টোরিয়া জলপ্রপাতের উৎপত্তি কোন নদী থেকে?** [তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কো. লি. সহকারী ব্যবস্থাপক: ২১]
ⓚ নীল নদ ⓚ জাম্বেসি নদী
ⓖ আমাজন নদী ⓖ সিন্ধু নদ **উত্তর: খ**

৪. **Niagara Falls is located in-** [RAKUB Officer: 11] *Or,*
'নায়াগ্রা জলপ্রপাত' কোথায় অবস্থিত? [মৎস্য অধিদপ্তরের হিসাব রক্ষক: ১৮]
ⓐ Asia ⓑ Africa
ⓒ Australia ⓓ South America
ⓔ North America **Ans. e**

৫. **নায়াগ্রা জলপ্রপাত কোথায় অবস্থিত?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ⓚ যুক্তরাষ্ট্র-কানাডা ⓚ যুক্তরাষ্ট্র-মেক্সিকো
ⓖ কানাডা-অস্ট্রেলিয়া ⓖ যুক্তরাষ্ট্র-ব্রাজিল **উত্তর: ক**

৬. **স্ট্যানলি ও লিভিংস্টোন দুটি –** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩]
ⓚ বিখ্যাত নদী ⓚ বিখ্যাত জলপ্রপাত
ⓖ বিখ্যাত গিরিপথ ⓖ বিখ্যাত শহর **উত্তর: খ**

৭. **স্টবাক জলপ্রপাত কোথায় অবস্থিত?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ⓚ ক্যালিফোর্নিয়া ⓚ ভেনিজুয়েলা
ⓖ সুইজারল্যান্ড ⓖ ভারত **উত্তর: গ**

৮. **Browne Falls are situated in -** [Basic Bank Ltd. Assistant Manager: 18]
ⓐ Australia ⓑ New Zealand
ⓒ Canada ⓓ Switzerland **Ans. b**

মানব সমাজের বিবর্তন
Evolution of human society

পৃথিবীর আনুমানিক বয়স ৪৫০ কোটি বছর। পৃথিবীতে মানুষ এসেছে প্রায় দুই মিলিয়ন বা বিশ লক্ষ বছর আগে। প্রায় বিশ হাজার বছর পূর্ব থেকে আধুনিক মানুষের যুগ শুরু হয়েছে। মানব সমাজের বিবর্তনকে ৩টি প্রধান যুগে ভাগ করা হয়। যথা- প্রস্তর যুগ, ব্রোঞ্জ যুগ এবং লোহার যুগ।

প্রস্তর যুগ (Stone Age)

বিশ্বের ইতিহাসে প্রস্তর যুগ বলতে মানব ও তার সমাজের বিবর্তনের একটা পর্যায়কে বোঝান হয়, যখন মানুষের ব্যবহার্য হাতিয়ার তৈরির মূল উপকরণ ছিল পাথর। প্রস্তর যুগের শুরু হয় এখন থেকে প্রায় দশ লক্ষ বছর আগে। এর স্থায়িত্বকাল ছিল খ্রিষ্টপূর্ব ৩৫০০ অব্দ অর্থাৎ এখন থেকে প্রায় ৫৫০০ বছর পূর্ব পর্যন্ত।

ক) প্রাচীন প্রস্তর যুগ (Paleolithic Period): প্রাচীন প্রস্তর যুগের স্থায়িত্বকাল ছিল দীর্ঘ। মধ্য প্রস্তর যুগ শুরু হওয়ার পূর্ব পর্যন্ত ছিল প্রাচীন প্রস্তর যুগ। প্রাচীন প্রস্তর যুগের মানুষের সবচেয়ে বড় আবিষ্কার ছিল আগুন।

প্রাগৈতিহাসিক মানবের জীবাশ্ম আবিষ্কার

পিকিং মানব Peking Man	১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথারখুলি ও চোয়ালের হাড়।
জাভা মানব Java Man	১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত পূর্ব জাভার সোলো নদীর তীরে প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি ও দাঁত আবিষ্কৃত হয়।
হেইডেলবার্গ মানব Heidelberg Man	১৯০৭ সালে জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন।

খ) মধ্য প্রস্তর যুগ (Mesolithic Period): প্রাচীন প্রস্তর যুগের পর ২০ হাজার বছর পর্যন্ত ছিল মধ্য প্রস্তর যুগ। খ্রিষ্টপূর্ব ১০ হাজার বছর পর্যন্ত এ যুগ স্থায়ী ছিল। এ যুগে মানুষ পাথরের ব্যবহারে দক্ষতা অর্জন করে।

গ) নব্য প্রস্তর যুগ (Neolithic Period): মধ্য প্রস্তর যুগের পরবর্তী ৭ হাজার বছরকে বলা হয় নব্য প্রস্তর যুগ। এ যুগেও মানুষকে একান্তভাবে পাথরের সরঞ্জাম ও হাতিয়ারের ওপর নির্ভর করতে হয়।

ব্রোঞ্জ যুগ (Bronze Age)

নব্য প্রস্তর যুগের পর আসে ধাতু ব্যবহারের যুগ। তামা আবিষ্কারের পথ ধরে মানুষ আবিষ্কার করে ব্রোঞ্জ। খ্রিষ্টপূর্ব ৩৫০০ অব্দে প্রাচ্যে ব্রোঞ্জ তৈরি হয়।

লোহার যুগ (Iron Age)

আধুনিক সভ্যতার ভিত্তি হলো লৌহ। প্রথম লোহা আবিষ্কৃত হয় এশিয়া মাইনরে (আনুমানিক খ্রিষ্টপূর্ব ১৫০০ অব্দে)।

MCQ Solution

১. **পৃথিবীর আনুমানিক বয়স-** [পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক: ০৭]
ⓚ ৩৬০ কোটি বছর ⓚ ৪৬০ কোটি বছর
ⓖ ৪৫০ কোটি বছর ⓖ ৬০০ কোটি বছর **উত্তর:** গ

২. **পৃথিবীর আনুমানিক বয়স কত?** [ঢাবি (এফ ইউনিট): ১৫-১৬]
ⓚ ৩,৫০০ মিলিয়ন বছর (প্রায়)
ⓚ ৪,৫০০ মিলিয়ন বছর (প্রায়)
ⓖ ৫,৫০০ মিলিয়ন বছর (প্রায়)
ⓖ ৬,৫০০ মিলিয়ন বছর (প্রায়) **উত্তর:** খ

৩. **প্রাচীন প্রস্তর যুগ শুরু হয়েছিল -** [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ ৫ লক্ষ বছর পূর্বে ⓚ ৯ হাজার বছর পূর্বে
ⓖ ৬২ হাজার বছর পূর্বে ⓖ ১১হাজার বছর পূর্বে **উত্তর:** ক
ব্যাখ্যা: প্রাচীন প্রস্তর যুগ শুরু হয়েছিল ৫ লক্ষ বছর পূর্বে।
[তথ্যসূত্র: *New world encyclopedia*]

৪. **জাভা মানব কোথায় পাওয়া যায়?** [কুবি (মানবিক): ০৮-০৯]
ⓚ ইন্দোনেশিয়ায় ⓚ জার্মানিতে
ⓖ চীনে ⓖ ভারতে **উত্তর:** ক

৫. **হাইডেলবার্গ মানব কোথায় পাওয়া যায়?** [কুবি (বিবিএ): ০৮-০৯]
ⓚ ইতালিতে ⓚ জার্মানিতে
ⓖ ভারতে ⓖ চীনে **উত্তর:** খ

৬. **The famous fossilized human skeleton discovered in 1974 is called -** [JU (F Unit): 20-21]
ⓐ Liza ⓑ Lucy
ⓒ Cathy ⓓ Ardi **Ans.** b

৭. **প্রায় সম্পূর্ণ 'অস্ট্রালোপিথিসিন লুসি'র কংকাল ১৯৭৪ সালে নিচের কোন দেশে আবিষ্কৃত হয়?** [মেডিকেল: ০৯-১০]
ⓚ কেনিয়া ⓚ ইরিত্রিয়া
ⓖ ইথিওপিয়া ⓖ তানজানিয়া **উত্তর:** গ
ব্যাখ্যা: ১৯৭৪ সালে ইথিওপিয়ায় ৩.২ মিলিয়ন বছরের পুরোনো কঙ্কাল আবিষ্কৃত হয়। কঙ্কালটির নামকরণ করা হয় লুসি (Lucy)।

৮. **মানুষ প্রথম কোন ধাতুর ব্যবহার শেখে?** [ঢাবি(চ ইউনিট): ১৫-১৬]
ⓚ লোহা ⓚ পিতল
ⓖ তামা ⓖ ব্রোঞ্জ **উত্তর:** গ

৯. **আধুনিক সভ্যতার ভিত্তি কোনটি?** [কৃষি প্রশিক্ষণ একাডেমির নার্স: ১৯]
ⓚ স্বর্ণ ⓚ ব্রোঞ্জ
ⓖ তাম্র ⓖ লৌহ **উত্তর:** ঘ

১০. **প্রথম কোথায় লোহা আবিষ্কৃত হয়?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ গ্রিসে ⓚ এশিয়া মাইনরে
ⓖ ইতালিতে ⓖ মিশরে **উত্তর:** খ

সভ্যতার উত্তরণ
The rise of Civilization

সংস্কৃতি ও সভ্যতা (Culture & Civilization)

মানুষ যেভাবে জীবনযাপন করে, যেসব জিনিস ব্যবহার করে, যে সব আচার অনুষ্ঠান পালন করে, যা কিছু সৃষ্টি করে, সব নিয়েই তার সংস্কৃতি। খাদ্য, বাসস্থান, তৈজসপত্র, যানবাহন, পোশাক, অলংকার, উৎসব, গীতিবাদ্য, ভাষা-সাহিত্য, ধর্মীয় রীতি-নীতি, সংগীত, নৃত্য প্রভৃতি সংস্কৃতির অংশ।

মানুষের অনবরত চেষ্টার ফলে বিজ্ঞান ও কলাকৌশলগত (প্রযুক্তিগত) নতুন নতুন আবিষ্কার ঘটে। সংস্কৃতির এ উন্নতির অবস্থাকে বলে সভ্যতা। আগুন ও হাতিয়ার ব্যবহারের ফলে মানুষের সভ্যতার সূচনা হয়। প্রাচীন সভ্যতার অভ্যুদয় ঘটে এশিয়া ও আফ্রিকা মহাদেশে। কয়েকটি নদীর অববাহিকা ছিল প্রাচীন সভ্যতার পীঠস্থান।

ম্যাকাইভার বলেন, "Culture is what we are and Civilization is what we use or have".

MCQ Solution

১. **সংস্কৃতি হলো একটি –** [ঢাবি (খ ইউনিট): ০৪-০৫]
ⓚ বিনোদন মাধ্যম ⓚ জীবন প্রণালি
ⓖ শিল্পকলা ⓖ নাট্যকলা **উত্তর:** খ

২. **সংস্কৃতি বলতে কি বোঝায়?** [থানা ও জেলা সমাজসেবা অফিসার: ৯৯]
ⓚ উন্নত জীবন-যাত্রা ⓚ সার্বিক জীবনাচরণ
ⓖ মার্জিত আচরণ ⓖ শিল্প ও সাহিত্য **উত্তর:** খ

৩. **সংস্কৃতি বলতে নিচের কোনটি বোঝায়?** [জাবি (নাটক ও নাট্যতত্ত্ব): ১৩-১৪]
ⓚ সিনেমা ⓚ নাচ ও গান
ⓖ প্রতিটি মানুষের ব্যক্তিগত আচরণ সমষ্টি **উত্তর:** গ

৪. **নিম্নের কোনটি সর্বজনীন সাংস্কৃতিক উপাদান নয়?** [শাবিপ্রবি (অ ইউনিট): ১১-১২]
ⓚ ভাষা ⓚ কম্পিউটার
ⓖ সুনামি ⓖ বাসস্থান **উত্তর:** গ

৫. **বস্তুগত সংস্কৃতির উদাহরণ নয় কোনটি?** [শাবিপ্রবি (বি ইউনিট): ০৬-০৭]
ⓚ ঘরবাড়ি ⓚ মোবাইল সেট
ⓖ ভাষা ⓖ কম্পিউটার **উত্তর:** গ

৬. **প্রাচীন সভ্যতাগুলো গড়ে উঠার ক্ষেত্রে সর্বাধিক রেখেছিল** – [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ⓚ পাহাড় ⓚ নদী
ⓖ বনাঞ্চল ⓖ তৃণভূমি **উত্তর:** খ

৭. **সভ্যতার পরিমাপ করা যায়** - [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ⓚ দক্ষতার ভিত্তিতে
ⓚ উত্তরাধিকার সূত্রে
ⓖ মানসিক উৎকর্ষের ভিত্তিতে
ⓖ কলাকৌশলের প্রয়োগ দেখে **উত্তর:** ঘ

৮. **মানব সভ্যতা শুরু হয় কী দিয়ে?** [৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা: ০৮]
ⓚ শিল্প থেকে ⓚ আগুনের ব্যবহার থেকে
ⓖ জঙ্গল থেকে ⓖ কৃষি থেকে **উত্তর:** খ

মেসোপটেমীয় সভ্যতা (The Mesopotamian Civilization)

বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমীয়। আনুমানিক খ্রিষ্টপূর্ব ৫০০০ অব্দে ইরাকে টাইগ্রিস (অন্য নাম দজলা) ও ইউফ্রেটিস (অন্য নাম ফোরাত) নদীর উর্বর তীরাঞ্চলে মেসোপটেমীয় সভ্যতার বিকাশ ঘটে। এদের ভিন্ন ভিন্ন নাম থাকলেও একই ভূ-খণ্ডে গড়ে উঠায় একত্রিতভাবে এ সভ্যতাসমূহকে বলা হয় মেসোপটেমীয় সভ্যতা। 'মেসোপটেমিয়া' একটি গ্রিক শব্দ। এর অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি। আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত রাষ্ট্রগুলো প্রাচীন এই সভ্যতার অংশ ছিল। তবে বেশির ভাগ বর্তমানে ইরাকে অবস্থিত। মেসোপটেমীয়া সভ্যতার অন্তর্ভুক্ত রয়েছে সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, আসেরীয় সভ্যতা ও ক্যালডীয় সভ্যতা।

ক) সুমেরীয় সভ্যতা : মেসোপটেমীয়াতে সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে তুলেছিল সুমেরীয়গণ। সুমেরীয়দের আদিবাস ছিল এলামের পাহাড়ি অঞ্চলে। খ্রিষ্টপূর্ব ৪০০০ অব্দে এদের একটি শাখা মেসোপটেমীয়ার দক্ষিণে বসতি গড়ে তোলে। সুমেরীয়দের আয়ের মূল উৎস ছিল কৃষি। তারা উন্নত সেচ ব্যবস্থা গড়ে তুলেছিল। সুমেরীয়গণ 'কিউনিফর্ম' (Cuneiform) নামে একটি নতুন লিপির উদ্ভাবন করে। কিউনিফর্মকে বলা হয় অক্ষরভিত্তিক বর্ণলিপি (Letter Based alphabet)। সুমেরীয়দের বর্ণমালার কোনো কোনোটি দেখতে ইংরেজি বর্ণমালার V এর মত।


কিউনিফর্ম

কিউনিফর্ম হলো পাঠোদ্ধারকৃত পৃথিবীর সর্বপ্রাচীন লিপি। কিউনিফর্ম লিপিতে লেখা হয় বিখ্যাত মহাকাব্য 'গিলগামেশ'

(Gilgamesh)। জলঘড়ি ও চন্দ্রপঞ্জিকার (Lunar Calendar) আবিষ্কার সুমেরীয়দের গুরুত্বপূর্ণ অবদান। সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান 'চাকা' (Wheel) আবিষ্কার। আইনের ক্ষেত্রে সুমেরীয় শাসক উর-নামু এর অবদান গুরুত্বপূর্ণ। তিনি সর্বপ্রথম পৃথিবীর ইতিহাসে লিখিত আইনের প্রবর্তন করেন যা 'Code Of Ur-Nammu' নামে পরিচিত।

খ) ব্যাবিলনীয় সভ্যতা: সিরিয়ার মরুভূমি অঞ্চলের অ্যামোরাইট জাতি আনুমানিক ২০৫০ খ্রিষ্টপূর্বাব্দে মেসোপটেমীয়া অঞ্চলে একটি নগরসভ্যতা গড়ে তোলে। ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিলেন বিখ্যাত আমোরাইট নেতা হাম্মুরাবি। হাম্মুরাবি লিখিত আইন প্রণয়ন করেন - যা 'হাম্মুরাবি কোড (Code Of Hammurabi)' নামে পরিচিত। পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায় ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে।

গ) অ্যাসেরীয় সভ্যতা: ব্যাবিলন থেকে প্রায় দুইশত মাইল উত্তরে টাইগ্রিস নদীর তীরে 'আশুর' নামে একটি সমৃদ্ধ শহর গড়ে উঠে। ইতিহাসে আসিরীয়ার পরিচয় সামরিক রাষ্ট্র হিসাবে। তারাই প্রথমে লোহার অস্ত্রে সজ্জিত বাহিনী গঠন করে এবং যুদ্ধরথের ব্যবহার করে। আসিরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে। পৃথিবীকে সর্বপ্রথম তারা অক্ষাংশ (Latitude) ও দ্রাঘিমাংশে (Longitude) ভাগ করেছিল।

ঘ) ক্যালডীয় সভ্যতা: ব্যাবিলন শহরকে কেন্দ্র করে গড়ে উঠায় ক্যালডীয় সভ্যতা ইতিহাসে 'নতুন ব্যাবিলনীয় সভ্যতা' নামেও পরিচিত। ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাদনেজার। তিনি সম্রাজ্ঞীর সন্তুষ্টি বিধানের জন্য নগর দেওয়ালের উপরে এক মনোরম উদ্যান নির্মাণ করেন। ইতিহাসে যা 'ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Gardens of Babylon) নামে পরিচিত। এটি প্রাচীন পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি। ক্যালডীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় ভাগ করার পদ্ধতি তারা বের করে। ক্যালডীয়রা ১২ টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২ টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

MCQ Solution

১. **বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা (oldest civilization) কোথায় গড়ে উঠেছিল?** [২৪তম বিসিএস/ জীবন বীমার উচ্চমান সহকারী: ২১]
ক মেসোপটেমীয় খ মিশরীয়
গ চৈনিক ঘ পারসিক **উত্তর:** ক

২. **কোন সভ্যতাটি প্রাচীনতম?** [বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর প্রমোশন অফিসার: ২১]
ক গ্রিক সভ্যতা খ সিন্ধু সভ্যতা
গ সুমেরীয় সভ্যতা ঘ মিশরীয় সভ্যতা **উত্তর:** গ

৩. **কোনটি সবচেয়ে প্রাচীন সভ্যতা?** [বাংলাদেশ ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ক মিশরীয় খ গ্রিক
গ চৈনিক ঘ পারস্য **উত্তর:** ক
ব্যাখ্যা: প্রশ্নে মেসোপটেসমীয় সভ্যতা না থাকায় সমসাময়িক কালের মিশরীয় সভ্যতা সঠিক।

৪. **মেসোপটেমিয়া সভ্যতা গড়ে উঠেছিল কোথায়?** [৩৯তম বিসিএস (বিশেষ)/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে স্টেশন অফিসার : ২২]
ক ইয়াংসিকিয়াং নদীর তীরে
খ টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে
গ নীল নদের তীরে
ঘ হোয়াংহো নদীর তীরে **উত্তর:** খ

৫. **দজলা ও ফোরাত নদীর অববাহিকায় কোন সভ্যতা গড়ে উঠেছে?** [জবি (ই ইউনিট): ১৬-১৭]
ক মিশরীয় সভ্যতা খ মেসোপটেমীয় সভ্যতা
গ ইনকা সভ্যতা ঘ সিন্ধু সভ্যতা **উত্তর:** খ

৬. **'মেসোপটেমিয়া' এলাকার বেশির ভাগ বর্তমান কোন দেশে?** [১৮তম বিসিএস]
ক ইরাক খ ইরান
গ তুরস্ক ঘ সিরিয়া **উত্তর:** ক

৭. **মেসোপটেমিয়ার বর্তমান নাম কি?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক সিরিয়া খ মরক্কো
গ ইরাক ঘ লেবানন **উত্তর:** গ

৮. **আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত– এই রাষ্ট্রগুলো প্রাচীন কোন সভ্যতার অংশ?** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ক মিশরীয় সভ্যতা খ মেসোপটেমীয় সভ্যতা
গ সিন্ধু সভ্যতা ঘ রোমান সভ্যতা **উত্তর:** খ

৯. **সেচ নির্ভর প্রাচীন সভ্যতা কোনটি?** [জাবি (নৃবিজ্ঞান বিভাগ): ০৯-১০]
ক সিন্ধু খ গ্রিক
গ রোমান ঘ মেসোপটেমীয় **উত্তর:** ঘ

১০. **The earliest civilization was flourished in-** [IFIC Bank Ltd. Probationary officer: 96]
Or,
সভ্যতার সূত্রপাত হয় কোন জাতিগোষ্ঠীর মাধ্যমে? [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ⓐ Babylon ⓑ Sumeria
ⓒ Egypt ⓓ China **Ans. b**

১১. **সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা): ১৩]
ক মেসোপটেমিয়ায় খ পারস্যে
গ মিশরে ঘ রাশিয়ায় **উত্তর:** ক

১২. **কিউনিফর্ম কী?** [রাবি (এ ইউনিট): ১৯-২০]
ক জ্যামিতিক নকশা খ লিখন পদ্ধতি
গ চৈনিক অক্ষর ঘ পাথর নকশা **উত্তর:** খ

১৩. **'কিউনিফর্ম' কী?** [জাককানইবি (এ ইউনিট): ১৯-২০]
ⓚ মিশরীয় লিপি ⓚ ফিনিশীয় লিপি
ⓖ সুমেরীয় লিপি ⓖ গ্রিক লিপি **উত্তর: গ**

১৪. **পাঠোদ্ধারকৃত সর্বপ্রাচীন লিপির নাম?** [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ⓚ হায়ারোগ্লিফিক্স লিপি ⓚ কিউনিফর্ম লিপি
ⓖ ফারসি লিপি ⓖ হিব্রু লিপি **উত্তর: খ**

১৫. **The oldest book of the world is -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ⓚ Mahavarata ⓚ Illiad
ⓖ Gilgamesh ⓖ Faust **উত্তর: গ**

১৬. **কোন মহাকাব্যটি 'কিউনিফর্ম' লিপিতে রচিত?** [ইবি (বি ইউনিট): ০৯-১০]
ⓚ শাহনামা ⓚ গিলগামেশ
ⓖ রামায়ন ⓖ মহাশ্মশান **উত্তর: খ**

১৭. **'Lunar Calendar' was introduced by-** [Jahangirnagar University (C Unit): 16-17]
ⓐ Chaldeans ⓑ Sumerians
ⓒ Assyrians ⓓ Astrology **Ans. b**

১৮. **কোন সভ্যতায় প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন হয়?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ মিশরীয় ⓚ সুমেরীয়
ⓖ ব্যাবিলনীয় ⓖ ক্যালডীয় **উত্তর: খ**

১৯. **হাম্মুরাবি যে জন্য বিখ্যাত** - [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ আইন প্রণয়ন ⓚ আইন সংকলন
ⓖ রাজ্য বিস্তার ⓖ সংবিধান প্রণয়ন **উত্তর: খ**

২০. **ইতিহাসের প্রথম লিখিত আইন প্রণেতা কে?** [রাবি (আইন বিভাগ): ০৫-০৬]
ⓚ জুলিয়াস সিজার ⓚ হাম্মুরাবি
ⓖ সম্রাট আলেকজান্ডার ⓖ এরিস্টটল **উত্তর: খ**
ব্যাখ্যা: প্রশ্নটি সর্বাংশে সঠিক নয়। তবে অপশন অনুযায়ী হাম্মুরাবি সঠিক।

২১. **আইন সংক্রান্ত হাম্মুরাবি কোড কোন সভ্যতার সময়ে প্রণীত হয়েছিল?** [চবি (ই ইউনিট): ১৩-১৪]
ⓚ ব্যাবিলনীয় সভ্যতা ⓚ চৈনিক ভ্যতা
ⓖ গ্রিক সভ্যতা ⓖ ভারতীয় সভ্যতা
ⓤ ফিনিশীয় সভ্যতা **উত্তর: ক**

২২. **কোন প্রাচীন সভ্যতায় 'হাম্মুরাবির আইন' প্রচলিত হয়েছিল?** [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ⓚ মায়া ⓚ মেসোপটেমীয়
ⓖ মিশরীয় ⓖ গ্রিক **উত্তর: খ**

২৩. **পৃথিবীর কোথায় প্রথম লিখিত আইনের প্রচলন হয়?** [মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট): ১৩-১৪]
ⓚ স্পেন ⓚ ব্যাবিলন
ⓖ গ্রিস ⓖ তেহরান **উত্তর: খ**
ব্যাখ্যা: প্রশ্নটি সর্বাংশে সঠিক নয়। তবে অপশন অনুযায়ী ব্যাবিলন সঠিক।

২৪. **'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কোন দেশে অবস্থিত?** [১০ম বিসিএস]
ⓚ ইরান ⓚ ইরাক
ⓖ তুরস্ক ⓖ সিরিয়া **উত্তর: খ**

২৫. **'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কে গড়ে তুলেছিল?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা): ১৩]
ⓚ নেবুচাঁদ নেজার ⓚ সাইরাস
ⓖ র‍্যামজেজ ⓖ দারিউস **উত্তর: ক**

২৬. **পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ): ০৫]
ⓚ চীনের প্রাচীরের কাছে
ⓚ ব্যবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে
ⓖ দক্ষিণ আফ্রিকার ভিক্টোরিয়া প্রদেশে
ⓖ ইরানের সিরাজ শহরের ধ্বংসাবশেষে **উত্তর: খ**

২৭. **কোন জাতি বৃত্তকে প্রথম ৩৬০ ডিগ্রিতে ভাগ করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ ক্যালডীয়রা ⓚ আসিরীয়রা
ⓖ গ্রিকরা ⓖ ব্যাবিলনীয়রা **উত্তর: খ**

২৮. **নিম্নের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় বিভক্ত করা হয়?** [মেডিকেল: ১০-১১]
ⓚ রোমান ⓚ গ্রিক
ⓖ ক্যালডীয় ⓖ পারস্য **উত্তর: গ**

২৯. **কারা সপ্তাহের সাত দিনকে বিভক্ত করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ মিশরীয়রা ⓚ গ্রিকরা
ⓖ ক্যালডীয়রা ⓖ ককেসীয়রা **উত্তর: গ**

৩০. **সাত দিনে ১ সপ্তাহ প্রচলন করে কোন জাতি?** [রাবি (আই ইউনিট): ১৭-১৮]
ⓚ সুমেরীয় ⓚ ব্যবিলনীয়
ⓖ অ্যাসিরীয় ⓖ ক্যালডীয় **উত্তর: ঘ**

প্রাচীন মিশরীয় সভ্যতা (Ancient Civilization of Egypt)

৫০০০-৩২০০ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত সময়ের মিশরকে প্রাক-রাজবংশীয় যুগ বলা হয়। এ সময় মিশর কতকগুলো ছোট ছোট নগর রাষ্ট্রে বিভক্ত ছিল। এগুলোকে বলা হত 'নোম'। ৩২০০ খ্রিষ্টপূর্বাব্দে 'মেনেস' নামের এক রাজা সমগ্র মিশরকে একত্রিত করে একটি নগর রাষ্ট্র গড়ে তোলেন। দক্ষিণ মিশরের 'মেম্ফিস' হয় এর রাজধানী। এভাবে মিশরে রাজবংশের সূচনা হয়।

ধর্ম: ফারাও চতুর্থ আমেনহোটেপ বহুদেবতার পরিবর্তে একমাত্র সূর্যদেবতার আরাধনার কথা প্রচার করেন। সূর্যদেবতার নাম দেওয়া হয় 'এটন'। দেবতার নামের সাথে মিল রেখে তিনি নিজের নাম রাখেন 'ইখনাটন'। এভাবে ইখনাটন সভ্যতার ইতিহাসে সর্বপ্রথম ঈশ্বরের ধারণা দেন। রাজা ইখনাটনের স্ত্রী নেফারতিতি মিশরীয়দের কাছে ছিলেন সৌন্দর্য ও গৌরবের প্রতীক।

লিখন পদ্ধতির উদ্ভাবন : মিশরীয়রা একটি লিখন পদ্ধতি উদ্ভাবন করে। প্রথম দিকে ছবি এঁকে এঁকে মিশরীয়রা মনের ভাব প্রকাশ করত। এক একটি ছবি ছিল এক একটি অক্ষরের প্রতীক। অক্ষরভিত্তিক মিশরীয় এ চিত্রলিপিকে বলা হয় 'হায়ারোগ্লিফিক' (Hieroglyphics)। গ্রিক শব্দ 'হায়ারোগ্লিফিক' অর্থ পবিত্র লিপি। 'প্যাপিরাস' নামক এক ধরনের নলখাগড়া জাতীয় গাছের বাকল দিয়ে তারা সাদা রঙের কাগজও তৈরি করত। চিত্রশিল্পীরা চিত্রে শৈল্পিক সৌন্দর্য ফুটে তোলার জন্য দ্বিমাত্রিক পৃষ্ঠতল ব্যবহার করত।


হায়ারোগ্লিফিক

স্থাপত্য ও ভাস্কর্য : প্রাচীন মিশরের রাজাদের বলা হত 'ফারাও' (Pharaoh)। মিশরীয়রা মৃত্যুর পর আরেকটি জীবনের অস্তিত্বের প্রতি বিশ্বাসী ছিল। সে জীবনেও রাজা হবেন ফারাও। ফারাও রাজাদের মৃতদেহ সংরক্ষণের জন্য তৈরি করা হয় পিরামিড। পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ পিরামিড। মিশরের সবচেয়ে বড়, পুরাতন এবং আকর্ষণীয় পিরামিড হচ্ছে গিজার পিরামিড যা খুফুর পিরামিড হিসেবেও পরিচিত। খুফুর পিরামিড গড়ে উঠেছিল তের একর জায়গা জুড়ে। এর উচ্চতা ছিল প্রায় সাড়ে চারশত ফুট। মিশরীয় ভাস্করদের সবচেয়ে বড় গৌরব 'স্ফিংস' তৈরিতে। বহুখণ্ড পাথরের গায়ে ফুটিয়ে তোলা হতো এ ভাস্কর্য। স্ফিংসের দেহ সিংহের আকৃতির, আর মাথা ছিল ফারাওয়ের। ফারাওদের আভিজাত্য শক্তির প্রতীক ছিল এ মূর্তি। ফারাও তুতেনখামেন খ্রিষ্টপূর্ব ১৩৩৩ - ১৩২৪ অব্দে মিশরে রাজত্ব করেন। ১৯২২ সালে হাওয়ার্ড কার্টার তুতেনখামেনের সমাধি আবিষ্কার করে বিশ্বব্যাপী আলোড়ন তোলেন।


পিরামিড এবং স্ফিংস

বিজ্ঞান: মিশরীয়রা সর্বপ্রথম ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি চালু করেন। যেহেতু ফারাও মৃত্যুর পর পরকালে রাজা হবেন সেহেতু তাঁর মৃতদেহকে পচন থেকে রক্ষার জন্য মিশরীয় বিজ্ঞানীরা মমি তৈরি করতে শেখেন।

MCQ Solution

১. **মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত ছিল?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ⓚ গঙ্গা ⓚ নীল নদ
ⓖ হোয়াংহো ⓖ রাইন **উত্তর: খ**

২. **প্রথম একেশ্বরবাদী ধর্ম কোনটি?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ প্রাচীন মিশরীয় ধর্ম ⓚ হিব্রু ধর্ম
ⓖ ইসলাম ধর্ম ⓖ খ্রিষ্ট ধর্ম **উত্তর: ক**

৩. **'নেফারতিতি' ভাস্কর্যটি কোন সভ্যতার?** [ঢাবি (চ ইউনিট): ২০-২১]
ⓚ হেলেনীয় সভ্যতা ⓚ সিন্ধু সভ্যতা
ⓖ মিশরীয় সভ্যতা ⓖ আসিরীয় সভ্যতা **উত্তর: গ**

৪. **হায়রোগ্লিফিক হলো-** [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ⓚ একটি জাতির নাম ⓚ একটি লিখন পদ্ধতির নাম
ⓖ একটি দেশের নাম ⓖ একটি মূর্তির নাম **উত্তর: খ**

৫. **Hieroglyph লেখার রূপটি কোন সভ্যতার?** [চবি (ডি ইউনিট): ১৯-২০]
ⓚ মিশরীয় মেসোপটেমীয় সভ্যতা
ⓚ মিশরীয় সভ্যতা পারস্য
ⓖ গ্রিক সভ্যতা
ⓖ সিন্ধু সভ্যতা **উত্তর: খ**

৬. **মিশরীয়রা লেখার জন্য কি ব্যবহার করতো?** [জাককানইবি (এপি ইউনিট): ১৮-১৯]
ⓚ কাপড় ⓚ প্যাপিরাস
ⓖ ভূর্জপাতা ⓖ তালপাতা **উত্তর: খ**

৭. **প্যাপিরাস কী?** [রাবি (এ ইউনিট): ১৯-২০]
ⓚ চিত্র ⓚ লেখনী
ⓖ নলখাগড়া ⓖ গুপ্ত সংকেত **উত্তর: গ**

৮. **মিশরীয় সভ্যতার নিদর্শন যেটি -** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ২০-২১]
ⓚ প্যাপিরাস ⓚ গ্রেট ওয়াল
ⓖ কিউনিফর্ম ⓖ পার্থেনন **উত্তর: ক**

৯. **মিশরীয় চিত্রকলা ছিল?** [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ ত্রিমাত্রিক ⓚ দ্বিমাত্রিক
ⓖ বহুমাত্রিক ⓖ কোনোটিই নয় **উত্তর: খ**

১০. **বুক অব ডেথ কোন সাহিত্যের আদিতম নিদর্শন?** [জাবি (সি-১ ইউনিট): ১৫-১৬]
ⓚ ভারতীয় ⓚ মেসোপটেমীয়
ⓖ চীন ⓖ মিশরীয় **উত্তর: ঘ**

১১. **প্রাচীন মিশরের স্থাপত্য বিদ্যার অন্যতম নিদর্শন -** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ রোজেটা পাথর ⓚ স্ফিংস
ⓖ পিরামিড ⓖ প্যাপিরাস **উত্তর: গ**

১২. **পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ কোনটি?** [রাবি(এফ ইউনিট): ১৭-১৮]
ⓚ পিরামিড ⓚ তাজমহল
ⓖ আইফেল টাওয়ার ⓖ কুতুবমিনার **উত্তর: ক**

১৩. **বিশ্বের সবচেয়ে বেশি পিরামিড কোন দেশে রয়েছে?** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী: ১৯]
ⓚ মেক্সিকো ⓚ সুদান
ⓖ মিশর ⓖ ইরাক **উত্তর: খ**

ব্যাখ্যা: মিশর পিরামিডের দেশ নামে খ্যাত হলেও বিশ্বের সর্বাধিক পিরামিড আছে সুদানে।

১৪. **Where is the pyramid of Giza situated?** [Global Islami Bank Ltd. Probationary Officer: 21]
ⓐ Egypt ⓑ Sudan
ⓒ France ⓓ Turkey **Ans. a**

১৫. **স্ফিংকস কোথায় অবস্থিত?** [রাবি (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬]
ক মিশর খ লিবিয়া
গ মরক্কো ঘ ইতালি **উত্তর: ক**

১৬. **১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনা রীতি কাদের দ্বারা সূচিত?** [ঢাবি (খ ইউনিট): ০৫-০৬]
ক গ্রিক খ মিশরীয়
গ খ্রিষ্টান ঘ ফরাসি **উত্তর: খ**

১৭. **প্রাচীন মিশরের ফারাও রাজা তুতেনখামেনের সমাধি আবিষ্কৃত হয় ইংরেজি সালে-** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক ১৮৭৮ সালে খ ১৯২২ সালে
গ ১৯৩৪ সালে ঘ ১৯৪৬ সালে **উত্তর: খ**

সিন্ধু সভ্যতা (The Indus Civilization)

পটভূমি: সিন্ধু সভ্যতা ভারতীয় উপমহাদেশের সবচেয়ে পুরানো সভ্যতা। সিন্ধু নদের অববাহিকায় গড়ে উঠেছিল বলে এটি 'সিন্ধু সভ্যতা' নামে পরিচিত। এ জনগোষ্ঠী বেশ কয়েকটি শহর গড়ে তুলেছিল। সিন্ধু সভ্যতার শ্রেষ্ঠ দুটি শহর ছিল হরপ্পা ও মহেঞ্জোদারো। *হরপ্পা* নগরীটি গড়ে উঠেছিল সিন্ধুর উপনদী রাভী'র তীরে। সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময় হরপ্পা সংস্কৃতি বা হরপ্পা সভ্যতা বলা হয়ে থাকে। আর সিন্ধুনদের তীরে গড়ে উঠেছিল *মহেঞ্জোদারো* নগরী। সিন্ধি ভাষায় '*মহেঞ্জোদারো*' শব্দের অর্থ হলো মৃতের ঢিবি। শহর বা নগরকেন্দ্রিক ছিল বলে এ সভ্যতাকে বলা হয় নগরসভ্যতা।

সময়কাল: সিন্ধু সভ্যতা ব্রোঞ্জ যুগের সভ্যতা। সিন্ধু সভ্যতার অধিবাসীরা লোহার ব্যবহার জানত না। সিন্ধু সভ্যতার সময়কাল নিয়ে মতভেদ আছে। কেউ কেউ মনে করেন, ৩৫০০ খ্রিষ্টপূর্বাব্দ থেকে ১৫০০ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত এ সভ্যতার উত্থান-পতনের কাল। কোনো কোনো ঐতিহাসিক মনে করেন, আর্য জাতির আক্রমণের ফলে খ্রিষ্টপূর্ব ১৫০০ বা খ্রিষ্টপূর্ব ১৪০০ অব্দে সিন্ধু সভ্যতার অবসান ঘটে। এ সভ্যতা কারা গড়ে তুলেছিল এ সম্পর্কে পণ্ডিতগণ একমত নন। সাধারণত ধারণা করা হয়, দ্রাবিড় জাতি এ সভ্যতা গড়ে তুলেছিল।

আবিষ্কার: ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের অধিকর্তা আলেকজান্ডার ক্যানিংহাম ১৮৭৫ সালে প্রথম হরপ্পা লিপিতে লেখা একটি পাথরের সীলমোহরের স্কেচ প্রকাশ করেন। ১৯২১ খ্রিষ্টাব্দে দয়ারাম সাহানীর প্রচেষ্টায় বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের সাহিওয়াল জেলার হরপ্পা নামক স্থানে প্রাচীন সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হয়। ১৯২২ সালে বাঙালি প্রত্নতত্ত্ববিদ রাখালদাস বন্দ্যোপাধ্যায় পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানা জেলায় মহেঞ্জোদারো নগরীর ধ্বংসাবশেষ আবিষ্কার করেন। অপ্রত্যাশিতভাবে বেরিয়ে আসে তাম্রযুগের নিদর্শন। এ সময় স্যার জন মার্শাল ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের মহাপরিচালক ছিলেন। তাঁর প্রচেষ্টায় এই দুই অঞ্চলে ব্যাপক খননকার্য হয়। সিন্ধু সভ্যতা আবিষ্কারে তিনজন প্রত্নতাত্ত্বিক বিশেষ ভূমিকা রেখেছিলেন। তাঁরা হলেন কাশীনাথ দীক্ষিত, ননী গোপাল মজুমদার এবং স্যার মর্টিমার হুইলার।

অর্থনৈতিক অবস্থা: সিন্ধু সভ্যতার বেশিরভাগ লোক কৃষিকাজ করত।

সিন্ধু সভ্যতার অবদান

নগর পরিকল্পনা: সিন্ধু সভ্যতায় এক অভিজাত ও নগরাঞ্চলীয় সংস্কৃতির প্রমাণ পাওয়া যায়। হরপ্পা ও মহেঞ্জোদারো দুটি শহরেই পাকা নর্দমা ছিল। শহরে রাস্তার দুপাশে দোতলা তিনতলা বাড়ি ছিল। প্রতি বাড়িতে ছিল চৌবাচ্চাসহ গোসলখানা ও কূপ।

পরিমাপ পদ্ধতি: সিন্ধু সভ্যতা যুগের অধিবাসীরা দ্রব্যের ওজন পরিমাপ করতে শিখেছিল। দ্রব্য ওজনের জন্য নগরবাসী বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করত। দৈর্ঘ্য পরিমাপের জন্য তারা বিভিন্ন স্কেল ব্যবহার করত।

সীলমোহর: মহেঞ্জোদারো ও হরপ্পায় হাড় ও পাথরের তৈরি সীলমোহর পাওয়া গেছে। সিন্ধু সভ্যতায় পাওয়া মাটির পাত্রের সাথে মেসোপটেমীয়ার মাটির পাত্রের মিল আছে। সিন্ধুর সীল সুমেরীয় ও ব্যবলনীয় সভ্যতার বিভিন্ন প্রত্নস্থলে পাওয়া গেছে।

MCQ Solution

১. **দক্ষিণ এশিয়ার প্রথম নগরায়ণ -** [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ক সিন্ধু অববাহিকা খ গঙ্গেয় অববাহিকা
গ মেঘনা অববাহিকা ঘ কাবেরী অববাহিকা **উত্তর: ক**

২. **সিন্ধু সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত?** [জাককানইবি (বি ইউনিট): ১৪-১৫]
ক গঙ্গা খ কালিন্দী
গ সিন্ধু ঘ যমুনা **উত্তর: গ**

৩. **হরপ্পা ও মহেঞ্জোদারোতে প্রাপ্ত সভ্যতা ইতিহাসে কোন সভ্যতা হিসাবে পরিচিত?** [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ক ক্যালডীয় সভ্যতা খ অ্যাসিরীয় সভ্যতা
গ সিন্ধু সভ্যতা ঘ ইনকা সভ্যতা **উত্তর: গ**

৪. **Mohenjo-daro & Harappa civilization is nearly:/মহেঞ্জোদারো ও হরপ্পা সভ্যতা প্রায় -** [IFIC Bank Proationary Officer: 96]
ক One thousand years old
খ Two thousand years old
গ One & half thousand years old
ঘ Three & half thousand years old **উত্তর: ঘ**

৫. **হরপ্পা কোথায় অবস্থিত?** [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ক ভারত খ পাকিস্তান
গ আফগানিস্তান ঘ কোনোটিই না **উত্তর: খ**

৬. **মহেঞ্জোদারো সভ্যতা কোথায় অবস্থিত?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার কম্পিউটার টেকনিশিয়ান: ২১]
ⓚ পাঞ্জাব প্রদেশে ⓚh সিন্ধু প্রদেশে
ⓖ আফগানিস্থানে ⓖh পেশোয়ার প্রদেশে **উত্তর:** খ

৭. **মহেঞ্জোদারো শব্দটির অর্থ** - [জাবি (সি১ ইউনিট):২০-২১]
ⓚ মৃতের ঢিবি ⓚh মৃতের ডিপি
ⓖ মৃতের টিবি ⓖh মৃতের ঢিপি **উত্তর:** ক

৮. **সিন্ধু সভ্যতা কোন যুগের সভ্যতা?** [জবি (ডি ইউনিট): ১৭-১৮]
ⓚ তাম্র যুগের ⓚh শহরভিত্তিক যুগের
ⓖ সুমেরীয় যুগের ⓖh আর্য যুগের **উত্তর:** ক

৯. **সিন্ধু সভ্যতার অধিবাসীরা কোনটির ব্যবহার জানতো না?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ প্রশাসনিক ব্যবস্থা ⓚh জল নিষ্কাশন ব্যবস্থা
ⓖ লিখন পদ্ধতি ⓖh লোহার অস্ত্র **উত্তর:** ঘ

১০. **Indus Civilization belongs to -** [JU (C Unit): 16-17] *Or,*
সিন্ধু সভ্যতা কোন যুগের? [রাবি (এ ইউনিট): ১৬-১৭]
ⓚ Stone Age ⓚh Bronze Age
ⓖ Armenian Age ⓖh Iron Age **উত্তর:** খ

১১. **সিন্ধু সভ্যতা ধ্বংস হয়?** [রাবি (ইউনিট A-২): ২১-২২]
ⓚ ১০০০ খ্রিষ্টপূর্বাব্দে ⓚh ২০০০ খ্রিষ্টপূর্বাব্দে
ⓖ ১৫০০ খ্রিষ্টপূর্বাব্দে ⓖh ২৫০০ খ্রিষ্টপূর্বাব্দে **উত্তর:** গ

১২. **সিন্ধু সভ্যতার প্রতিষ্ঠাতা –** [জাবি (আইন ইউনিট): ২০-২১]
ⓚ আর্যগণ ⓚh কৃষাণগণ
ⓖ শকগণ ⓖh দ্রাবিড়গণ **উত্তর:** ঘ

১৩. **সিন্ধু সভ্যতা প্রথম কে আবিষ্কার করেন?** [রাবি (এ-৫ ইউনিট): ১১-১২]
ⓚ কানিংহাম
ⓚh এ. এইচ. দাসী
ⓖ রমেশচন্দ্র মজুমদার
ⓖh রাখালদাস বন্দ্যোপাধ্যায় **উত্তর:** ক

১৪. **সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয় কত সালে?** [রাবি (আই ইউনিট): ১৫-১৬]
ⓚ ১৯২০ সালে ⓚh ১৯২২ সালে
ⓖ ১৯২৯ সালে ⓖh ১৯৩২ সালে **উত্তর:** খ

১৫. **সিন্ধু সভ্যতার প্রধান বৈশিষ্ট্য কি ছিল?** [খুবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ আইন ও প্রশাসন ⓚh শিল্পকলা ও স্থাপত্য
ⓖ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ⓖh লিখন পদ্ধতি **উত্তর:** গ


১৬. **সিন্ধু সভ্যতায় প্রাপ্ত সবচেয়ে আকর্ষণীয় নিদর্শন কোনটি?** [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ মৃৎ পাত্র ⓚh পুতুল
ⓖ সীল মোহর ⓖh ভাস্কর্য **উত্তর:** গ

১৭. **প্রাচীন কোন সভ্য দেশের অধিবাসীদের সাথে সিন্ধু উপত্যকার অধিবাসীদের সাদৃশ্য লক্ষ্য করা যায়?** [শ্রম অধিদপ্তরে অফিসার: ৯৪]
ⓚ ব্যাবিলন ⓚh গ্রিস
ⓖ মিশর ⓖh চীন **উত্তর:** ক

ফিনিশীয় সভ্যতা (The Phoenician Civilization)

লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি এক ফালি সরু ভূমিতে ফিনিশীয় রাষ্ট্র গড়ে উঠেছিল। কৃষিকাজ করার মত এখানে উর্বর জমি ছিল না। তাদের আয়ের একমাত্র উৎস ছিল বাণিজ্য।

ফিনিশীয়দের অবদান: প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় শ্রেষ্ঠতম নাবিক ও জাহাজ নির্মাতা হিসাবে। ধ্রুবতারা (North Star) দেখে তারা দিক নির্ণয় করত। এ কারণে ধ্রুবতারা অনেকের কাছে 'ফিনিশীয় তারা' (Phoenician Star) নামে পরিচিত ছিল।


ফিনিশীয় বর্ণমালা

সাংস্কৃতিক উন্নতি: সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান হল বর্ণমালা (Alphabet) এর উদ্ভাবন। তারা ২২ টি ব্যঞ্জনবর্ণের (Consonant) উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা হয় এখান থেকে। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ (Vowel) যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।

কারিগরি দক্ষতা: ফিনিশীয়রা মাটির পাত্র তৈরি করতে পারত। দক্ষতার সাথে কাপড় তৈরি ও রং করতে পারত।

MCQ Solution

১. **সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান কী?** [চবি (ডি ইউনিট): ১৯-২০]
ⓚ বর্ণমালা ⓚh আগ্নেয়াস্ত্রের ব্যবহার
ⓖ মুদ্রার প্রচলন ⓖh চিত্রলেখা **উত্তর:** ক

২. **প্রথম কারা বর্ণমালা উদ্ভাবন করে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ ফিনিশীয়রা ⓚh মিশরীয়রা
ⓖ গ্রিকরা ⓖh রোমানরা **উত্তর:** ক

পারস্য সভ্যতা (The Persian Civilization)

আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। খ্রিষ্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্যে এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে। এ সভ্যতার অধিবাসীরা সামরিক শক্তিতে খ্যাতিমান ছিল। সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান ছিল গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা। জরথুস্ত্র নামে পারস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুস্ত্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুস্ত্রবাদ' নামে পরিচিত। মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে জোরোস্ট্রিয় বা জরথুস্ত্র ধর্মাবলম্বীরা। পারস্যের ইতিহাসে (অ্যাকামেনিড সাম্রাজ্যের) সবচেয়ে সফল শাসক ছিলেন কাইরাস ও দারিয়ুস। অ্যাকামেনিড সাম্রাজ্যের রাজধানী ছিল পার্সেপোলিস। ৩৩০ খ্রিষ্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সাম্রাজ্যকে।

MCQ Solution

১. **পারস্যের বর্তমান নাম কী?** [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ⓚ থাইল্যান্ড ⓚ তুরস্ক
ⓖ ইরাক ⓖ ইরান **উত্তর: ঘ**

২. **পারসিক ধর্মের প্রবর্তক কে?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ গৌতম বুদ্ধ ⓚ বর্ধমান মহাবীর
ⓖ আইড্রো ⓖ জরথুস্ত্র **উত্তর: ঘ**

৩. **মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে কোন ধর্মাবলম্বীরা?** [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ বাহাই ⓚ শিনটো
ⓖ জৈব ⓖ জোরোস্ট্রিয় **উত্তর: ঘ**

৪. **Persepolis is located in -** [JU (C Unit): 16-17]
ⓐ India ⓑ Italy
ⓒ Greece ⓓ Iran **Ans. d**

হিব্রু সভ্যতা (The Hebrew Civilization)

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহবান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রুদের নবী হজরত মুসা (আ.), হজরত দাউদ (আ.) এবং হজরত সুলায়মান (আ.) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলোড়ন তোলেন।

MCQ Solution

১. **প্যালেস্টাইনে কোন সভ্যতা গড়ে উঠেছিল?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উপসহকারী প্রকৌশলী: ২২]
ⓚ ফিনিশীয় সভ্যতা ⓚ পারসিক সভ্যতা
ⓖ হিব্রু সভ্যতা ⓖ ব্যাবিলনীয় সভ্যতা **উত্তর: গ**

২. **জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে উঠা সভ্যতা:** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ সুমেরীয় সভ্যতা ⓚ আক্কাদীয় সভ্যতা
ⓖ আসিরীয় সভ্যতা ⓖ হিব্রু সভ্যতা **উত্তর: ঘ**

৩. **"হিব্রু" আসলে কিসের নাম?** [ইবি (জি ইউনিট): ১১-১২]
ⓚ জাতির নাম ⓚ দেশের নাম
ⓖ ভাষার নাম ⓖ সভ্যতার নাম **উত্তর: গ**

৪. **বর্তমান ইসরায়েলের অধিবাসীরা কাদের বংশধর?** [দুর্নীতি দমন ব্যুরোর উপ সহকারী পরিদর্শক: ০৪]
ⓚ পারসিকদের ⓚ হিব্রুদের
ⓖ আরবিয়দের ⓖ মিশরীয়দের **উত্তর: খ**

প্রাচীন চৈনিক সভ্যতা (The Ancient Chinese Civilization)

তিনটি অঞ্চলে প্রাচীন চৈনিক সভ্যতা বেড়ে উঠতে থাকে। প্রথমটি হোয়াংহো (অন্য নাম পীত বা হলুদ) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংজেকিয়াং নদীর তীরে আর তৃতীয়টি দক্ষিণ চীনে গড়ে উঠেছিল।

দর্শন: চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রি.পূ.)। কনফুসিয়াসের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াস।

সুন সু (Sun Tzu) ছিলেন প্রাচীন চীনের একজন সমরনায়ক, যুদ্ধকৌশলী ও দার্শনিক। তাকে *'The Art of War'* (রণকৌশল) নামক যুদ্ধবিদ্যার প্রাচীন চৈনিক বইটির রচয়িতা হিসেবে বিবেচনা করা হয়।

চীনের মহাপ্রাচীর (Great Wall of China) মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা। এটি চীনের উত্তর সীমান্তে অবস্থিত। খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দী থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত চীনের বিভিন্ন রাজা এ প্রাচীরের বিভিন্ন অংশ নির্মাণ করে। চীনের মহাপ্রাচীরের মোট দৈর্ঘ্য ২১,১৯৬ কি.মি.। মিং রাজবংশের আমলে (১৩৬৮ - ১৬৪৪ খ্রি.) নির্মিত প্রাচীরের ৮৮৫০ কি.মি. (৫৫০০ মাইল) অংশকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।



Great Wall of China

MCQ Solution

১. **Chinese civilization belongs to -** [Jahangirnagar University (C Unit): 16-17]
ⓐ Copper Age ⓑ Bronze Age
ⓒ Iron Age ⓓ None **Ans. b**

২. **চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল -** [রাবি (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ ইয়াংসি নদীর অববাহিকায়
ⓚ হোয়াংহো নদীর মোড়ে
ⓖ ইয়ালু নদের মোড়ে
ⓖ পীত সাগরের তীরে **উত্তর: খ**

MCQ Solution

১. **পারস্যের বর্তমান নাম কী?** [চবি: অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ক থাইল্যান্ড খ তুরস্ক
গ ইরাক ঘ ইরান **উত্তর:** ঘ

২. **পারসিক ধর্মের প্রবর্তক কে?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ক গৌতম বুদ্ধ খ বর্ধমান মহাবীর
গ অহুরমাজদা ঘ জরথুস্ত্র **উত্তর:** ঘ

৩. **মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে কোন ধর্মাবলম্বীরা?** [চবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ক বাহাই খ শিনটো
গ জৈন ঘ জোরোস্ট্রিয় **উত্তর:** ঘ

৪. **Persepolis is located in -** [JU (C Unit): 16-17]
ⓐ India ⓑ Italy
ⓒ Greece ⓓ Iran **Ans.** d

হিব্রু সভ্যতা (The Hebrew Civilization)

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহবান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রু নবী হজরত মুসা (আ.), হজরত দাউদ (আ.) এবং হজরত সোলায়মান (আ.) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলো জ্বালেন।

MCQ Solution

১. **প্যালেস্টাইনে কোন সভ্যতা গড়ে উঠেছিল?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উপসহকারী প্রকৌশলী: ২২]
ক ফিনিশীয় সভ্যতা খ পারসিক সভ্যতা
গ হিব্রু সভ্যতা ঘ ব্যাবিলনীয় সভ্যতা **উত্তর:** গ

২. **জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে উঠা সভ্যতা:** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ক সুমেরীয় সভ্যতা খ আক্কাদীয় সভ্যতা
গ আসিরীয় সভ্যতা ঘ হিব্রু সভ্যতা **উত্তর:** ঘ

৩. **"হিব্রু" আসলে কিসের নাম?** [ইবি (জি ইউনিট): ১১-১২]
ক জাতির নাম খ দেশের নাম
গ ভাষার নাম ঘ সভ্যতার নাম **উত্তর:** গ

৪. **বর্তমান ইসরায়েলের অধিবাসীরা কাদের বংশধর?** [দুর্নীতি দমন ব্যুরোর উপ সহকারী পরিদর্শক: ০৮]
ক পারসিকদের খ হিব্রুদের
গ আরবীয়দের ঘ মিশরীয়দের **উত্তর:** খ


প্রাচীন চৈনিক সভ্যতা (The Ancient Chinese Civilization)

তিনটি অঞ্চলে প্রাচীন চৈনিক সভ্যতা বেড়ে উঠতে থাকে। প্রথমটি হোয়াংহো (অন্য নাম পীত বা হলুদ) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংজেকিয়াং নদীর তীরে আর তৃতীয়টি দক্ষিণ চীনে গড়ে উঠেছিল।

দর্শন: চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রি.পূ.)। কনফুসিয়াসের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াস।

সুন সু (Sun Tzu) ছিলেন প্রাচীন চীনের একজন সমরনায়ক, যুদ্ধকৌশলী ও দার্শনিক। তাকে *'The Art of War'* (রণকৌশল) নামক যুদ্ধবিদ্যার প্রাচীন চৈনিক বইটির রচয়িতা হিসেবে বিবেচনা করা হয়।

চীনের মহাপ্রাচীর (Great Wall of China) মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা। এটি চীনের উত্তর সীমান্তে অবস্থিত। খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দী থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত চীনের বিভিন্ন রাজা এ প্রাচীরের বিভিন্ন অংশ নির্মাণ করে। চীনের মহাপ্রাচীরের মোট দৈর্ঘ্য ২১,১৯৬ কি.মি.। মিং রাজবংশের আমলে (১৩৬৮ - ১৬৪৪ খ্রি.) নির্মিত প্রাচীরের ৮৮৫০ কি.মি. (৫৫০০ মাইল) অংশকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।



Great Wall of China

MCQ Solution

১. **Chinese civilization belongs to -** [Jahangirnagar University (C Unit): 16-17]
ⓐ Copper Age ⓑ Bronze Age
ⓒ Iron Age ⓓ None **Ans.** b

২. **চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল -** [রাবি (ইতিহাস): ০৭-০৮]
ক ইয়াংসি নদীর অববাহিকায়
খ হোয়াংহো নদীর মোড়ে
গ ইয়ালু নদের মোড়ে
ঘ পীত সাগরের তীরে **উত্তর:** খ

৩. **কোন নদীর তীরে চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ হান ⓚ পীত
ⓖ ইয়াংসী ⓖ স্যালুউইন **উত্তর:** খ

৪. **কনফুসিয়াস নামটি কোন দেশের সাথে সম্পর্কযুক্ত?** [রাবি (ভূগোল ও পরিবেশ বিদ্যা): ০৫-০৬]
ⓚ জাপান ⓚ চীন
ⓖ থাইল্যান্ড ⓖ কোরিয়া **উত্তর:** খ

৫. **চীনের বিখ্যাত দার্শনিক হলেন** - [ববি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ কনফুসিয়াস ⓚ মাও সেতুং
ⓖ হো চি মিন ⓖ দালাই লামা **উত্তর:** ক

৬. **কনফুসিয়াস কে ছিলেন?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ⓚ চীনা দার্শনিক ⓚ ভিয়েতনামের নেতা
ⓖ চীনের সম্রাট ⓖ মঙ্গোলীয় নেতা **উত্তর:** ক

৭. **'The Art of War' গ্রন্থের রচয়িতা** - [৩৫তম বিসিএস]
ⓚ ক্লজউইজ ⓚ আলফ্রেড মাহান
ⓖ সুন জু ⓖ কৌটিল্য উত্তর: গ

৮. **কোন দেশের রাজাকে 'Son of God' বলা হতো?** [১২তম শিক্ষক নিবন্ধন স্কুল (পর্যায়-২): ১২]
ⓚ ভুটান ⓚ নেপাল
ⓖ জাপান ⓖ চীন **উত্তর:** ঘ

৯. **What is the largest man made structure of the world?/ পৃথিবীতে মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা কোনটি?** [Shahjalal Islami Bank Ltd. MTO: 11]
ⓐ The Taj Mahal
ⓑ Petronas Tower
ⓒ Pyramid of Giza
ⓓ The Eiffel Tower
ⓔ The Great Wall of China **Ans.** e

১০. **চাঁদে দাড়িয়ে কি দেখা যায়?** [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ হিমালয় পর্বত ⓚ চীনের প্রাচীর
ⓖ সাহারা মরুভূমি ⓖ বঙ্গোপসাগর **উত্তর:** খ

১১. **চীনের মহাপ্রাচীর চীন দেশের যে সীমান্তে অবস্থিত-** [বেরোবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ উত্তর ⓚ দক্ষিণ
ⓖ পূর্ব ⓖ পশ্চিম **উত্তর:** ক

১২. **Which desert does 'The great Wall of China' Pass through?** [SIBL Probatinary officer: 21]
ⓐ Atacama Desert
ⓑ Simpson Desert
ⓒ Gobi Desert ⓓ Sahara **Ans.** c

১৩. **চীনের মহাপ্রাচীরের দৈর্ঘ্য কত?** [জীবন বীমা কর্পোরেশন উচ্চমান সহকারী: ২১]
ⓚ ৬৫০০ কি.মি. ⓚ ৮৮৫০ কি.মি.
ⓖ ৭৮১০ কি.মি. ⓖ ৯০১০ কি.মি. **উত্তর:** খ

গ্রিক সভ্যতা (The Greek Civilization)

ভৌগোলিক অবস্থান: ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' (Hellenic) এবং অন্যটি 'হেলেনিস্টিক' (Hellenistic)। গ্রিক উপদ্বীপের প্রধান শহর এথেন্সকে কেন্দ্র করে গড়ে ওঠে হেলেনিক সংস্কৃতি। অন্যদিকে, গ্রিক বীর আলেকজান্ডারের নেতৃত্বে মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সংস্কৃতি ও অগ্রিক সংস্কৃতির মিশ্রণে নতুন 'হেলেনিস্টিক সংস্কৃতি'র জন্ম হয়।

গ্রিস দেশটি অ্যাড্রিয়াটিক সাগর, ভূমধ্যসাগর ও ইজিয়ান সাগর দ্বারা পরিবেষ্টিত। গ্রিসের ভৌগোলিক পরিবেশ একটু ভিন্ন ধরনের। এ অঞ্চলে অনেকগুলো পাহাড় দাঁড়িয়ে ছিল দেয়ালের মত। প্রাচীনকালে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কয়েকটি অঞ্চলে বিভক্ত ছিল দেশটি। এ ছোট দেশগুলোর নাম হয় নগর রাষ্ট্র। এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স। এথেন্স ছিল গণতান্ত্রিক রাষ্ট্র। এথেন্সে রাষ্ট্র পরিচালনায় তখন দুইটি সংসদ ছিল। গোত্র প্রধানদের নিয়ে গড়া সংসদকে বলা হত 'এরিওপেগাস' এবং সাধারণ নাগরিকদের সমিতিকে বলা হত 'একলেসিয়া'। এথেন্সে চূড়ান্তভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করেন পেরিক্লিস। পেরিক্লিস এথেন্সের ক্ষমতায় আসেন ৪৬০ খ্রিষ্টপূর্বাব্দে। পক্ষান্তরে প্রতিবেশী স্পার্টা ছিল একটি সামরিক নগর রাষ্ট্র। রাষ্ট্রনেতারা ছিল স্বৈরাচারী। স্পার্টা ও এথেন্স উভয় দেশ একে অন্যের শত্রু ছিল। এথেন্স তার বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে একটি জোট গঠন করে। এর নাম হয় 'ডেলিয়ান লীগ'। অন্যদিকে স্পার্টা তাঁর বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে গঠন করে আরেকটি জোট। এ জোটের নাম হয় 'পেলোপনেসীয় লীগ'। এক সময় এই দুই জোটের মধ্য যুদ্ধ বেধে যায়। ইতিহাসে এ যুদ্ধ 'পেলোপনেসীয় যুদ্ধ' নামে পরিচিত। ৪৬০ - ৪০৪ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত মোট ৩ বার যুদ্ধ হয়। এ যুদ্ধে চূড়ান্ত পতন ঘটে এথেন্সের। ৩৬৯ খ্রিষ্টপূর্বাব্দে এথেন্স চলে আসে স্পার্টার অধীনে। এরপর নগররাষ্ট্র থিবস দখল করে নেয় এথেন্স। ৩৩৮ খ্রিষ্টপূর্বাব্দে ম্যাসিডনের রাজা ফিলিপস থিবস অধিকার করে নেয়। খ্রিষ্টপূর্ব ৩৩৬ অব্দে দ্বিতীয় ফিলিপসের মৃত্যু হলে তার ছেলে আলেকজান্ডার ম্যাসিডনের সিংহাসনে আরোহণ করেন। খ্রিষ্টপূর্ব ৩২৩ অব্দে ব্যাবিলনে তাঁর মৃত্যু হয়।

ধর্ম: গ্রিকদের বারটি দেব-দেবী ছিল। জিউস ছিলেন দেবতাদের রাজা। দেবতা এপোলো ও দেবী এথেনাও ছিলেন বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রিকবাসী বিশ্বাস করত দেবতাদের বাস উত্তর গ্রিসে অলিম্পাস পর্বতের চূড়ায়।

গ্রিক পুরাণের অনেক গুরুত্বপূর্ণ একটা অংশ হল ট্রয়ের যুদ্ধ। অনেকে ভাবতেন, ট্রয় নগরী বা ট্রয়ের যুদ্ধ- উভয়ই বিষয়ই নিছক গল্পগাঁথা। কিন্তু প্রত্নতাত্ত্বিকগণ তুরস্কের হিসার্লিক অঞ্চলে ট্রয় নগরী খুঁজে পান।

গ্রিক দেবী বা দেবতা	পরিচিতি
জিউস (Zeus)	দেবতাদের রাজা
হেরা (Hera)	বিবাহ বন্ধন অটুট রাখার দেবী। জিউসের স্ত্রী
এরিস (Ares)	যুদ্ধদেবতা
আফ্রোডিটি (Aphrodite)	ভালবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী
এরোস (Eros)	ভালবাসা ও রোমাঞ্চের দেবতা
অ্যাপোলো (Apollo)	সূর্য, আলো, চিকিৎসাবিদ্যা এবং সঙ্গীতের দেবতা
আরটেমিস (Artemis)	শিকার, বন, উর্বরতা এবং চাঁদের দেবী
এথেনা (Athena)	প্রজ্ঞার দেবী (জিউসের কন্যা)
ডিমিটার (Demeter)	কৃষি বিষয়ক দেবী
হারমেস (Hermes)	ব্যবসা বিষয়ক দেবতা (রোমান নাম মারকারি)
নিকে (Nike)	বিজয়ের দেবী (Goddess of victory)

দর্শন: গ্রিকদের সবচেয়ে বড় অবদান ছিল দর্শন চর্চায়। প্রথম দিকের বিখ্যাত দার্শনিক ছিলেন থ্যালেস। থ্যালেস কল্পকাহিনীর বদলে প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন। ধীরে ধীরে গ্রিসে এক ধরনের যুক্তিবাদী দার্শনিকের আবির্ভাব ঘটে। এঁদের বলা হতো *সফিস্ট*। প্রোতাগোরাস ছিলেন সফিস্ট সম্প্রদায়ের সবচেয়ে প্রাচীন বিখ্যাত গ্রিক দার্শনিক। সৃষ্টির অজানা রহস্য নয়, বরং মানুষকে মানদণ্ড বিবেচনা করে সে আলোকে দর্শনের আলোচনা ও ভাষাবিজ্ঞানে অবদানের জন্য সুবিখ্যাত হয়ে আছেন। তিনি বিশ্বাস করতেন, 'Man is the measure of all things'।

		
Socrates	Plato	Aristotle
শিক্ষক ⟶	ছাত্র	
	শিক্ষক ⟶	ছাত্র

সক্রেটিস ছিলেন গ্রিসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। অন্যায় শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসক গোষ্ঠী ৩৯৯ খ্রিষ্টপূর্বাব্দে এ মহান দার্শনিককে হেমলক (গুল্মজাতীয় গাছ) লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করে। মৃত্যুর পূর্বে তাঁর শেষ বাক্য ছিল, 'Crito, I owe a cock to Asclepius, will you remember to pay the debt?' ("ক্রিটো, অ্যাসক্লেপিয়াস আমার কাছে একটি মোরগ পায়, তার ঋণ পরিশোধ করতে ভুলো না যেন")। অ্যাসক্লেপিয়াস হচ্ছে গ্রিকদের আরোগ্য লাভের দেবতা। সক্রেটিসের শেষকথা থেকে বোঝা যায়, তিনি বুঝাতে চেয়েছিলেন মৃত্যু হলো আরোগ্য এবং দেহ থেকে আত্মার মুক্তি। সক্রেটিসকে 'সব জ্ঞানীদের গুরু' বলা হয়।

সক্রেটিসের বিখ্যাত উক্তি-

- *Know thyself.* (নিজেকে জানো)
- *Slanderers do not hurt me because they do not hit me.*
- *I to die, you to live- which is the better only God knows.*
- *An unexamined life is not worth living.*
- *Virtue is knowledge (সৎগুণই জ্ঞান).*

সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান। তিনি তাঁর চিন্তাগুলো ধরে রাখেন 'দি রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করে। এই গ্রন্থে প্লেটো দার্শনিক রাজা শাসিত 'আদর্শ রাষ্ট্রের' কল্পনা করেছিলেন। প্লেটো ৩৮৭ খ্রিষ্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'Academia' প্রতিষ্ঠা করেন। তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলো নিয়ে 'ডায়ালগস অব সক্রেটিস' নামে আরেকটি গ্রন্থ রচনা করেন। প্লেটোর বিখ্যাত উক্তি-

- *Virtue is Knowledge and Education is the main thing to acquire virtue*
- *Knowledge is virtue (জ্ঞানই পূণ্য).*
- শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো আত্মা ও দেহের সুষম বিকাশ সাধন।

প্লেটোর ছাত্র এরিস্টটলও একজন বড় দার্শনিক ছিলেন। তাঁর একটি বিখ্যাত গ্রন্থের নাম 'দ্যা পলিটিক্স'। তিনি 'লাইসিয়াম'-এর প্রতিষ্ঠাতা। এরিস্টটল আলেকজান্ডারের গৃহশিক্ষক ছিলেন। এরিস্টটলের উক্তি-

- *Man is Social and Political by Nature (মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব)।*
- *Man without society is either a beast or a God. (যে ব্যক্তি সমাজে বাস করে না, সে হয় দেবতা না হয় পশু)।*
- *মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি।*
- *বল, শক্তি এবং লোভ লালসা মানুষের মধ্যে জন্মগতভাবে অসমভাবে বণ্টিত।*

গ্রিক সাহিত্য: অন্ধ গ্রিক মহাকবি হোমার হাজার হাজার বছরের পুরোনো কাহিনী নিয়ে রচনা করেন মহাকাব্য Iliad (ইলিয়াড) এবং Odyssey (ওডিসি)। তাঁকে 'অন্ধ পাখি' বলা হয়। গ্রিসের সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন 'এস্কাইলাস'। তাঁর বিখ্যাত দুইটি নাটকের নাম 'প্রমেথিউস বাউন্ড' ও 'আগামেমনন'। নাট্যকার সফোক্লিস একশটিরও বেশি


গ্রিক মহাকবি হোমার

নাটক লেখেন। এর মধ্যে জনপ্রিয় দুইটি হচ্ছে 'এন্টিগনে' ও 'ইলেক্ট্রা'। নাট্যকার সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি 'রাজা ইডিপাস'। ইউরিপিদিস ছিলেন একজন প্রসিদ্ধ গ্রিক ধ্রুপদী নাট্যকার। তাঁর আলোচিত নাটক ওরেস্তেস। ইতিহাস রচনার ক্ষেত্রেও সমান কৃতিত্ব ছিল গ্রিকদের। গ্রিক ইতিহাসবেত্তা হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Histories'। খ্রিষ্টপূর্ব পঞ্চম শতাব্দীতে সংঘটিত গ্রিক-পারসিকদের যুদ্ধের কাহিনী এ গ্রন্থে বর্ণিত হয়েছে। গ্রিসের অন্য খ্যাতিমান ইতিহাসবিদ ছিলেন 'থুসিডাইডিস' (Thucydides)। তাঁর লেখা 'History of the Peloponnesian War' গ্রন্থ ব্যাপকভাবে সমাদৃত। থুসিডাইডিকে বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয়।

বিজ্ঞান: গ্রিক বিজ্ঞানীরা প্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেছিলেন। গ্রিক দার্শনিক আনাক্সিমান্ডোস সর্বপ্রথম পৃথিবীর মানচিত্র অঙ্কন করেন। তারাই প্রথম প্রমাণ করেছিলেন যে, পৃথিবী একটি গ্রহ এবং তা নিজ কক্ষপথে আবর্তিত হয়। বিখ্যাত গ্রিক গণিতবিদ 'পিথাগোরাস' খ্রিষ্টপূর্ব ষষ্ঠ শতকে জন্ম নিয়েছিলেন। খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকে জন্ম নেন বিজ্ঞানী এনাক্সাগোরাস'। চিকিৎসাবিজ্ঞানী হিপোক্রেটিস যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন।

খেলাধুলা: খ্রিষ্টপূর্ব ৭৭৬ অব্দে গ্রিসে অলিম্পিক প্রতিযোগিতার জন্ম হয়। প্রতি চার বছর অন্তর এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হতো। বিভিন্ন নগর রাষ্ট্রের খেলোয়াড়রা অংশ নিত।

স্থাপত্য ও ভাস্কর্য: কয়েকজন খ্যাতিমান গ্রিক ভাস্কর হচ্ছেন মাইনর, ফিদিয়াস এবং প্রাকসিটেলেস। প্রাচীন গ্রিসে মৃৎপাত্রের গায়ে চিত্রকর্ম অঙ্কন করা হতো। গ্রিক স্থাপত্যের উদাহরণ হিসেবে মন্দির পার্থেনন, এথেন্সের দেবী এথেনার মন্দির ইত্যাদি উল্লেখযোগ্য।

অর্থনীতি: জনসমাবেশ ও বাজারের জন্য নির্ধারিত খোলাস্থানকে 'Agora' বলা হতো।

MCQ Solution

১. **'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে -** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ দেশ ও জাতি ⓚ জাতি ও দেশ
ⓖ দুটি দেশ ⓖ জন্তু ও দেশ **উত্তর:** খ

২. **প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল কোন সাগরকে কেন্দ্র করে?** [রাবি (ঙ ইউনিট): ১৩-১৪]
ক) ভূমধ্যসাগর খ) কাস্পিয়ান
গ) বাল্টিক সাগর ঘ) লোহিত সাগর **উত্তর:** ক

৩. **নগর রাষ্ট্রের প্রচলন ছিল কোথায়?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১১-১২]
ক) ব্যাবিলন খ) মেসোপটেমিয়া
গ) গ্রিস ঘ) মিশর **উত্তর:** গ

৪. **স্পার্টা কোন দেশের নগর ছিল?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) এথেন্স খ) প্রাচীন গ্রিস
গ) প্রাচীন ইতালি ঘ) প্রাচীন রোম **উত্তর:** খ

৫. **পেলোপনেশীয় যুদ্ধ কাদের মধ্যে সংঘটিত হয়েছিল?** [চবি (বি ইউনিট): ১৯-২০]
ক) এথেন্স ও স্পার্টার মধ্যে
খ) এথেন্স ও করিন্থ-এর মধ্যে
গ) করিন্থ ও করথিয়ার মধ্যে
ঘ) করিন্থ ও স্পার্টার মধ্যে **উত্তর:** ক

৬. **ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে কোন দুটি সংস্কৃতির নাম জড়িত?** [চবি (ঘ ইউনিট): ০২-০৩]
ক) হেলেনিক ও মিনায়
খ) হেলেনিক ও হেলেনিস্টিক
গ) এচিয়ান ও হেলেনিস্টিক
ঘ) মিনীয় ও এচিয়ান **উত্তর:** খ

৭. **হেলেনীয় সভ্যতার দেশ কোনটি?** [জাবি (সিও ইউনিট): ১৫-১৬]
ক) ইরাক খ) সিরিয়া
গ) গ্রিস ঘ) মিশর **উত্তর:** গ

৮. **গ্রিক সৌন্দর্য দেবী-** [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ক) এথেনা খ) ভেনাস
গ) হেলেনা ঘ) আফ্রোদিতি **উত্তর:** ঘ

৯. **গ্রিক দেবতার মূর্তি কোনটি?** [জবি (ই ইউনিট): ১৬-১৭]
ক) নেফের তিতি খ) মিথুন
গ) এপোলো ঘ) মাইকেরী নূস **উত্তর:** গ

১০. **নিচের কাকে গ্রিকদের 'ফার্টিলিটির দেবী' বলা হয়?** [মেডিকেল: ০৯-১০]
ক) সিরেস খ) এরিস
গ) অ্যাজটেক ঘ) আরটেমিস **উত্তর:** ঘ

১১. **গ্রিক পুরাণে 'ভালবাসার দেবতা' কে ছিলেন?** [জবি (খ ইউনিট): ১০-১১]
ক) আফ্রোডিটি খ) এথেনা
গ) হেরা ঘ) ভেনার **উত্তর:** ক

১২. **In Greek mythology, 'Nike' is the goddess of-** [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ health ⓑ speed
ⓒ victory ⓓ wealth **Ans. c**

১৩. **ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী কোথায়?** [১৯তম বিসিএস/১০ম বিসিএস/চতুর্দশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস প্রিলিমিনারি: ২১]
ক) গ্রিসে খ) ইটালিতে
গ) তুরস্কে ঘ) স্পেনে **উত্তর:** গ

১৪. **সফিস্ট সম্প্রদায়ের উদ্ভব হয়েছে কোন দেশে?** [জাবি (দর্শন বিভাগ): ০৯-১০]
ক) ভারত খ) ইংল্যান্ড
গ) গ্রিস ঘ) মিশর **উত্তর:** গ

১৫. **"Man is the measure of all things" উক্তিটি কার?** [চবি (ঘ ইউনিট): ০৯-১০]
ক) প্রোটাগোরাস খ) জর্জিয়াস
গ) স্বামী বিবেকানন্দ ঘ) আল্লামা ইকবাল **উত্তর:** ক

১৬. 'সব জ্ঞানীদের গুরু' কাকে বলা হয়? [চবি (খ) ইউনিট): ১৩-১৪]
ⓚ প্লেটো ⓛ রুশো
ⓖ সক্রেটিস ⓘ মন্টেস্কু **উত্তর: গ**

১৭. কে বয়োজ্যেষ্ঠ? [জবি (ডি ইউনিট): ১৪-১৫]
ⓚ আলেকজান্ডার ⓛ সক্রেটিস
ⓖ প্লেটো ⓘ এ্যারিস্টটল **উত্তর: খ**

১৮. দার্শনিকদের ক্ষেত্রে কোনটি কালানুক্রমিক সঠিক বিন্যাস? [চবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ প্লেটো, অ্যারিস্টটল, সক্রেটিস
ⓛ সক্রেটিস, অ্যারিস্টটল, প্লেটো
ⓖ সক্রেটিস, প্লেটো ও অ্যারিস্টটল
ⓘ অ্যারিস্টটল, প্লেটো, সক্রেটিস **উত্তর: গ**

১৯. I to die, you to live- which is better only God knows! উক্তিটি কার? [শাবিপ্রবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ প্লেটো ⓛ অ্যারিস্টটল
ⓖ সক্রেটিস ⓘ পিথাগোরাস **উত্তর: গ**

২০. সক্রেটিসকে হেমলক পানে হত্যা করা হয়- [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক: ০১]
ⓚ সেন্ট হেলেনায় ⓛ গ্রিসে
ⓖ রোমে ⓘ ফ্রান্সে **উত্তর: খ**

২১. হেমলক কী ধরনের গাছ? [রাবি (এ-১ ইউনিট): ২০-২১]
ⓚ ঝোপঝাড় ⓛ ঘাস
ⓖ গুল্মজাতীয় ⓘ কোনটিই নয় **উত্তর: গ**

২২. Whose dying words were, 'Crito, I owe a cock to Asclepius, will you remember to pay the debt?' [উপজেলা সমাজসেবা অফিসার: ০৮]
ⓐ Plato
ⓑ Aristotle
ⓒ Socrates
ⓓ Aristotle onassis **Ans. c**

২৩. 'Know thyself' is written by- [SESDP এর প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা: ১৫]
ⓐ Aristotle ⓑ Plato
ⓒ Socrates ⓓ Homer **Ans. c**

২৪. 'নিজেকে জানো'-উক্তিটি কার? [ঢাবি (বি ইউনিট): ২১-২২]
ⓚ সক্রেটিস ⓛ প্লেটো
ⓖ এরিস্টটল ⓘ হেরাক্লিটাস **উত্তর: ক**

২৫. Who said "An unexamined life is not worth living"? [Standard Bank Ltd. Probationary Officer: 10]
ⓐ Aristotle ⓑ Plato
ⓒ Socrates ⓓ Zeno **Ans. c**

২৬. প্লেটোর শিক্ষক কে ছিলেন? [বশেমুরবিপ্রবি (ই ইউনিট): ১৩-১৪]
ⓚ এরিস্টটল ⓛ সোলন
ⓖ আলেকজান্ডার ⓘ সক্রেটিস **উত্তর: ঘ**

২৭. Plato was a citizen of - [Bangladesh Bank Senior Officer: 06] *Or,*
দার্শনিক প্লেটো কোন দেশের নাগরিক ছিলেন? [রাবি (বি ইউনিট): ২০-২১]
ⓚ আলবেনিয়া ⓛ তুর্কি
ⓖ গ্রিস ⓘ মিশর **উত্তর: গ**

২৮. Academy was established by- [RU (Political Science): 08-09]
ⓐ Socrates ⓑ Plato
ⓒ Aristotle ⓓ Rousseau **Ans. b**

২৯. 'দ্য রিপাবলিক' গ্রন্থের প্রণেতা কে? [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান): ১৮-১৯]
ⓚ প্লেটো ⓛ এরিস্টটল
ⓖ হেরাক্লিটাস ⓘ সক্রেটিস **উত্তর: ক**

৩০. 'আর্দশ রাষ্ট্র' ধারণাটি – [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ⓚ প্লেটোর ⓛ সেবেসের
ⓖ সক্রেটিসের ⓘ সোলনের **উত্তর: ক**

৩১. 'দার্শনিক রাজা'র শাসনের কথা কে বলেছেন? [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৫-১৬]
ⓚ সক্রেটিস ⓛ প্লেটো
ⓖ অ্যারিস্টটল ⓘ রুশো **উত্তর: খ**

৩২. "দি লজ" গ্রন্থের রচয়িতা কে? [ইবি (সি ইউনিট): ১০-১১]
ⓚ পলিবিয়াস ⓛ এরিস্টটল
ⓖ প্লেটো ⓘ জন লক **উত্তর: গ**

৩৩. Virtue is knowledge- কার বিখ্যাত উক্তি? [জবি (ঘ ইউনিট): ১৬-১৭]
ⓚ প্লেটো ⓛ সক্রেটিস
ⓖ এরিস্টটল ⓘ রুশো **উত্তর: খ**

৩৪. 'Virtue is knowledge and Education is the main thing acquire virtue' কার উক্তি? [IU (C Unit): 07-08]
ⓚ এরিস্টটল ⓛ ম্যাকাইভেলি
ⓖ প্লেটো ⓘ রুজভেল্ট **উত্তর: গ**

৩৫. 'জ্ঞানই পূণ্য' (Knowledge is virtue) - কে বলেছেন? [জবি (বি ইউনিট): ১৭-১৮]
ⓚ প্লেটো ⓛ অ্যারিস্টটল
ⓖ সক্রেটিস ⓘ হেগেল **উত্তর: ক**

৩৬. 'শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো আত্মা ও দেহের সুষম বিকাশ সাধন' কে বলেছেন – [ইবি (সি ইউনিট): ০৭-০৮]
ⓚ এরিস্টটল ⓛ সক্রেটিস
ⓖ প্লেটো ⓘ ম্যাকেয়াভেলি **উত্তর: গ**

৩৭. বীর আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন? [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ সফোক্লিস ⓛ সক্রেটিস
ⓖ এরিস্টটল ⓘ প্লেটো **উত্তর: গ**

৩৮. **মহাবীর আলেকজান্ডার কোন শহরে মৃত্যুবরণ করেন?** [চবি (খ ইউনিট): ০৮-০৯]
ⓚ ব্যাবিলন ⓚ থেসালোনিকি
ⓖ আঙ্কারা ⓖ এথেন্স **উত্তর:** ক

৩৯. **'লজিক' বা 'তর্কশাস্ত্রের' জন্ম হয়েছে** - [ঢাবি (খ ইউনিট): ০৪-০৫]
ⓚ পোল্যান্ডে ⓚ ইংল্যান্ডে
ⓖ জার্মানিতে ⓖ গ্রিসে **উত্তর:** ঘ

৪০. **যুক্তিবিদ্যার জনক** - [ঢাবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ জন স্টুয়ার্ট মিল ⓚ জেরেমি বেনথাম
ⓖ আই. এম. কপি ⓖ এরিস্টটল **উত্তর:** ঘ

৪১. **কোন মহান দার্শনিক 'লাইসিয়াম' নামে একটি শিক্ষা কেন্দ্র স্থাপন করে ছিলেন?** [বেবিচক এর সিনিয়র অফিসার: ২১]
ⓚ সক্রেটিস ⓚ প্লেটো
ⓖ এরিস্টটল ⓖ ভলতেয়ার **উত্তর:** গ

৪২. **'দ্যা পলিটিক্স' গ্রন্থের লেখক-** [ববি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ এরিস্টটল ⓚ সক্রেটিস
ⓖ প্লেটো ⓖ ম্যাকিয়াভেলী **উত্তর:** ক

৪৩. **"Man without society is either a beast or a God"—the author of the statement is-** [Jahangirnagar University (F Unit): 18-19]
Or,
"যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা।" উক্তিটি কার? [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১১-১২]
ⓚ প্লেটো ⓚ এরিস্টটল
ⓖ জনলক ⓖ রুশো **উত্তর:** খ

৪৪. **"Man is a political animal"- who said this?** [৩৬তম বিসিএস] *Or,*
"মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব-" উক্তিটি কার? [রাবি (ডি ইউনিট): ১৮-১৯]
ⓚ Dante ⓚ Plato
ⓖ Aristotle ⓖ Socrates **উত্তর:** গ

৪৫. **মানুষ কি ধরনের জীব?** [জাবি (বি ইউনিট): ১৫-১৬]
ⓚ সামাজিক ও রাজনৈতিক
ⓚ রাজনৈতিক ও অর্থনৈতিক
ⓖ ঐতিহাসিক ও অর্থনৈতিক
ⓖ রাজনৈতিক ও ঐতিহাসিক **উত্তর:** ক

৪৬. **'মানুষ সামাজিক জীব'- এ কথাটি কে বলেছেন?** [কুবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ ম্যাকাইভার ⓚ এরিস্টটল
ⓖ রুশো ⓖ হবস **উত্তর:** খ

৪৭. **'মানুষ প্রকৃতিগতভাবেই রাজনীতির কবি'- কে বলেছেন?** [ঢাবি (খ ইউনিট): ০৬-০৭]
ⓚ আলেকজান্ডার ⓚ সক্রেটিস
ⓖ প্লেটো ⓖ এরিস্টটল **উত্তর:** ঘ

৪৮. **গ্রিসের দার্শনিক নন-** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ অ্যারিস্টটল ⓚ প্লেটো
ⓖ সক্রেটিস ⓖ ভলটেয়ার **উত্তর:** ঘ
ব্যাখ্যা: ভলটেয়ার ছিলেন ফরাসি দার্শনিক।

৪৯. **কোন তিনজন দার্শনিককে Wise men of the old বলা হয়?** [জবি (ডি ইউনিট): ১৫-১৬]
ⓚ হবস, লক ও রুশো
ⓚ সক্রেটিস, প্লেটো ও অগাস্টিন
ⓖ সক্রেটিস, প্লেটো ও এরিস্টটল
ⓖ প্লেটো, এরিস্টটল ও ম্যাকিয়াভেলি **উত্তর:** গ

৫০. **প্রাচীন গ্রিসের অন্ধ মহাকবির নাম কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগ্রামার: ১৬]
ⓚ হোমার ⓚ দান্তে
ⓖ সফোগক্লিস ⓖ দ্যা ভিঞ্চি **উত্তর:** ক

৫১. **হোমার কোন ভাষার কবি?** [জাককানইবি (এপি ইউনিট): ১৮-১৯]
ⓚ ইংরেজি ⓚ ল্যাটিন
ⓖ স্প্যানিশ ⓖ গ্রিক **উত্তর:** ঘ

৫২. **হোমারের মহাকাব্যের নাম কী?** [রাবি (আই ইউনিট): ১৭-১৮]
ⓚ ইলিয়ড ⓚ ওডিসি
ⓖ ইনিট ⓖ ইডিপাস **উত্তর:** ক,খ

৫৩. **'*Iliad*' was written by whom?/'ইলিয়াড' এর রচয়িতা কে?** [Dhaka Bank MTO: 04]
ⓐ Milton ⓑ Tennyson
ⓒ Shakespeare ⓓ Homer **Ans.** d

৫৪. **The famous book (epic) '*Odyssey*' is written by -/ বিখ্যাত গ্রন্থ 'ওডিসি' এর রচয়িতা-** [বেরোবি (খ ইউনিট): ১২-১৩]
ⓐ Shakespeare ⓑ Homer
ⓒ Keats ⓓ Bayron **Ans.** b

৫৫. **যে শব্দযুগল পরস্পর-সম্পর্কিত নয়** - [ঢাবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ টলেমি ও ভূগোল
ⓚ সক্রেটিস ও দর্শন
ⓖ হোমার ও উপন্যাস
ⓖ ইউক্লিড ও জ্যামিতি **উত্তর:** গ

৫৬. **সফোক্লিস কোন দেশের নাট্যকার?** [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ ফ্রান্স ⓚ গ্রিস
ⓖ ইতালি ⓖ জার্মানি **উত্তর:** খ

৫৭. **সফোক্লিস রচিত নাটক কোনটি?** [চবি (বি ইউনিট): ১০-১১]
ⓚ দি বার্ডস ⓚ মিডিয়া
ⓖ ইলেক্ট্রা ⓖ আগামেনন
ⓤ কারমাজিওন **উত্তর:** গ

৫৮. **'ইডিপাস' কী?** [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ⓚ সামুদ্রিক প্রাণী ⓚ উপন্যাস
ⓖ জলজ প্রাণী ⓖ নাটক **উত্তর:** ঘ

৫৯. 'রাজা ইডিপাস' নাটকের রচয়িতা- [জাবি (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ): ০৯-১০]
ⓚ সফোক্লিস ⓚ শেক্সপিয়ার
ⓖ মলিয়েঁর ⓖ টমাস কীড **উত্তর:** ক

৬০. গ্রিক নাট্যকার কে? [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ তেরেন্স
ⓚ ইউরিপিদিস
ⓖ স্যামুয়েল বেকেট
ⓖ টি. এস. এলিয়ট **উত্তর:** খ

৬১. ইতিহাসের জনক (Father of history) কে? [রাবি (এ ইউনিট): ১৯-২০]
ⓚ যুসিডাইডিস ⓚ হেরোডোটাস
ⓖ এরিস্টটল ⓖ টয়েনবি **উত্তর:** খ

৬২. হেরোডোটাস- এর জন্মভূমি– [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ⓚ ইতালি ⓚ গ্রিস
ⓖ স্পেন ⓖ মিশর **উত্তর:** খ

৬৩. বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক - [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ হেরোডোটাস ⓚ থুকি-ডাইডিস
ⓖ লিভি ⓖ কার্ল মার্ক্স **উত্তর:** খ

৬৪. The author of 'The History of the Peloponnesian War'- [Pubali Bank Ltd. Senior Officer: 17]
ⓐ Machiavelli ⓑ Socrates
ⓒ Thucydides ⓓ Aristotle **Ans.** c

৬৫. History শব্দটি উৎপত্তি কোন ভাষা থেকে? [জাবি (সি ইউনিট): ১৯-২০]
ⓚ গ্রিক ⓚ ফরাসি
ⓖ রোমান ⓖ সংস্কৃত **উত্তর:** ক

৬৬. 'Histories' গ্রন্থটি লেখা হয় - [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ মধ্যযুগে ⓚ আধুনিকযুগে
ⓖ প্রাচীনযুগে ⓖ রেনেসাঁযুগে **উত্তর:** গ

৬৭. 'Histories' গ্রন্থ লিখেন? [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ একজন গ্রিক
ⓚ একজন পারসিক
ⓖ একজন ইংরেজ
ⓖ একজন ভারতীয় **উত্তর:** ক

৬৮. 'Histories' গ্রন্থের বিষয়বস্তু - [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ পিলোপনেসিয়া যুদ্ধ
ⓚ গ্রিক-পারসিক যুদ্ধ
ⓖ এথেন্স স্পার্টা যুদ্ধ
ⓖ গ্রিক-রোমান যুদ্ধ **উত্তর:** খ

৬৯. প্রাচীন গ্রিসে চিত্রকর্ম অঙ্কন করা হতো– [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ⓚ প্যাপিরাসে ⓚ মৃৎপাত্রের গায়ে
ⓖ কাঠের ওপর ⓖ কাপড়ের ওপর **উত্তর:** খ

৭০. পৃথিবীর মানচিত্র প্রথম কারা অঙ্কন করেন? [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]

Or,

Who constructed the first map of the world? [KU (B Unit): 05-06]
ⓚ মিশরীয়রা ⓚ রোমানরা
ⓖ গ্রিকরা ⓖ ভারতীয়রা **উত্তর:** গ

৭১. প্রথমে অলিম্পিক খেলা কোথায় শুরু হয়েছিল? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ⓚ রোমে ⓚ গ্রিসে
ⓖ মিশরে ⓖ ইতালিতে **উত্তর:** খ

৭২. গ্রিসে কখন প্রথম অলিম্পিক খেলা শুরু হয়? [ইবি (গ/ঙ ইউনিট): ০৩-০৪]
ⓚ খ্রিষ্টপূর্ব ৪০০০ ⓚ খ্রিষ্টপূর্ব ৭৬৬
ⓖ খ্রিষ্টপূর্ব ৭৭৬ ⓖ খ্রিষ্টপূর্ব ৩৯৯ **উত্তর:** গ

৭৩. 'পার্থেনন' কী? [চবি (বি২ ইউনিট): ১০-১১]
ⓚ গীর্জা ⓚ মন্দির
ⓖ প্রসাদ ⓖ স্মৃতিসৌধ
ⓤ বিহার **উত্তর:** খ

৭৪. The term 'Agora' means ancient - [Jahangirnagar University (C Unit): 16-17]
ⓐ Greek market
ⓑ Roman market
ⓒ Roman Stadium
ⓓ Greek theater **Ans.** a

৭৫. 'Agora' শব্দের অর্থ কোনটি? [রাবি (খ ইউনিট): ১১-১২]
ⓚ মুদিখানা ⓚ পণ্যগার
ⓖ পণ্য ⓖ মুক্তাঞ্চল **উত্তর:** ঘ

মধ্যযুগ
Middle Age

যুগবিভাজনের সমস্যা

প্রাচীন সুমেরীয়, মিশরীয়, চৈনিক, সিন্ধু ও গ্রিক সভ্যতার অবসানের পর রোমান সভ্যতার উত্থান ঘটে। এ সভ্যতা প্রাচীন ও মধ্য যুগের সভ্যতা ও সংস্কৃতির মাঝে সেতুবন্ধন রচনা করে। বস্তুত রোমান সভ্যতা ও সংস্কৃতির ধারাবাহিক ইতিহাসই হলো মধ্যযুগের ইউরোপের ইতিহাস। পরবর্তী রোমান সভ্যতা তথা মধ্যযুগের ইউরোপীয় সভ্যতার পতনের পটভূমিতে উত্থান ঘটে আধুনিক পাশ্চাত্যের। পঞ্চদশ শতাব্দী থেকে নিরন্তর প্রক্রিয়ায় উন্মেষ ও বিকাশ ঘটেছে আধুনিক পাশ্চাত্যের সমাজ ও সংস্কৃতির।


রোমান সাম্রাজ্য (The Roman Empire)

খ্রিষ্টপূর্ব ৭৫৩ সালে ইতালির টাইবার নদীর তীরে রোম নগরী স্থাপিত হয়। এই নগরীর গোড়াপত্তন করেন রোমাস ও রমুলাস নামে দুই ভাই। প্রথম দিকে ছিল এটা একটি বাণিজ্যিক ও সাংস্কৃতিক কেন্দ্র। গ্রিক সভ্যতার পতন ঘটলে এই রোমকে কেন্দ্র করে বিশাল রোমান সাম্রাজ্য গড়ে ওঠে। রোমান সাম্রাজ্য সমগ্র ইউরোপ, উত্তর আফ্রিকা এবং পশ্চিম এশিয়ার বিস্তীর্ণ অঞ্চল ব্যাপী বিস্তৃত ছিল। এই বিশাল সাম্রাজ্য শাসনের জন্য রোমান সম্রাট কনস্টানটাইন সাম্রাজ্যের পূর্বাঞ্চলে কৃষ্ণসাগর তীরবর্তী বাইজান্টিয়াম নামক স্থানে দ্বিতীয় রাজধানী প্রতিষ্ঠা করেন। ৩৩০ সালে প্রতিষ্ঠিত এই দ্বিতীয় রাজধানীর নামকরণ করা হয় কনস্টান্টিনোপল। এই নামকরণ করা হয়েছিল সম্রাট কনস্টানটাইনের নামানুসারে। শাসনের সুবিধার জন্য ৩৯৫ খ্রিষ্টাব্দে রোমান সাম্রাজ্য ২ ভাগে বিভক্ত করা হয়। যথা-

ক) পশ্চিমাঞ্চলীয় রোমান সাম্রাজ্য: রাজধানী রোমকে কেন্দ্র করে পশ্চিমাঞ্চলীয় রোমান সাম্রাজ্য শাসিত হতো। ৪৭৬ খ্রিষ্টাব্দে বর্বর জার্মান জাতি সমূহের হাতে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন ঘটে কিন্তু পূর্ব রোমান সাম্রাজ্য অক্ষত থেকে যায়।

খ) পূর্বাঞ্চলীয় রোমান সাম্রাজ্য: রাজধানী কনস্টান্টিনোপলকে কেন্দ্র করে পূর্ব ইউরোপ, পূর্ব-ভূমধ্যসাগরীয় অঞ্চল, কৃষ্ণসাগরীয় অঞ্চল, এশিয়া মাইনরসহ পশ্চিম এশিয়া অঞ্চল শাসিত হতো। এই অঞ্চল 'বাইজান্টাইন সাম্রাজ্য' নামে অভিহিত হয়। ১৪৫৩ খ্রিষ্টাব্দে তুর্কি মুসলমানদের হাতে কনস্ট্যান্টিনোপল পতনের ভেতর দিয়ে বাইজেনটাইন সাম্রাজ্যের পতন ঘটে। কনস্ট্যান্টিনোপল ইস্তাম্বুল নাম নিয়ে আজ অবধি তুরস্কের অধিকারে আছে।

রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট ছিলেন জুলিয়াস সিজার। আজ থেকে প্রায় ২ হাজার বছর আগে ৪৬ খ্রিষ্টপূর্বাব্দে তিনি রোমের সম্রাট হন। তাঁর বিখ্যাত উক্তি 'এলাম, দেখলাম, জয় করলাম'।


জুলিয়াস সিজার

কিন্তু রোমে ক্ষমতার দ্বন্দ্ব ও ষড়যন্ত্র প্রবল হতে থাকলে ব্রুটাস ও ক্যাসিয়াস নামের দুই অভিজাতের হাতে জুলিয়াস সিজার নিহত হন। শুরু হয় গৃহযুদ্ধ। অবশেষে তিন নেতা একযোগে ক্ষমতায় আসেন। এরা হলেন অক্টেভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস। এ তিনজনের একত্র শাসনকে ইতিহাসে 'ত্রয়ী শাসন' বলা হয়। ত্রয়ী শাসন বেশিদিন টেকেনি। অক্টেভিয়াস সিজার প্রথমে পরাজিত করেন লেপিডাসকে। এন্টনি মিশরের রাজকন্যা ক্লিওপেট্রা-কে বিয়ে করে শক্তি সঞ্চয় করেছিলেন। ক্লিওপেট্রা ইতিহাসে 'নীল নদের সর্প' (Serpent of the Nile) নামে পরিচিত। কিন্তু তিনিও পরাজিত হন অক্টেভিয়াস সিজারের হাতে। এভাবে অক্টেভিয়াস সিজার রোমান সম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হয়ে 'অগাস্টাস সিজার' উপাধি গ্রহণ করেন। অগাস্টাস সিজারের শাসনামলে খ্রিষ্টধর্মের প্রবর্তক যীশুখ্রিষ্টের জন্ম হয়।

সাহিত্য: হোরাস ও ভার্জিল এ যুগের বিখ্যাত কবি। ভার্জিলের বিখ্যাত মহাকাব্য 'ইনিড'। বিখ্যাত ইতিহাসবিদ ট্যাসিটাস এ যুগে রোমে জন্মগ্রহণ করেছিলেন।

স্থাপত্য: রোমান সম্রাট হার্ডিয়ানের তৈরি গোলাকার ধর্মমন্দির 'প্যানথিয়ন' (Pantheon) এর বৃষ্টিরোধক কংক্রিটের গম্বুজ আজও টিকে আছে। রোমে তৎকালীন বিশ্বের সবচেয়ে বড় নাট্যশালা 'কলোসিয়াম' তৈরি হয়েছিল।

আইন: বাইজান্টাইন সম্রাট জাস্টিনিয়ান সর্বপ্রথম সম্পূর্ণ রোমান আইন সংকলন করেন। আইনের ক্ষেত্রে আধুনিক বিশ্ব সম্পূর্ণভাবে রোমান আইনের উপর নির্ভরশীল।

পবিত্র রোমান সাম্রাজ্য (Holy Roman Empire)

পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের পর জার্মান জাতির একটি শাখা প্রবলভাবে শক্তিশালী হয়ে উঠে। এরা ইতিহাসে ফ্রাঙ্ক নামে পরিচিত ছিল। এই ফ্রাঙ্ক জাতি অষ্টম শতকের মধ্যেই জার্মান ও ফ্রান্সের বিস্তৃত অঞ্চল দখল করে পুনরায় রোমান সাম্রাজ্য পুনঃপ্রতিষ্ঠায় সক্ষম হয়। উক্ত বংশের শ্রেষ্ঠ পুরুষ মহান শার্লামেন (তিনি চার্লস নামেও পরিচিত) ৮০০ সালে রোমের সম্রাট পদে অধিষ্ঠিত হন। এই সাম্রাজ্যের শাসন প্রণালি, আইন-কানুন, রীতি-নীতি, প্রথা প্রভৃতি ছিল খ্রিষ্টান ধর্ম বা বাইবেল কেন্দ্রিক। সে কারণে এই সাম্রাজ্যের নাম হয়েছিল পবিত্র রোমান সাম্রাজ্য।

MCQ Solution

১. **কোনটি নদীমাতৃক সভ্যতা নয়?** [শাবিপ্রবি (খ ইউনিট): ০৩-০৪]
ক সিন্ধু খ ব্যবিলনীয়
গ রোমান ঘ চৈনিক **উত্তর:** গ

২. **প্রাচীনযুগে নগর রাষ্ট্র কোথায় ছিল?** [মাধ্যমিক সহকারী শিক্ষক: ৯৮]
ক গ্রেট ব্রিটেনে খ প্রাচীন গ্রিস ও রোমে
গ আমেরিকায় ঘ জার্মানিতে **উত্তর:** খ

৩. **বাইজেনটাইন (Byzantine) সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক লিসবন খ কন্সটান্টিনোপল
গ প্যারিস ঘ ভিয়েনা **উত্তর:** খ

৪. **ঐতিহাসিক কনস্টান্টিনোপল কোথায় অবস্থিত?** [ইবি (বি ইউনিট): ১১-১২]
ক ইরান খ ফিলিস্তিন
গ লিবিয়া ঘ তুরস্ক **উত্তর:** ঘ

৫. **বিশ্বের ইতিহাসে ১৪৫৩ সাল কেন প্রসিদ্ধ?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ): ০৩]
ক বাস্তিল দুর্গের পতন
খ কন্সটান্টিনোপলের পতন
গ রেনেসাঁ যুগের সূচনালগ্ন
ঘ ইউরোপে 'রিফরমেশন' যুগের সূচনালগ্ন **উত্তর:** খ

৬. **ইস্তাম্বুল-এর প্রাচীন নাম -** [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ক বাইজানটাইন খ মেসোপটেমিয়া
গ আসিরিয়া ঘ বেবিলন **উত্তর:** ক

৭. **ইস্তাম্বুলের পূর্ব নাম-** [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার (আরডিএস): ২২]
ক আঙ্কারা খ ইজমির
গ কনস্ট্যান্টিনোপল ঘ আদানা **উত্তর:** গ

৮. **'জুলিয়াস সিজার' কেন বিখ্যাত?** [৩২তম বিসিএস]
ক রোমান সম্রাট হিসেবে
খ বর্ণবাদ বিরোধী হিসেবে
গ ব্রিটেনের রাজা হিসেবে
ঘ আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে **উত্তর:** ক

৯. **Julius Caesar was the ruler of Rome about.........years ago.** [28th BCS]
ⓐ 1000 ⓑ 1500
ⓒ 2000 ⓓ 3000 **Ans.** c

১০. **'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন--** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার: ০৭]
ক আলেকজান্ডার খ জুলিয়াস সিজার
গ নেপোলিয়ন ঘ হিটলার **উত্তর:** খ

১১. **ক্লিওপেট্রা কোন দেশের রানি ছিলেন?** [চবি (বি১ ইউনিট): ১৪-১৫]
ক ইতালি খ গ্রিস
গ ইংল্যান্ড ঘ মিশর **উত্তর:** ঘ

১২. **'সার্পেন্ট অব দি নাইল' নামে পরিচিত কে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ক রানি ক্লিওপেট্রা
খ মার্গারেট থ্যাচার
গ ফ্লোরেন্স নাইটিঙ্গেল
ঘ রানি ১ম এলিজাবেথ **উত্তর:** ক

১৩. **"The city of God" গ্রন্থের রচয়িতা কে?** [চবি (ডি-১ ও ডি-২ ইউনিট): ১৫-১৬]
ক সেইন্ট অগাস্টিন খ সেন্ট টমাস অ্যাকিনস
গ হেরাক্লিটাস ঘ এপিকিউরাস **উত্তর:** ক

১৪. **'ইনিড' কে লিখেছেন?** [ঢাবি (খ ইউনিট): ০৩-০৪]
ক হোমার খ ট্যাসো
গ মিল্টন ঘ ভার্জিল **উত্তর:** ঘ

১৫. **রোমানদের ভালোবাসার দেবী কে?** [ইবি (জি ইউনিট): ১১-১২]
ক জুনো খ ভেনাস
গ ডায়না ঘ মায়া **উত্তর:** খ

১৬. **'Pantheon' (প্যান্থিয়ন) কোন দেশের একটি গোলাকার মন্দির?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার: ২২]
ক বাইজেনটাইন খ রোমান
গ গ্রিক ঘ জার্মান **উত্তর:** খ

১৭. **গম্বুজের ব্যবহার কোন প্রাচীন স্থাপত্যধারাকে অনেক বিস্তৃত ও উন্নত করে তুলেছিল?** [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ক গ্রিক খ মিশরীয়
গ চৈনিক ঘ রোমান **উত্তর:** ঘ

১৮. **রোমান সভ্যতার স্থাপত্য নিদর্শন 'কলোসিয়াম' হলো (An architectural heritage of Roman civilization, 'Colosseum' is a)** [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ক নাট্যশালা (Theatre)
খ উপাসনালয় (Themple)
গ খেলার মাঠ (Playground)
ঘ বিশ্ববিদ্যালয় (University) **উত্তর:** ক

১৯. **'আকুয়াডাক্ট' কাদের সৃষ্টি?** [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ক গ্রিক খ রোমান
গ চৈনিক ঘ ভারতীয় **উত্তর:** খ

২০. **Where was 'Acta Diurna' circulated?** [Bangladesh Betar Co-editor: 19]
ⓐ Venice ⓑ Sicily
ⓒ Rome ⓓ Pompeii **Ans.** c

২১. **রোমান সভ্যতার অবদান:** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ক আইন প্রণয়ন
খ বর্ণমালার আবিষ্কার
গ ধাতব মুদ্রার আবিষ্কার
ঘ লিখন পদ্ধতির আবিষ্কার **উত্তর:** ক

আরবিয় সভ্যতার উত্থান ও বিকাশ

আরব ভূখণ্ডে দীর্ঘদিন গোত্রভিত্তিক সমাজ ব্যবস্থা বিদ্যমান ছিল। কিন্তু ইসলামই প্রথম একটি ঐক্যবদ্ধ রাষ্ট্র ব্যবস্থা গড়ে তোলার পর আরব এবং এর আশপাশে বৃহত্তর রাষ্ট্র ও সভ্যতা গড়ে উঠতে শুরু করে।

ক) রাশিদুন খিলাফত (৬৩২ - ৬৬১ খ্রি.)

খোলাফায়ে রাশেদীনের সময় মুসলিম সাম্রাজ্যের রাজধানী ছিল মদিনায়।

১) হজরত আবুবকর সিদ্দিক (রা.) ছিলেন খোলাফায়ে রাশেদীনের প্রথম খলিফা। ৬৩২ খ্রিষ্টাব্দে হজরত মুহাম্মদ (স.) এর ইন্তিকালের পর আবুবকর (রা.) খলিফা নির্বাচিত হন। এ সময় আরবের বিভিন্ন উপজাতি বিদ্রোহ ঘোষণা করে। হজরত আবু বকর (রা.) এ সকল আরব উপজাতির বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। ধর্মসংক্রান্ত এ সকল যুদ্ধকে রিদ্দা যুদ্ধ বলে। তিনি ভণ্ডনবিসহ এই সকল বিদ্রোহ কঠোর হস্তে দমন করেন। এজন্য তাঁকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়। তিনি 'বায়তুল মাল' প্রতিষ্ঠা করেন। ইসলামি রাষ্ট্রের কেন্দ্রীয় অর্থ তহবিল বা জাতীয় কোষাগারকে বায়তুল মাল বলে। ৬৩৪ খ্রিষ্টাব্দে তিনি ইন্তিকাল করেন।

২) হজরত ওমর ইবনে আল খাত্তাব (রা.) ছিলেন খোলাফায়ে রাশেদীনের দ্বিতীয় খলিফা। তিনি খুবই ন্যায়পরায়ণ ও শক্তিমান শাসক ছিলেন। এজন্য তাকে 'ওমর দ্য গ্রেট' বলা হয়। তাঁর সময়ে ইসলামি সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তৃতি লাভ করে।

৩) হজরত উসমান ইবনে আফ্ফান (রা.) ছিলেন খোলাফায়ে রাশেদীনের তৃতীয় খলিফা। অধিকাংশ ঐতিহাসিকের মতে, হজরত ওসমান (রা.) সর্বপ্রথম ইসলামি মুদ্রার প্রচলন করেন।

৪) হজরত আলী ইবনে আবু তালিব (রা.) খোলাফায়ে রাশেদীনের সর্বশেষ খলিফা। শিশুদের মধ্যে তিনি সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। খাইবারের যুদ্ধে অসামান্য বীরত্ব প্রদর্শনের জন্য মহানবি (স) তাঁকে 'আসাদুল্লাহ' (অর্থ- আল্লাহর সিংহ) উপাধিতে ভূষিত করেন। ৬৬১ খ্রিষ্টাব্দে কুফায় আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন। ইরাকের নাজাফে তাঁর মাযার অবস্থিত।

খ) উমাইয়া খিলাফত (৬৬১-৭৫০ খ্রি.)

মুয়াবিয়া (৬৬১ - ৬৮০ খ্রি.) খুলাফায়ে রাশেদীনের শেষ খলিফা হজরত আলী (রা.) কে বিশ্বাসঘাতকতার মাধ্যমে পরাজিত করে উমাইয়া বংশের শাসন চালু করেন। তাঁর রাজধানী ছিল দামেস্ক। ৬৭৯ খ্রিষ্টাব্দে পুত্র ইয়াজিদকে পরবর্তী উত্তরাধিকার মনোনয়নের মাধ্যমে খুলাফায়ে রাশেদীনের গণতান্ত্রিক শাসনের পরিবর্তে বংশানুক্রমিক রাজতন্ত্রের সূচনা করেন। তিনি সর্বপ্রথম মুসলিম নৌবাহিনী প্রতিষ্ঠা করেন।

আবদুল মালিক (৬৮৫ - ৭০৫ খ্রি.) ছিলেন রাজেন্দ্র (Father of kings) কারণ পরবর্তীতে তাঁর চারপুত্র উমাইয়া সিংহাসনে আরোহণ করেছিলেন। তিনি প্রথম বিশুদ্ধ আরবি মুদ্রার প্রচলন এবং ডাক বিভাগের উন্নতি সাধন করেন। মহানবি (স.) যে পাথর খণ্ডের উপর দাড়িয়ে পবিত্র মিরাজে গমন করেন তাকে কেন্দ্র করে এর উপর তিনি আট কোণাবিশিষ্ট "কুব্বাতুস সাখরা" (Dome of the Rock) নির্মাণ করেন। তাঁর আরেকটি বড় কৃতিত্ব হলো দামেস্কে মুহাফেজখানা বা দস্তাবেজখানা (দিওয়ান-আল-রাসায়িল) প্রবর্তন।

প্রথম ওয়ালিদ বিন আব্দুল মালিক (৭০৫ - ৭১৫ খ্রি.) এর শাসনামলে উমাইয়া সাম্রাজ্য সর্বাধিক বিস্তৃতি লাভ করে। তাঁর সেনাপতি মুসা বিন নুসাইর সমগ্র উত্তর আফ্রিকা এবং তারিক স্পেন জয় করে।

> **স্পেনে মুসলমান শাসন**
>
> মুসলমানরা স্পেনে পৃথক খিলাফত প্রতিষ্ঠা করে। এ সময় দেশটি আন্দালুসিয়া নামে পরিচিত ছিল। রাজধানী ছিল কর্ডোভা। কর্ডোভা মধ্যযুগে ইউরোপ মহাদেশে জ্ঞান চর্চার প্রাণকেন্দ্রে পরিণত হয়েছিল বলে একে 'ইউরোপের বাতিঘর' (Light House of the Europe) বলা হতো।

মুসলমানরা ৭১১ খ্রিষ্টাব্দের অক্টোবরে স্পেন জয় করে।

প্রথম ওমর বিন আবদুল আজিজ (৭১৭ - ৭২০ খ্রি.) খিলাফতে বসে খুলাফায়ে রাশেদীনের প্রবর্তিত নীতিসমূহ গ্রহণ করেন। তাঁকে উমাইয়া সাধু বা 'ইসলামের পঞ্চম খলিফা' বলা হয়।

(গ) আব্বাসীয় খিলাফত

আব্বাসীয় খিলাফতকে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয়। আব্বাসীয় খলিফারা মন্ত্রিদেরকে 'উজির' উপাধি দিয়েছিলেন।

ক) প্রথম পর্যায় (৭৫০-১২৫৮ খ্রি.)

আবুল আব্বাস আস সাফ্ফাহ (৭৫০ - ৭৫৪ খ্রি.) আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠা করেন।

আবু জাফর আল মনসুর (৭৫৪ - ৭৭৫ খ্রি.) প্রশাসনিক কাঠামোকে সুবিন্যস্ত ও সুদৃঢ় করার লক্ষ্যে ৭৬২ খ্রিষ্টাব্দে বাগদাদে রাজধানী স্থাপন করেন।

হারুন আল রশিদ (৭৮৬ - ৮০৯ খ্রি.) ছিলেন সবচেয়ে খ্যাতিমান আব্বাসীয় খলিফা। খলিফার স্ত্রী জুবাইদা হাজীদের পানির কষ্ট লাঘবে পবিত্র মক্কা নগরীতে 'নহর-ই-যুবাইদা' খাল খনন করেন।

আল মামুন (৮১৩ - ৮৩৩ খ্রি.) বাগদাদে জ্ঞান চর্চার জন্য 'বায়তুল হিকমা' (House of Wisdom) প্রতিষ্ঠা করেন। তিনি হুনাইন ইবনে ইসহাককে 'বায়তুল হিকমা' এর মহাপরিচালক নিযুক্ত করেন।

১২৫৮ খ্রিষ্টাব্দে কুখ্যাত মোঙ্গল নেতা হালাকু খানের হাতে বাগদাদ নগরীর পতন হয়।

খ) দ্বিতীয় পর্যায় (১২৬১-১৫১৭ খ্রি.): এ সময় রাজধানী ছিল কায়রো।

MCQ Solution

১. **ইসলামের প্রথম খলিফা কে ছিলেন?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৭-০৮]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত আলী (রা.) ⓖ হজরত ওসমান (রা.) **উত্তর:** খ

২. **ইসলামের ত্রাণকর্তা বলা হয় কাকে?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) **উত্তর:** খ

৩. **হজরত আবু বকর (রা.) কোন সালে খলিফা হন?** [ঢাবি (খ ইউনিট): ০৩-০৪]
ⓚ ৬৩২ খ্রিষ্টাব্দে ⓚ ৬৩৪ খ্রিষ্টাব্দে
ⓖ ৬৩৫ খ্রিষ্টাব্দে ⓖ ৬৩৬ খ্রিষ্টাব্দে **উত্তর:** ক

৪. **'বায়তুল মাল' কে প্রতিষ্ঠা করেন?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব: ১৫]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) **উত্তর:** খ

৫. **জাকাত বিরোধী আন্দোলন দমন করেন কে?** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) **উত্তর:** খ

৬. **রিদ্দা কী?** [রাবি (ইতিহাস): ০৭-০৮]
ⓚ স্থানের নাম ⓚ ধর্মযুদ্ধ
ⓖ ব্যক্তির নাম ⓖ এক ধরনের ক্রীড়া **উত্তর:** খ

৭. **কোন খলিফার আমলে রিদ্দার যুদ্ধ সংঘটিত হয়?** [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ হজরত আবু বকর ⓚ হজরত ওমর
ⓖ হজরত উসমান ⓖ হজরত আলী **উত্তর:** ক

৮. **কোন খলিফার সময় ভন্ডনবিদের আবির্ভাব হয়?** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) **উত্তর:** খ

৯. **ভণ্ড মহিলা নবি ছিলেন** - [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ মুসাইলামা ⓚ মায়মুনা
ⓖ হিন্দা ⓖ সাজাহ্ **উত্তর:** ঘ

১০. **ভণ্ড নবিদের দমন করেন কে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১১]
ⓚ হজরত আবু বকর ⓚ হজরত ওমর
ⓖ হজরত ওসমান ⓖ হজরত ইমরান **উত্তর:** ক

১১. **আজনাদাইনের যুদ্ধ সংঘটিত হয়** - [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ৬৩৮ সালে ⓚ ৬৩৬ সালে
ⓖ ৬৩৪ সালে ⓖ ৬৫২ সালে **উত্তর:** গ

১২. **ইসলামের চার খলিফার মধ্যে স্বাভাবিক মৃত্যু ঘটে-** [ইবি (খ ইউনিট): ০৭-০৮]
ⓚ হজরত আলীর (রা) ⓚ হজরত আবুবকরের (রা)
ⓖ হজরত ওসমানের (রা) ⓖ হজরত ওমরের (রা) **উত্তর:** খ

১৩. **নিম্নের কে খুলাফায়ে রাশেদীনের একজন নন?** [চবি (খ ইউনিট): ০৩-০৪]
ⓚ হজরত আলী
ⓚ উমর বিন আব্দুল আযীয
ⓖ হজরত উমর বিন খাত্তাব
ⓖ উসমান বিন আফফান **উত্তর:** খ

১৪. **কোন খলিফার শাসনামলে মুসলিম সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তার লাভ করে?** [চবি (খ ইউনিট): ০৩-০৪]
ⓚ হারুনুর রশিদ ⓚ আল মামুন
ⓖ হজরত উমর (রা.) ⓖ আল ওয়ালিদ **উত্তর:** গ

১৫. **'উট যেখানে উন্নত আরবরাও সেখানে উন্নত' উক্তিটি কার?** [ইবি (বি ইউনিট): ০৩-০৪]
ⓚ আবু বকর (রা.) ⓚ ওমর (রা.)
ⓖ ওসমান (রা.) ⓖ বাদশাহ্ ফয়সাল **উত্তর:** খ

১৬. **হজরত ওসমান ইসলামের ইতিহাসে কততম খলিফা** - [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ⓚ প্রথম ⓚ দ্বিতীয়
ⓖ তৃতীয় ⓖ চতুর্থ **উত্তর:** গ

১৭. **কোন খলিফার আমলে আরব জাতীয়তাবাদ নীতি প্রবর্তিত হয়?** [রাবি (সেট-৩): ১১-১২]
ⓚ খলিফা হারুন ⓚ খলিফা উমর
ⓖ খলিফা উসমান ⓖ খলিফা মনসুর **উত্তর:** খ

১৮. **সর্ব প্রথম ইসলামি মুদ্রা কে প্রচলন করেন?** [ইবি : ০৫-০৬]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) **উত্তর:** গ

১৯. **কোন খলিফার সময়ে আদমশুমারির প্রবর্তন হয়?** [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত আবু বকর (রা.)
ⓖ হজরত ওসমান (রা.) ⓖ হজরত আলী (রা.) **উত্তর:** ক

২০. **'আসাদুল্লাহ' কার উপাধি?** [IBBL (Field Officer-RDS): 16]
ⓚ আলী (রা.) ⓚ হামজা (রা.)
ⓖ খালিদ বিন ওয়ালিদ (রা.)
ⓖ জাফর বিন আবী তালিব (রা.) **উত্তর:** ক

২১. **আলী (রা) শহিদ হন** - [ইবি (বি ইউনিট): ০৩-০৪]
ⓚ বসরায় ⓚ মদীনায়
ⓖ কুফায় ⓖ মক্কায় **উত্তর:** গ

২২. **Where is the Mazar of Hazrat Ali (R) located?/ হজরত আলী (রা.) এর মাজার কোথায় অবস্থিত?** [FSIBL Probationary Officer: 09]
ⓐ UAE ⓑ Saudi Arabia
ⓒ Moscow ⓓ Iraq **Ans. d**

২৩. **উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা-** [রাবি (এ ইউনিট): ১৭-১৮]
ⓚ আল-ওয়ালিদ ⓚ মুয়াবিয়া
ⓖ মামুন ⓖ হজরত আলী **উত্তর:** খ

২৪. **মুসলিম জাহানে বংশানুক্রমিক শাসন এর প্রবর্তক** - [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ হজরত ওমর ⓚ খলিফা আব্দুল মালিক
ⓖ হজরত ওসমান ⓘ খলিফা মুয়াবিয়া **উত্তর:** ঘ

২৫. **মুসলিম নৌবাহিনীর প্রতিষ্ঠাতা** – [রাবি (ইউনিট এ৩): ১০ -১১]
ⓚ হজরত ওমর (রা.) ⓚ হজরত ওসমান (রা.)
ⓖ হজরত মুয়াবিয়া ⓘ আল ওয়ালিদ **উত্তর:** গ

২৬. **উমাইয়া খলিফার রাজধানী কোথায় ছিল?** [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ মক্কা ⓚ মদিনা
ⓖ দামেস্ক ⓘ বাগদাদ **উত্তর:** গ

২৭. **কোন উমাইয়া শাসককে রাজেন্দ্র (Father of kings) বলা হয়?** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ আল ওয়ালিদ ⓚ প্রথম মারওয়ান
ⓖ মুয়াবিয়া ⓘ আব্দুল মালিক **উত্তর:** ঘ

২৮. **সর্বপ্রথম আরবি মুদ্রা ও ডাক বিভাগের প্রচলন করেন কোন উমাইয়া খলিফা?** [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ মুয়াবিয়া ⓚ হিশাম
ⓖ আল-ওয়ালিদ ⓘ আব্দুল মালিক **উত্তর:** ঘ

২৯. **'কুব্বাত আস-সাখরা' নির্মাণ করেন** - [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ হাজ্জাজ বিন ইউসুফ ⓚ আব্দুল্লাহ ইবনে যুবায়ের
ⓖ আবদুল মালিক ⓘ আল ওয়ালিদ **উত্তর:** গ

৩০. **দিওয়ান আল রাসাইলস বিভাগটি প্রতিষ্ঠা করেন** - [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]
ⓚ খলিফা আব্দুল মালিক ⓚ ওমর বিন আবদুল আজিজ
ⓖ খলিফা আল ওয়ালিদ ⓘ খলিফা মুয়াবিয়া **উত্তর:** ক

৩১. **কোনটি খালিদ আল-ওয়ালিদের শাসনকাল?** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ ৬৮৩-৬৮৫ ⓚ ৬৩২-৬৩৮
ⓖ ৭২৪-৭৪৩ ⓘ ৭০৫-৭১৫ **উত্তর:** ঘ

৩২. **কোন খলিফার রাজত্বকালে স্পেন বিজিত হয়?** [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]
ⓚ হজরত ওমর রা. ⓚ ওমর বিন আব্দুল আজিজ
ⓖ ওয়ালিদ ⓘ ইয়াজিদ **উত্তর:** গ

৩৩. **Muslim conquests of the middle East & North Africa took place:/ মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকায় মুসলমানদের বিজয় সম্পন্ন হয়-** [IFIC Bank Ltd. Proationary Officer: 96]
ⓐ In the 13th century A.D
ⓑ Between 7th and 12th century A.D
ⓒ In the 6th century A.D
ⓓ None of the above **Ans. d**
ব্যাখ্যা: সপ্তম শতাব্দী এবং অষ্টম শতাব্দীর প্রথমভাগে (৬২২-৭৫০ খ্রিষ্টাব্দ) মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকা মুসলমানদের অধিকারে আসে।

৩৪. **মুসলমানরা স্পেন বিজয় করে কত খ্রিষ্টাব্দে?** [কুবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ ৭১২ ⓚ ৭১৩
ⓖ ৮১৫ ⓘ ৭২৫ **উত্তর:** ক
ব্যাখ্যা: মুসলমানরা ৭১১ খ্রি. স্পেন জয় করে।

৩৫. **কোন মুসলিম সেনাপতি স্পেন জয় করেন?** [রাবি (ইতিহাস বিভাগ): ০৮-০৯]
ⓚ মুসা বিন নুসায়ের ⓚ খালিদ বিন ওয়ালিদ
ⓖ মুহম্মদ বিন কাসিম ⓘ তারিক **উত্তর:** ঘ

৩৬. **আরবরা স্পেনকে কি নামে অভিহিত করত?** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ আইবেরীয় উপদ্বীপ ⓚ গ্যালিসিয়া
ⓖ আন্দালুসিয়া ⓘ মুরসিয়া **উত্তর:** গ

৩৭. **আন্দালুসিয়া যে দেশের পূর্বতন নাম-** [রাবি (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি): ০৮-০৯]
ⓚ ফ্রান্স ⓚ স্পেন
ⓖ জার্মানি ⓘ পর্তুগাল **উত্তর:** খ

৩৮. **মধ্যযুগে মুসলিম শাসিত কোন শহরকে 'Light House of the Europe' বলা হতো?** [জবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓚ কায়রোয়ান ⓚ কায়রো
ⓖ বাগদাদ ⓘ কর্ডোভা **উত্তর:** ঘ

৩৯. **পঞ্চম খলিফা বলে পরিচিত–** [ইবি (H ইউনিট): ১৫-১৬]
ⓚ খলিফা আলী (রা.)
ⓚ খলিফা আবুবকর (রা.)
ⓖ খলিফা ওসমান (রা.)
ⓘ খলিফা ওমর বিন আব্দুল আজিজ (রা.) **উত্তর:** ঘ

৪০. **ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ** - [শ্রম অধিদপ্তরের সহকারী অফিসার: ৯৬]
ⓚ উমাইয়া শাসনকাল ⓚ ফাতেমী শাসনকাল
ⓖ আব্বাসীয় শাসনকাল ⓘ মুঘল শাসনকাল **উত্তর:** গ

৪১. **আব্বাসীয় বংশের প্রতিষ্ঠাতা ছিলেন-** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান): ১৮-১৯]
ⓚ আবু জাফর আল মনসুর
ⓚ আবুল আব্বাস আস-সাফফাহ্
ⓖ হারুন অর রশীদ ⓘ আল-মাহদী **উত্তর:** খ

৪২. **আব্বাসীয় খলিফাদের রাজধানী ছিল-** [রাবি (ইতিহাস): ০৭-০৮]
ⓚ মক্কায় ⓚ মদীনায়
ⓖ দামেস্কে ⓘ বাগদাদে **উত্তর:** ঘ

৪৩. **মুসলিম প্রশাসনে উজির পদের সৃষ্টি হয়** - [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]
ⓚ সুলতানী আমলে ⓚ মহানবি (স.) এর আমলে
ⓖ উমাইয়া আমলে ⓘ আব্বাসীয় আমলে **উত্তর:** ঘ

৪৪. **'নহর-ই-যুবাইদা' যেখানে অবস্থিত ('Nehr-e-Zubaida' is situated in)**- [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ⓚ মক্কা ⓚ মদিনা
ⓖ বাগদাদ ⓘ দামেস্ক **উত্তর:** ক

৪৫. **ইসলামের ইতিহাসে জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধিত হয় -** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ক) উমাইয়া যুগে
খ) আব্বাসীয় যুগে
গ) উসমানীয় যুগে
ঘ) খুলাফায়ে রাশেদিনের যুগে **উত্তর: খ**

৪৬. **Where '*Bayt al-Ḥikmah*' is situated?/ 'বায়তুল হিকমা' কোথায় অবস্থিত?** [Al-Arafah Islami Bank Ltd. MTO: 11]
ⓐ Rome ⓑ Baghdad
ⓒ Madina ⓓ Iran **Ans. b**

৪৭. **'বায়তুল হিকমা' কী?** [জাবি (সিও ইউনিট): ১৫-১৬]
ক) আব্বাসী রাজপ্রাসাদ খ) জ্ঞানচর্চা কেন্দ্র
গ) প্রমোদ কেন্দ্র ঘ) কারাগার **উত্তর: খ**

৪৮. **'বায়তুল হিকমা' প্রতিষ্ঠা করেন–** [ইবি (বি ইউনিট):১৩-১৪]
ক) আল-মামুন খ) আল-আমীন
গ) হারুন-আল-রশীদ ঘ) আল-মনসুর **উত্তর: ক**

৪৯. **খলিফা মামুনের রাজত্বকালে বায়তুল হিকমা'র মহাপরিচালক কে ছিলেন?** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ক) আল মামুন
খ) আবু আল ওয়াকা
গ) হুনাইন ইবনে ইসহাক
ঘ) হুবাইস ইবন আল হাসান **উত্তর: গ**

৫০. **আব্বাসীয় বংশের পতন ঘটে-** [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ক) ১২০০ সালে খ) ১২৫৮ সালে
গ) ১৫২৬ সালে ঘ) ১৫৩০ সালে **উত্তর: খ**

৫১. **হালাকু খান বাগদাদ নগর ধ্বংস করেন কোন সালে?** [চবি (খ ইউনিট): ০৩-০৪]
ক) ১১৯১ খ) ১২৫৮
গ) ১৭৫৭ ঘ) ১১৯২ **উত্তর: খ**

৫২. **বাগদাদ নগরী ধ্বংসকারী হিসেবে কুখ্যাত মোঙ্গল নেতা-** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৮-০৯]
ক) মেঙ্গু খান খ) চেঙ্গিস খান
গ) হালাকু খান ঘ) কুবলাই খান **উত্তর: গ**

ধর্মযুদ্ধ (Crusade)

জেরুজালেম শহরটি মুসলমান, খ্রিষ্টান এবং ইহুদি তিনটি ধর্মের জন্যই পবিত্র স্থান। ক্রুসেড শব্দটি দ্বারা মূলত ধর্মীয় যুদ্ধকে বোঝান হয়। সাধারণভাবে বিশ্ব ইতিহাসে ক্রুসেড বলতে পবিত্র ভূমি অর্থাৎ জেরুজালেম এবং কন্সটান্টিনোপলের অধিকার নেওয়ার জন্য ইউরোপের খ্রিষ্টানদের সম্মিলিত শক্তি মুসলমানদের বিরুদ্ধে ১০৯৫ থেকে ১২৯১ সাল পর্যন্ত যে যুদ্ধ অভিযান পরিচালনা করে সেগুলোকে বোঝায়।

MCQ Solution

১. **কোন শহরকে মুসলমান, খ্রিষ্টান, ইহুদি সকলেই পবিত্র জ্ঞান করে?** [বিএডিসি-এর সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ২২]
ক) মক্কা খ) জেদ্দা
গ) জেরুজালেম ঘ) প্যালেস্টাইন **উত্তর: গ**

২. **ইহুদি, খ্রিষ্টান ও মুসলিম সকলের নিকট পবিত্র স্থান হলো-** [রাবি (এ ইউনিট) ১৭-১৮]
ক) সেন্ট পিটার্স খ) বায়তুল মোকাদ্দাস
গ) মক্কা ঘ) মদীনা **উত্তর: খ**

৩. **'Crusade' বলতে কী বোঝায়?** [চবি (ডি ইউনিট): ০৪-০৫]
ক) ইউরোপ থেকে মুসলিম বিতাড়নের যুদ্ধ
খ) মুসলমানদের জোরপূর্বক ধর্মান্তরিত করার যুদ্ধ
গ) মুসলমানদের হাত থেকে জেরুজালেম উদ্ধারের যুদ্ধ
ঘ) খ্রীষ্টান ও ইহুদিদের মধ্যে সংঘটিত ধর্মযুদ্ধ **উত্তর: গ**

৪. **ক্রুসেডের আনুমানিক সময়কাল কত?** [জাবি (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ক) ৮২৬-১০২৬ খ্রি. খ) ৮৯৬-১১২৬ খ্রি.
গ) ১০৯৬-১২৯২ খ্রি. ঘ) ১১২৬-১৩২৬ খ্রি. **উত্তর: গ**

মঙ্গোল সাম্রাজ্য (১২০৬ - ১৩৬৮ খ্রি.)

ত্রয়োদশ শতাব্দীর শুরুতে দিগ্বিজয়ী নৃপতি চেঙ্গিস খান শক্তিশালী মঙ্গোল সাম্রাজ্যের গোড়াপত্তন করেন। তাঁর পৌত্র কুবলাই খান চীন থেকে ইউরোপ পর্যন্ত বিস্তৃত বিশাল সাম্রাজ্যের অধিপতি ছিলেন।ইউরোপীয়দের কাছে চীনের তৎকালীন নাম ছিল ক্যাথে। সে সময় ইউরোপের মানুষ দূরপ্রাচ্য বা চীন সম্পর্কে খুব বেশি জানত না। ইতালিয়ান পরিব্রাজক মার্কো পোলো ১২৭১ থেকে ১২৯৫ সাল পর্যন্ত ইউরোপ থেকে সিল্ক রোডে এশিয়া ভ্রমণ করেন এবং তাঁর এই ভ্রমণকাহিনী নিয়ে পরবর্তীতে তিনি একটি বই লেখেন। মার্কো পোলো প্রথম ইউরোপীয় ছিলেন না, যিনি প্রাচ্য ভ্রমণ করেন; কিন্তু তিনিই ছিলেন প্রথম ইউরোপীয়, যিনি প্রাচ্যকে পাশ্চাত্যের কাছে পরিচিত করিয়ে দিয়েছিলেন।

MCQ Solution

১. **চীনের পুরাতন নাম কী?** [রাবি (দর্শন): ০৭-০৮]
ক) পিকিং খ) ক্যাথে
গ) মালয় ঘ) গল **উত্তর: খ**

২. **চীন আবিষ্কার করেন-** [বিবিএস এর পরিসংখ্যান সহকারী: ২০]
ক) উইলিয়াম হার্সেল খ) মার্কোপোলো
গ) লিভিংস্টোন ঘ) গ্যালিলিও **উত্তর: খ**

৩. **Marco Polo -** [JU (F Unit): 20-21]
ⓐ discovered Canada
ⓑ discovered Greenland
ⓒ travelled round the cape of Good Hope
ⓓ travelled through China, India & other parts of Asia **Ans. d**

আধুনিক পাশ্চাত্যের উত্থান
Raise of the Modern Western World

রেনেসাঁস বা নবজাগরণ

ইউরোপের ইতিহাসে মধ্যযুগ এবং আধুনিক যুগের মাঝে চিহ্নিত সীমারেখা হলো এই রেনেসাঁস বা নবজাগরণ (Revival Or Rebirth Of Learning)। ফরাসি Renaissance শব্দটির আভিধানিক বা আক্ষরিক অর্থ হলো পুনর্জন্ম। ইউরোপের ইতিহাসে প্রচলিত অর্থে রেনেসাঁস বলতে প্রাচীন গ্রিক ও রোমান জ্ঞানবিজ্ঞান (সাহিত্য, শিল্প, দর্শন, চিত্রকলা, ভাস্কর্য, বিজ্ঞান প্রভৃতি) কে জানার জন্য গভীর আগ্রহ এবং উৎসাহ সৃষ্টি হওয়াকে বুঝায়। পঞ্চদশ শতকে ইউরোপের সমাজ, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, জ্ঞানচর্চা ও চিন্তা-চেতনা এবং মানুষের জীবন জিজ্ঞাসায় যে ব্যাপক পরিবর্তনের সূচনা ঘটে, এটাকে সাধারণভাবে ইউরোপের রেনেসাঁস বা নবজাগরণ বলা হয়ে থাকে। রেনেসাঁস এর ব্যাপ্তিকাল ছিল চতুর্দশ থেকে সপ্তদশ শতাব্দী। মধ্যযুগের স্থবির সামন্ত আর্থ-সামাজিক কাঠামো ভেঙ্গে নতুন সমাজ ও সংস্কৃতি নির্মাণের লক্ষ্যে পরিচালিত হয়েছিল এই রেনেসাঁস। খ্রিষ্টান ধর্মের নির্দিষ্ট গণ্ডির বাইরে এসে মানুষ অজানাকে জানার এবং অচেনাকে চেনার জন্য আগ্রহী হয়ে উঠে। সর্বোপরি এই রেনেসাঁসের ভেতর দিয়েই ইউরোপের সাধারণ মানুষ খ্রিষ্টান ধর্মের শাসন, শোষণ ও অত্যাচার থেকে বেরিয়ে এসে এক নতুন জীবন শুরু করে। মানুষের মননে ও মেধায় প্রধান হয়ে উঠে যুক্তিবাদ ও অনুসন্ধিৎসা। বিকশিত হতে শুরু করে মানবতাবাদ।

রেনেসাঁস প্রথমে শুরু হয়েছিল ইতালিতে। ১৪৫৩ খ্রিষ্টাব্দে অটোম্যান তুর্কিদের হাতে কনস্টান্টিনোপলের পতনের পরে সেখানকার শিল্পী, সাহিত্যিক, পণ্ডিত ও বিদ্বান মনীষীরা ইউরোপের বিভিন্ন অঞ্চল বিশেষত ইতালিতে এসে আশ্রয় গ্রহণ করে। কনস্টান্টিনোপলের পণ্ডিতদের জ্ঞান-বিজ্ঞান চর্চা গোটা পশ্চিম ইউরোপ বিশেষত ইতালিতে এক নবজাগরণের সূত্রপাত ঘটায়। ইতালির জেনোয়া, ফ্লোরেন্স, ভেনিস প্রভৃতি শহর ইউরোপে রেনেসাঁস সৃষ্টিতে কার্যকর ভূমিকা পালন করেছিল। তবে এটাও বলা প্রয়োজন যে, কনস্টান্টিনোপলের পতন ইউরোপে নবজাগরণের একমাত্র কারণ নয়, অন্যতম প্রধান কারণ মাত্র। ক্রমে রেনেসাঁস ছড়িয়ে পড়ে সমগ্র ইউরোপে। পরবর্তী পর্যায়ে ইউরোপ থেকে এই আধুনিক সভ্যতার ঢেউ ছড়িয়ে পড়ে এশিয়া এবং আফ্রিকার দেশসমূহে।

MCQ Solution

১. 'রেনেসাঁস (Renaissance) কথাটির আক্ষরিক অর্থ কি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ⓚ যুগ ⓦ জন্মানো
ⓖ পুনর্জন্ম ⓖ মৃত্যু **উত্তর: গ**

২. '*Renaissance*' means - [Standard Bank Ltd. Probationary Officer: 10] *Or,*
Renaissance কথাটির অর্থ কি? [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]

ⓐ The revival of life
ⓑ The revival of learning
ⓒ The revival of hard work
ⓓ The revival of new county **Ans. b**

৩. 'রেনেসাঁস' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে? [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (ক্যাশ): ২১]

ⓚ তুর্কি ⓦ ফরাসি
ⓖ পর্তুগিজ ⓖ ওলন্দাজ **উত্তর: খ**

৪. ইউরোপীয় রেনেসাঁস কোন শতাব্দীতে সংঘটিত হয়েছিল? [জাবি (সি ইউনিট): ১৫-১৬]

ⓚ একাদশ-দ্বাদশ ⓦ দশম-দ্বাদশ
ⓖ ত্রয়োদশ-ষোড়শ ⓖ সপ্তদশ-অষ্টাদশ **উত্তর: গ**

৫. ইউরোপীয় রেনেসাঁ হয় - [রাবি (এ ইউনিট): ১৬-১৭]

ⓚ ১৪৫৩ সালে ⓦ ১৭৮৯ সালে
ⓖ ১৮২০ সালে ⓖ ১৯০০ সালে **উত্তর: ক**

৬. রেঁনেসার সূত্রপাত কোথায়? [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশাকার ড্রাফটম্যান: ২২/ বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান: ২২]

ⓚ ইতালি ⓦ স্পেন
ⓖ গ্রিস ⓖ ইংল্যান্ড **উত্তর: ক**

৭. রেনেসাঁস উৎপত্তি ইতালির কোন শহরে? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী: ২১]

ⓚ ফ্লোরেন্স ⓦ পিসা
ⓖ রোম ⓖ মিলান **উত্তর: ক**

৮. রেনেসাঁস হলো- [জাককানইবি (বি ইউনিট): ১৩-১৪]

ⓚ একজন শিল্পীর নাম
ⓦ শিল্প আন্দোলনের নাম
ⓖ একটি ভাস্কর্যের নাম
ⓖ কোনোটিই নয় **উত্তর: খ**


৯. ইউরোপে রেনেসাঁসের মধ্য দিয়ে কোন কোন ক্ষেত্রে নবজাগরণ ঘটে? [জাবি (সি ইউনিট): ২০-২১]

ⓚ চিন্তা-চেতনা, সমাজনীতি ও মানবতাবাদ
ⓦ কৃষিকাজ, জ্ঞানচর্চা ও অর্থনীতি
ⓖ বাণিজ্য, ধর্মনিরপেক্ষতা ও রাষ্ট্রনীতি
ⓖ জ্ঞানচর্চা, চিন্তা-চেতনা ও শিল্প-সাহিত্য **উত্তর: ঘ**

ভৌগোলিক আবিষ্কার

ইউরোপকে অনেক প্রয়োজনীয় দ্রব্যের জন্য অন্য মহাদেশ বিশেষ করে এশিয়ার ওপর প্রাচীন কাল থেকেই দ্বারস্থ হতে হচ্ছিল। ইউরোপীয়দের দক্ষিণ পূর্ব এশিয়া থেকে মসলা, চীন থেকে সিল্ক, ভারত থেকে তুলা ও রত্ন আমদানি করতে হতো। তবে যে জিনিসটির জন্য ইউরোপ সবচাইতে বেশি এশিয়ার ওপর নির্ভরশীল ছিল তা হলো মসলা। গোলমরিচ, দারুচিনি, আদা, মরিচ, জয়ফল, লবঙ্গ শুধুমাত্র গ্রীষ্মমণ্ডলীয় দক্ষিণ পূর্ব-এশিয়ায় জন্মায়। ইউরোপ এগুলো আমাদের দেশের মতো সুস্বাদু খাবার তৈরি জন্য ব্যবহার করতো তা কিন্তু নয়। তখন ইউরোপে রেফ্রিজারেটর আবিষ্কৃত হয় নি, মাংস সংরক্ষণের জন্য মসলার প্রয়োজন ছিল, তখন লবণ দিয়ে মাংস সংরক্ষণ করা হতো, কিন্তু তা অনেকেই পছন্দ করতো না। ফলে ইউরোপে দূরপ্রাচ্যের দ্রব্যের চাহিদা ক্রমে বেড়েই চলেছিলো। ১৪৫৩ সালে কন্সটান্টিনোপলের পতন ঘটার সঙ্গে সঙ্গে সমগ্র ভূমধ্যসাগরীয় অঞ্চলে তুর্কি শক্তির আধিপত্য বিস্তৃত হয়। ফলে প্রাচ্য থেকে এসব দ্রব্য সামগ্রী ভূমধ্যসাগরের পথে ইউরোপে আমদানি করা প্রায় অসম্ভব হয়ে পড়ে। এই সময় থেকে পশ্চিম ইউরোপের দেশসমূহ সমুদ্র পথে এশিয়ার সাথে বাণিজ্য পথ আবিষ্কারের জন্য আপ্রাণ চেষ্টা চালায়। প্রধানত এরই ফলশ্রুতিতে সংঘটিত হয় ভৌগোলিক আবিষ্কার।

ক) পর্তুগিজ আবিষ্কার




ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কার (ইনসেটে ভাস্কো ডা গামা)

১৪৮৭ সালে পর্তুগিজ নাবিক বার্থালমু ডিয়াজ আফ্রিকা মহাদেশের দক্ষিণে অবস্থিত দক্ষিণ আফ্রিকার উত্তমাশা অন্তরীপ (Cape of Good Hope) পর্যন্ত পৌছাতে সক্ষম হন। এর মাধ্যমে ইউরোপ হতে সমুদ্রপথে পূর্বদিকে যাওয়ার জলপথ আবিষ্কৃত হয়। ১৪৯৭ খ্রিষ্টাব্দে পর্তুগিজ নাবিক ভাস্কো-ডা-গামা এক অভিযানে বের হন। ডিয়াজের পথ ধরে তিনি উত্তমাশা অন্তরীপ অতিক্রম করে পূর্ব আফ্রিকার কেনিয়ায় পৌছেন। এখানে এক আরব নাবিক তাঁকে ভারত মহাসাগর অতিক্রম করে ভারতে পৌছাতে সহায়তা করেন। ১৪৯৮ সালের মে মাসে ভাস্কো-ডা-গামা ভারতের কালিকটে পদার্পণ করেন। আবিষ্কৃত হয় ইউরোপ হতে ভারতে আসার জলপথ।


খ) স্পেনীয় আবিষ্কার

ডিয়াজের আবিষ্কারের পর পর্তুগিজরা এশিয়ায় যাওয়ার রাস্তা নিয়ন্ত্রণ করবে এটা ভেবে পর্তুগালের প্রতিদ্বন্দ্বী স্পেনীয়রা পশ্চিম থেকে এশিয়ায় যাওয়ার অন্য রাস্তা বের করা যায় কি না তা নিয়ে চিন্তা শুরু করে। ইতালীয় অধিবাসী কলম্বাস এ ব্যাপারে এক পরিকল্পনা পেশ করেন। তাঁর ধারণা ছিল আটলান্টিকের ওপর পশ্চিমে নৌযান চালিয়ে গেলে তিনি ভারত এবং চীনে পৌছাতে পারবেন। স্পেনীয় রাজদম্পতি ফার্ডিন্যান্ড ও ইসাবেলা কলম্বাসের সহায়তায় এগিয়ে আসেন। ১৪৯২ খ্রিষ্টাব্দের আগস্ট মাসে কলম্বাস স্পেনীয় বন্দর পালোস থেকে পশ্চিম দিকে যাত্রা শুরু করেন। ১২ অক্টোবর, ১৪৯২ তিনি একটি দ্বীপে পৌঁছান। দ্বীপটি ছিল বাহামা দ্বীপপুঞ্জের অন্তর্গত সান সালভাদর। কলম্বাস এবং তাঁর সঙ্গীরা ভেবেছিলেন তাঁরা ভারতীয় উপমহাদেশের পশ্চিম উপকূলের দ্বীপে পৌঁছে গেছেন। তাঁরা কল্পনা করতে পারেননি তাঁদের আবিষ্কৃত স্থানটি ভারত থেকে হাজার হাজার মাইল দূরে - নতুন এক মহাদেশ। সেই ভুল থেকে উত্তর আটলান্টিক মহাসাগরের ক্যারিবিয়ান অঞ্চলের দ্বীপগুলোর নাম হয়ে যায় পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ (West Indies)। এরপর আরোও ৩ বার কলম্বাস তাঁর আবিষ্কৃত স্থানে ব্যবসায়ী, ধর্ম প্রচারক ও উপনিবেশকারীদেরকে নিয়ে এসেছিলেন। স্বর্ণ, মসলা অথবা সিল্কের কোনো সন্ধান তারা পেলেন না। যে অদ্ভুত মানুষের সঙ্গে তিনি মিশেছেন আসলে তারা ছিল আদিম ক্যারিব, সুসভ্য ভারতীয় নয়। তারপরও কলম্বাস তাদেরকে ইন্ডিয়ান বা ভারতীয় বলতেন। আর এই ভাবে আমেরিকার আদিম অধিবাসীরা ইন্ডিয়ান নামে অভিহিত হতে থাকে। কলম্বাসের ভুল প্রথম ধরিয়ে দেন আরেক ইতালীয় নাবিক আমেরিগো ভেসপুচি। ইসাবেলা এবং ফার্দিনান্দের সহায়তায় আরো কয়েকটি অভিযান পরিচালিত হয়। শীঘ্রই আমেরিকার মূল ভূখণ্ড এবং দ্বীপসমূহ আবিষ্কৃত হয়। সবার কাছে প্রতিভাত হয় যে, একটা নতুন পৃথিবী আবিষ্কৃত হয়েছে। ১৫০৩ সালে আমেরিগো ভেসপুচি নামে এক ইতালীয় নাবিক একটি চিঠিতে দাবি করেন যে, তিনি এক নতুন পৃথিবী আবিষ্কার করেছেন। তাঁর নামানুসারেই মহাদেশটির নামকরণ করা হয় আমেরিকা মহাদেশ।




আমেরিকা মহাদেশ আবিষ্কার (ইনসেটে ইতলীয় নাবিক ক্রিস্টোফার কলম্বাস)

১৫১৩ সালে ব্যালবোয়া নামে স্পেনের একজন নাবিক প্রশান্ত মহাসাগর আবিষ্কার করেন। তিনি দাবি করলেন যে, ইউরোপ থেকে পূর্ব এশিয়ায় যেতে হলে একটা নয় বরং দু'দুটো মহাসাগর (আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর) পাড়ি দিতে হবে। ইসাবেলা ও ফার্দিনান্দের দৌহিত্র রাজা চার্লস পর্তুগিজ নাবিক ম্যাগেল্লানকে নিয়োগ করেন যে দক্ষিণ আমেরিকা ঘুরে এশিয়ায় পৌছা যায় কিনা তা দেখার জন্য। ১৫১৯ খ্রিষ্টাব্দে ম্যাগেলান আটলান্টিক মহাসাগর পাড়ি দিয়ে দক্ষিণ আমেরিকা ঘুরে প্রশান্ত মহাসাগর অতিক্রম করে ফিলিপাইন দ্বীপপুঞ্জে পৌছেন। ম্যাগেলান স্থানীয় অধিবাসীদের সঙ্গে যুদ্ধে নিহত হন। কিন্তু তাঁর একটি জাহাজ পর্তুগিজদের আবিষ্কৃত রাস্তায় ভারত মহাসাগর এবং উত্তমাশা অন্তরীপ ঘুরে ১৫২২ খ্রিষ্টাব্দে স্পেনে পৌছে। এই প্রথম জাহাজে করে পৃথিবী পরিক্রমণ ঘটে।



গ) ব্রিটেনের আবিষ্কার

ব্রিটিশ রাজকীয় নৌবাহিনীর ক্যাপ্টেন জেমস কুক ১৭৭০ খ্রিষ্টাব্দে অস্ট্রেলিয়ার সিডনির বোটানি উপসাগর (Botany Bay) এ অবতরণ করেন। তিনিই প্রথম ইউরোপীয় হিসেবে অস্ট্রেলিয়ার পূর্ব উপকূলে অবতরণ করেন।



অস্ট্রেলিয়া মহাদেশ আবিষ্কার (ইনসেটে ব্রিটিশ নাবিক জেমস কুক)

মধ্যযুগের মানুষের ধারণা ছিল যে, পৃথিবী ভূমধ্যসাগরকেন্দ্রিক। এশিয়া, আফ্রিকা এবং ইউরোপ মহাদেশ নিয়েই হলো পৃথিবী। ষোড়শ শতাব্দীতে ইউরোপের নেতৃত্বে ভৌগোলিক আবিষ্কারের ফলে পৃথিবীর চেহারাটাই পালটে গেলো। এই আবিষ্কারের ফলে ইউরোপীয় ক্ষমতা ও নিয়ন্ত্রণের অধীন হয়ে পড়ল সারা পৃথিবী। পশ্চিম ইউরোপের দেশগুলি নব আবিষ্কৃত অঞ্চলসমূহ দখল করে তাদের উপনিবেশ স্থাপন করে।

MCQ Solution

১. **'উত্তমাশা' হলো একটি-** [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ⓚ হ্রদ ⓚ অন্তরীপ
ⓖ দ্বীপ ⓖ নাটক **উত্তর:** খ

২. **উত্তমাশা অন্তরীপ কোন মহাদেশে অবস্থিত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ⓚ এশিয়া ⓚ দক্ষিণ আমেরিকা
ⓖ আফ্রিকা ⓖ অস্ট্রেলিয়া **উত্তর:** গ

৩. **উত্তমাশা অন্তরীপ (Cape of Good Hope) কোন দেশে অবস্থিত?** [ববি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ ভারত ⓚ দক্ষিণ আফ্রিকা
ⓖ ইয়েমেন ⓖ কেনিয়া **উত্তর:** খ

৪. **কবে ইউরোপ হতে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কৃত হয়?** [প্রাথমিক সহকারী শিক্ষক: ১০]
ⓚ ১৪৮৭ সালে ⓚ ১৪৯০ সালে
ⓖ ১৪৯৮ সালে ⓖ ১৫০২ সালে **উত্তর:** ক

৫. **কোন সালে ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ইছামতি): ১০]
ⓚ ১৪৯৮ সালে ⓚ ১৪৯২ সালে
ⓖ ১৫১৭ সালে ⓖ ১৬৪৮ সালে **উত্তর:** ক

৬. **কারা সর্বপ্রথম ভারতে আসার সমুদ্র পথ আবিষ্কার করেন?** [রাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ ওলন্দাজ ⓚ ব্রিটিশ
ⓖ পর্তুগিজ ⓖ ফরাসি **উত্তর:** গ

৭. **পর্তুগিজ নাবিক ভাস্কো ডা গামা কত সালে ভারতে পৌঁছেন?** [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ ১৪৫৩ সালে ⓚ ১৪৭৬ সালে
ⓖ ১৪৯২ সালে ⓖ ১৪৯৮ সালে **উত্তর:** ঘ

৮. **কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন?** [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]

Or,

Who discovered the ocean route from Europe to Indian Subcontinent? [NCC Bank Ltd. Officer: 02]
ⓚ ফার্ডিন্যান্ড ম্যাগেলান ⓚ ফ্রান্সিস ড্রেক
ⓖ ভাস্কো ডা গামা ⓖ ক্রিস্টেফার কলম্বাস **উত্তর:** গ

৯. **ভাস্কো-ডা-গামা ছিলেন-** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ পর্তুগিজ ⓚ ফরাসি
ⓖ ওলন্দাজ ⓖ ব্রিটিশ **উত্তর:** ক

১০. **ভাস্কো ডা গামা ভারতে প্রথম অবতরণ করেন -** [জাবি (সি-৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ গোয়া বন্দরে ⓚ কালিকট বন্দরে
ⓖ চট্টগ্রাম বন্দরে ⓖ কোচিন বন্দরে **উত্তর:** খ

১১. **The Italian explorer who is said to have discovered America is:** [Bangladesh Bank Asst. Director: 14]
ⓐ Da Vinci ⓑ Cortez
ⓒ Caravaggio ⓓ Columbus **Ans.** d

১২. **ক্রিস্টোফার কলম্বাস কোন দেশের নাবিক ছিলেন?** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ⓚ ইংল্যান্ড ⓚ ফ্রান্স
ⓖ পর্তুগাল ⓖ ইতালি **উত্তর:** ঘ

১৩. **কোন বছর আমেরিকা আবিষ্কৃত হয়?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]

অথবা,

কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন কোন সালে? [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ ১৪৮৭ ⓚ ১৪৫৮
ⓖ ১৫৫৭ ⓖ ১৪৯২ **উত্তর:** ঘ

১৪. **'ওয়েস্ট ইন্ডিজ' কী?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ⓚ একটি দেশের নাম
ⓚ একটি ক্রিকেট দলের নাম
ⓖ একটি দ্বীপ সমষ্টির নাম
ⓖ ভারতের একটি দ্বীপের নাম **উত্তর:** গ

১৫. **'ওয়েস্ট ইন্ডিজ' নামকরণ করেন কে?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসার: ০৩]
ⓚ ফন গ্যাটে ⓚ ক্রিস্টোফার কলম্বাস
ⓖ জর্জ বার্নাড শ ⓖ নোগুচি **উত্তর:** খ

১৬. **কলম্বাস ভুলক্রমে আবিষ্কার করেন -** [রাবি (ঙ ইউনিট বিজোড়): ১৩-১৪]
ⓚ আমেরিকা ⓚ ভারত
ⓖ ওয়েস্ট ইন্ডিজ ⓖ ইন্দোনেশিয়া **উত্তর:** ক

১৭. **রেড ইন্ডিয়ান কারা?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক: ১৭]
ⓚ ইন্ডিয়ার আদি আধিবাসী
ⓚ আমেরিকায় আগত ভারতবাসী
ⓖ আমেরিকার আদি অধিবাসী
ⓖ সব কয়টি **উত্তর:** গ

১৮. **জেমস কুক ছিলেন একজন বিখ্যাত -** [ইবি (বি ইউনিট): ০৬-০৭]
ⓚ পরিব্রাজক ⓚ রাজা
ⓖ নাবিক ⓖ যোদ্ধা **উত্তর:** গ

১৯. **Where in Australia did Captain Cook land?** [Bangladesh Bank Assistant Director: 14]
ⓐ Botany Bay
ⓑ Moreton Bay
ⓒ Great Barrier Reef
ⓓ Great Australian Bight **Ans.** a

ল্যাতিন আমেরিকায় ইউরোপীয় উপনিবেশ

আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর দ্বারা বিচ্ছিন্ন আমেরিকায় গড়ে উঠেছিলো মায়া, আজটেক এবং ইনকাদের দ্বারা সুপ্রাচীন সভ্যতা। মায়া সভ্যতা গড়ে উঠেছিলো মধ্য আমেরিকার মেক্সিকো, গুয়েতমালা, বেলিজ, হন্ডুরাস এবং এলসালভাদরের পশ্চিমাংশে। মায়া ক্যালেন্ডার 'হাব' অনুযায়ী ২০ দিনে মাস এবং ১৮ মাসে বছর গণনা করা হতো। ১৫১৯-২১ সালে হারনাদো কর্তেজ নামক একজন কনকুইস্তাদোর (স্পেনীয় ভাষায় Conquistadores মানে অভিযানকারী) ৬০০ লোক, ৭টি কামান এবং ১৩টি ঘোড়া নিয়ে আজটেক সাম্রাজ্য মেক্সিকো আক্রমণ করে। আজটেকরা কামান বা ঘোড়া ইতিপূর্বে দেখে নি। তারা ভয় পেয়ে যায়। এক মিলিয়ন আজটেক খুব সহজে পরাজিত হয় এবং কর্তেজ তাদের জমানো সমস্ত সম্পদ লুণ্ঠন করে নিয়ে যায়। ইনকা সম্রাটগণ পেরুতে তাদের বাসস্থান হিসাবে মাচু-পিচ্চু নগরী গড়ে তুলেছিল। ১৫৩৩ খ্রিষ্টাব্দে আরেক কনকুইসটাডোর ফ্রান্সিসকো পিজারো ১৮০ আশি জন যোদ্ধা দিয়ে ইনকাদের সাম্রাজ্য আক্রমণ করে পেরু অধিকার করে নেয়। ইনকা সভ্যতার ব্যপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩৩ খ্রি.।

MCQ Solution

১. **মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়-** [৪৩তম বিসিএস]
ⓚ উত্তর আমেরিকায় ⓛ দক্ষিণ আমেরিকায়
ⓜ মধ্য আফ্রিকায় ⓝ মধ্য আমেরিকায় **উত্তর: ঘ**

২. **মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল?** [৩৭তম বিসিএস (বিশেষ)/ ববিপ্রবি (ই ইউনিট): ১৯-২০]
ⓚ মধ্য আমেরিকা ⓛ মধ্য প্রাচ্য
ⓜ পূর্ব আফ্রিকা ⓝ পূর্ব এশিয়া **উত্তর: ক**

৩. **মায়া সভ্যতার ক্যালেন্ডার 'হাব'- এর বছর গণনার ধরন কেমন ছিল?** [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ ১৫ দিনে মাস, ২২ মাসে বছর
ⓛ ২০ দিনে মাস, ১৮ মাসে বছর
ⓜ ২৫ দিনে মাস, ১৪ মাসে বছর
ⓝ ২৮ দিনে মাস, ১৩ মাসে বছর **উত্তর: খ**

৪. **মায়া সভ্যতার নিদর্শন পাওয়া যায় কোথায়?** [জাবি (বাংলা বিভাগ): ০৯-১০]
ⓚ জাপান ⓛ মেক্সিকো
ⓜ জার্মানি ⓝ ইতালি **উত্তর: খ**

৫. **মেক্সিকোকে কেন্দ্র করে গড়ে ওঠা একটি প্রাচীন সভ্যতার নাম-** [চাবি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ আকসুম ⓛ আজটেক
ⓜ ভাইকিং ⓝ মেসোপোটেমীয় **উত্তর: খ**

৬. **In which country Aztec civilization was originated?** [Sonali Bank Ltd. Senior Officer: 18]
ⓐ USA ⓑ Greece
ⓒ Mexico ⓓ Egypt **Ans. c**

৭. **ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল-** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ ১৪৩৫ থেকে ১৫৩৫ খ্রিষ্টাব্দ
ⓛ ১৫৪৬ থেকে ১৫৩৯ খ্রিষ্টাব্দ
ⓜ ১৪৩৮ থেকে ১৫৩৩ খ্রিষ্টাব্দ
ⓝ ১৪৩০ থেকে ১৫৩০ খ্রিষ্টাব্দ **উত্তর: গ**

৮. **ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিরাজমান ছিল?** [৪১তম বিসিএস]
ⓚ দক্ষিণ আমেরিকা ⓛ আফ্রিকা
ⓜ মধ্যপ্রাচ্য ⓝ ইউরোপ **উত্তর: ক**

৯. **'ইনকা' সভ্যতার বিকাশ ঘটে কোন অঞ্চলে?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার: ২১]
ⓚ জেরুজালেম ⓛ পেরু
ⓜ রোম ⓝ মিশর **উত্তর: খ**

১০. **ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ পাওয়া গেছে-** [চাবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ ব্রাজিলে ⓛ ভেনিজুয়েলায়
ⓜ পেরুতে ⓝ বলিভিয়ায় **উত্তর: গ**

১১. **নতুন সপ্তাশ্চর্য 'মাচুপিচ্চু' কোন সভ্যতার নিদর্শন?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক: ২০]
ⓚ ইনকা ⓛ আজটেক
ⓜ মায়া ⓝ ব্যবিলন **উত্তর: ক**

১২. **The world heritage Machu Picchu is located in -/ বিশ্ব ঐতিহ্য মাচুপিচ্চু কোথায় অবস্থিত?** [জাবি (সি১ ইউনিট): ১৫-১৬]
ⓐ Botswana ⓑ Mongolia
ⓒ Kampuchea ⓓ Peru **Ans. d**

লাতিন ভাষা

লাতিন ভাষা ভ্যাটিকান সিটির সরকারি ভাষা। লাতিন ভাষা থেকে উদ্ভূত রোমানস ভাষাভাষী উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশের দেশসমূহ সম্মিলিতভাবে লাতিন আমেরিকা নামে পরিচিত। রোমানস ভাষাসমূহ বলতে মূলত স্প্যানিস, পর্তুগিজ ও ফ্রেঞ্চ ভাষাকে বোঝায়। লাতিন আমেরিকার দেশ ২০টি। যথা-

লাতিন ভাষা	লাতিন আমেরিকার দেশ
স্প্যানিস	আর্জেন্টিনা, মেক্সিকো, ইকুয়েডর, চিলি, বলিভিয়া, প্যারাগুয়ে, কিউবা, কলম্বিয়া, উরুগুয়ে, নিকারাগুয়া, এল সালভেদর, ডোমিনিকান প্রজাতন্ত্র, পেরু, হন্ডুরাস, গুয়েতেমালা, কোস্টারিকা, ভেনিজুয়েলা এবং পানামা।
পর্তুগিজ	ব্রাজিল
ফ্রেঞ্চ	হাইতি

- ১৮২২ সালে ব্রাজিল পর্তুগালের নিকট থেকে স্বাধীনতা লাভ করে।
- মোনাকো, লুক্সেমবার্গ, কানাডার কুইবেক প্রভৃতি অঞ্চলের ভাষা ফ্রেঞ্চ।
- ইংরেজি ভাষা ল্যাটিন ভাষা থেকে সবচেয়ে বেশি শব্দ গ্রহণ করেছে।

MCQ Solution

১. **ভ্যাটিকান সিটির ভাষা কোনটি?** [রাবি (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান): ০৭-০৮]
ⓚ ল্যাটিন ⓚ স্প্যানিশ
ⓖ ফারসি ⓖ গ্রিক **উত্তর:** ক

২. **কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়?** [২৫তম বিসিএস]
ⓚ ব্রাজিল ⓚ আর্জেন্টিনা
ⓖ পেরু ⓖ পানামা **উত্তর:**
ব্যাখ্যা: উপরিউক্ত চারটি দেশই ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত।

৩. **স্বাধীনতার পূর্বে ব্রাজিল কোন দেশের উপনিবেশ ছিল?** [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ স্পেন ⓚ ফ্রান্স
ⓖ পর্তুগাল ⓖ গ্রেট ব্রিটেন **উত্তর:** গ

৪. **ব্রাজিলের রাষ্ট্রীয় ভাষা কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা): ১৮]
ⓚ পর্তুগিজ ⓚ গ্রিক
ⓖ ডাচ ⓖ ইংরেজি **উত্তর:** ক

৫. **কিউবার প্রধান ভাষা -** [ইবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ ইংরেজি ⓚ মান্দারিন
ⓖ ফারসি ⓖ স্প্যানিশ **উত্তর:** ঘ

৬. **কানাডার ফরাসিভাষী জনগোষ্ঠী কোন অঙ্গ রাজ্যে সর্বাধিক বাস করে?** [২০তম বিসিএস]
ⓚ আলবার্টা ⓚ কুইবেক
ⓖ মেনিটোবা ⓖ নোভাস্কোশিয়া **উত্তর:** খ

৭. **The state language of Monaco is-** [Bangladesh Krishi Bank Senior Officer: 12]
ⓐ English ⓑ French
ⓒ Italian ⓓ Spanish **Ans.** b


৮. **English as a language borrows the highest percentage of words from which one of the following language?/ ইংরেজি ভাষা কোন ভাষা থেকে সবচেয়ে বেশি শব্দ গ্রহণ করেছে?** [UCBL MTO: 13]
ⓐ Latin ⓑ Greek
ⓒ French ⓓ German **Ans.** a

বৈজ্ঞানিক আবিষ্কার ও প্রযুক্তির উন্নতি

চতুর্দশ শতকে ইউরোপে যে নব জাগরণের সূত্রপাত হয় তখন থেকে নতুন করে শুরু হয় বিজ্ঞান চর্চা। বলা যেতে পারে এই সময় থেকে শুরু হয় আধুনিক বিজ্ঞান অনুশীলন, অধ্যয়ন এবং গবেষণা। যে ক'জন বিজ্ঞানী এই যুগের বিজ্ঞান চর্চার গোড়াপত্তন করেন, তাদের বিবরণ নিম্নে প্রদত্ত হলো-

জোহানেস গুটেনবার্গ (১৪০০ - ১৪৬৮ খ্রি.): জার্মানির গুটেনবার্গ আধুনিক সিসার টাইপ আবিষ্কার করেন। এই আবিষ্কার মুদ্রণ শিল্পের জগতে এক ব্যাপক পরিবর্তন আনয়ন করে। গুটেনবার্গের মুদ্রণ যন্ত্র দ্বারা ১৪৫৪-৫৬ সালে প্রথম বাইবেল মুদ্রিত হয়। গুটেনবার্গের আবিষ্কারের ফলে বাইবেল সাধারণ মানুষের কাছে পৌঁছে যায়। ১৪৭৬ সালে গুটেনবার্গের আবিষ্কারটি ইংল্যান্ডে নিয়ে এসেছিলেন উইলিয়াম ক্যাক্সটন নামে একজন ইংরেজ। তিনি ছিলেন ইংল্যান্ডে মুদ্রণযন্ত্র প্রবর্তনকারী প্রথম ব্যক্তি।

নিকোলাস কপারনিকাস (১৪৭৩-১৫৪৩ খ্রি.) কে আধুনিক জ্যোতির্বিজ্ঞানের স্থপতি (founder of modern astronomy) বলা হয়। মধ্যযুগের ইউরোপে এই মতই প্রচলিত ছিল যে, পৃথিবী কেন্দ্র করে সূর্য ও অন্যান্য গ্রহ নক্ষত্র আবর্তিত হচ্ছে। কপারনিকাস ইউরোপবাসীর এই ধারণা ভুল প্রমাণ করেন। তিনি আবিষ্কার করেন যে, পৃথিবী সূর্যকে প্রতিনিয়ত প্রদক্ষিণ করে চলেছে। প্রাচীন গ্রিক বিজ্ঞানীদেরও এই ধারণা হয়েছিল। খ্রিষ্টপূর্ব তৃতীয় অব্দে গ্রিক জ্যোতির্বিদ অ্যারিস্টর্কাস প্রথম প্রস্তাব করেন, পৃথিবী সূর্যের চারদিকে পরিভ্রমণ করিতেছে কিন্তু অ্যারিস্টর্কাস এর কথাও মানুষ বিশ্বাস করেনি। কোপার্নিকাস তাঁর মতবাদটি প্রমাণ করে যেতে পারেন নি।


নিকোলাস কপারনিকাস

গ্যালিলিও (১৫৬৪ - ১৬৪২ খ্রি.) ছিলেন একজন ইতালীয় পদার্থবিদ, জ্যোতির্বিদ এবং গণিতবিদ। তাঁকে আধুনিক বিজ্ঞানের জনক বলা হয়। দূরবীক্ষণ যন্ত্রের উন্নয়নের মাধ্যমে তিনি জ্যোতির্বিজ্ঞানের উন্নতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। তিনি কোপার্নিকাসের মতবাদটি সঠিক বলে প্রমাণ করেন। সূর্যকেন্দ্রিক সৌরজগতের সমর্থক হওয়ার কারণে গ্যালিলিও চার্চের কোপানলে পড়েছিলেন এবং শেষ জীবনে তাঁকে গৃহবন্দী হয়ে কাটাতে হয়।

MCQ Solution

১. **ছাপাযন্ত্র আবিষ্কার করেন কে?** [জাবি (গ ইউনিট): ১২-১৩]
ⓚ লুইস মরিস ময়রাড ⓚ জোহানেস গুটেনবার্গ
ⓖ ট্যাং ডাইনেস্টি ⓖ দ্য ইংলিশম্যান **উত্তর:** খ

২. **The first attempt in printing was made in England by -** [Rupali Bank Ltd. Senior Officer: 19]
ⓐ James Watt ⓑ James Arkwright
ⓒ Isaac Newton ⓓ William Caxton
Ans. d

৩. **সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিতেছে- এই তত্ত্ব দিয়েছিলেন কে?** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব: ৯৬]
ⓚ গ্যালিলিও ⓚ কেপলার
ⓖ কোপার্নিকাস ⓖ টাইকো ব্রাহে **উত্তর:** গ

৪. **The scientist who first discovered that the earth revolves around the sun was -** [Sonali & Janata Bank Ltd. Officer (IT): 19]
ⓐ Newton ⓑ Dalton
ⓒ Copernicus ⓓ Einstein **Ans.** c

৫. **ইতালীয় জ্যোতির্বিদ গ্যালিলিও -** [চবি (বিঃ আরবি): ১৫-১৬]
ক) টেলিস্কোপের উন্নয়ন সাধন করেন
খ) বৃহস্পতি গ্রহের চারটি উপগ্রহ আবিষ্কার করেন
গ) দোলকের দোলনের সাথে সময় পরিমাপের সম্পৃক্ততা আবিষ্কার করেন
ঘ) উপরের সবকটি **উত্তর:** ঘ

৬. **পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে -এ মতবাদ প্রথম প্রমাণ করেন-** [বাখরাবাদ গ্যাস সিস্টেম লিমিটেডের সহকারী কর্মকর্তা: ০৬]
ক) গ্যালিলিও খ) হ্যানিম্যান
গ) কোপার্নিকাস ঘ) লুইপাস্তর **উত্তর:** ক

ইউরোপে জাতীয় রাষ্ট্রের উদ্ভব ও বিকাশ

একটি ভৌগোলিক এলাকায় বসবাসকারী কোনো জনগোষ্ঠী যখন নিজেদেরকে এক ভাবে এবং অন্য জনগোষ্ঠী থেকে আলাদা মনে করে তখন তারা জাতীয়তা গঠন করে। ঐক্যানুভূতি জাতীয়তা গঠনে অপরিহার্য। জাতীয়তার বাহ্যিক উপাদানগুলো হল অভিন্ন ভাষা, সাহিত্য, ধর্ম, ইতিহাস, ঐতিহ্য, ভৌগোলিক এলাকা প্রভৃতি। তবে উপাদানগুলো জাতীয়তা গঠনের ক্ষেত্রে অপরিহার্য নয়। কেননা জাতীয়তা মূলত একটি মানসিক ব্যাপার। জাতীয়তা তখনই জাতিতে পরিণত হয় যখন তা রাজনৈতিক দিক থেকে সংগঠিত হয়ে স্বাধীনতা লাভ করে বা স্বাধীনতা লাভে আগ্রহী হয়। জাতির মধ্যে রাজনৈতিক চেতনা প্রবল। গিল ক্রাইস্টের মতে, 'জাতি হলো রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ'। জাতীয়তার ভিত্তিতে সৃষ্ট রাষ্ট্রই জাতি রাষ্ট্র। আধুনিক রাষ্ট্রগুলো মূলত জাতি রাষ্ট্র। ইতালীয় রাষ্ট্র দার্শনিক ম্যাকিয়াভেলিকে জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা মনে করা হয়।

মধ্যযুগের ইউরোপে কোনো আলাদা রাষ্ট্র ছিল না। সমগ্র ইউরোপ ছিল পবিত্র রোমান সাম্রাজ্যের অধীনে। পবিত্র রোমান সাম্রাজ্য দাঁড়িয়ে ছিল সামন্তবাদী আর্থ-সামাজিক কাঠামোর উপর। দশম শতকে ফ্রান্সে সামন্তবাদ পদ্ধতির সূত্রপাত হয় এবং ক্রমে তা ইউরোপের অন্যান্য দেশে ছড়িয়ে পড়ে। চতুর্দশ শতকের শেষদিক থেকে এই সামন্ত কাঠামো ক্রমাগতভাবে দুর্বল হয়ে পড়তে থাকে। পঞ্চদশ ও ষোড়শ শতাব্দী থেকে সমগ্র ইউরোপে বিভিন্ন আঞ্চলিক রাজা ও জমিদারগণ অনেকটা স্বাধীন হয়ে পড়ে। এ সময় ক্যাথলিক এবং প্রোটেস্টান্টদের বিরোধকে কেন্দ্র করে ইউরোপে ভয়ানক একটি যুদ্ধ হয়। প্রথম দিকে এই যুদ্ধটি খ্রিষ্টধর্মের দু'টো সম্প্রদায়ের বিরোধকে কেন্দ্র করে শুরু হলেও তা কালক্রমে ইউরোপের তৎকালীন ছোট বড় প্রায় সকল রাজ্য ও রাষ্ট্রে ছড়িয়ে পড়ে ছিল। ৩০ বছরব্যাপী (১৬১৮ - ১৬৪৮ খ্রি.) অবিরামভাবে যুদ্ধ করার পর ক্লান্ত বিপর্যস্ত ইউরোপ ১৬৪৮ সালে ওয়েস্টফেলিয়া চুক্তি সম্পাদনের মাধ্যমে এই যুদ্ধের অবসান ঘটায়। এই সন্ধি ইউরোপে আধুনিক রাষ্ট্র ব্যবস্থার গোড়াপত্তন করে। রেনেসাঁসের প্রভাবে ক্রমে পরিবর্তিত সামাজিক পরিস্থিতি এবং জ্ঞান ও মননের বিকাশের পটভূমিতে জাতীয় রাষ্ট্র গঠনের প্রক্রিয়া শুরু হয়। আঠারো এবং উনিশ শতকে আধুনিক জাতীয়তাবাদ ইউরোপে আধুনিক জাতি রাষ্ট্রের বিকাশের গতিকে ত্বরান্বিত করে। ইউরোপে জাতীয় রাষ্ট্র গঠনের প্রক্রিয়ায় এগিয়ে ছিল স্পেন, ফ্রান্স, ইংল্যান্ড প্রভৃতি অঞ্চলসমূহ।

MCQ Solution

১. **The essential ingredient required in building a nation is -** [Premier Bank Ltd. Trainee Junior Officer: 09]
ⓐ Language ⓑ Geographic location
ⓒ Culture ⓓ All of these
ⓔ None of these **Ans.** e

২. **পৃথিবীতে নানা জাতি সৃষ্টির কারণ কী?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (রাজশাহী বিভাগ): ০৮]
ক) প্রাকৃতিক খ) সামাজিক
গ) রাজনৈতিক ঘ) ভৌগোলিক **উত্তর:** ঘ

৩. **'জাতি হল রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ'- এ উক্তিটি কে করেন?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) ম্যাকাইভার খ) গিল ক্রাইস্ট
গ) স্টালিন ঘ) রামজে ম্যুইর **উত্তর:** খ

৪. **কোন বৈশিষ্ট্য রাষ্ট্র ও জাতির মধ্যে পার্থক্য নির্দেশ করে?** [ঢাবি (খ ইউনিট): ৯৭-৯৮]
ক) জনসংখ্যা খ) এলাকা
গ) ঐক্য ঘ) সার্বভৌমত্ব **উত্তর:** ঘ

৫. **জাতি রাষ্ট্রের অর্থ হলো -** [শাবিপ্রবি (A ইউনিট): ১২-১৩]
ক) ধর্মীয় সম্প্রদায়ভিত্তিক রাষ্ট্র
খ) সংস্কৃতিভিত্তিক জাতীয় চেতনায় উদ্বুদ্ধ রাষ্ট্র
গ) একটি রাষ্ট্র যেখানে বিভিন্ন এথনিক জনগোষ্ঠী একত্রে বসবাস করে
ঘ) একই ভৌগোলিক এলাকায় বসবাসরত জনগোষ্ঠী কর্তৃক গঠিত রাষ্ট্র **উত্তর:** ঘ

৬. **জাতি রাষ্ট্রের মূল ভিত্তি কী?** [মাভাবিপ্রবি (উ ইউনিট): ১২-১৩]
ক) জাতীয়তাবাদ খ) জাতীয় ঐক্য
গ) রাজনৈতিক ঐক্য ঘ) অর্থনীতি **উত্তর:** ক

৭. **জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৫-১৬]
ক) ম্যাকিয়াভেলি খ) বিসমার্ক
গ) হিটলার ঘ) মুসোলিনী **উত্তর:** ক

৮. **সামন্তবাদ কোন ইউরোপীয় দেশে প্রথম সূত্রপাত হয়?** [৩৭তম বিসিএস/ জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার জুনিয়র ফিল্ড অফিসার: ২১]
ক) ইতালি খ) ইংল্যান্ড
গ) ফ্রান্স ঘ) রাশিয়া **উত্তর:** গ

৯. **কোন চুক্তির মাধ্যমে ইউরোপের "Thirty Years' War" এর সমাপ্তি ঘটে?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ক লুজান চুক্তি, ১৯২০
খ প্যারিস চুক্তি, ১৭৮০
গ ভারসাই চুক্তি, ১৯১৯
ঘ ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি, ১৬৪৮ **উত্তর: ঘ**

১০. **The modern nation-state system is the result of -** [JU (C1 Unit): 15-16]
ⓐ Treaty of Rome
ⓑ The maastricht Treaty
ⓒ Treaty of Westphalia
ⓓ The Treaty of Versilles **Ans. c**

১১. **আধুনিক রাষ্ট্রব্যবস্থা উদ্ভবের সময়কাল কোনটি?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক ১৬০০-১৮০০ সাল
খ প্রাচীন গ্রীস সময়কাল
গ প্রাচীন রোম শাসনকাল
ঘ প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকাল **উত্তর: ক**

১২. **ইংল্যান্ডের বর্তমান জাতিগোষ্ঠী কোন বংশোদ্ভূত?** [জাবি (বি ইউনিট): ১৬-১৭]
ক ফরাসী খ জার্মান
গ আমেরিকান ঘ রোমান **উত্তর: খ**

১৩. **নরওয়ের নাগরিক জাতিগতভাবে -** [সমবায় অধিদপ্তরে অফিসার: ৯৭]
ক নরওয়েইয়ান খ স্ক্যানডানেভিয়ান
গ নরওয়েইজ ঘ নরওয়েজিয়ান **উত্তর: ঘ**

কৃষি ও শিল্প বিপ্লব
Agricutural & Industrial Revolution

অষ্টাদশ শতাব্দীতে উন্নত চাষাবাদের যন্ত্রপাতি ও চাষাবাদ কৌশল আবিষ্কারের মাধ্যমে ব্রিটিশরা খাদ্য উৎপাদনে উৎকর্ষ অর্জন করে। এটি 'ব্রিটিশ কৃষি বিপ্লব' নামে পরিচিত। ব্রিটেনে কৃষি বিপ্লবের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত ছিল শিল্প বিপ্লব।

আঠারো শতকের শেষার্ধে শিল্পোৎপাদন ক্ষেত্রে ইংল্যান্ডে যে বৈপ্লবিক পরিবর্তন সূচিত হয় সাধারণভাবে তাই শিল্প বিপ্লব নামে পরিচিত। 'শিল্প বিপ্লব' কথাটি প্রথম ব্যবহার করেন ফরাসি সমাজতান্ত্রিক লেখক জেরোমি ব্লাংকি। অধিকাংশ ঐতিহাসিকের মতে শিল্প বিপ্লব শুরু হয় ১৭৬০ এবং চূড়ান্ত পরিণতি লাভ করে ১৮৪০ সালে। ১৭৬৯ সালে স্কটিশ প্রকৌশলী জেমস ওয়াট বাষ্পীয় ইঞ্জিন (Steam engine) আবিষ্কার করেন। বাষ্প চালিত যন্ত্রের ব্যবহারের ফলে বড় বড় ফ্যাক্টরি গড়ে উঠে এবং শিল্পোৎপাদনের হার বৃদ্ধি পায়। শিল্প বিপ্লবের পূর্বে ব্রিটেনের সমাজ ছিল সামন্তবাদী। শিল্প বিপ্লব এর ফলে ইংল্যান্ড বিশ্বের প্রথম শিল্পোন্নত রাষ্ট্রে পরিণত হয়। ইংল্যান্ডের শিল্পপণ্য পৃথিবীর সব দেশে রপ্তানি হতো এবং এজন্য ইংল্যান্ডকে বলা হতো "পৃথিবীর কারখানা (Workshop of the world)"। মূলত টেক্সটাইল খাতের বিকাশের মাধ্যমে এ বিপ্লবের সূচনা হয়। উনবিংশ শতাব্দীতে শিল্প বিপ্লব সমগ্র ইউরোপে ছড়িয়ে পড়ে। শিল্প বিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কুটির শিল্প ধ্বংস হয়।

MCQ Solution

১. **ব্রিটিশ কৃষি বিপ্লব কখন সংঘটিত হয়েছিল?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ক উনবিংশ শতাব্দীতে
খ অষ্টাদশ শতাব্দীতে
গ ষোড়শ শতাব্দীতে
ঘ চতুর্দশ শতাব্দীতে **উত্তর: খ**

২. **ইউরোপে শিল্প বিপ্লব সংঘটিত হয় কোন শতাব্দীতে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রাম ফায়ার লীডার: ২১]
ক বিংশ খ উনবিংশ
গ অষ্টাদশ ঘ সপ্তদশ **উত্তর: গ**

৩. **শিল্প বিপ্লব কখন হয়েছিল?** [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ক ১৯০০ - ১৯৫০ সালে
খ ১৭৬০ - ১৮৩০ সালে
গ ১৮৫০ - ১৯২০ সালে
ঘ ১৫৬০ - ১৭২৯ সালে **উত্তর: খ**

৪. **শিল্প বিপ্লব (Industrial Revolution) কোন দেশে প্রথম শুরু হয়?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ক ইংল্যান্ড খ জার্মানি
গ যুক্তরাষ্ট্র ঘ ফ্রান্স **উত্তর: ক**

৫. **বাষ্পীয় ইঞ্জিনের আবিষ্কারক কে?** [১০তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন (স্কুল পর্যায় ২): ১৪]
ক নিউটন খ জেমস ওয়াট
গ কেপলার ঘ হাইগেন **উত্তর: খ**

৬. **'Workshop of the World' বলা হতো -** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক ব্রিটেনকে খ ফ্রান্সকে
গ জার্মানিকে ঘ রাশিয়াকে **উত্তর: ক**

৭. **'শিল্প বিপ্লব' শব্দটি প্রথম ব্যবহার করেন -** [রাবি (এ ইউনিট): ১৭-১৮]
ক ফরাসি কূটনীতিক খ জার্মান দার্শনিক
গ ইংরেজি লেখক ঘ রুশ রাজনীতিক **উত্তর: ক**

৮. **শিল্প বিপ্লবের পূর্বে ব্রিটেনের সমাজ ছিল -** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক রক্ষণশীল খ সামন্তবাদী
গ সাম্যবাদী ঘ পুঁজিবাদী **উত্তর: খ**

৯. **ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে উপমহাদেশের কোন শিল্পের ধ্বংস হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক বস্ত্র শিল্প খ কুটির শিল্প
গ কাগজ শিল্প ঘ পাট শিল্প **উত্তর: খ**

ইউরোপে শক্তিশালী রাজতন্ত্রের প্রতিষ্ঠা

Establishment of Powerful Monarchy in Europe

সামন্ত যুগের শেষ দিকে ষোড়শ শতকে ইউরোপে কয়েকটি শক্তিশালী রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়। নিরঙ্কুশ রাজতন্ত্র ঐসব দেশের জাতীয় ঐক্যকে সুদৃঢ় করে। ইংল্যান্ড, ফ্রান্স, স্পেন, অস্ট্রিয়া, প্রুশিয়া, রাশিয়া এগুলোর মধ্যে অন্যতম।

ইংল্যান্ড

ফ্রান্স ও ইংল্যান্ড ছিল ঐতিহ্যগতভাবে শত্রুভাবাপন্ন দেশ এবং দীর্ঘ একশত বছর (১৩৩৭ - ১৪৫৩ খ্রি.) এরা একে অপরের বিরুদ্ধে যুদ্ধ করে। এরপর সিংহাসনের উত্তরাধিকার দ্বন্দ্ব সংঘাতের ফল স্বরূপ ইংল্যান্ডে 'গোলাপ যুদ্ধ' (Wars of the Roses) এর শুরু হয়। ৩০ বছরব্যাপী (১৪৫৫ - ৮৫ খ্রি.) এ গৃহযুদ্ধে ক্ষতবিক্ষত হয় ইংল্যান্ড। যুদ্ধের এক পক্ষে ছিলো ইয়র্কশায়ারবাদীরা (সাদা গোলাপ) এবং অন্যপক্ষে ল্যাংকাশায়ারবাদীগণ (লাল গোলাপ)। গৃহযুদ্ধের শেষে সিংহাসনে আরোহণ করেন সপ্তম হেনরি টিউডর। তিনি ইংল্যান্ডের রাজনৈতিক সকল অনৈক্য ও অশান্তি দূর করে একটি শক্তিশালী রাজতন্ত্রের সূচনা ঘটান। শক্তিশালী রাজতন্ত্রের যুগে ইংল্যান্ডের টিউটর রাজবংশের উত্থান এক যুগান্তকারী ঘটনা।

ফ্রান্স

ফ্রান্সের ইতিহাসে বুরবোঁ রাজবংশের উত্থান এক যুগান্তকারী ঘটনা। চতুর্দশ লুই এর রাজত্বকাল অভ্যন্তরীণ এবং ইউরোপীয় রাজনীতিতে ফরাসি প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিলো। রাজশক্তি এতই বৃদ্ধি পায় যে চতুর্দশ লুই ঘোষণা করেন "আমিই রাষ্ট্র" (*I am the state*)। সেন্ট অগাস্টিন, সেন্ট এক্যুইনাস, ফিলমা এবং চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত ঐশী মতবাদের সমর্থক ছিলেন। তাঁরা বিশ্বাস করতেন, বিধাতা স্বয়ং রাষ্ট্র সৃষ্টি করেছেন এবং রাজা তাঁর প্রতিনিধি। রাজা কেবলমাত্র বিধাতার কাছেই দায়বদ্ধ থাকবে, অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে নয়।

জার ঘণ্টা (Tsar Bell)



অবস্থান: ক্রেমলিন, রাশিয়া

রাশিয়া

রাশিয়ার সম্রাটদের জার বলা হতো। রাশিয়ার ইতিহাসে সবচাইতে বিখ্যাত ব্যক্তি ছিলেন পিটার দ্য গ্রেট। ১৭০৩ সালে সেন্ট পিটার্সবার্গে তিনি রাশিয়ার নতুন রাজধানী স্থাপন করেন। প্রথম পিটার-এর আমলেই রাশিয়া কার্যত মধ্যযুগীয় অন্ধকার থেকে আধুনিক যুগে প্রবেশ করে।

সেন্ট পিটার্সবার্গ শহরটির নাম ১৯১৪ সালে পেট্রোগ্রাড করা হয়। ১৯২৪ সালে পেট্রোগ্রাডের নাম লেনিনগ্রাড করা হয় এবং ১৯৯১ সালে পুনরায় সেন্ট পিটার্সবার্গ নামটি ফিরিয়ে আনা হয়।

MCQ Solution

১. **কোন দুটি দেশের মধ্যে 'শতবর্ষ ব্যাপী যুদ্ধ' (Hundred years' war) ঘটেছিল?** [উত্তরা ব্যাংক লি. সহকারী অফিসার (ক্যাশ): ১৭]
ⓚ ফ্রান্স ও ইতালি
ⓚ ফ্রান্স ও জার্মানি
ⓖ ফ্রান্স ও ইংল্যান্ড
ⓖ ইংল্যান্ড ও জার্মানি **উত্তর: গ**

২. **War of the Roses was -** [PKSF Asst. Manager: 16]
ⓐ War between Iraq and US
ⓑ Civil war in England
ⓒ War between Iraq and Iran
ⓓ None of these **Ans. b**

৩. **সেন্ট অগাস্টিন, সেন্ট এক্যুইনাস, ফিলমা এবং ফ্রান্সের রাজা চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত কোন মতবাদের সমার্থক ছিলেন?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ⓚ ঐশ্বরিক মতবাদ
ⓚ পিতৃতান্ত্রিক মতবাদ
ⓖ মাতৃতান্ত্রিক মতবাদ
ⓖ বিবর্তনমূলক মতবাদ **উত্তর: ক**

৪. **মহান পিটার যে দেশের শাসক ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৮-০৯]
ⓚ অস্ট্রিয়া ⓚ রাশিয়া
ⓖ প্রুশিয়া ⓖ ডেনমার্ক **উত্তর: খ**

৫. **The name of which of the following cities was changed to Petrograd and Leningrad?** [Bangladesh Krishi Bank Officer: 11]
ⓐ Moscow ⓑ St. Petersburg
ⓒ Tashkent ⓓ Kiev **Ans. b**

৬. **রাশিয়ার লেনিনগ্রাড শহরের বর্তমান নাম কী?** [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার: ২২]
ⓚ সেন্ট পিটার্সবার্গ ⓚ কিয়েভ
ⓖ ভ্লাদিভস্টক ⓖ ভলগাগ্রাড **উত্তর: ক**

আমেরিকার স্বাধীনতা যুদ্ধ (১৭৭৫ - ১৭৮৩ খ্রি.)
American Revolutionary War(1775-1783 AD)

ব্রিটেনের বণিক সম্প্রদায় ১৬০৭ সালে যুক্তরাষ্ট্রের জেমস টাউনে (ভার্জিনিয়ায়) উপনিবেশ স্থাপন করে। এটি ছিল উত্তর আমেরিকা মহাদেশে ব্রিটেনের প্রথম উপনিবেশ। পরবর্তীকালে উত্তর আমেরিকায় উপনিবেশ স্থাপনের প্রক্রিয়া অব্যাহত থাকে এবং ১৭৩৩ সালের মধ্যে ১৩ টি উপনিবেশ গড়ে উঠে। ১৭৭৬ সালের ৪ জুলাই আমেরিকার ১৩টি উপনিবেশ (দ্বিতীয় মহাদেশীয় কংগ্রেস) স্বাধীনতার ঘোষণা করে। এজন্য প্রতিবছর ৪ জুলাই যুক্তরাষ্ট্রের 'স্বাধীনতা দিবস' হিসাবে পালিত হয়। টমাস জেফারসনের নেতৃত্বে ৫ সদস্যের একটি কমিটি স্বাধীনতার ঘোষণাপত্রের খসড়া প্রস্তুত করে। ঘোষণাপত্রে মোট ৫৬ জন প্রতিনিধি স্বাক্ষর করেন যাদের মধ্যে বয়োজ্যেষ্ঠ ছিলেন বেঞ্জামিন ফ্রাঙ্কলিন। যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের প্রধান সেনাপতি নিযুক্ত হন জর্জ ওয়াশিংটন।

আমেরিকার স্বাধীনতা যুদ্ধের অন্যতম প্রধান কারণগুলো নিম্নরূপ-

- রাজা তৃতীয় জর্জ এর স্বেচ্ছাচারিতা
- সুগার এ্যাক্ট, ১৭৬৪
- বোস্টন হত্যাকাণ্ড (৫ মার্চ, ১৭৭০ খ্রি.)
- চা আইন, ১৭৭৩ প্রবর্তনের ফলে ইস্ট ইন্ডিয়া কোম্পানি কোনোরূপ শুল্ক পরিশোধ না করেই উপনিবেশে সরাসরি চা রপ্তানির সুযোগ লাভ করে। ফলে উপনিবেশের আমেরিকান ব্যবসায়ীগণের পক্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির সঙ্গে ব্যবসায়িক প্রতিযোগিতায় টিকতে না পারায় এবং অর্থনৈতিক ভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা দেখা দেয়। এ অবস্থায় উপনিবেশবাসীরা কোম্পানি কর্তৃক আমদানিকৃত চা বর্জন করতে শুরু করে। অন্যদিকে ইস্ট ইন্ডিয়া কোম্পানি তাদের আমদানিকৃত চা রাতে জাহাজ থেকে উপনিবেশের বন্দরে নামাতে না পারে সেজন্য উপনিবেশের আমেরিকান ব্যবসায়ীদের একাংশ তৎপর হয়। তারা ফিলাডেলফিয়া ও নিউইয়র্ক বন্দরে কোম্পানির জাহাজ থেকে চা খালাস বন্ধ রাখে। তবে বোস্টনে নোঙ্গরকৃত তিনটি জাহাজকে পোতাশ্রয় হতে ফিরিয়ে দিতে ব্যর্থ হয়ে একদল উপনিবেশবাসী ১৭৭৩ সালের ১৬ ডিসেম্বর রেড-ইন্ডিয়ানদের ছদ্মবেশে জাহাজে উঠে জাহাজের চায়ের পেটিগুলো সমুদ্রে নিক্ষেপ করে। আমেরিকার ইতিহাসে এই ঘটনা 'বোস্টন টি পার্টি' (Boston Tea Party) নামে পরিচিত।

যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধে ফ্রান্স প্রত্যক্ষভাবে উপনিবেশবাসীদের সাহায্য করে। ফ্রান্স ১৭৭৮ সালে উপনিবেশসমূহের সঙ্গে একটি সামরিক চুক্তি করে। চুক্তি অনুযায়ী ফ্রান্স আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ নৌ বাহিনীকে প্রতিরোধ করতে শুরু করে এবং উপনিবেশসমূহকে সৈন্য ও অস্ত্র দিয়ে সাহায্য করতে থাকে। আমেরিকান ও ফরাসি সৈন্য দ্বারা ব্রিটিশ সেনাপতি কর্নওয়ালিশ অবরুদ্ধ হয়ে পড়েন এবং শেষ পর্যন্ত ১৭৮১ সালে আত্মসমর্পণ করেন। ১৭৮২ সালের ২০ মার্চ ব্রিটিশ পার্লামেন্টে যুদ্ধ বন্ধের প্রস্তাব গৃহীত হয়। ১৭৮৩ সালে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের অবসানের জন্য ৪টি চুক্তি স্বাক্ষরিত হয়, যা 'প্যারিসের শান্তি' (Peace of Paris) নামে পরিচিত। যথা-

ক) প্যারিস চুক্তি: গ্রেট ব্রিটেন বনাম যুক্তরাষ্ট্রের মধ্যে প্যারিসে ১টি চুক্তি স্বাক্ষরিত হয়।
খ) ভার্সাই চুক্তি: গ্রেট ব্রিটেন বনাম ফ্রান্স-স্পেনের মধ্যে ভার্সাইয়ে ২টি চুক্তি স্বাক্ষরিত হয়।
গ) গ্রেট ব্রিটেন বনাম ডাচদের মধ্যে ১টি চুক্তি প্যারিসে স্বাক্ষরিত হয়।

স্ট্যাচু অব লিবার্টি (Statue of Liberty)

অবস্থান	লিবার্টি দ্বীপ, ম্যানহাটন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
ভাস্কর	ফ্রেডেরিক অগাস্ট বার্থোল্ডি
উৎসর্গ	যুক্তরাষ্ট্রের স্বাধীনতার শতবর্ষ পূর্তি উপলক্ষে ফ্রান্স ১৮৮৬ সালে যুক্তরাষ্ট্রকে ভাস্কর্যটি উপহার দেয়।



MCQ Solution

১. **যুক্তরাষ্ট্র কোন দেশের উপনিবেশ ছিল?** [বাউবি (সামাজিক বিজ্ঞান,মানবিক ও ভাষা স্কুল): ১১-১২]
ⓚ স্পেন ⓚ ব্রিটেন
ⓖ ফ্রান্স ⓖ জার্মানি **উত্তর: খ**

২. **আমেরিকা কার কাছ থেকে স্বাধীনতা লাভ করে?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ ব্রিটেন ⓚ ফ্রান্স
ⓖ অস্ট্রেলিয়া ⓖ কানাডা **উত্তর: ক**

৩. **যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যে ইউরোপীয় নাগরিকরা প্রথমে বসতি স্থাপন করে?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা: ০৬]
ⓚ ভার্জিনিয়া ⓚ ম্যাসাচুসেটস
ⓖ মেরিল্যান্ড ⓖ নিউ মেক্সিকো **উত্তর: ক**

৪. **ব্রিটেনের বণিক সম্প্রদায় যুক্তরাষ্ট্রের কতটি অঙ্গরাজ্যে উপনিবেশ গড়ে তুলেছিল?** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক: ০৬]
ⓚ ৯টি ⓚ ১১টি
ⓚ ১৩টি ⓖ ১৭টি **উত্তর: গ**

৫. **'*Boston Tea Party*' is associated with the -/'বোস্টন চা পার্টি' কোন বিষয় সম্পর্কিত?** [Standard Bank Ltd. Asst. Officer (Cash): 11]
ⓐ French Revolution
ⓑ Bolshevik Revolution
ⓒ American Independence
ⓓ Independence of Egypt **Ans. c**

৬. **আমেরিকা স্বাধীনতা ঘোষণা করে-** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক ২ জুলাই, ১৫৫৬ খ ৩ জুলাই, ১৬৭৬
গ ৪ জুলাই, ১৭৭৬ ঘ ৫ জুলাই, ১৮৭৬ **উত্তর: গ**

৭. **যুক্তরাষ্ট্রের স্বাধীনতা সংগ্রামের নায়ক-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া): ১২]
ক জর্জ ওয়াশিংটন খ আব্রাহাম লিঙ্কন
গ রুজভেল্ট ঘ কলম্বাস **উত্তর: ক**

৮. **The Declaration of Independence in the USA was written by:** [Bangladesh Bank AD: 14]
ⓐ Abraham Lincoln
ⓑ Thomas Jefferson
ⓒ George Washington
ⓓ Dwight D. Eisenhower **Ans. b**

৯. **Who was the oldest person to sign the US Declaration of Independence?** [Sonali Bank Ltd. (Executive Officer): 17]
ⓐ Abraham Lincoln
ⓑ Benjamin Franklin
ⓒ George Washington
ⓓ Thomas Jefferson **Ans. b**

১০. **মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় দিবস কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক ১৪ জুলাই খ ১৪ আগস্ট
গ ৪ জুলাই ঘ ২৩ মার্চ **উত্তর: গ**

১১. **আমেরিকা অর্থাৎ বর্তমান ইউএসএ ব্রিটেনের একটি কলোনী ছিল। ব্রিটেনের হাত হতে মুক্ত হয়ে স্বাধীনতা অর্জনের জন্য তাদের দীর্ঘদিন যুদ্ধ করতে হয়। এ যুদ্ধে তাদের প্রত্যক্ষ সাহায্য প্রদান করে ইউরোপের একটি দেশ। সে কোন দেশটি?** [এলজিইডিতে সহকারী প্রকৌশলী: ০৫]
ক জার্মানি খ স্পেন
গ ফ্রান্স ঘ পর্তুগাল **উত্তর: গ**

১২. **আমেরিকার স্বাধীনতা যুদ্ধে যে ইংরেজ সেনাপতি ইংরেজ সৈন্য পরিচালনা করেন তার নাম কী?** [শ্রম অধিদপ্তরে অফিসার: ৯৪]
ক কর্নওয়ালিস খ লর্ড নর্থ
গ হ্যামিল্টন ঘ জর্জ ওয়াশিংটন **উত্তর: ক**

১৩. **আমেরিকা স্বাধীন হয় -** [রাবি (এ ইউনিট): ১৬-১৭]
ক ১৬৮৮ সালে খ ১৯০০ সালে
গ ১৭৮৩ সালে ঘ ১৭৯০ সালে **উত্তর: গ**

১৪. **The American General who led the revolt against the British and declared American independence was- / কোন আমেরিকান জেনারেল ব্রিটিশদের বিরুদ্ধে বিদ্রোহে নেতৃত্ব দান করেন এবং আমেরিকার স্বাধীনতা ঘোষণা করেন?** [Janata Bank Ltd Executive Officer: 12]
ⓐ George Bush
ⓑ Bill Clinton
ⓒ George Washington
ⓓ Theodore Roosevelt **Ans. c**

১৫. **১৭৮৩ সালে ভার্সাইতে কয়টি চুক্তি স্বাক্ষরিত হয়?** [৩৬তম বিসিএস]
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫ **উত্তর: ক**

১৬. **In which year American Independence was acknowledged by England?** [3 Banks Joint recruitment test Officer (Cash): 18]
ⓐ 1782 ⓑ 1783
ⓒ 1784 ⓓ 1785 **Ans. b**

১৭. **যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ডের মধ্যে স্বাক্ষরিত যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক 'স্বাধীনতা চুক্তি'টি কি নামে পরিচিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (আলফা): ১৪]
ক প্রথম ভার্সাই চুক্তি খ বার্লিন চুক্তি
গ স্বাধীনতা চুক্তি ঘ ওয়াশিংটন চুক্তি **উত্তর:**
ব্যাখ্যা: যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক স্বাধীনতা চুক্তিটি 'প্যারিসের শান্তি' নামে পরিচিত।

১৮. **১৭৮৩ সালে প্যারিস চুক্তি স্বাক্ষর হয়েছিল কোন দুটি দেশের মধ্যে?** [BREB এর সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন): ১৭]
ক ফ্রান্স ও জার্মানি খ ফ্রান্স ও যুক্তরাজ্য
গ জার্মানি-যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য **উত্তর: ঘ**

১৯. **যুক্তরাষ্ট্রকে 'স্ট্যাচু অব লিবার্টি' নিম্নের কোন দেশ উপহার দেয়?** [১৭তম বিসিএস/রাবি (অ-৩ ইউনিট): ২১]
ক বেলজিয়াম খ যুক্তরাজ্য
গ ইতালি ঘ ফ্রান্স **উত্তর: ঘ**

২০. **'স্ট্যাচু অব লিবার্টি' কোথায় অবস্থিত?** [রাবি (অ-১ ইউনিট): ২১]
ক ফ্রান্সের আইল্যান্ডে খ নিউইয়র্কে আইল্যান্ডে
গ জাপানের ভূমিতে ঘ ভারতের দিল্লিতে **উত্তর: খ**

২১. **Who is the architect of the Statue of Liberty?** [PKSF Asst. Manager: 16]
Or,
STATUE OF LIBERTY-এর স্থপতির নাম কী? [শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ⓐ Stephen Sauvestre
ⓑ Antoie pedock
ⓒ Bernard Tschumi
ⓓ Frederic Bartholdi **Ans. d**

ফরাসি বিপ্লব ও নেপোলিয়ন বোনাপার্ট
French Revolution & Napoleon Bonaparte

ফরাসি বিপ্লব (১৭৮৯ - ১৭৯৯ খ্রি.)

রাজনৈতিক পটভূমি: স্বেচ্ছাচারী রাজতন্ত্র ছিল ফ্রান্সের বিপ্লব-পূর্ববর্তী রাজনৈতিক অবস্থার সবচেয়ে বড় বৈশিষ্ট্য। রাজা ষোড়শ লুই অভ্যন্তরীণ ও বৈদেশিক ক্ষেত্রে চরম ব্যর্থতার পরিচয় দেন।

আর্থ-সামজিক পটভূমি: বিপ্লবের প্রাক্কালে ফ্রান্সের সমাজ-ব্যবস্থাও ছিল বৈষম্যপূর্ণ। এ বৈষম্য শিক্ষিত মধ্যবিত্তদের মনে দারুণ অসন্তোষ সৃষ্টি করে। কৃষকদের মধ্যেও অভিজাতদের সুযোগ-সুবিধার বিরুদ্ধে ক্ষোভ ছিল।

বুদ্ধিবৃত্তিক পটভূমি : আঠারো শতকের ফ্রান্সে একদল দার্শনিক ও চিন্তানায়কের আবির্ভাব ঘটে। এরা তাদের লেখনীর মাধ্যমে প্রচলিত রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থার ত্রুটি-বিচ্যুতি মানুষের কাছে তুলে ধরেন। এসব লেখকের মধ্যে সবচেয়ে বিখ্যাত ছিলেন ভলতেয়ার, মন্টেস্কু এবং রুশো।

- ***দার্শনিক জ্যাঁ জ্যাক রুশো*** ফরাসি বিপ্লবের পথ সুগম করার ক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখেন। এ বিপ্লবের মূলমন্ত্র সাম্য, স্বাধীনতা ও মৈত্রী (*Liberty, Equality and Fraternity*) - তাঁর চিন্তাধারা থেকে নেয়া। রুশো বিশ্বাস করতেন, "জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী"। তিনি 'সামাজিক চুক্তি' (The Social Contract) গ্রন্থের শুরুতেই উল্লেখ করেন 'স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার, কিন্তু তবু মানুষ সর্বত্রই শৃঙ্খলিত' (*Man is born free, but everywhere he is in chains)*। দার্শনিক রুশো এবং ব্রিটিশ দার্শনিক টমাস হবস্ ও জন লককে সামাজিক চুক্তি মতবাদের প্রবর্তক বলা হয়। সামাজিক চুক্তি মতবাদের মূলকথা হচ্ছে - রাষ্ট্রের জন্ম হয় একটি সামাজিক চুক্তির মাধ্যমে। প্রকৃতির রাজ্যে বসবাসকারী মানুষ 'সমষ্টিগত ইচ্ছা'-এর (General Will) কাছে নিজের অধিকার ছেড়ে দেয়।



দার্শনিক রুশো

- ***দার্শনিক ভলতেয়ার*** ছিলেন যুক্তির পূজারী। ব্রিটিশ লেখক ইভলিন হল ভলটেয়ারের জীবন দর্শন ও চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করতে গিয়ে "*I disapprove of what you say, but I will defend to death your right to say it*" উক্তির অবতারণা করেন।
- ***দার্শনিক শার্লস মন্টেস্কু*** এর মতে, জনগণ যাতে ব্যক্তি স্বাধীনতা ভোগ করতে পারে সেজন্যে সরকারের তিনটি বিভাগ (নির্বাহী, আইন এবং বিচার) পরাধীন থেকে স্বাধীন হওয়া অপরিহার্য। অর্থাৎ একটি বিভাগ অপর বিভাগের ওপর কোনো প্রকার নিয়ন্ত্রণ আরোপ করা বাঞ্ছনীয় নয়। এর অন্যথা হলে জনগণ গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হবে। এ ধারণা ক্ষমতার বিভাজন তত্ত্ব (Doctrine of the Separation of Powers) নামে পরিচিত। এভাবে মন্টেস্কু ফ্রান্সে প্রচলিত স্বেচ্ছাচারী রাজতন্ত্রের ভিত্তিমূলে আঘাত করেন।

ঘটনাপ্রবাহ

১৭৮৯	১৪ জুলাই প্যারিসের বাস্তিল দুর্গের পতন হয়। দুর্গটি ছিল স্বেচ্ছাচারী রাজতন্ত্রের প্রতীক। কেউ রাজশাসনের সমালোচনা করলে তাকে গ্রেফতার করা হতো এবং বিনা বিচারে অনির্দিষ্টকাল বাস্তিলের জেলখানায় (যা এককালে একটি দুর্গ ছিল) আটক রাখা হতো। ফ্রান্সের ভার্সাই শহরে 'Jacobin Club' যাত্রা শুরু করে। প্রতিষ্ঠাতা ছিলেন ম্যাক্সিমিলান রোব্সপীয়র।
১৭৯০	Cordeliers Club এর উদ্ভব হয়। ধীরে ধীরে ক্লাবগুলো রাজনৈতিক প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে।
১৭৯২	রাজা ষোড়শ লুইকে পদচ্যুত করা হয়। রাজতন্ত্র বিলোপ করা হয়।
১৭৯৩	ষোড়শ লুইকে গিলোটিনে শিরশ্ছেদ করা হলে, দেশে বিদেশে ফ্রান্সের শত্রু বৃদ্ধি পায়। এ পরিস্থিতি মোকাবিলার জন্য বিশেষ একটি কমিটি গঠন করা হয়। এই কমিটির জিরোনডিস্ট ও জ্যাকোবিন সদস্যদের মধ্যে তিক্ততার সম্পর্ক সৃষ্টি হলে জ্যাকোবিনরা জিরোনডিস্টদের হত্যা করে। রোবসপিয়ার, দান্তে ও মারাটের নেতৃত্বে ফ্রান্সে সন্ত্রাসের রাজত্ব (Reign of Terror) প্রতিষ্ঠিত হয়।
১৭৯৪	সন্ত্রাসের রাজত্বের অবসান ঘটে। রোব্সপীয়রকে গিলোটিনে শিরশ্ছেদ করা হয়।
১৭৯৯	নেপোলিয়ন ফরাসি প্রজাতন্ত্রের 'প্রথম কনস্যুল' হিসেবে ক্ষমতা গ্রহণ করেন। নেপোলিয়নকে 'ফরাসি বিপ্লবের শিশু' বলা হয়।

ফরাসি বিপ্লবের সূত্র ধরে ফ্রান্সে জাতীয়তাবাদ আর্বিভূত হয়। এ বিপ্লব ইউরোপের পুরাতন সমাজ ও শাসন ব্যবস্থা ভেঙ্গে দেয় এবং এক নতুন যুগের সূচনা করে।

MCQ Solution

১. **ফরাসি বিপ্লবের মেয়াদকাল-** [চবি (ডি ইউনিট): ১৯-২০]
ক ১৮৮৯-১৮৯৯ খ ১৭৮৯-১৭৯৯
গ ১৭৭৬-১৭৮৬ ঘ ১৮৮৬-১৮৯৬ **উত্তর: খ**

২. **কোন দুইজন দার্শনিক লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন?** [১৫শ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস: ২২]
ক রুশো ও ভলটেয়ার খ শেক্সপিয়ার ও ভলটেয়ার
গ প্লেটো ও এরিস্টটল ঘ প্লেটো ও রুশো **উত্তর: ক**

৩. **ফরাসি বিপ্লবের মূলমন্ত্র কী ছিল?** [চবি (বি ইউনিট): ২০-২১]
ক জাতীয়তা, স্বাধীনতা ও শান্তি
খ স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ববোধ
গ শিক্ষা, ঐক্য ও প্রগতি
ঘ গণতন্ত্র, সমতা ও স্বাধীনতা **উত্তর: খ**

৪. **ফরাসি বিপ্লবের মতবাদ বা শ্লোগানের প্রবক্তা কে ছিলেন?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক মোপাসো খ ভলতেয়ার
গ বারট্রান্ড রাসেল ঘ রুশো **উত্তর: ঘ**

৫. **'The Social Contract' is written by -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ⓐ Voltaire ⓑ Jean-Jacques Rousseau
ⓒ Plato ⓓ Aristotle **Ans. b**

৬. **সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে?** [ইবি (সি ইউনিট): ১১-১২]
ক প্লেটো খ এরিস্টটল
গ সক্রেটিস ঘ রুশো **উত্তর: ঘ**

৭. **'সামাজিক চুক্তি' মতবাদের সমর্থক -** [জাবি (বি ইউনিট): ১৬-১৭]
ক হব্‌স ও ভলতেয়ার খ লক ও বেন্থাম
গ রুশো ও ওয়েবার ঘ হব্‌স, লক ও রুশো **উত্তর: ঘ**

৮. **'Man is born free and everywhere he is in chains' was quoted by-** [BSCIC Promotion Officer: 21] *Or,*
'মানুষ স্বাধীন হয়ে জন্মায় কিন্তু সর্বত্র সে থাকে শৃঙ্খলিত'- উক্তিটি কার? [চবি (বি ১ ইউনিট): ১২-১৩]
ক Thomas Aquinas খ J. Jacques Rousseau
গ Jonathan Swift ঘ Aristotle **উত্তর: খ**

৯. **"জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী" উক্তিটি কার?** [চবি (খ ইউনিট): ০৬-০৭]
ক কার্লমার্কস খ হিটলার
গ রুশো ঘ প্লেটো **উত্তর: গ**

১০. **Who said the words, "*I disapprove of what you say, but I will defend to death your right to say it*"?** [NBL Probationary Officer: 13]
ⓐ G.B Shaw ⓑ Vladimir Lenin
ⓒ Voltaire ⓓ Mahatma Gandhi
ⓔ Rousseau **Ans. c**

১১. **ক্ষমতার বিভাজন (Separation of power) তত্ত্বের প্রবক্তা কে?** [ইবি (সি ইউনিট): ১০-১১]
ক মন্টেস্কু খ ভলতেয়ার
গ জন লক ঘ রুশো **উত্তর: ক**

১২. **ফরাসি বিপ্লব (French Revolution) সংঘটিত হয়েছিল-** [৩১তম বিসিএস/ ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ক ১৭৮৯ খ ১৭৯১
গ ১৭৯৫ ঘ ১৮০০ **উত্তর: ক**

১৩. **বাস্তিল দুর্গের পতন ঘটেছিল-** [১২তম বিসিএস]
ক ১৪ জুলাই, ১৭৮৯ খ ২৬ আগস্ট, ১৭৮৮
গ ৫ অক্টোবর, ১৭৮৮ ঘ ৭ জুন, ১৭৮৮ **উত্তর: ক**

১৪. **'*Fall of the Bastille*' is associated with-** [BRC Officer: 07] *Or,*
কোন বিপ্লবের মধ্য দিয়ে বাস্তিল দুর্গের পতন ঘটে? [চবি (ঙ ইউনিট): ০৫-০৬]
ⓐ Napolean's War
ⓑ Thirty Year War
ⓒ French Revolution
ⓓ Hundred Year War **Ans. c**

১৫. **For which historical event the year of 1789 is renowned?** [SIBL MTO: 13] *Or,*
কোন ঐতিহাসিক ঘটনার জন্য ১৭৮৯ সালটি বিখ্যাত? [রাবি (সমাজবিজ্ঞান): ০৭-০৮]
ⓐ Independence of USA
ⓑ Battle of Waterloo
ⓒ French Revolution
ⓓ Discovery of America by Columbus
ⓔ Industrial Revolution **Ans. c**

১৬. **ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা কে ছিলেন?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক দ্বাদশ লুই খ ষোড়শ লুই
গ নেপোলিয়ন ঘ ফিলিপস **উত্তর: খ**

১৭. **জেকোবিন কী?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক আমেরিকার বর্ণবাদী সন্ত্রাসী সংগঠন
খ ফরাসি বিপ্লবের অগ্রনায়ক ক্লাব
গ বিখ্যাত বেহালা বাদক
ঘ ইউরোপীয়ান নাইট **উত্তর: খ**

১৮. **জ্যাকোবিনদের উত্থান ঘটেছিল -** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক ইংল্যান্ডে খ স্পেনে
গ ফ্রান্সে ঘ জার্মানিতে **উত্তর: গ**

১৯. **জিরন্ডিনদের উত্থান ঘটেছিল -** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক ইংল্যান্ডে খ স্পেনে
গ ফ্রান্সে ঘ জার্মানিতে **উত্তর: গ**

২০. রোব্‌সপীয়র- [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ আমেরিকান লেখক ⓚ স্পেনের গেরিলা যোদ্ধা
ⓖ চলচ্চিত্র অভিনেতা ⓖ ফরাসি বিপ্লবের নেতা **উত্তর:** ঘ

২১. **দান্তে.............বিপ্লবের নেতা ছিলেন।** [জাবি (গ ইউনিট): ১৮-১৯]
ⓚ ফরাসি ⓚ জুলাই
ⓖ আগস্ট ⓖ অক্টোবর **উত্তর:** ক

২২. **ফরাসি বিপ্লবের শিশু বলা হয়-** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৫-০৬]
ⓚ রুশোকে ⓚ জনলককে
ⓖ ভলতেয়ারকে ⓖ নেপোলিয়নকে **উত্তর:** ঘ

২৩. **ফরাসি বিপ্লবের সূত্রে আর্বিভূত হয়েছিল-** [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ⓚ পুঁজিবাদ ⓚ জাতীয়তাবাদ
ⓖ সমাজতন্ত্র ⓖ বিশ্বায়ন **উত্তর:** খ

নেপোলিয়ন বোনাপার্টের উত্থান

নেপোলিয়ন বোনাপোর্ট



জন্ম	**১৫ আগস্ট, ১৭৬৯। কর্সিকা দ্বীপ, ফ্রান্স।**
মৃত্যু	**১৮২১ সালে, সেন্ট হেলেনা দ্বীপ (যুক্তরাজ্যে)**
উপাধি	**লিটল কর্পোরাল**
উক্তি	- Impossible is a word to be found only in the dictionary of fools. **(অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে)** - Give me Good Mother, I will give you good nation. **(আমাকে ভাল মা দাও, তাহলে আমি তোমাদের ভাল জাতি দিব)** - I am the Revolution.

নেপোলিয়ন বেনাপোর্টের শাসনামলে ফ্রান্স ইউরোপের গুরুত্বপূর্ণ শক্তি হিসাবে আত্মপ্রকাশ করে। ১৮০৪ সালে নেপোলিয়ন ফ্রান্সের সম্রাটরূপে অধিষ্ঠিত হন।

ট্রাফালগার যুদ্ধ (১৮০৫ খ্রি.): স্পেনের ট্রাফালগার অন্তরীপে সংঘটিত এই যুদ্ধে ব্রিটিশ নৌবাহিনী ফ্রান্স-স্পেনের সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে ঐতিহাসিক জয় পায়। যুদ্ধে ব্রিটিশ সেনাপতি ছিলেন নেলসন। কর্তব্যনিষ্ঠ নেলসন বিশ্বাস করতেন, 'England expects that every man will do his duty'। ট্রাফালগারের যুদ্ধ জয়কে স্মরণীয় করে রাখতে লন্ডনের কেন্দ্রস্থলে একটি চত্বরের নামকরণ করা হয় 'ট্রাফালগার স্কয়ার' (Trafalgar Square)। ট্রাফালগার স্কয়ারের পাশেই রয়েছে প্রসিদ্ধ পলমল সড়ক।

ওয়াটার'লু যুদ্ধ (১৮১৫ খ্রি.): ১৮১৪ সালে ইংল্যান্ডের রাজা তৃতীয় জর্জ হ্যানোভার (অধুনা জার্মানির উত্তর-পশ্চিম অংশে অবস্থিত একটি প্রাক্তন রাষ্ট্র) এর সিংহাসনে আরোহণ করেন। ১৮১৫ সালে বেলজিয়ামের ওয়াটার লু নামক স্থানে ব্রিটেনের নেতৃত্বাধীন মিত্রবাহিনীর সাথে নেপোলিয়নের যুদ্ধ হয়। মিত্রবাহিনীর নেতৃত্ব দেন ডিউক অব ওয়েলিংটন। নেপোলিয়ন এ যুদ্ধে পরাজিত হন।

ভিয়েনা কংগ্রেস (১৮১৫ খ্রি.): সম্রাট নেপোলিয়নের সাম্রাজ্যবাদী নীতি সমগ্র ইউরোপ গ্রাস করতে উদ্যত হয়েছিল। ওয়াটারলুর যুদ্ধে পরাজিত হলে নেপোলিয়নকে দক্ষিণ আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসনে পাঠানো হয়। ওয়াটার লু'র যুদ্ধের দুই সপ্তাহ পর সুইস আর্মি ফ্রান্সে আগ্রাসন চালায়। এ অবস্থায় ইউরোপে যে বিশৃংখল পরিস্থিতি বিরাজ করছিল তা থেকে উত্তরণ এবং দীর্ঘমেয়াদী শান্তি প্রতিষ্ঠার জন্য বিজয়ী মিত্র শক্তিবর্গ অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় এক সম্মেলন আহ্বান করেন। ইউরোপীয় এ সম্মেলন ভিয়েনা সম্মেলন নামে খ্যাত। ১৮১৫ সালের পর থেকে সুইজারল্যান্ড অদ্যবধি অন্য কোনো দেশের বিরুদ্ধে যুদ্ধ করেনি। আন্তর্জাতিক ক্ষেত্রে সুইজারল্যান্ডকে নিরপেক্ষ রাষ্ট্র হিসেবে বিবেচনা করা হয়।

MCQ Solution

১. **নেপোলিয়ান কোথায় জন্মগ্রহণ করেন?** [জবি (খ ইউনিট): ১০-১১]
ⓚ সিসিলি ⓚ মাল্টা
ⓖ কর্সিকা ⓖ সার্দিনিয়া **উত্তর:** গ

২. ***"Impossible is a word to be found in a fools dictionary"* was the observation of** - [University of Chittagong (D Unit): 18-19]
Or,
'অসম্ভব শব্দটি আছে শুধু মূর্খের অভিধানে'- এটি কার উক্তি? [চবি (বি১ ইউনিট): ১৩-১৪]
ⓐ Che Guevara ⓑ Plato
ⓒ Einstein ⓓ Napoleon
ⓔ None of them **Ans.** d

৩. **'I am the Revolution' উক্তিটি করেছিলেন** - [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ এডলফ হিটলার
ⓚ অটোফন বিসমার্ক
ⓖ বেনিটো মুসোলিনী
ⓖ নেপোলিয়ন বোনাপার্ট **উত্তর:** ঘ

৪. ***"Give me Good Mother, I will give you good nation"* was the observation of** - [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক বা মাঠকর্মী: ১৪]
ⓐ Hitler ⓑ Abraham Lincoln
ⓒ SK Mujib ⓓ Napoleon **Ans.** d

৫. **'লিটল কর্পোরেল' কার উপাধি?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ক) লাল বাহাদুর শাস্ত্রী খ) নেপোলিয়ান বোনাপার্ট
গ) সাদা বাহাদুর শাস্ত্রী ঘ) আল খাওয়াজমি **উত্তর: খ**

৬. **ফ্রান্সে নেপোলিয়ান বোনাপার্ট ক্ষমতায় এসেছিলেন?** [ঢাবি (ঘ ইউনিট): ০৯-১০]
ক) ১৭৮৯ খ) ১৭৯৯
গ) ১৮০২ ঘ) ১৭৫৪ **উত্তর: খ**

৭. **'সেন্ট হেলেনা' দ্বীপটি কোন মহাসাগরে অবস্থিত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক) ভারত মহাসাগরে খ) আটলান্টিক মহাসাগরে
গ) প্রশান্ত মহাসাগরে ঘ) উত্তর মহাসাগরে **উত্তর: খ**

৮. **আটলান্টিক মহাসাগরের কোন দ্বীপে নেপোলিয়নকে কারারুদ্ধ করে রাখা হয়েছিল?** [ইবি (বিইউনিট): ১৩-১৪]
ক) সেন্ট চার্লস খ) সেন্ট হেলেনা
গ) সেন্ট জন ঘ) সেন্ট পল **উত্তর: খ**

৯. **ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়নের জীবনাবসান হয় কোথায়?** [২৬তম বিসিএস]
ক) সেন্ট হেলেনা দ্বীপে খ) ওয়াটার লু নামক স্থানে
গ) ভার্সাই নগরিতে ঘ) দ্বীপ এনাবাতে **উত্তর: ক**

১০. **ট্রাফালগার যুদ্ধে কোন দেশ জয় লাভ করে?** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ক) ফ্রান্স খ) স্পেন
গ) ইতালি ঘ) ইংল্যান্ড **উত্তর: ঘ**

১১. **Trafalgar Square-এর অবস্থান-** [৪৩তম বিসিএস]
ক) রাশিয়ায় খ) ইংল্যান্ড
গ) ফ্রান্সে ঘ) চীনে **উত্তর: খ**

১২. **'ট্রাফালগার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?** [১২তম বিসিএস]
ক) ওয়াশিংটন খ) প্যারিস
গ) মস্কো ঘ) লন্ডন **উত্তর: ঘ**

১৩. **পলমল কী?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেট: ০০]
ক) একটি বার্তা সংস্থা
খ) বিখ্যাত একটি রেল স্টেশন
গ) ইংল্যান্ডের একটি স্কুলের নাম
ঘ) লন্ডনের একটি রাজপথের নাম **উত্তর: ঘ**

১৪. **"England expects every man to do his duty" -Who told it.** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ⓐ Nelson ⓑ Churchill
ⓒ Wilson ⓓ Thatcher **Ans. a**

১৫. **নিচের জার্মানির কোন রাজা ইংল্যান্ডের সিংহাসনে বসেন?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
ক) দ্বিতীয় জর্জ খ) প্রথম জর্জ
গ) তৃতীয় জর্জ **উত্তর: গ**

১৬. **বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' কোন দেশে অবস্থিত?** [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২): ১৯]
ক) সুইডেন খ) বেলজিয়াম
গ) ইংল্যান্ড ঘ) ইটালি **উত্তর: খ**

১৭. **কত সালে ওয়াটার লু যুদ্ধ সংঘটিত হয়?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা: ২১]
ক) ১৮১৫ সালে খ) ১৮২০ সালে
গ) ১৯১২ সালে ঘ) ১৯১৪ সালে **উত্তর: ক**

১৮. **ওয়াটার লু'র যুদ্ধে বিজয়ী সেনাপতির নাম কী?** [রাবি (ই ইউনিট): ১৭-১৮]
ক) নেপলিয়ান
খ) লর্ড নেলসন
গ) ডিউক অব ওয়েলিংটন
ঘ) জেনারেল আইসেন হাওয়ার **উত্তর: গ**

১৯. **ওয়াটার লুর যুদ্ধে কে পরাজিত হন?** [বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এর প্রমোশন অফিসার: ২১]
ক) রবার্ট ক্লাইভ খ) ম্যাকআর্থার
গ) ক্লিনটন ঘ) নেপোলিয়ন **উত্তর: ঘ**

২০. **ফরাসি বিপ্লব ও ভিয়েনা কংগ্রেস** - [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ক) ১৭৮৯ ও ১৭৯০ সালে
খ) ১৭৮৯ ও ১৮১৫ সালে
গ) ১৭৭৯ ও ১৮১৫ সালে
ঘ) ১৭৮৯ ও ১৯১১ সালে **উত্তর: খ**

২১. **Which country has not fought in a war since 1815?/ কোন দেশটি ১৮১৫ সাল থেকে অদ্যবধি কোন যুদ্ধ করেনি?** [General Insurance Officer: 06]
ⓐ Japan ⓑ Norway
ⓒ Switzerland ⓓ Sweden
ⓔ Finland **Ans. c**

২২. **আন্তর্জাতিক ক্ষেত্রে সুইজারল্যান্ডের মর্যাদা কী?** [ঢাবি (খ ইউনিট): ৯৯-০০]
ক) জোটনিরপেক্ষ খ) নিরপেক্ষ
গ) নিরপেক্ষতা ঘ) পশ্চিমের মিত্র **উত্তর: গ**

প্রথম বিশ্বযুদ্ধ
World War I

প্রথম বিশ্বযুদ্ধের প্রেক্ষাপট

উনবিংশ শতাব্দীতে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত থাকা জার্মান রাজ্যগুলো একত্রীকরণের প্রচেষ্টা শুরু হয়। জার্মান জাতীয়তাবাদের বিকাশে দার্শনিক ফ্রেডরিক হেগেল ভূমিকা রাখেন। জার্মান রাজ্যগুলোর মধ্যে সবচেয়ে সমৃদ্ধ ও শক্তিশালী ছিল প্রুশিয়া। প্রুশিয়া জার্মান ঐক্য আন্দোলনে নেতৃস্থানীয় ভূমিকা রাখে। বিসমার্কের রক্ত ও লৌহ (Blood and Iron) নীতির দ্বারা জার্মানিকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্র প্রস্তুত হয়। প্রুশিয়ার সামরিক বাহিনীকে কাজে লাগিয়ে বিসমার্ক জার্মানির ঐক্য সাধন করেন। এর ফলশ্রুতিতে ১৮৭১ খ্রিষ্টাব্দে জার্মান সাম্রাজ্য গঠিত হয়। চ্যান্সেলর পদে অধিষ্ঠিত হন অটোভন বিসমার্ক। জার্মানির সরকার প্রধান চ্যান্সেলর (Chancellor) বলে। চ্যান্সেলর প্রধানমন্ত্রীর সমতুল্য পদ। বিসমার্ক আধুনিক ইউরোপীয় কল্যাণ রাষ্ট্রের ভিত্তি রচনা করেন। সামাজিক নিরাপত্তার নিশ্চিতকরণের লক্ষ্যে তিনি অবসরভাতা (pensions), স্বাস্থ্য বীমা চালু করেন। জটিল কূটনৈতিক বিসমার্কের সাথে পররাষ্ট্রনীতি নিয়ে জার্মানির সম্রাট (কাইজার) দ্বিতীয় উইলিয়ামের সঙ্গে তীব্র মতভেদ হওয়ায় ১৮৯০ সালে বিসমার্ক পদত্যাগ করেন। বিসমার্কের বিদায়ের পর দ্বিতীয় উইলিয়াম সামুদ্রিক প্রাধান্য অর্জন করে সাম্রাজ্য বিস্তারের মনোনিবেশ করেন। এতে সাম্রাজ্যবাদী ব্রিটেনের সাথে সংঘাত অনিবার্য হয়ে পড়ে।



অটো ভন বিসমার্ক

MCQ Solution

১. **দার্শনিক হেগেল কোন দেশের নাগরিক?** [চবি (বি ইউনিট): ০৯-১০]
ⓚ জাপান ⓚ ইতালি
ⓖ রাশিয়া ⓖ জার্মানি
ⓤ হল্যান্ড **উত্তর:** ঘ

২. **কোন দেশের সরকার প্রধানকে 'চ্যান্সেলর' বলা হয়?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
ⓚ ফিনল্যান্ড ⓚ জার্মানি
ⓖ লুক্সেমবার্গ ⓖ নরওয়ে **উত্তর:** খ

৩. **In which country the prime minister is addressed as chancellor?** [KU (B Unit): 02-03]
Or,
চ্যান্সেলর কোন দেশের প্রধানমন্ত্রীর সমমর্যাদার পদ? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ⓐ UK ⓑ Canada
ⓒ France ⓓ Germany **Ans.** d

৪. **বিসমার্ক কে ছিলেন?** [থানা নির্বাচন অফিসার: ০৪]
ⓚ ফ্রান্সের প্রেসিডেন্ট ⓚ জার্মানির চ্যান্সেলর
ⓖ ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ⓖ অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী **উত্তর:** খ

৫. **বিসমার্ক যে জন্য বিখ্যাত** - [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ⓚ ইতালির ঐক্যকরণ ⓚ জার্মানির ঐক্যকরণ
ⓖ সুয়েজ খাল খনন ⓖ সংবিধান প্রণয়ন **উত্তর:** খ

৬. **'Man of blood and iron' কাকে বলা হয়?** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ অটোভন বিসমার্ককে ⓚ মহাত্মা গান্ধীকে
ⓖ হিটলারকে ⓖ লেনিনকে **উত্তর:** ক


৭. **Which country was the first to introduce old age pensions?** [Rupali Bank Ltd. (Financial Analysts): 20]
ⓐ Italy ⓑ Sweden
ⓒ Germany ⓓ Greece **Ans.** c

প্রথম বিশ্বযুদ্ধ (২৮ জুলাই, ১৯১৪ থেকে ১১ নভেম্বর, ১৯১৮)

১৯১৪ সালে বসনিয়ার রাজধানী সারায়োভো শহরে অস্ট্রিয়ার যুবরাজ ফার্ডিনান্ড এক সার্বীয়বাসীর গুলিতে নিহত হন। অস্ট্রিয়া এই হত্যাকাণ্ডের জন্য সার্বিয়াকে দায়ী করে সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এ যুদ্ধে দুই দেশের বন্ধু রাষ্ট্রগুলো ধীরে ধীরে জড়িয়ে পড়ে। প্রথম বিশ্বযুদ্ধে একপক্ষে ছিল অস্ট্রিয়া-হাঙ্গেরি, জার্মানি, তুরস্কের উসমানীয় সাম্রাজ্য ও বুলগেরিয়া - যাদের বলা হতো কেন্দ্রীয় শক্তি (Central Powers)। আর অপরপক্ষে ছিল সার্বিয়া, রাশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, জাপান, ইতালি, রুমানিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র - যাদের বলা হতো মিত্রশক্তি (Allied Powers)।

৬ এপ্রিল, ১৯১৭ মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। মার্কিনরা সরাসরি যুদ্ধক্ষেত্রে পা রেখে ফলাফল ভিন্নদিকে ঘুরিয়ে দেয়। জার্মানির গড়ে তোলা হিন্দেনবার্গ লাইনকে ছত্রখান করে দেয়। জার্মানি মনে করেছিল

তাদের ইউবোট (এক ধরনের ডুবোজাহাজ) মার্কিন বাহিনীর অগ্রযাত্রা রোধ করে দেবে। কিন্তু জার্মান ইউবোটগুলোকে আগেই প্রতিরোধ করেছিল বিশেষ মার্কিন নৌ ব্যবস্থা। জার্মান সম্রাট (কাইজার) দ্বিতীয় উইলিয়াম দেশ থেকে পলায়ন করেন। ১৯১৮ সালের ১১ নভেম্বর জার্মানির আত্মসমর্পণের মধ্য দিয়ে মিত্রবাহিনীর চূড়ান্ত বিজয় সম্পন্ন হয়। ফ্রান্সের কম্পেইনের বনাঞ্চলে একটি রেলওয়ের বগিতে স্বাক্ষরিত হয় জার্মান-মিত্রবাহিনী অস্ত্রবিরতি চুক্তি।


জার্মান ইউবোট

MCQ Solution

১. **কখন প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়?** [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ক) ১৯১০ সালে খ) ১৯১২ সালে
গ) ১৯১৪ সালে ঘ) ১৯১৬ সালে **উত্তর:** গ

২. **প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়-** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক) ১৯১৪ সালের ১০ সেপ্টেম্বর
খ) ১৯১৭ সালের ১৪ আগস্ট
গ) ১৯১৮ সালের ১১ নভেম্বর
ঘ) ১৯২০ সালের ১৯ জুন **উত্তর:** গ

৩. **প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে অস্ট্রিয়ার যুবরাজকে কোন শহরে হত্যা করা হয়েছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ক) প্রাজ খ) সারায়েভো
গ) জাগরেব ঘ) সালজবুরগ **উত্তর:** খ

৪. **প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার: ০৬]
ক) রুজভেল্ট খ) লিংকন
গ) উড্রো উইলসন ঘ) আইসেন হাওয়ার **উত্তর:** গ

৫. **U-Boats কোন দেশের নৌবাহিনীর অন্তর্ভুক্ত ছিল?** [ঢাবি (খ ইউনিট): ০৭-০৮]
ক) ব্রিটেন খ) মার্কিন যুক্তরাষ্ট্র
গ) সোভিয়েত ইউনিয়ন ঘ) জার্মানি **উত্তর:** ঘ

৬. **'কাইজার' কোন দেশের প্রাচীন রাজাদের বলা হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ক) জাপান খ) চীন
গ) জার্মানি ঘ) ইরাক **উত্তর:** গ

ভার্সাই চুক্তি (Treaty of Versailles)

ফ্রান্সের ভার্সাই নগরীতে ১৯১৯ সালের ২৮ জুন জার্মানির ওপর কিছু অনৈতিক শর্ত চাপিয়ে দেয়ার মাধ্যমে স্বাক্ষরিত হয় ভার্সাই চুক্তি। কম্পেইনের বনাঞ্চলে ট্রেনের বগিতে বসে করা অস্ত্রবিরতি চুক্তির পরবর্তী ধাপ হিসেবে করা হয় এই চুক্তি। এই চুক্তিতে রাজনৈতিক, ভৌগোলিক, ঔপনিবেশিক, সামরিক, অর্থনৈতিক প্রতিটি ক্ষেত্রে জার্মানিকে হেয়প্রতিপন্ন করে।

জাতিপুঞ্জ (League of Nations)

১৯১৮ সালে মার্কিন রাষ্ট্রপতি উড্রো উইলসন ন্যায় ও নিরপেক্ষতার ভিত্তিতে দীর্ঘকাল স্থায়ী শান্তি স্থাপনের লক্ষ্যে ১৪ দফা নীতি ঘোষণা করেন। এই চতুর্দশ নীতির ১৪ নং ধারায় বিশ্বশান্তি রক্ষার জন্য তিনি একটি আন্তর্জাতিক সংগঠন গড়ে তোলার প্রস্তাব করেন। তাঁর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ভার্সাই চুক্তিতে 'জাতিপুঞ্জের গঠনতন্ত্র' গৃহীত হয়। ১০ জানুয়ারি, ১৯২০ ভার্সাই চুক্তি কার্যকর হলে ৪২টি দেশ নিয়ে যাত্রা শুরু হয় জাতিপুঞ্জের। সুইজারল্যান্ডের জেনেভায় সদর দপ্তর স্থাপিত হয়। জাতিপুঞ্জের সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গসংস্থা ছিল কাউন্সিল। কাউন্সিলের স্থায়ী সদস্য ছিল ৪। যথা- যুক্তরাজ্য, ফ্রান্স, ইতালি এবং জাপান। ১৯২৬ সালে জার্মানি এবং ১৯৩৪ সালে সোভিয়েত ইউনিয়ন কাউন্সিলের স্থায়ী সদস্যপদ লাভ করে। লীগ অব নেশনস এর গঠনতন্ত্র মোতাবেক ১৯১৯ সালে আন্তর্জাতিক শ্রম সংস্থা (International Labour Organization - ILO) এবং ১৯২০ সালে স্থায়ী আন্তর্জাতিক বিচারালয় (Permanent Court of International Justice) গঠিত হয়। মার্কিন সিনেট ভার্সাই চুক্তি অনুমোদন না করায় যুক্তরাষ্ট্র জাতিপুঞ্জে যোগ দিতে পারে নি। সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৯২৭ সালে ILO এর উদ্যোগে প্রতিষ্ঠিত হয় International Social Security Association (ISSA)।

MCQ Solution

১. **ভার্সাই নগরী কোন দেশে অবস্থিত?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক) জার্মানি খ) ফ্রান্স
গ) ইংল্যান্ড ঘ) আমেরিকা **উত্তর:** খ

২. **প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?** [বাংলাদেশ গ্যাস ফিল্ড সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): ২১]
ক) সেভার্স চুক্তি খ) লুজেন চুক্তি
গ) ভার্সাই চুক্তি ঘ) প্যারিস চুক্তি **উত্তর:** গ

৩. **ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?** [জবি (খ ইউনিট): ০৯-১০]
ক) ১৯২৮ খ) ১৯৪৫
গ) ১৯৬২ ঘ) ১৯১৯ **উত্তর:** ঘ

৪. **মিত্র শক্তি ভার্সাই সন্ধি করে** - [জাবি (সি ইউনিট): ১৯-২০]
ক) অস্ট্রিয়ার সঙ্গে খ) বুলগেরিয়ার সঙ্গে
গ) তুরস্কের সঙ্গে ঘ) কোনটিই নয় **উত্তর:** ঘ

৫. **'লীগ অব নেশনস' স্থাপনে কে অগ্রণী ভূমিকা পালন করেন?** [সাব-রেজিস্ট্রার: ০১]
ক) প্রেসিডেন্ট উইলসন খ) প্রেসিডেন্ট রুজভেল্ট
গ) জেনারেল স্মাটস ঘ) উইন্সটন চার্চিল **উত্তর:** ক

৬. **মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন বিখ্যাত হয়েছিলেন কেন?** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক) ১৪ দফা ঘোষণা খ) স্ট্যাচু অব লিবার্টি বক্তৃতা
গ) অ- হস্তক্ষেপ তত্ত্ব ঘ) কোনোটি নয় **উত্তর:** ক

৭. **প্রেসিডেন্ট-উড্রো উইলসনের ১৪ points এ কত নম্বর point এ জাতিপুঞ্জের সৃষ্টির কথা উল্লেখ করা হয়েছে?** [৩৬তম বিসিএস]
ⓚ ৯ ⓚ ১২
ⓖ ১৩ ⓖ ১৪ **উত্তর: ঘ**

৮. **'লীগ অব নেশনস'-এর জন্ম-** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ⓚ ১৯২০ সালে ⓚ ১৯২১ সালে
ⓖ ১৯২২ সালে ⓖ ১৯২৪ সালে **উত্তর: ক**

৯. **জাতিপুঞ্জ (League of Nations) গঠনের সময় সদস্য দেশের সংখ্যা ছিল?** [থানা শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ ৩৮ ⓚ ৪০
ⓖ ৪২ ⓖ ৪৪ **উত্তর: গ**

১০. **কোন দেশটি 'লীগ অব নেশনস'-এর স্থায়ী সদস্য ছিল না?** [সওজ অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী (সিভিল): ০৩]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ ফ্রান্স ⓖ চীন **উত্তর: ক, ঘ**

১১. **Permanent court of International Justice was established under-** [JU (F Unit): 16-17]
ⓐ UNO ⓑ League of Nations
ⓒ European Union ⓓ None **Ans. b**

১২. **International Labour Organization was established in-** [Pubali Bank Ltd. Senior Officer: 10]
Or,
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) কোন সালে গঠিত হয়? [যুব উন্নয়ন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]
ⓚ ১৯১৯ সালে ⓚ ১৯২০ সালে
ⓖ ১৯২১ সালে ⓖ ১৯২২ সালে **উত্তর: ক**


১৩. **When was the International Social Security Association (ISSA) formed?** [Janata Bank Ltd. Asst. Executive Officer: 19]
ⓐ 1915 ⓑ 1946
ⓒ 1935 ⓓ 1927 **Ans. d**

রুশ বিপ্লব (Russian Revolution), ১৯১৭ - ১৯২৩

ফেব্রুয়ারি বিপ্লব: ১৯১৭ সালের ফেব্রুয়ারি মাসে (গ্রেগরিয়ান বর্ষপুঞ্জী অনুযায়ী মার্চ মাস) পেট্রোগ্রাডে শ্রমিক ধর্মঘট শুরু হয়। জার দ্বিতীয় নিকোলাস বিদ্রোহ দমনে ব্যর্থ হয়ে পদত্যাগ করলে রাশিয়ায় জার শাসনের অবসান হয়। ডুমা বা জাতীয় পরিষদ একটি অস্থায়ী সরকার গঠন করে। ওই সরকার ছিল মূলত বুর্জোয়া বা মধ্যবিত্ত শ্রেণি দ্বারা গঠিত।

বলশেভিক বিপ্লব: 'অস্থায়ী রাশিয়ান সরকার' জনগণের দাবি পূরণে ব্যর্থ হলে দেশে তীব্র অসন্তোষ দেখা দেয়। ১৯১৭ সালে অক্টোবর বিপ্লবের (গ্রেগরিয়ান বর্ষপুঞ্জী অনুসারে নভেম্বর) মধ্য দিয়ে ভ্লাদিমির ইলিচ লেনিনের নেতৃত্বাধীন বলশেভিক (কমিউনিস্ট) পার্টি ও শ্রমিকেরা পেট্রোগ্রাদের অন্তবর্তীকালীন সরকারকে উৎখাত করে রাশিয়ায় একটি সমাজতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করে। সাড়া জাগানো এ বিপ্লবের স্থায়িত্ব ছিল মাত্র ১০ দিন।


রাশিয়ার গৃহযুদ্ধ (১৯১৭ - ১৯২২ খ্রি.): লেনিন মার্কসবাদে বিশ্বাসী ছিলেন। মার্কসীয় অর্থনৈতিক বিশ্লেষণের ভিত্তিতেই লেনিন তার সাম্যবাদী আন্দোলনের গোড়াপত্তন করেন। লেনিন সাম্রাজ্যবাদ (Imperialism) কে ধনতন্ত্রের সর্বোচ্চ পর্যায় (Highest stage of Capitalism) বলে অভিহিত করতেন।


ভ্লাদিমির লেনিন

তিনি ১৯১৮ সালের ১২ মার্চ রাশিয়ার রাজধানী পেট্রোগ্রাড হতে মস্কোয় স্থানান্তর করেন। ১৯২২ সালে রাশিয়ার গৃহযুদ্ধের অবসান হলে বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র আত্মপ্রকাশ করে 'সোভিয়েত ইউনিয়ন'। ১৯২৪ সালের লেনিনের মৃত্যু হলে তাঁর মরদেহ মস্কোর রেড স্কোয়ারে লেনিন জাদুঘরে জনসম্মুখে প্রদর্শণের জন্য সংরক্ষণ করা হয়।

মার্কসবাদ

কার্ল মার্কস ১৮১৮ সালের ৫ মে জার্মান ফেডারেশনে জন্মগ্রহণ করেন। তাঁর গুরুত্বপূর্ণ রচনাগুলোর মাঝে রয়েছে The Poverty of Philosophy ও Das Kapital (৩ খণ্ড) গ্রন্থ এবং ফ্রিডরিখ এঙ্গেলসের সাথে যৌথভাবে রচিত রাজনৈতিক পুস্তিকা 'কমিউনিস্ট ইশতেহার' (Communist Manifesto)। 'Das Kapital' সমাজতন্ত্রের বাইবেল নামে পরিচিত। মার্কসের মতে, অর্থনীতি রাজনৈতিক কাঠামো নির্ধারণ করে। তিনি বিশ্বাস করতেন, "দার্শনিকগণ এতদিন সমাজের ব্যাখ্যাই করেছেন, এখন প্রয়োজন এটা পরিবর্তন করা।" তিনি সমাজ ব্যবস্থা বিশেষ করে ধনতান্ত্রিক ব্যবস্থার শোষণ, নির্যাতন ও



বঞ্চনার বিপরীতে শোষণহীন সাম্যবাদী আদর্শের বাস্তবসম্মত সমাজের বৈজ্ঞানিক ভিত্তি প্রদানের লক্ষ্যে একটি রূপরেখা প্রণয়ন করেন। তাঁর এই দর্শন মার্কসবাদ (Marxism) নামে খ্যাত। কার্ল মার্কস এর বিশ্লেষণকে 'বৈজ্ঞানিক সমাজতন্ত্র' হিসেবেও অভিহিত করা হয়। মার্কসবাদকে মোটামুটি পাঁচটি স্তরে বিভক্ত করা যায়। যথা: দ্বান্দ্বিক বস্তুবাদ (Dialectical Materialism), ঐতিহাসিক বস্তুবাদ (Historical materialism), শ্রেণী সংগ্রাম তত্ত্ব (Class Struggle), উদ্বৃত্ত মূল্যতত্ত্ব (Surplus value theory) এবং সাম্যবাদ। তাঁর মতে, "মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণি সংগ্রামের ইতিহাস"। কার্ল মার্কসের বিখ্যাত উক্তি "উৎপাদন পদ্ধতি সংস্কৃতিকে নির্ধারণ করে।" "Workers of the world, unite!"। ১৮৮৩ সালের ১৪ মার্চ তিনি লন্ডনে পরলোকগমন করেন।

রুশ বিপ্লবের ফলাফল: (১) রাশিয়ার রোমানভ বংশীয় জার শাসনের অবসান ঘটে। (২) রাশিয়া প্রথম বিশ্বযুদ্ধ ত্যাগ করে। (৩) রুশ উপনিবেশ 'ফিনল্যান্ড' স্বাধীনতা লাভ করে।

MCQ Solution

১. **রাশিয়ায় জারতন্ত্রের অবসান ঘটে কবে?** [জাবি (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ক) ১৯১৫ খ্রিষ্টাব্দে খ) ১৯১৭ খ্রিষ্টাব্দে
গ) ১৯২০ খ্রিষ্টাব্দে ঘ) ১৯২৭ খ্রিষ্টাব্দে **উত্তর:** খ

২. **রুশ বিপ্লব বা বলশেভিক বিপ্লব কোন সালে সংঘটিত হয়?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক) ১৯১৫ খ) ১৯১৭
গ) ১৯১৮ ঘ) ১৯২৫ **উত্তর:** খ

৩. **অক্টোবর সমাজতান্ত্রিক বিপ্লব কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়?** [চবি (বি ইউনিট): ১৭-১৮]
ক) ১৯১৭ খ্রি. খ) ১৮৫৭ খ্রি.
গ) ১৮৪৯ খ্রি. ঘ) ১৭৫৭ খ্রি. **উত্তর:** ক

৪. **রুশ বিপ্লবে নেতৃত্বদানকারী দল-** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অফিস সহকারী: ২১]
ক) নাৎসী পার্টি খ) বলশেভিক পার্টি
গ) মিনশেভিক পার্টি ঘ) কমিউনিষ্ট পার্টি **উত্তর:** খ

৫. **'অক্টোবর বিপ্লব' কোন দেশে সংঘটিত হয়েছিল?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক) জার্মানি খ) ফ্রান্স
গ) রাশিয়া ঘ) যুক্তরাষ্ট্র **উত্তর:** গ

৬. **অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দিয়েছেন** - [৩৮তম বিসিএস]
ক) কার্ল মার্কস খ) ফ্রেডরিক এঙ্গেলস
গ) ভি. আই. লেনিন ঘ) মাও সে তুং **উত্তর:** গ

৭. **১৯১৮ সালের পূর্বে রাশিয়ার রাজধানী কোথায় ছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ক) সুরগুড খ) কোটলাস
গ) পেট্রোগ্রাড ঘ) ভলগাদা **উত্তর:** গ

৮. **পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশের নাম কী?** [চবি (খ ইউনিট): ০৮-০৯]
ক) ভিয়েতনাম খ) সোভিয়েত রাশিয়া
গ) ফ্রান্স ঘ) চীন **উত্তর:** খ

৯. **"Imperialism, the Highest Stage of Capitalism" বইটি কার?** [৩৮তম বিসিএস]
ক) টমাস হবসন খ) ভি. আই লেনিন
গ) কার্ল মার্কস ঘ) এন্টিনিও গ্রামসি **উত্তর:** খ

১০. **কোন বিখ্যাত নেতার মরদেহ এখনো সংরক্ষণ করা আছে?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ক) কার্ল মার্ক্স খ) ভ্লাদিমির ইলিচ লেনিন
গ) হো চি মিন ঘ) উড্রো উইলসন **উত্তর:** খ

১১. **মার্কসবাদের প্রণেতা কার্ল মার্কসের জন্ম কোন দেশে?** [খুবি (বি ইউনিট): ১৯-২০]
ক) ফ্রান্স খ) জার্মানি
গ) রাশিয়া ঘ) ইংল্যান্ড **উত্তর:** খ

১২. **কার্ল মার্কস কোন দেশের অর্থনীতিবিদ ছিলেন?** [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ক) রাশিয়া খ) ব্রিটেন
গ) ফ্রান্স ঘ) জার্মানি **উত্তর:** ঘ

১৩. **কার্ল মার্কস কোন দেশে মৃত্যুবরণ করেন?** [৩১তম বিসিএস]
ক) জার্মানি খ) ফ্রান্স
গ) যুক্তরাজ্য ঘ) রাশিয়া **উত্তর:** গ

১৪. **The poverty of Philosophy গ্রন্থের লেখক -** [CU (D Unit): 04-05]
ⓐ G.W. Hegel ⓑ Friedrich Nietzsche
ⓒ Friedrich Engels ⓓ Karl Max **Ans.** d

১৫. **কার্ল মার্কস নিম্নের কোন বইটির রচয়িতা?** [চবি (বি) ইউনিট): ১৫-১৬]
ক) Das Capital খ) Theory of Economics
গ) Democracy ঘ) Economics **উত্তর:** ক

১৬. **'Communist Manifesto'- গ্রন্থের রচয়িতা কে?** [ইবি (সি ইউনিট): ১১-১২]
ক) রুশো খ) মার্কস
গ) লেনিন ঘ) মাও সেতুং **উত্তর:** খ

১৭. **কোন মতাদর্শ অনুযায়ী, অর্থনীতি রাজনৈতিক কাঠামো নির্ধারণ করে?** [শাবিপ্রবি (এ ইউনিট): ১৩-১৪]
ক) উদারতাবাদ খ) ফ্যাসীবাদ
গ) রক্ষণশীলতাবাদ ঘ) মার্কসবাদ **উত্তর:** ঘ

১৮. **সমাজতন্ত্র সম্পর্কিত কার্ল মার্কস এর বিশ্লেষণকে কি নামে অভিহিত করা হয়েছে?** [শাবিপ্রবি (বি ইউনিট): ০২-০৩]
ক) কাল্পনিক সমাজতন্ত্র খ) বৈজ্ঞানিক সমাজতন্ত্র
গ) সাম্রাজ্যবাদ ঘ) বিশ্বায়নবাদ **উত্তর:** খ

১৯. **অর্থনীতির সমাজতান্ত্রিক মতবাদের প্রবক্তা কে?** [ববি (খ ইউনিট): ১৫-১৬]
ক) মার্শাল খ) কার্ল মার্কস
গ) এল. রবিন্স ঘ) কেইন্স **উত্তর:** খ

২০. **'দ্বন্দ্বাত্মক বস্তুবাদ' তত্ত্বের প্রবক্তা** - [ঢাবি (খ ইউনিট): ০৬-০৭]
ক) লেনিন খ) ফিদেল কাস্ত্রো
গ) কার্ল মার্কস ঘ) মাও সেতুং **উত্তর:** গ

২১. **Which one of the following theories of Communism is not a Doctrine of Kal Marx?** [Probashi Kallyan Bank Senior Officer: 21]
ⓐ Class Struggle
ⓑ Historical materialism
ⓒ Dialectical Materialism
ⓓ Theory of New Democracy **Ans.** d

২২. **Class relations and societal conflict is the key understanding of -**
ⓐ Feminism ⓑ Formalism
ⓒ Structuralism ⓓ Marxism **Ans.** d

২৩. **'মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণি সংগ্রামের ইতিহাস'- উক্তিটি কার?** [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ⓚ কার্ল মার্কস ⓚ লেনিন
ⓖ চেগুয়েরা ⓖ এডাম স্থিথ **উত্তর:** ক

২৪. **"আজ পর্যন্ত যত সমাজ দেখা গেছে, তাদের প্রত্যেকের ইতিহাস শ্রেণি সংগ্রামের ইতিহাস"- উক্তিটি কার?** [চবি (ডি ইউনিট): ১১-১২]
ⓚ অগাস্ট কোঁৎ ⓚ আব্রাহাম লিংকন
ⓖ কার্ল মার্ক্স ⓖ হারবার্ট স্পেন্সর **উত্তর:** গ

২৫. **'দার্শনিকগণ এতদিন সমাজের ব্যাখ্যাই করেছেন, এখন প্রয়োজন এটা পরিবর্তন করা।' কে বলেছেন?** [ববি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ বালজাক ⓚ এরিস্টটল
ⓖ জাক দেরিদা ⓖ কার্ল মার্কস **উত্তর:** ঘ

২৬. **'উৎপাদন পদ্ধতি সংস্কৃতিকে নির্ধারণ করে'- এ উক্তিটি কার?** [ঢাবি (খ ইউনিট): ৯৬-৯৭]
ⓚ মার্কস ⓚ টেইলর
ⓖ হেগেল ⓖ ক্রোবার **উত্তর:** ক

২৭. **পুঁজি হলো পুঁজিবাদের হাতে শ্রমিক শোষণের হাতিয়ার- কার উক্তি?** [ইবি (সি ইউনিট): ০৭-০৮]
ⓚ লেনিন ⓚ উইলিয়াম ফ্রাঙ্কলিন
ⓖ রুজভেল্ট ⓖ কার্লমার্ক্স **উত্তর:** ঘ

২৮. **Workers of the World, Unite! এ কথা বলেছিলেন-** [ঢাবি (খ ইউনিট): ৯৭-৯৮]
ⓚ জন এফ কেনেডি ⓚ উইলিয়াম শেক্সপীয়ার
ⓖ কার্ল মার্কস ⓖ লিও টলস্টয় **উত্তর:** গ

২৯. **উদ্বৃত্ত মূল্য তত্ত্বের প্রবর্তক-** [কাজী নজরুল বিশ্ব. (ই ইউনিট): ০৮-০৯]
ⓚ কার্ল মার্কস ⓚ ফ্রেডারিক এঙ্গেলস
ⓖ হবস্ ⓖ জন লক **উত্তর:** ক

৩০. **ফিনল্যান্ড কোন দেশের উপনিবেশ ছিল?** [৪১তম বিসিএস]
ⓚ রাশিয়া ⓚ ডেনমার্ক
ⓖ সুইডেন ⓖ ইংল্যান্ড **উত্তর:** ক

৪ মে আন্দোলন (১৯১৯)

প্রথম বিশ্বযুদ্ধে চীন মিত্রশক্তিকে সমর্থন দেয়। কিন্তু যুদ্ধ শেষে সম্পাদিত ভার্সাই চুক্তিতে চীনের শ্যানডং অঞ্চলে জাপানের অধিকার প্রতিষ্ঠিত হয়। চীনা সরকারের দুর্বল প্রতিক্রিয়ার পরিপ্রেক্ষিতে ১৯১৯ সালের ৪ মে বেইজিংয়ে ছাত্ররা একটি সাম্রাজ্যবিরোধী, সাংস্কৃতিক ও রাজনৈতিক আন্দোলন শুরু করে। এই আন্দোলনের ফলে ১৯২১ সালের ১ জুলাই চীনা কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়।

উসমানিয়া সাম্রাজ্যের বিলুপ্তি
Dissolution of the Ottoman Empire

প্রথম বিশ্বযুদ্ধের পর তুরস্কে স্বাধীনতা সংগ্রাম শুরু হয়। ১৯২২ সালের ১ নভেম্বর অটোমান সালতানাত বিলুপ্ত করা হয় এবং শেষ সুলতান ষষ্ঠ মুহাম্মদ দেশ ছেড়ে চলে যান। সালতানাত বিলুপ্ত করা হলেও এ সময় খিলাফত বিলুপ্ত করা হয় নি। ষষ্ঠ মুহাম্মদের স্থলে দ্বিতীয় আবদুল মজিদ খলিফার পদে বসেন। কামাল আতাতুর্ক ১৯২৪ সালের ৩ মার্চ খিলাফত বিলুপ্ত করলে শেষ খলিফা দ্বিতীয় আবদুল মজিদ দেশত্যাগ করে। তুরস্কের স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দেন মোস্তফা কামাল পাশা। তাঁকে আধুনিক তুরস্কের জনক বলা হয়। তিনি 'কামাল আতাতুর্ক' নামে সমধিক পরিচিত।

প্যারিস প্যাক্ট (Pact of Paris)

২৭ আগস্ট, ১৯২৮ চুক্তিটি স্বাক্ষরিত হয়। জার্মানি, ফ্রান্স, যুক্তরাষ্ট্রসহ সমসাময়িক বিশ্বের প্রধান পরাশক্তিসমূহ এই চুক্তিতে স্বাক্ষর করে। চুক্তিতে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধ করা হয়। এটি ছিল প্রথম বিশ্বযুদ্ধের পর শান্তিরক্ষায় গৃহীত সবচেয়ে বড় পদক্ষেপ।

MCQ Solution

১. **চীনে '৪ মে আন্দোলন' সংঘটিত হয় -** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ১৯১৭ সালে ⓚ ১৯১৮ সালে
ⓖ ১৯১৯ সালে ⓖ ১৮০৪ সালে **উত্তর:** গ

২. **অটোম্যান সাম্রাজ্যের পতন ঘটে কোন সালে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সিকিউরিটি অফিসার: ২১]
ⓚ ১৯২১ ⓚ ১৯২২
ⓖ ১৯২৩ ⓖ ১৯২৪ **উত্তর:** খ

৩. **কোন সালে তুরস্কে খেলাফতের অবসান হয়?** [ঢাবি (খ ইউনিট): ০১-০২]
ⓚ ১৯১০ ⓚ ১৯১৪
ⓖ ১৯২০ ⓖ ১৯২২ **উত্তর:**
ব্যাখ্যা: তুরস্কে অটোমান সালতানাতের পতন হয় ১৯২২ এবং ১৯২৪ সালে খিলাফতের বিলুপ্তি ঘোষণা করা হয়।

৪. **খিলাফতের বিলুপ্তি ঘোষণা করা হয় -** [রাবি (A3 ইউনিট): ১২-১৩]
ⓚ তুরস্কে ⓚ স্পেনে
ⓖ সৌদি আরবে ⓖ ইরানে **উত্তর:** ক

৫. **কামাল আতাতুর্ক কোন দেশের নেতা ছিলেন-** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ মিশর ⓚ তুরস্ক
ⓖ ইরাক ⓖ ইরান **উত্তর:** খ

৬. **আধুনিক তুরস্কের জনক-** [আবহাওয়া অধিদপ্তরে সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ⓚ আনোয়ার পাশা ⓚ জেনারেল তুরগত ওজা
ⓖ হারুন-অর-রশীদ ⓖ কামাল পাশা **উত্তর:** ঘ

৭. **আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয় -** [২৪তম বিসিএস]
ⓚ ১৯২৭ সনের ১২ আগস্ট
ⓚ ১৯২৮ সনের ২৭ আগস্ট
ⓖ ১৯২৮ সনের ৩ নভেম্বর
ⓖ ১৯২৯ সনের ৫ জানুয়ারি **উত্তর:** খ

দ্বিতীয় বিশ্বযুদ্ধ
World War II

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পটভূমি

মুসোলিনীর উত্থান: ১৯২২ সালে ইতালির ক্ষমতায় অধিষ্ঠিত হন ফ্যাসিস্ট পার্টির নেতা মুসোলিনি। প্রথমে প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতায় আসলেও সময়ের আবর্তে তিনি এক প্রভাবশালী স্বৈরশাসক বনে যান। তার ব্যক্তিগত বাহিনী 'ব্ল্যাক শার্টস' নির্মমভাবে বিরোধিতাকারীদের দমন করে। তিনি বিশ্বাস করতেন, "এককালীন শান্তি সম্ভব নয়, সঙ্গতও নয়।"



বেনিটো মুসোলিনী

পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রবর্তন: বিশ্বের প্রথম দেশ হিসেবে অর্থনৈতিক পরিকল্পনার প্রণয়ন করে সোভিয়েত ইউনিয়ন। ১৯২৮ সালে সোভিয়েত কমিউনিস্ট পার্টির নেতা জোসেফ স্ট্যালিন সোভিয়েত ইউনিয়নে পঞ্চবার্ষিকী অর্থনৈতিক পরিকল্পনা বাস্তবায়ন শুরু করেন। ১৯৩০ সালে দেশটি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠে।

মহামন্দা (১৯২৯ -১৯৩৯ খ্রি.): ১৯২৯ সাল থেকে বিশ্ব অর্থনীতিতে বিশেষ করে পুঁজিবাদী দেশগুলোতে একটি বড় আকারের ছন্দপতন ঘটে। অর্থনৈতিক বিশ্লেষকরা এই ছন্দপতনকে মহামন্দা (Great Depression) হিসেবে চিহ্নিত করেন। ১৯২৯ সালের ২৪ অক্টোবর বৃহস্পতিবার নিউইয়র্কের ওয়াল স্ট্রিট স্টক এক্সচেঞ্জটি হঠাৎ করেই বন্ধ হয়ে যায়। শেয়ারের দাম এতই নিম্নগামী হয়েছিল যে, স্টক এক্সচেঞ্জটি বন্ধ করে দিতে বাধ্য হন উদ্যোক্তারা। পাশ্চাত্যের সমকালীন ইতিহাসে এই দিনটি কালো বৃহস্পতিবার (Black Thursday) নামে পরিচিত। মার্কিন যুক্তরাষ্ট্রে স্টক বাজারে দরপতনের পর বিশ্বব্যাপী অর্থনৈতিক মহামন্দা শুরু হয়। পুঁজিবাদী ব্যবস্থার নিয়মই হচ্ছে এখানে মাঝে মাঝে মন্দাভাব দেখা দেয়। ঝড়ের বেগে মন্দাভাব পুরো বিশ্ব অর্থনীতিকে গ্রাস করে। মহামন্দা মোকাবেলার জন্য মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট নিউ ডিল (New Deal) ব্যবস্থা প্রবর্তন করেন। রুজভেল্ট বিশ্বাস করতেন, "অর্থনৈতিক স্বাধীনতা মানে অভাব থেকে মুক্তি।" কিছু দেশের অর্থনীতি ১৯৩০ এর দশকের মাঝামাঝিতে পূর্বের অবস্থায় ফিরে আসলেও অনেক দেশের অর্থনীতিতে মহামন্দার প্রভাব ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরু পর্যন্ত।

হিটলারের উত্থান: ভার্সাই চুক্তির কিছু শর্ত এমনভাবে দাঁড় করানো হয় যে যেকোনোভাবে জার্মানি যাতে ঘুরে দাঁড়াতে না পারে। জার্মানরা নিজেদের দুরবস্থার কথা বুঝতে পারে এবং সোচ্চার হয়ে ওঠে। হিটলারের নেতৃত্বাধীন জাতীয় সমাজতান্ত্রিক জার্মান শ্রমিক দল (National Socialist German Workers' Party) সংক্ষেপে নাৎসি পার্টি (Nazi Party) এর নেতারা জার্মানির মানুষকে বুঝিয়ে বৈপ্লবিক অবস্থানে নিয়ে যায়। হিটলার তার আত্মজীবনীমূলক গ্রন্থ *Mein Kampf* (মেইন ক্যাম্প) এ নাৎসি দলের ইশতাহার সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। মহামন্দা বিভিন্ন দেশে দুরবস্থা সৃষ্টি করলে নাৎসি পার্টি এর পূর্ণ সুযোগ গ্রহণ করে। নির্বাচনের মাধ্যমেই ১৯৩৩ সালে জার্মানির চ্যান্সেলর পদে অধিষ্ঠিত হন এডলফ হিটলার। হিটলার "এক জাতি, এক রাষ্ট্র, এক নেতা (*One People, One Nation, One Leader*)" মন্ত্রে পুরো জার্মানির উপর কর্তৃত্ব নিশ্চিত করতে সক্ষম হন। নতুন উদ্যমে জার্মান সামরিক বাহিনীর পুনর্গঠন শুরু করেন। গঠন করেন গোপন পুলিশ বাহিনী গেস্টাপো (*Gestapo*)। নাৎসি শাসনের জন্য যাকেই হুমকিস্বরূপ মনে হতো তাকেই গেস্টাপো ধরে নিয়ে গিয়ে অবর্ণনীয় নির্যাতন করত।



এডলফ হিটলার

স্পেনের গৃহযুদ্ধ (১৯৩৬-১৯৩৯ খ্রি.): স্পেনের দুটি পক্ষের দ্বন্দ্ব থেকে গৃহযুদ্ধের উপক্রম হলে জাতীয়তাবাদী সামরিক নেতা জেনারেল ফ্রান্সিসকো ফ্রাঙ্কোকে অ্যাডলফ হিটলার ও বেনিটো মুসোলিনির পক্ষ থেকে অকুণ্ঠ সমর্থন দেয়া হয়। অন্যদিকে স্প্যানিশ রিপাবলিকের পক্ষে লড়তে থাকা পক্ষকে সমর্থন দেয় সোভিয়েত ইউনিয়ন। গৃহযুদ্ধে জাতীয়তাবাদীরা জয়ী হলে ক্ষমতায় আসেন জেনারেল ফ্রান্সিস্কো ফ্রাঙ্কো।

MCQ Solution

১. **বেনিটো মুসোলিনি কোন দেশের নেতা ছিলেন?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ⓚ ফ্রান্স ⓛ ব্রিটেন
ⓖ ইতালি ⓜ পর্তুগাল **উত্তর: গ**

২. **'ফ্যাসিজম' এর প্রবর্তক কে?** [বিটিভি'র সহকারী প্রকৌশলী (সিভিল): ১৭]
ⓚ গর্বাচেভ ⓚ মুসোলিনি
ⓖ হিটলার ⓖ মাও সে তুং **উত্তর:** খ

৩. **সর্বপ্রথম অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন করে কোন দেশ?** [চবি (বি৭ ইউনিট): ১৩-১৪]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ সোভিয়েত ইউনিয়ন
ⓖ চীন ⓖ যুক্তরাজ্য **উত্তর:** খ

৪. **পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনার প্রবর্তক দেশ কোনটি?** [চবি (বি ইউনিট): ১৮-১৯]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ রাশিয়া ⓖ জার্মানি **উত্তর:** গ

৫. **'The Great Depression' is historically linked with- /'মহামন্দা' কোন দেশের সাথে সম্পর্কিত?** [Pubali Bank Ltd. Junior Officer/Officer (Cash): 14]
ⓐ USA ⓑ UK
ⓒ France ⓓ Japan **Ans.** a

৬. **'গ্রেট ডিপ্রেশান' বলতে কী বোঝায়?** [ঢাবি (ঘ ইউনিট): ৯৯-০০]
ⓚ দুই মহাযুদ্ধ ⓚ প্লেগ মহামারি
ⓖ বিংশ শতাব্দীর ত্রিশের অস্থিতিশীলতা
ⓖ ইউরোপ রাজনৈতিক অস্থিতিশীলতা **উত্তর:**-গ

৭. **In which year the world experienced the great depression for the first time?** [Premier Bank Ltd. Trainee Junior Officer: 20]
ⓐ 1927 ⓑ 1930
ⓒ 1941 ⓓ None **Ans.** b

৮. **কোন সময়ে আমেরিকায় অর্থনৈতিক মহামন্দা দেখা দেয়?** [রাবি (মার্কেটিং বিভাগ): ০৪-০৫]
ⓚ ১৯১৮ থেকে ১৯৩৩
ⓚ ১৯২৮ থেকে ১৯৩৩
ⓖ ১৯২৮ থেকে ১৯৪০
ⓖ ১৮২৮ থেকে ১৮৩৩ **উত্তর:** গ

৯. **মহামন্দা মোকাবিলার জন্য যে মার্কিন প্রেসিডেন্ট নিউ ডিল ব্যবস্থা প্রবর্তন করেন-** [জবি (খ ইউনিট): ০৭-০৮]
ⓚ হুভার ⓚ ফ্রাঙ্কলিন রুজভেল্ট
ⓖ নিক্সন ⓖ উইলসন **উত্তর:** ঘ

১০. ***'Mein-Kampf'* author-** [IBBL Probationary Officer: 10] *Or,*
'মেইন ক্যাম্প' এর লেখক - [রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১৬]
ⓐ Churchill ⓑ Homer
ⓒ Shakespeare ⓓ Hitler **Ans.** d

১১. **Mein-Kampf- কে বলা হয়-** [জবি (বি ইউনিট): ১৭-১৮]
ⓚ ফ্যাসিবাদের বাইবেল
ⓚ গণতন্ত্রের বাইবেল
ⓖ নাৎসীবাদের বাইবেল
ⓖ পুঁজিবাদের বাইবেল **উত্তর:** গ

১২. **কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হন?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓚ ১৯৩৪ ⓚ ১৯৩১
ⓖ ১৯৩২ ⓖ ১৯৩৩ **উত্তর:** ঘ

১৩. **হিটলারের দলের নাম-** [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক অধীনে 'অধীক্ষক': ৯৮]
ⓚ সমাজতান্ত্রিক দল
ⓚ জাতীয়তাবাদী দল
ⓖ জার্মান ফ্যাসীবাদী দল
ⓖ জাতীয় সমাজতান্ত্রিক দল **উত্তর:** ঘ

১৪. **১৯৩৩ সালে জার্মানিতে ক্ষমতায় আসা হিটলারের দলের নাম ছিল-** [চবি (বি-৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ লেবার পার্টি ⓚ ডেমোক্রেটিক পাটি
ⓖ কংগ্রেস পার্টি ⓖ নাৎসি পার্টি **উত্তর:** ঘ

১৫. **'নাৎসিবাদ' এর প্রবর্তক কে?** [চবি (বি ইউনিট): ২০-২১]
ⓚ হিটলার ⓚ মুসোলিনী
ⓖ নেপোলিয়ন ⓖ নিকলসন **উত্তর:** ক

১৬. **"এক জাতি, এক রাষ্ট্র, এক নেতা"- এটা কার নীতি ছিল?** [চবি (ডি ইউনিট): ১৭-১৮]
ⓚ স্ট্যালিন ⓚ লেনিন
ⓖ হিটলার ⓖ মুসোলিনী **উত্তর:** গ

১৭. **হিটলারের গোপন পুলিশ বাহিনীর নাম কি ছিল?** [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ ফুয়েরার ⓚ সি.আই.এ
ⓖ কে.জি.বি ⓖ গেস্টাপো **উত্তর:** ঘ

১৮. **The World War II took place as a result of -** [JU (F Unit): 20-21]
ⓐ An unjust Treaty of Versailles
ⓑ The rise of the Nazi Party in Germany
ⓒ Japan's policy of expansion and imperialism of England or France
ⓓ All of the above **Ans.** d

১৯. **The Spanish Civil War began in the year-** [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ 1914 ⓑ 1920
ⓒ 1936 ⓓ 1945 **Ans.** c

দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১ সেপ্টেম্বর, ১৯৩৯ – ২ সেপ্টেম্বর, ১৯৪৫)

১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর জার্মানির পোল্যান্ড আক্রমণের মধ্য দিয়ে শুরু হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধ। জার্মানরা বিদ্যুৎগতির ব্লিৎসক্রিগ অপারেশন চালিয়ে পোল্যান্ড, নরওয়ে ও ডেনমার্ক দখল করে নেয়। অক্ষশক্তি জার্মানির পক্ষে এবার যোগ দেয় ইতালি, জাপান, হাঙ্গেরি, রুমানিয়া আর বুলগেরিয়া। আর মিত্রশক্তির পুরোভাগে ছিল রাশিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, চীন, কানাডা, অস্ট্রেলিয়া ও ব্রাজিল।

ব্রিটেন যুদ্ধ (১৯৪০ খ্রি.): ইউরোপে হিটলারের অপ্রতিহত অগ্রগতিতে ব্রিটিশ প্রধানমন্ত্রী চেম্বারলেইনের বিরুদ্ধে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় তিনি পদত্যাগ করেন। উইনস্টন চার্চিল ব্রিটেনের নতুন প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন। চার্চিল ক্ষমতা গ্রহণের পর ব্রিটিশ পার্লামেন্টে বলেন, "We shall fight on the beaches"। জার্মান আক্রমণের পরবর্তী লক্ষ্য ছিল ব্রিটেন। বার বার ব্রিটেন আক্রমণের চেষ্টা করেও ব্যর্থ হন হিটলার।

আল আমিন যুদ্ধ: হিটলার ইংরেজদের আফ্রিকায় জব্দ করার ব্যবস্থা করেন। ১৯৪০ সালে ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত মিশর আক্রমণ করে। দুর্ধর্ষ জার্মান সেনানায়ক মরু শেয়াল (The Desert Fox) খ্যাত ফিল্ড মার্শাল রোমেলের সামনে একের পর এক নাকানিচুবানি খেতে থাকে ব্রিটিশরা। এ সময় ব্রিটিশদের নেতৃত্বে আসেন কুশলী সমরনায়ক মন্টেগোমারি। যুদ্ধের মোড় ঘুরে যায়। এবার দুর্দিন দেখতে শুরু করে জার্মানরা। যুদ্ধের ফল বিপক্ষে যায় অক্ষশক্তির।

ফ্রান্স দখলের ৪৪ দিন: ফরাসিরা ফ্রান্স-জার্মান সীমান্তে তখনকার দিনে সবচেয়ে শক্তিশালী প্রতিরক্ষা ব্যবস্থা হিসেবে গড়ে তুলেছিল ম্যাজিনো লাইন। জার্মানির দুর্জয় পাঞ্জার ডিভিশন সুকৌশলে এই ম্যাজিনো লাইন অতিক্রম করে সরাসরি ফ্রান্সের রাজধানী প্যারিসে গিয়ে উপস্থিত হলে মাত্র চুয়াল্লিশ দিনের মাথায় পতন ঘটে ফ্রান্সের। এ সময় ফরাসিদের ত্রাণকর্তার ভূমিকায় আবির্ভূত হন শার্লে দ্য গল। গড়ে তোলেন ফ্রান্সের মুক্তি বাহিনী।


জাপানের পার্ল হারবার আক্রমণ: জাপানের মহাদেশীয় নীতি (Japan's Continental Policy) এর প্রধান লক্ষ্য ছিল প্রতিবেশী দেশ কোরিয়া এবং চীনকে জয় করে পূর্ব এশিয়ায় অধিপত্য বিস্তার করা। দূরপ্রাচ্যের আধিপত্য নিয়ে জাপান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে প্রতিযোগিতা ছিল। ৭ ডিসেম্বর, ১৯৪১ জাপান হাওয়াই দ্বীপের মার্কিন নৌঘাঁটি পাল হারবার আক্রমণ করলে যুক্তরাষ্ট্র মিত্রপক্ষের হয়ে যুদ্ধে যোগ দেয়। পার্ল হারবারে হামলার পরিকল্পনা করেন জাপানের অ্যাডমিরাল (পরবর্তীতে জাপানের সম্মিলিত বাহিনীর সর্বাধিনায়ক) ইসোরোকু ইয়ামামোতো। হামলার পর মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্টের নির্দেশে যুক্তরাষ্ট্রে বসবাসরত লক্ষাধিক জাপানিজ-আমেরিকানকে বিভিন্ন বন্দীশিবিরে অন্তরীণ করে রাখা হয়।

নরম্যান্ডির ডি ডে ল্যান্ডিং: ১৯৪৪ সালের ৬ জুন ইউরোপের মূল ভূখণ্ড জার্মান দখলমুক্ত করার জন্য মিত্রবাহিনীর বিপুল সংখ্যক সেনা ফ্রান্সের নরম্যান্ডিতে অবতরণ করে। এই দিনটি D- Day হিসাবে পালিত হয়। এই সুবিশাল সামরিক অভিযানের নেতা ছিলেন মার্কিন সেনাপতি আইজেনহাওয়ার।

জার্মানির আত্মসমর্পণ: ফরাসি ম্যাজিনো লাইনের বিপরীতে জার্মানরা ফ্রান্স-জার্মান সীমান্তে নির্মাণ করেছিল দুর্ভেদ্য 'সিগফ্রিড লাইন' (Seigfried Line)। মিত্রবাহিনীর আক্রমণে 'সিগফ্রিড লাইন' তছনছ হয়ে যায়। বার্লিনের পতন ঘটে। যুদ্ধ ক্ষেত্র থেকে পালিয়ে যাওয়ার মত কাপুরুষ অ্যাডলফ হিটলার ছিলেন না; তার কাছে "যুদ্ধই জীবন, যুদ্ধই সর্বজনীন"। ৩০ এপ্রিল, ১৯৪৫ বার্লিনের ফুয়েরার বাঙ্কারে সস্ত্রীক আত্মহত্যা করেন। ৮ মে, ১৯৪৫ জার্মান বাহিনী মিত্রবাহিনীর কাছে নিঃশর্ত আত্মসমর্পণ করে। এই দিনটি VE Day (Victory in Europe Day) হিসাবে উদযাপিত হয়। মিত্রবাহিনীর কাছে জার্মানির আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন জার্মান জেনারেল আলফ্রেড জোডল।

হিরোশিমা ও নাগাসাকির ট্র্যাজেডি: জার্মানি যুদ্ধে আত্মসমর্পণ করলেও জাপানের সম্রাট হিরোহিতোর বাহিনী ছিল নাছোড়বান্দা। তারা সমান তালে লড়ে যাচ্ছিল মিত্রবাহিনীর বিরুদ্ধে। এ সময় মানুষের ইতিহাসে সবচেয়ে ন্যক্কারজনক ঘটনার নজির স্থাপন করে যুক্তরাষ্ট্র। ১৯৪৫ সালের ৬ ও ৯ আগস্ট যথাক্রমে জাপানের হিরোশিমা ও নাগাসাকিতে নিক্ষেপ করে লিটল বয় ও ফ্যাট ম্যান নামের দুটি ধ্বংসাত্মক আণবিক বোমা। এনোলা গে নামের বিমান থেকে টমাস ফেরিবি যখন হিরোশিমায় প্রথম পারমাণবিক বোমাটি নিক্ষেপ করে তখন এর ধ্বংসযজ্ঞ দেখে থমকে যায় বিশ্ব মানবতা। স্বয়ং মার্কিন প্রেসিডেন্ট হেনরি এস ট্রুম্যান আণবিক বোমা নিক্ষেপের এ পাশবিক সিদ্ধান্ত দিয়েছিলেন। ৯ আগস্ট সোভিয়েত সরকারও জাপানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। দুটি আঘাত সইতে না পেরেই ১৯৪৫ সালের ১৫ আগস্ট জাপান নিঃশর্ত আত্মসমর্পণের ঘোষণা দেয়। ২ সেপ্টেম্বর, ১৯৪৫ জাপান আনুষ্ঠানিকভাবে আত্মসমর্পণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হবার পর তৎকালীন সোভিয়েত ইউনিয়ন জাপানের কাছ থেকে কুরিল দ্বীপপুঞ্জ দখল করে নেয়। সেই থেকে এই দ্বীপপুঞ্জ দু দেশের মধ্যে বিরোধের একটা কেন্দ্রবিন্দু হয়েছে।


জাপানের সম্রাট হিরোহিতো



MCQ Solution

১. **World War II in Europe was outbreak by the German invasion of-** [SIBL Probationary Officer: 14]
ⓐ Russia ⓑ Poland
ⓒ Croatia ⓓ France **Ans. b**

২. **হিটলার কর্তৃক কোন দেশ আক্রমণ দ্বিতীয় মহাযুদ্ধের প্রত্যক্ষ কারণ?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর: ১৪]
ক অস্ট্রিয়া খ চেকোশ্লোভাকিয়া
গ রাশিয়া ঘ পোল্যান্ড **উত্তর: ঘ**

৩. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-** [বাংলাদেশ প্রতিযোগীতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক ১ সেপ্টেম্বর, ১৯৩৯ খ ১ নভেম্বর, ১৯৪০
গ ১ ডিসেম্বর, ১৯৩৭ ঘ ১ অক্টোবর, ১৯৩৫ **উত্তর: ক**

৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় 'জাপান-জার্মানি-ইতালি' এই তিন শক্তিকে একত্রে বলা হত-** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ): ০৮-০৯]
ক মিত্র শক্তি খ অক্ষশক্তি
গ যুগ্ম শক্তি ঘ অশ্ব শক্তি **উত্তর: খ**

৫. **কোন দেশটি দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে অক্ষশক্তি ছিল না?** [ঢাবি (খ ইউনিট): ০০-০১]
ক জার্মান খ ফ্রান্স
গ ইতালি ঘ জাপান **উত্তর: খ**

৬. **হিটলারের সেনাবাহিনী কোন রণনীতির কারণে চমকপ্রদ বিজয় লাভ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম নয় মাসে নিজেদের অবস্থান দৃঢ় করে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক ব্লিৎসক্রিগ রণনীতি
খ নৌ অবরোধ রণনীতি
গ শত্রুকে ধোকায় রাখার রণনীতি
ঘ ম্যাজিনো লাইন দুর্ভেদ্যতা নীতি **উত্তর: ক**

৭. **ম্যানারহেইম লাইন কোন দুইটি দেশকে বিভক্ত করেছে?** [১৫ শ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস : ২২]
ক রাশিয়া ও ইউক্রেন
খ জার্মানী ও পোল্যান্ড
গ ফিনল্যান্ড ও রাশিয়া
ঘ ফিলিস্তিন ও ইসরাইল **উত্তর: গ**

৭. **দ্বিতীয় মহাযুদ্ধের শুরুতে কে ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন?** [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের মেডিকেল অফিসার: ২১]
ক এটলি খ চার্চিল
গ গ্লাডস্টোন ঘ চেম্বারলেন **উত্তর: ঘ**

৮. **দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে ব্রিটেনের প্রধানমন্ত্রী কে ছিলেন?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক: ১৩]
ক চেম্বারলেন খ রুজভেল্ট
গ চার্চিল ঘ স্ট্যালিন **উত্তর: গ**

৯. **We shall fight on the beaches – উক্তিটি কার?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ⓐ আব্রাহাম লিংকন ⓑ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ⓒ উইনস্টন চার্চিল ⓓ মাও সেতুং **Ans. c**

১০. **কে 'ডেজার্ট ফক্স' নামে পরিচিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা): ১৪]
ক আনোয়ার সাদাত খ ফিল্ড মার্শাল রোমেল
গ মার্শাল টিটো ঘ কামাল আতাতুর্ক **উত্তর: খ**

১১. **নিচের কোন সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা আক্রমণ করে?** [মেডিকেল: ০৯-১০]
ক ১৯৪২ খ ১৯৪৩
গ ১৯৪১ ঘ ১৯৪০ **উত্তর: ঘ**

১২. **জার্মান আক্রমণ হতে রক্ষা পাওয়ার জন্য ফ্রান্স কর্তৃক জার্মান-ফ্রান্স সীমান্তে নির্মিত সুরক্ষিত সীমারেখা কোনটি?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক ডুরান্ড লাইন খ ম্যাজিনো লাইন
গ হিন্ডারবার্গ লাইন ঘ ম্যাকমোহন লাইন **উত্তর: খ**

১৩. **ফ্রান্সের স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিক: ০২]
ক চার্লস ডি গ্যালে খ নেলসন ম্যান্ডেলা
গ জুমো কেনিয়াটা ঘ কিনেথ কাউন্ডা **উত্তর: ক**

১৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল কোন দেশ?** [প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক: ১৫]
ক জার্মানি খ জাপান
গ রাশিয়া ঘ ইতালি **উত্তর: খ**

১৫. **Who was the Japanese Commander in Chief during the WWII?** [JU (C1 Unit):15-16]
ⓐ Isoroku Yamamoto
ⓑ Isoroku Myamoto
ⓒ Isoroku Hirohito
ⓓ Isoroku Matsubito **Ans. a**

১৬. **During the World War ll, which ethnic group was under severe oppression in the USA?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓐ Latino
ⓑ Indian American
ⓒ Chinese American
ⓓ Japanese American **Ans. d**

১৭. **জাপান পার্ল হারবার আক্রমণ করে-** [১২তম বিসিএস/পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়): ১৯]
ক ৭ ডিসেম্বর, ১৯৪০ খ ৭ ডিসেম্বর, ১৯৪১
গ ৭ ডিসেম্বর, ১৯৪২ ঘ ৭ ডিসেম্বর, ১৯৪৩ **উত্তর: খ**

১৮. **পার্ল হারবার কোথায় অবস্থিত?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক) ভূমধ্যসাগরের তীরে খ) আটলান্টিক মহাসাগরে
গ) আরব সাগরে ঘ) হাওয়াই দ্বীপে **উত্তর:** ঘ

১৯. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমেরিকার অংশগ্রহণের প্রত্যক্ষ কারণ কি?** [শ্রম অধিদপ্তরে অফিসার: ৯৪]
ক) হিটলারের রাশিয়া আক্রমণ
খ) জার্মানি কর্তৃক ফ্রান্স অধিকার
গ) জার্মানির ইংল্যান্ড আক্রমণ
ঘ) পার্ল হারবারে বোমা বর্ষণ **উত্তর:** ঘ

২০. **The historical 'D-day' is related with-** [Sonali & Janata Bank Ltd. Senior Officer (IT):18]
ⓐ Iraq War
ⓑ Gulf War
ⓒ First world War
ⓓ Second world War **Ans.** d

২১. **D. Day হিসেবে উদযাপন হয় কোন দিনটি?** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক) ৮ মে খ) ৬ জুন
গ) ১৪ আগস্ট ঘ) ৭ ডিসেম্বর **উত্তর:** খ

২২. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্র শক্তির অধিনায়ক কে ছিলেন?** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক) লর্ড চার্চিল
খ) জর্জ ওয়াশিংটন
গ) জেনারেল ম্যাক আর্থার
ঘ) জেনারেল আইসেনহাওয়ার **উত্তর:** ঘ

২৩. **জার্মান - ফ্রান্স সীমান্তে নির্মিত সীমানারেখার নাম কি?** [বেবিচক'র এরোড্রম কর্মকর্তা: ২১]
ক) ওডের-নিস লাইন খ) সিগফ্রিড লাইন
গ) সনোরা লাইন ঘ) ম্যাকনামারা লাইন **উত্তর:** খ

২৪. **"যুদ্ধই জীবন যুদ্ধই সার্বজনীন"- এটি কার উক্তি?** [২০তম বিসিএস]
ক) সালজার খ) ফ্রান্স
গ) হিটলার ঘ) মুসোলিনী **উত্তর:** গ

২৫. **Victory in Europe Day পালিত হয় কবে?** [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক) ৮ মে খ) ৬ সেপ্টেম্বর
গ) ৬ জুন ঘ) ৬ আগস্ট **উত্তর:** ক

২৬. **দ্বিতীয় মহাযুদ্ধে জার্মানি আত্মসমর্পণ করে-** [১০ম বিসিএস]
ক) ১৯৪২ সালের নভেম্বর মাসে
খ) ১৯৪৩ সালের ফেব্রুয়ারি মাসে
গ) ১৯৪৫ সালের মে মাসে
ঘ) ১৯৪৫ সালের সেপ্টেম্বর মাসে **উত্তর:** গ

২৭. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মান বাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন-** [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক) জেনারেল জোসেফ খ) জেনারেল আইসেন হাওয়ার
গ) লডেনডফ ঘ) হিন্ডবার্গ **উত্তর:** ক

২৮. **First atom bomb was dropped on-/ প্রথম পারমাণবিক বোমা ফেলা হয়েছিল-** [সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম এর সহকারী পরিদর্শক: ১৯]
ক) ইতালি খ) জাপান
গ) ইরাক ঘ) আর্জেন্টিনা **উত্তর:** খ

২৯. **First Atom Bomb was dropped in-/ প্রথম পারমাণবিক বোমা ফেলা হয়েছিল-** [City Bank Probationary Officer: 16]
ⓐ 1944 ⓑ 1945
ⓒ 1935 ⓓ 1942 **Ans.** b

৩০. **হিরোশিমায় পারমাণবিক বোমা (Atom Bomb) ফেলা হয়েছিল-** [১০ম বিসিএস/ বেবিচক এর এরোড্রাম ফায়ার লীডার: ২১]
ক) ১ সেপ্টেম্বর, ১৯৩৯
খ) ৭ মে, ১৯৪৫
গ) ৬ আগস্ট, ১৯৪৫
ঘ) ৭ সেপ্টেম্বর, ১৯৪৫ **উত্তর:** গ

৩১. **জাপানের হিরোশিমায় নিক্ষেপ করা প্রথম আণবিক বোমার নাম কী?** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ক) লিটল বয় খ) ফ্যাট ম্যান
গ) ব্যাট ম্যান ঘ) ফ্যাট বয় **উত্তর:** ক

৩২. **১৯৪৫ সালে হিরোশিমায় বোমা নিক্ষেপকারীর নাম কি ছিল?** [ববি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক) কারমিট বিহান খ) হানকুরে আপাতি
গ) টমাস ফেরিবি ঘ) জর্জ ভেন্কট **উত্তর:** গ

৩৩. **জাপানের নাগাসাকিতে পারমাণবিক বোমা ফেলেছিল কোন দেশ?** [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক) জার্মানি খ) সোভিয়েত ইউনিয়ন
গ) চীন ঘ) মার্কিন যুক্তরাষ্ট্র **উত্তর:** ঘ

৩৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের ওপর ফেলা পারমাণবিক বোমার নাম-** [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ক) ড্রোন খ) মিজাইল
গ) ফ্যাটম্যান ঘ) পেট্রিয়ট **উত্তর:** গ

৩৫. **What was the name of the nuclear bomb that the US detonated over Nagasaki?/ নাগাসাকি নগরীতে বিস্ফোরিত পারমাণবিক বোমার নাম কী ছিল?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার ওয়াচার কনস্টেবল: ২১]
ⓐ Fat Man ⓑ Little boy
ⓒ Thin Man ⓓ Flying Man **Ans.** a

৩৬. **নাগাসাকিতে পারমাণবিক হামলা করা হয়-** [জাবি (আন্তর্জাতিক সম্পর্ক): ০৯-১০]
ক) ১৯৪৫ সালের ৯ আগস্ট
খ) ১৯৪৫ সালের ৬ আগস্ট
গ) ১৯৪৫ সালের ৮ আগস্ট
ঘ) ১৯৪৫ সালের ৭ আগস্ট **উত্তর:** ক

৩৭. **যুক্তরাষ্ট্রের তদানীন্তন প্রেসিডেন্ট যিনি জাপানে আণবিক বোমা ফেলার আদেশ দিয়েছিলেন-** [ঢাবি (খ ইউনিট): ০৭-০৮]
ⓚ ফ্রাংকলিন রুজভেল্ট ⓚ ডুয়াইট আইসেনহাওয়ার
ⓖ উড্রো উইলসন ⓖ হ্যারি ট্রুম্যান **উত্তর:** ঘ

৩৮. **দ্বিতীয় মহাযুদ্ধে জাপান আত্মসমর্পণ করে-** [সহকারী জজ: ০৮]
ⓚ মে, ১৯৪৫ ⓚ জুন, ১৯৪৫
ⓖ জুলাই, ১৯৪৫ ⓖ আগস্ট, ১৯৪৫ **উত্তর:** ঘ

৩৯. **Which country surrendered unconditionally during the World War II?/ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কোন দেশ নিঃশর্ত আত্মসমর্পণ করে?** [SIBL Trainee Officer: 13]
ⓐ Germany ⓑ France
ⓒ Japan ⓓ Austria
ⓔ Britain **Ans.** a,c

৪০. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়-** [ববি (ঘ ইউনিট): ১৫-১৬]
Or,
When did the WWII come to an end? [JU (C1 Unit): 15-16]
ⓚ ১৯৪৪ সালের ১ সেপ্টেম্বর
ⓚ ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর
ⓖ ১৯৪৫ সালের ৯ আগস্ট
ⓖ ১৯৪৫ সালের ৬ আগস্ট **উত্তর:** খ

৪১. **জাপান ও রাশিয়ার মধ্যকার বিরোধপূর্ণ দ্বীপটির নাম কি?** [২৬তম বিসিএস/ শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান): ২২]
ⓚ কুড়িল দ্বীপপুঞ্জ ⓚ মার্শাল দ্বীপপুঞ্জ
ⓖ দিয়েগো গার্সিয়া ⓖ গ্রেট বেরিয়ার রীফ **উত্তর:** ক

৪২. **Kuril Islands is in -** [Agrani Bank Ltd. Senior Officer: 10]
ⓐ North korea ⓑ Russia
ⓒ Japan ⓓ China
ⓔ Taiwan **Ans.** b

যুদ্ধকালীন কূটনীতি ও বিভিন্ন সম্মেলন

আটলান্টিক সম্মেলন (১৯৪১ খ্রি.): ১৯৪১ সালের আগস্ট মাসে মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট ও ব্রিটেনের প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ রণতরী প্রিন্স অব ওয়েলস-এ মিলিত হয়ে ৮টি শর্ত বিশিষ্ট শান্তিচুক্তি স্বাক্ষর করেন। অতপর দুই নেতা মিলিতভাবে একটি ঘোষণা দেন যা আটলান্টিক সনদ (Atlantic Charter) নামে খ্যাত। ১৯৪২ সালের জানুয়ারি মাসে ওয়াশিংটনে ব্রিটেন, মার্কিন যুক্তরাষ্ট্র, চীন ও রাশিয়া একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করে আটলান্টিক চার্টারের উল্লিখিত নীতি ও আদর্শকে স্বীকৃতি দিয়েছিল। পরে আরও ২২টি দেশ এতে স্বাক্ষর করলে মোট সংখ্যা ২৬-এ উন্নীত হয়। এই ঘোষণা জাতিসংঘ ঘোষণা (United Nations Declaration) নামেও খ্যাত। কারণ জাতিসংঘ (United Nations) কথাটি এ সম্মেলনের ঘোষণাপত্র থেকেই নেওয়া হয়েছিল। জাতিসংঘ গঠনের প্রস্তাবক ছিলেন রুজভেল্ট। তিনিই সর্বপ্রথম 'জাতিসংঘ' নামটি ব্যবহার করেন।

তেহরান সম্মেলন (১৯৪৩ খ্রি.): মিত্রবাহিনীর তিন প্রধান (The Big Three) নেতা অর্থাৎ রুজভেল্ট, চার্চিল এবং সোভিয়েত সেক্রেটারি জেনারেল স্ট্যালিন ইরানের তেহরানে এক বৈঠকে মিলিত হন। এটি ছিল বিগ থ্রি নেতৃবৃন্দের প্রথম বৈঠক। যুদ্ধোত্তর পৃথিবীতে একটি আন্তর্জাতিক সংগঠন প্রতিষ্ঠার কাজে রুজভেল্ট স্ট্যালিনের সমর্থন আদায়ের জোর প্রচেষ্টা চালান।



তেহরান সম্মেলনে বিগ থ্রি নেতৃবৃন্দ যথাক্রমে স্ট্যালিন, রুজভেল্ট, চার্চিল (বাম থেকে ডানে)

ইয়াল্টা সম্মেলন (ফেব্রুয়ারি, ১৯৪৫ খ্রি.): বিগ থ্রি নেতৃবৃন্দ বিলুপ্ত সোভিয়েত ইউনিয়নের অন্যতম প্রজাতন্ত্র ইউক্রেন এর ক্রিমিয়ার স্বাস্থ্য নিবাস ইয়াল্টায় এক সম্মেলনে মিলিত হন। এখানেই যুদ্ধোত্তর পৃথিবীর রূপরেখা প্রণয়ন এবং নতুন বিশ্ব ব্যবস্থার পরিকল্পনা করা হয়। জাতিসংঘ প্রতিষ্ঠার পথে ইয়াল্টা সম্মেলনকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিচেনা করা হয়। সম্মেলনে জাতিসংঘ বিষয়ক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। যথা- প্রস্তাবিত আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার দায়িত্ব থাকবে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের হাতে। নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য থাকবে এবং তাদের অনুমোদন ছাড়া বিশ্ব শান্তি ও নিরাপত্তার কোনো সিদ্ধান্ত নেওয়া যাবে না। পরবর্তীকালে এটাকে বলা হয়েছে ভেটো শক্তি (Veto Power)। 'ভেটো' (Veto) শব্দের অর্থ আমি মানি না। কোনো প্রস্তাবে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো স্থায়ী সদস্যদেশ দ্বিমত পোষণ করলে সে প্রস্তাব আর অনুমোদিত হবে না। স্থির হয় যে, কেবলমাত্র অপ্রণালিগত প্রস্তাবে যেমন বিশ্বশান্তি রক্ষা, যুদ্ধ বন্ধ ইত্যাদি প্রশ্নে ভেটো ক্ষমতা ব্যবহার করা যাবে।

পটসডম সম্মেলন (১৭ জুলাই - ২ আগস্ট, ১৯৪৫ খ্রি.): জার্মানির পটস্ডামে এই শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের শুরুতে স্ট্যালিন, চার্চিল এবং মার্কিন প্রেসিডেন্ট ট্রুম্যান যোগ দেন। এতদিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্ব করেছিলেন প্রেসিডেন্ট রুজভেল্ট। কিন্তু তাঁর আকস্মিক মৃত্যুর পর এই প্রথম হ্যারি

এস ট্রুম্যান মার্কিন প্রতিনিধি হিসেবে শীর্ষ সম্মেলনে যোগ দেন। অন্যদিকে ব্রিটেনে নির্বাচনে জিতে চার্চিলের পরিবর্তে নতুন প্রধানমন্ত্রী এ্যাটলি সম্মেলনের বাকি দিনগুলোতে প্রতিনিধিত্ব করেন। পটসডম সম্মেলনেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল নির্ধারণ করা হয়। ক্ষতিপূরণ এবং যুদ্ধোত্তর যুগে ইউরোপের দেশগুলোর সরকার কাঠামো (সমাজতান্ত্রিক না গণতান্ত্রিক) প্রশ্নে সোভিয়েত ইউনিয়নের সাথে ইঙ্গ-মার্কিন শক্তির তীব্র বাদানুবাদ হয়। ওডার নদী এবং নিস নদীকে জার্মানি ও পোল্যান্ডের সীমানা হিসেবে নির্ধারণ করা হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানিকে বিভক্ত করা হলে ওডার-নিস লাইন পূর্ব জার্মানি এবং পোল্যান্ডের মধ্যে সীমা হিসেবে স্বীকৃত হয়।

MCQ Solution

১. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন -** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩]
ⓚ আইসেন হাওয়ার ⓚ জন এফ কেনেডি
ⓖ রুজভেল্ট ⓖ ট্রুম্যান **উত্তর:** গ,ঘ

২. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল): ১২]
ⓚ স্টালিন ⓚ লেনিন
ⓖ রুজভেল্ট ⓖ হিটলার **উত্তর:** ক

৩. **উইনস্টন চার্চিল কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ১২]
ⓚ ব্রিটেন ⓚ ফ্রান্স
ⓖ ইতালি ⓖ জার্মানি **উত্তর:** ক

৪. **আটলান্টিক সনদে যুক্তরাষ্ট্র এবং ব্রিটিশদের পক্ষে স্বাক্ষর করেন কে কে?** [২৬তম বিসিএস]
ⓚ রোনাল্ড রিগ্যান ও মার্গারেট থ্যাচার
ⓚ ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ও উইনস্টোন চার্চিল
ⓖ জর্জ ডব্লিউ বুশ ও টনি ব্লেয়ার
ⓖ জিমি কার্টার ও রানি দ্বিতীয় এলিজাবেথ **উত্তর:** খ

৫. **জাতিসংঘের প্রস্তাবক কে ছিলেন?** [জাবি (সরকার ও রাজনীতি): ০৯-১০]
ⓚ চার্চিল ⓚ উ থান্ট
ⓖ রুজভেল্ট ⓖ স্ট্যালিন **উত্তর:** গ

৬. **জাতিসংঘ নামকরণ করেন -** [৪১তম বিসিএস]
ⓚ রুজভেল্ট ⓚ স্টালিন
ⓖ চার্চিল ⓖ দ্যা গল **উত্তর:** ক

৭. **The number of the member states of the UN Security Council having veto power is-** [Pubali Bank Senior Officer: 11]

Or,

জাতিসংঘের নিরাপত্তা পরিষদে 'ভেটো' প্রয়োগের ক্ষমতা রাখে কতজন সদস্য? [চবি(বি ইউনিট): ০৪-০৫]
ⓐ 15 ⓑ 6
ⓒ 9 ⓓ 5 **Ans. d**

৮. **ইয়াল্টা কনফারেন্স কবে অনুষ্ঠিত হয়?** [১৬তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক (পদার্থ): ২১]
ⓚ ১৯৩৩ ⓚ ১৯৪৩
ⓖ ১৯৪৫ ⓖ ১৯৪৭ **উত্তর:** গ

৯. **Yalta Conference এর একটি লক্ষ্য ছিল?** [৩৬তম বিসিএস]
ⓚ জাতিসংঘ প্রতিষ্ঠা
ⓚ বিশ্বযুদ্ধের কারণ নির্ণয়
ⓖ জিব্রালটার প্রণালির সুরক্ষা
ⓖ যুদ্ধে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান **উত্তর:** ক

১০. **'ভেটো' ক্ষমতা কী?** [ঢাবি (ঘ ইউনিট): ০২-০৩]
ⓚ ভেটো প্রয়োগকারী বিরোধিতা করলে সংখ্যাগরিষ্ঠ ভোটও কার্যকর হয় না
ⓚ ভেটো প্রয়োগকারী সমর্থন করলে সংখ্যাগরিষ্ঠ ভোট বিপক্ষে গেলেও প্রস্তাব পাস হবে
ⓖ ভোট প্রয়োগ না করার প্রথা
ⓖ প্রস্তাব উত্থাপন করার ক্ষমতা **উত্তর:** ক

১১. **ভেটো (Veto) কী?** [বেসামরিক বিমান চলাচলের সহকারী নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ⓚ গ্রিক শব্দ - আমি নিরপেক্ষ
ⓚ ল্যাটিন শব্দ - আমি মানি না
ⓖ ফ্রেন্স শব্দ - আমি ভোট দিলাম
ⓖ ইংরেজি শব্দ - আমার সমর্থন আছে **উত্তর:** খ

১২. **জাতিসংঘের Security Council-এর স্থায়ী সদস্য নিম্নলিখিত ব্যাপারে Veto প্রয়োগ করতে পারেন-** [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা সমাজসেবা অফিসার: ০৮]
ⓚ Procedural Matters
ⓚ Non-Procedural Matters
ⓖ Both types of Matters
ⓖ Neither Type of Matter **উত্তর:** খ

১৩. **দ্বিতীয় মহাযুদ্ধোত্তর কোন সম্মেলনে আমেরিকা, ব্রিটিশ ও রুশ মিলিত হয়ে যুদ্ধের ফলাফল নির্ধারণ করেন?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর: ১৪]
ⓚ তেহরান ⓚ পটসডম
ⓖ বার্লিন ⓖ মস্কো **উত্তর:** খ

১৪. **ওডার নীচ নদী –** [১১তম বিসিএস/পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন): ২১]
ⓚ পূর্ব জার্মানি ও পোল্যান্ডের মধ্যে সীমা নির্ধারক
ⓚ পশ্চিম জার্মানি ও চেকোশ্লোভাকিয়ার মধ্যে সীমা নির্ধারক
ⓖ পশ্চিম জার্মানি ও পোল্যান্ডের মধ্যে সীমা নির্ধারক
ⓖ সংযুক্ত জার্মান ও ফ্রান্সের মধ্যে সীমা নির্ধারক **উত্তর:** ক

যুদ্ধোত্তর প্রতিক্রিয়া

নুরেমবার্গ বিচার: এডলফ হিটলার ১৮৮৯ সালে অস্ট্রিয়ায় জন্মগ্রহণ করেন। জীবনের প্রতি পদক্ষেপে নিষ্পেষিত, নিগৃহীত, নির্যাতিত হওয়া জার্মান যুবকের প্রতিচ্ছবি হিটলার শৈশব থেকেই

বেড়ে ওঠেন তীব্র ইহুদি বিদ্বেষ নিয়ে। জার্মান পরিবারগুলোর হতশ্রী দশার পাশাপাশি তাদের সম্পদেই ইহুদিদের আয়েশ তাকে ক্ষিপ্ত করে তোলে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিটলারের নেতৃত্বাধীন জার্মান নাৎসি বাহিনী ইউরোপে প্রায় ৬ মিলিয়ন ইহুদি হত্যা করে। এই গণহত্যা দ্যা হলোকাস্ট (The Holocaust) নামে পরিচিত। ১৯৪৫-৪৬ সালে জার্মানির নুরেমবার্গে নাৎসি বাহিনীর নেতাদের বিচার করা হয়। যুদ্ধাপরাধের দায়ে হত্যা করা হয় অগণিত কুশলী জার্মান সেনা নায়ককে। মানবতাবিরোধী অপরাধ বলতে গেলে এক জাপানের হিরোশিমা-নাগাসাকিতে বোমা নিক্ষেপ করে মিত্রবাহিনীর তরফে যুক্তরাষ্ট্র যে অপরাধ করেছিল তার বিচার করে সাধ্য কার! সেদিক থেকে ধরতে গেলে নাৎসি জাতীয়তাবাদী যোদ্ধাদের বিচার প্রহসন বৈ কিছুই নয়।

জেনেভা কনভেনশন (Geneva Conventions): যুদ্ধ উপদ্রুত এবং যুদ্ধে ক্ষতিগ্রস্থ মানুষের সাথে জনহিতকর আচরণের জন্য যে আইন রয়েছে তার একটি মানদণ্ড নির্ধারণ করেছে জেনেভা কনভেনশন। এতে চারটি আনুষ্ঠানিক চুক্তি এবং তিনটি বাড়তি প্রটোকল রয়েছে। বস্তুত একবচন হিসেবে জেনেভা কনভেনশন ১৯৪৯ সালের একটি সন্ধিপত্রকে নির্দেশ করে যেটি সম্পাদিত হয়েছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী প্রতিক্রিয়া এবং এর ফলাফল হিসেবে। এই সন্ধিপত্রেই চতুর্থ চুক্তিটি যোগ করা হয় এবং প্রথম তিনটি (১৮৬৪, ১৯০৬, ১৯২৯ খ্রি. সম্পাদিত) চুক্তির হালনাগাদ করা হয়।

১) ***প্রথম জেনেভা কনভেনশন*** সম্পাদিত হয় ১৮৬৪ সালে, যার লক্ষ্য ছিল যুদ্ধক্ষেত্রে আহত এবং অসুস্থ সৈন্যদের অবস্থার সার্বিক উন্নতি।

২) ***দ্বিতীয় জেনেভা কনভেনশন*** সম্পাদিত হয় ১৯০৬ সালে, সমুদ্রস্থ যুদ্ধক্ষেত্রে আহত, অসুস্থ এবং ধ্বংসপ্রাপ্ত জাহাজের সৈন্যদের অবস্থার সার্বিক উন্নতির লক্ষ্যে।

৩) ***তৃতীয় জেনেভা কনভেনশনটি*** যুদ্ধবন্দীদের প্রতি আচরণ ও তাদের নিরাপত্তা এবং চিকিৎসা সংক্রান্ত, ১৯২৯।

৪) ***চতুর্থ জেনেভা কনভেনশনটি*** যুদ্ধাবস্থায় বেসামরিক জনগণ রক্ষার্থে সম্পাদিত, ১৯৪৯।

এই কনভেনশনগুলোর সমষ্টিকেই বলা হয় "১৯৪৯-এর জেনেভা কনভেনশনসমূহ" বা সাধারণভাবে জেনেভা কনভেনশন। একে চারটি রেডক্রস কনভেনশন নামেও অভিহিত করা হয়।

MCQ Solution

১. **What is the birth place of Hitler?** [Sadharan Bima Cor. Asst manager: 09]

Or,

কোন দেশে এডলফ হিটলার জন্মগ্রহণ করেন? [ঢাবি (ঘ ইউনিট): ১১-১২]

ⓚ জার্মানি ⓚ সুইজারল্যান্ড
ⓖ অস্ট্রিয়া ⓖ চেকোস্লোভাকিয়া **উত্তর:** গ

(ক) জার্মানি (খ) সুইজারল্যান্ড
(গ) অস্ট্রিয়া (ঘ) চেকোস্লোভাকিয়া **উত্তর:** গ

২. **'হলোকাস্ট' (Holocaust) বলে চিহ্নিত করা হয় কোনটিকে?** [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]

(ক) কৃষ্ণাঙ্গ-শ্বেতাঙ্গ সংঘাত
(খ) হুতো-তুতসিদের লড়াই
(গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন ইহুদি নিধন
(ঘ) গুয়ানতানামোয় বন্দিদের উপর নির্যাতন **উত্তর:** গ

৩. **.........million Jews were killed in Nazi Holocaust.** [JU (C Unit): 18-19]

ⓐ Three ⓑ Four
ⓒ Five ⓓ Six **Ans.** d

৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুদ্ধাপরাধীদের বিচার করা হয়েছিল জার্মানির -** [ঢবি (ঙ ইউনিট): ০৩-০৪]

(ক) বার্লিনে (খ) ন্যুরেমবার্গে
(গ) হাইডেলবার্গে (ঘ) বনে **উত্তর:** খ

৫. **The Geneva Convention deals with -/জেনেভা কনভেনশন কোন বিষয়ের সাথে সম্পর্কিত?** [Agrani Bank Ltd. Senior Officer: 13]

ⓐ Women's rights (নারীর অধিকার)
ⓑ Peace and conflict (শান্তি এবং সংঘাত)
ⓒ International trade (আন্তর্জাতিক বাণিজ্য)
ⓓ Arms trafficking (অস্ত্র পাচার)
ⓔ Conduct of war (যুদ্ধ পরিচালনা) **Ans.** e

৭. **জেনেভা কনভেনশন হলো** - [ঢবি (বি ইউনিট): ০৩-০৪]

(ক) বাণিজ্য সম্মেলন
(খ) বিচার বিভাগীয় সম্মেলন
(গ) যুদ্ধ বিরতীকরণ সম্মেলন
(ঘ) যুদ্ধবন্দীদের প্রতি আচরণ বিধি **উত্তর:** ঘ

৬. **'জেনেভা কনভেনশন' কত সালে স্বাক্ষরিত হয়?** [রাবি (এ ইউনিট): ১৯-২০]

(ক) ১৯৪৫ (খ) ১৯৪৭
(গ) ১৯৪৯ (ঘ) ১৯৫৩ **উত্তর:** গ

৮. **When was the Geneva Convention on prisoners of war signed?** / [Pubali Bank Ltd. Senior Officer: 11] *Or,*

যুদ্ধবন্দীদের প্রতি আচরণ সম্পর্কিত জেনেভা কনভেনশন যে সনে স্বাক্ষরিত হয়- [পি.এস.সি'র সহকারী পরিচালক : ০৬]

ⓐ August 14, 1947
ⓑ August 12, 1949
ⓒ January 10, 1966
ⓓ September 17, 1978 **Ans.** b

৯. **যুদ্ধ ও সশস্ত্র সংঘর্ষ সংক্রান্ত আইন প্রণয়ন বিষয়ে ১৯৪৯ সনের জেনেভা কনভেনসনসমূহ অভিহিত -** [২৪তম বিসিএস]

(ক) 'দুটি রেডক্রস কনভেনশন' নামে
(খ) 'তিনটি রেডক্রস কনভেনশন' নামে
(গ) 'চারটি রেডক্রস কনভেনশন' নামে
(ঘ) 'পাঁচটি রেডক্রস কনভেনশন' নামে **উত্তর:** গ

১০. **কোনো যুদ্ধে সংঘটিত গণহত্যার বিচারে বেসামরিক জনগণের নিরাপত্তা-বিষয়ক কোন কনভেনশনটি প্রাসঙ্গিক?** [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ প্রথম জেনেভা কনভেনশন
ⓚ দ্বিতীয় জেনেভা কনভেনশন
ⓖ তৃতীয় জেনেভা কনভেনশন
ⓖ চতুর্থ জেনেভা কনভেনশন　　**উত্তর: ঘ**



স্মৃতিচারণ

The Diary of a Young Girl অ্যানা ফ্রাঙ্ক রচিত ওলন্দাজ ভাষায় লিখিত একটি বিখ্যাত গ্রন্থ। জার্মান নাৎসি বাহিনী নেদারল্যান্ড অভিযানের সময় লেখিকা ও তাঁর পরিবার নেদারল্যান্ডের একটি বাড়িতে লুকিয়ে ছিলেন। বইটিতে অ্যানা ফ্রাংক তার ঐ সকল দিনলিপির বর্ণনা করেন।

The Second World War (৬ খণ্ড) গ্রন্থের জন্য ব্রিটেনের প্রধানমন্ত্রী উইনস্টোন চার্চিল ১৯৫৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

করনারস্টোন অব পিস: ওকিনাওয়ার যুদ্ধ (দ্বিতীয় বিশ্বযুদ্ধ) এর নিহতদের স্মরণে জাপানের ওকিনাওয়ায় Cornerstone of Peace (করনার স্টোন অব্ পিস) স্মৃতিসৌধ নির্মিত হয়।

Statue of Peace

	
দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানিজ সৈন্যদের যৌন দাসত্বের শিকার নারীদের একটি প্রতীক ভাস্কর্য। এই অপরাধের জন্য ক্ষমা চাইতে জাপান সরকারকে প্ররোচিত করতে দক্ষিণ কোরিয়ার সিউলে জাপানি দূতাবাসের সম্মুখে ভাস্কর্যটি স্থাপিত হয়।	দ্বিতীয় বিশ্বযুদ্ধে পারমাণবিক বোমার বিস্ফোরণে নিহতদের স্মরণে জাপানের নাগাসাকিতে 'শান্তি পার্ক' স্থাপন করা হয়েছে। এই পার্কে স্থাপিত হয়েছে স্ট্যাচু অব পিস (Statue of Peace)।

MCQ Solution

১. **উইনস্টন চার্চিল কোন সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [চবি (বি ইউনিট): ২০-২১]
ⓚ ১৯৪৩　　ⓚ ১৯৫৩
ⓖ ১৯৪৮　　ⓖ ১৯৪৫　　**উত্তর: খ**

২. **কোন ব্রিটিশ প্রধানমন্ত্রী সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [ইবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ মার্গারেট থ্যাচার　　ⓚ উইন্সটন চার্চিল
ⓖ জেমস কালাহার　　ⓖ এডওয়ার্ড　　**উত্তর: খ**

৩. **একজন রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন--** [১৮তম বিসিএস]

Or,

The political leader who obtained Nobel Prize in literature is? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ⓚ চার্চিল　　ⓚ কিসিঞ্জার
ⓖ দ্য গল　　ⓖ রুজভেল্ট　　**উত্তর: ক**

৪. **Anne Frank wrote her world famous diary during second world war hiding in-/ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অ্যানা ফ্রাঙ্ক কোথায় লুকিয়ে থেকে তার বিখ্যাত ডায়েরি লিখেন?** [Agrani Bank Ltd. Senior Officer: 13]
ⓐ Germany　　ⓑ Holland
ⓒ England　　ⓓ Poland
ⓔ Austria　　**Ans. b**

৫. **What is not the work of Winston Churchill?** [KU (Humanities): 11-12]
ⓐ History of the English-Speaking People
ⓑ History of the Second World War
ⓒ Far From the Madding Crowd
ⓓ Life in marlborough　　**Ans. c**

৬. **'করনার স্টোন অব্ পিস' এই স্মৃতিসৌধটি সম্প্রতি স্থাপিত হয়েছে-** [১৭তম বিসিএস]
ⓚ ম্যাকাও　　ⓚ হাইতি
ⓖ ওকিনাওয়া　　ⓖ ভিয়েতনাম　　**উত্তর: গ**

৯. **'স্ট্যাচু অব পিস' কোথায় অবস্থিত?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ⓚ নিউইয়র্ক　　ⓚ লন্ডন
ⓖ সিউল　　ⓖ রোম　　**উত্তর: গ**

৮. **'স্ট্যাচু অব পিস' (Statue of peace) কোথায় অবস্থিত?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]
ⓚ নাগাসাকি　　ⓚ নিউইয়র্ক
ⓖ টরেন্টো　　ⓖ হিরোশিমা　　**উত্তর: ক**

৭. **Statue of peace is situated in which country?** [Janata Bank Ltd. Assistant Executive Officer: 15]

Or,

'স্ট্যাচু অব পিচ' কোন দেশে অবস্থিত? [জবি (ঘ ইউনিট): ০৯-১০]
ⓐ USA　　ⓑ UK
ⓒ Germany　　ⓓ Japan　　**Ans. d**

জাতিসংঘের উত্থান ও ভূমিকা
Raise & Role of United Nations

পরিচয়

জাতিসংঘ বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন যার মূল লক্ষ্য আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান। দ্বিতীয় বিশ্বযুদ্ধ এড়াতে ব্যর্থ হওয়ায় ১৯৪৬ সালের ২০ এপ্রিল জাতিপুঞ্জ বিলুপ্ত হয়। সংস্থাটির উত্তরসূরি হিসেবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জাতিসংঘের জন্ম হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপটে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে জাতিসংঘ গঠিত হয়। জাতিসংঘের মূলমন্ত্র (Motto) হলো 'এ পৃথিবী আপনার' (It's your world)।

সানফ্রান্সিসকো সম্মেলন (১৯৪৫ খ্রি.): ২৬ জুন, ১৯৪৫ বিশ্বের ৫০টি দেশের প্রতিনিধিরা যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে ১১১ ধারা সম্বলিত জাতিসংঘের মূল সনদে স্বাক্ষর করে। ১৯৪৫ সালের ১৫ অক্টোবর ৫১তম দেশ হিসেবে পোল্যান্ড জাতিসংঘ সনদে (Charter of the United Nations) স্বাক্ষর করে। ২৪ অক্টোবর, ১৯৪৫ জাতিসংঘ সনদ কার্যকর হয়। জাতিসংঘ সনদ কার্যকর হওয়ার পূর্বেই পোল্যান্ড সনদে স্বাক্ষর করে বলে পোল্যান্ডকেও জাতিসংঘের প্রতিষ্ঠাতা সদস্য দেশ হিসাবে গণ্য করা হয়। প্রতিবছর ২৪ অক্টোবর 'জাতিসংঘ দিবস' হিসেবে পালিত হয়।



পতাকা (Flag): জাতিসংঘের পতাকায় আছে হালকা নীলের উপর সাদা রঙের জাতিসংঘের প্রতীক। জাতিসংঘের প্রতীকের মাঝখানে পৃথিবীর মানচিত্র, দুইপাশে দুইটি জলপাই গাছের শাখা। জলপাই গাছ শান্তির প্রতীক।

সদর দপ্তর (Headquarter)

সদর দপ্তর	ম্যানহাটন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
ইউরোপীয় দপ্তর	জেনেভা, সুইজারল্যান্ড

সদস্যপদ (Membership): জাতিসংঘ সনদের নিয়ম কানুন মেনে চলার শর্তে বিশ্বের যে কোনো শান্তিকামী দেশ জাতিসংঘের সদস্য হতে পারে। ২০১১ সালের ১৪ জুলাই ১৯৩ তম সদস্য রাষ্ট্র হিসেবে দক্ষিণ সুদান যোগদান করে। জাতিসংঘের প্রাক্তন সদস্য রাষ্ট্র তাইওয়ান। ১৯৭১ খ্রিষ্টাব্দের ২৫ অক্টোবর গণচীন জাতিসংঘে অন্তর্ভুক্ত হয় এবং তাইওয়ানকে জাতিসংঘ হতে বহিষ্কার করা হয়। ১৯৬৫ খ্রিষ্টাব্দের ২০ জানুয়ারি ইন্দোনেশিয়া জাতিসংঘ হতে নিজেকে প্রত্যাহার করে নেয়। ১৯৬৬ সালের ২৮ সেপ্টেম্বর ইন্দোনেশিয়া পুনরায় জাতিসংঘে যোগদান করে।

জাতিসংঘের ....

ক্ষেত্র	বৃহত্তম সদস্য দেশ	ক্ষুদ্রতম সদস্য দেশ
আয়তনে	রাশিয়া	মোনাকো
জনসংখ্যায়	চীন	টুভ্যালু

স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্র (Permanent Observer States): ফিলিস্তিন রাষ্ট্র এবং ভ্যাটিকান সিটি।

দাপ্তরিক ভাষা (Official Languages): জাতিসংঘের দাপ্তরিক ভাষা ৬টি। যথা- ইংরেজি, ফরাসি, মান্দারিন (চীনা), রুশ, স্প্যানিশ এবং আরবি।

MCQ Solution

১. **জাতিসংঘের পূর্বসূরি আন্তর্জাতিক প্রতিষ্ঠান কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১১]
ক) লীগ অব নেশনস
খ) ইউনাইটেড নেশনস
গ) কম্যুনিটি অব নেশনস
ঘ) এসোসিয়েশনস অব নেশনস — **উত্তর:** ক

২. **'লীগ অব নেশনস' কোন সালে বিলুপ্ত হয়?** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক) ১৯৩৯ খ) ১৯৪১
গ) ১৯৪৫ ঘ) ১৯৪৬ — **উত্তর:** ঘ

৩. **UNO-বলতে কি বোঝায়?** [পিএসসি'র নিয়োগ পরীক্ষা: ১৮]
ক) United Nations Organisation
খ) Universal Network Organisation
গ) University of New Orleans
ঘ) Union of New Organisation — **উত্তর:** ক

৪. **জাতিসংঘ কোন প্রধান উদ্দেশ্যে স্থাপিত হয়?** [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]
ক) যুদ্ধের অভিশাপ থেকে বিশ্বকে রক্ষা করার জন্য
খ) বিশ্ব খেলাধুলার ব্যবস্থা উন্নত করার জন্য
গ) আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্য করার জন্য
ঘ) বিশ্বব্যাপী সরকার গঠনের জন্য — **উত্তর:** ক

৫. **জাতিসংঘের উদ্দেশ্য কী?** [ইবি (খ ইউনিট): ০৭-০৮]
ⓚ যুদ্ধ বন্ধ করা
ⓚ সদস্য দেশসমূহের সমস্যার সমাধান করা
ⓖ আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা
ⓖ আন্তর্জাতিক অর্থনীতি জোরদার করা **উত্তর:** গ

৬. **Which organization tries to find solution to world problems and disputes?/ কোন সংস্থাটি আন্তর্জাতিক বিরোধের সমাধানের চেষ্টা করে?** [ন্যাশনাল ব্যাংক লি. অফিসার: ০৯]
ⓐ IMF ⓑ The United Nations
ⓒ UNICEF ⓓ Green Peace **Ans.** b

৭. **জাতিসংঘের মূলমন্ত্র (Motto) হলো-** [চবি (বি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ এ পৃথিবী আপনার ⓚ সকলের জন্যে জীবন
ⓖ শান্তি ⓖ সমান অধিকার **উত্তর:** ক

৮. **১৯৪৫ সালে জাতিসংঘ সনদ (Charter) কোথায় স্বাক্ষরিত হয়?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ⓚ সানফ্রান্সিসকো ⓚ নিউইয়র্ক
ⓖ প্যারিস ⓖ জেনেভা **উত্তর:** ক

৯. **জাতিসংঘ সনদ কবে (কোন সালে) কার্যকরি হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৬]
ⓚ ১৯২০ সালে ⓚ ১৯৪০ সালে
ⓖ ১৯৪৫ সালে ⓖ ১৯৫০ সালে **উত্তর:** গ

১০. **জাতিসংঘ সনদ (১৯৪৫) এ মোট কতটি দেশ স্বাক্ষর করেছিল?** - [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ⓚ ৫০ টি ⓚ ৫১ টি
ⓖ ৫২ টি ⓖ ১০০ টি **উত্তর:** খ

১১. **কতটি দেশ জাতিসংঘ সনদের মূল স্বাক্ষরকারী?** [ঢাবি (খ ইউনিট): ০১-০২]
ⓚ ২৫ ⓚ ৫০
ⓖ ৬০ ⓖ ৭৫ **উত্তর:** খ
ব্যাখ্যা: ৫১টি দেশ অপশনে না থাকলে সঠিক উত্তর ৫০টি হবে।

১২. **১৯৪৫ সালে প্রতিষ্ঠাকালীন সময়ে জাতিসংঘের মোট সদস্য রাষ্ট্র কত ছিল?** [৩৯তম(বিশেষ) বিসিএস/২১তম বিসিএস/ মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর জুনিয়র অডিটর: ২২]
ⓚ ৪৮টি ⓚ ৫০টি
ⓖ ৫১টি ⓖ ৬০টি **উত্তর:** গ

১৩. **জাতিসংঘ সনদ স্বাক্ষর সম্মেলনে উপস্থিত না থেকেও কোন রাষ্ট্র প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে পরিগণিত হয়?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ⓚ হাঙ্গেরি ⓚ জার্মানি
ⓖ পোল্যান্ড ⓖ ব্রিটেন **উত্তর:** গ

১৪. **জাতিসংঘ আত্মপ্রকাশ করে কবে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ০৫]
ⓚ ২০ অক্টোবর, ১৯৪৫
ⓚ ২৪ অক্টোবর, ১৯৪৫
ⓖ ২৬ অক্টোবর, ১৯৪৫
ⓖ ৩০ অক্টোবর, ১৯৪৫ **উত্তর:** খ

১৫. **জাতিসংঘ কোন সালে প্রতিষ্ঠিত হয়?** [৩৬তম বিসিএস/২১তম বিসিএস] *Or,*
In which year United Nations was founded? [Bangladesh Bank Asst. Director: 01]
ⓚ ১৯৪২ ⓚ ১৯৪৩
ⓖ ১৯৪৪ ⓖ ১৯৪৫ **উত্তর:** ঘ

১৬. **জাতিসংঘ দিবস (UNO Day) পালিত হয়-** [১১তম বিসিএস]
ⓚ ২৪ অক্টোবর ⓚ ২৪ আগস্ট
ⓖ ২৪ ডিসেম্বর ⓖ ২৪ নভেম্বর **উত্তর:** ক

১৭. **কোন আন্তর্জাতিক সংস্থার পতাকায় জলপাই গাছ দেখা যায়?** [সমাজসেবা অধিদপ্তর সমাজ কল্যাণ সংগঠক: ০৫]
ⓚ রেডক্রস ⓚ জাতিসংঘ
ⓖ বয়েজ স্কাউট ⓖ ন্যাটো **উত্তর:** খ

১৮. **জাতিসংঘের পতাকার রং –** [রাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ সাদা ⓚ হালকা বেগুনি
ⓖ হালকা নীল ⓖ হালকা সবুজ **উত্তর:** গ

১৯. **জাতিসংঘের পতাকায় কোন দু'টি রং আছে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৬]
ⓚ নীল ও লাল ⓚ নীল ও সাদা
ⓖ লাল ও সাদা ⓖ সবুজ ও সাদা **উত্তর:** খ

২০. **জলপাই গাছ কিসের প্রতীক?** [জাককানইবি (এ ইউনিট): ১৯-২০]
৯. **কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে?** [৪৪তম বিসিএস]
ⓚ ২০১০ ⓚ ২০১২
ⓖ ২০১৪ ⓘ ২০১৬ **উত্তর:** গ

১০. **'নাগার্নো- কারাবাখ' হলো একটি-** [PSC'র সহকারী পরিচালক: ০৬]
ⓚ ছিটমহল ⓚ সমরকেন্দ্র
ⓖ গোয়েন্দা সংস্থা ⓘ বিদ্রোহী দল **উত্তর:** ক

১১. **আর্মেনিয়া ও আজারবাইজান যে ভূ-খণ্ড নিয়ে সংঘর্ষে লিপ্ত** - [ঢাবি (ঘ ইউনিট): ৯৫-৯৬]
ⓚ দাগেস্তান ⓚ নাগার্নো-কারাবাখ
ⓖ ফ্রুনজে ⓘ ইয়ালটা **উত্তর:** খ

১২. **'নাগার্নো-কারাবাখ' কোন দুটি দেশের করিডোর?** [বাতিল কৃত ২৪তম বিসিএস/ জাবি (এফ ইউনিট): ২০-২১]
ⓚ আর্মেনিয়া-লাটভিয়া ⓚ কাজাখস্তান-আজারবাইজান
ⓖ আজারবাইজান-আর্মেনিয়া ⓘ রাশিয়া-আর্মেনিয়া **উত্তর:** গ

১৩. **সম্প্রতি (সেপ্টেম্বর,২০২০) কোন অঞ্চলের নিয়ন্ত্রণ নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়ার মাঝে সংঘর্ষ হয়?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ আর্টসাখ প্রজাতন্ত্র ⓚ নাগার্নো - কারাবাখ
ⓖ ইয়েরেভান ⓘ নাকার্চভান ছিটমহল **উত্তর:** খ

১৪. **নাগার্নো-কারাবাখ যুদ্ধের অবসানে কোন দেশ মধ্যস্থতা করে?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ⓚ উজবেকিস্তান ⓛ তুরস্ক
ⓖ রাশিয়া ⓓ যুক্তরাষ্ট্র **উত্তর:** গ


১৫. **Who Mediated the negotiation in ceasefire between Azerbaijan and Armenia?** [Joint Recruitment for 2 Bank Senior Officer (IT): 20]
ⓐ Sergai Luvrov
ⓑ Vladimir Putin
ⓒ Rajab Erdogan
ⓓ Almazber Alambayer **Ans.** b

১৬. **ভ্লাদিমির পুতিন কে?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ⓚ রাশিয়ার প্রধানমন্ত্রী ⓛ রাশিয়ার প্রেসিডেন্ট
ⓖ রাশিয়ার ঔপন্যাসিক ⓓ ইতালির প্রধানমন্ত্রী **উত্তর:** খ

উদীয়মান পরাশক্তি চীন

বৈশ্বিকভাবে চীন উদীয়মান পরাশক্তি। ২০১৩ সালে বেল্ট অ্যান্ড রোড ইনিসিয়েটিভ (The Belt and Road Initiative - BRI/ B&R) এর প্রস্তাব করেন চীনা প্রেসিডেন্ট শি জিনপিং। এটি One Belt One Road (OBOR), The Silk Road Economic Belt and the 21st century Maritime Silk Road নামেও পরিচিত। প্রাচীনকালে সিল্ক রোড বলতে চীনের সাথে পশ্চিমা বিশ্বের সংযোগ বোঝাতো। বেল্ট অ্যান্ড রোড ইনিসিয়েটিভ এর লক্ষ্য বেইজিংয়ের সঙ্গে বৈশ্বিক যোগাযোগ তৈরি করা।

চীন তার সামরিক শক্তি বৃদ্ধি করেছে। চীনের People`s Liberation Army (PLA) বিশ্বের বৃহত্তম সেনাবাহিনী হিসেবে আত্মপ্রকাশ করেছে। ভারত মহাসাগর ও বঙ্গোপসাগরেও চীন তার প্রতিদ্বন্দ্বী ভারত ও পশ্চিমা বিশ্বের সঙ্গে শক্তি বাড়ানোর প্রতিযোগিতায় নেমেছে। চেকবুক ডিপ্লোমেসি (আর্থিক সাহায্য ও বিনিয়োগের বিনিময়ে কূটনৈতিক সুবিধা গ্রহণ) প্রয়োগ করে বিভিন্ন সমুদ্র বন্দরের উপর কর্তৃত্ব স্থাপনে উদ্যোগী হয়েছে চীন। ২০১৭ সালে আফ্রিকার জিবুতিতে সামরিক ঘাঁটি স্থান করে দেশটি। এটি দেশের বাইরে চীনের প্রথম সামরিক ঘাঁটি। একই বছর শ্রীলংকার হাম্বানটোটা সমুদ্র বন্দর ৯৯ বছরের জন্য ইজারা নেয় চীন। জিবুতি'র পর আফ্রিকায় নিরক্ষীর গিনিতে চীন সেনা ঘাঁটি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।



সীমা	চীনের সীমান্ত সংলগ্ন দেশ	সংখ্যা
স্থল ও জল	উত্তর কোরিয়া এবং ভিয়েতনাম	২
স্থল	মঙ্গোলিয়া, রাশিয়া, লাওস, মিয়ানমার, ভারত, ভুটান, নেপাল, পাকিস্তান, আফগানিস্তান, তাজিকিস্তান, কিরগিস্তান, কাজাকিস্তান	১২
জল	দক্ষিণ কোরিয়া, জাপান, ফিলিপাইন, তাইওয়ান, মালয়েশিয়া, ব্রুনাই, ইন্দোনেশিয়া [বিতর্কিত জলসীমা]	৭

পৃথিবীর সর্বাধিক প্রতিবেশী পরিবেষ্টিত রাষ্ট্র চীন। সীমান্ত বিরোধ নিরসনের লক্ষ্যে ১৯৯৬ সালে চীন প্রতিবেশী রাশিয়া, কাজাখস্তান, কিরঘিজস্তান এবং তাজাকিস্তানকে নিয়ে 'সাংহাই-৫' গঠন করে। ২০০১ সালে উজবেকিস্তানকে সদস্যপদ দেয়া হলে সংস্থাটির নাম পরিবর্তন করে 'সাংহাই সহযোগিতা সংস্থা' (Shanghai Cooperation Organisation - SCO) করা হয়। ২০১৭ সালে ভারত ও পাকিস্তান যোগদান করলে সংস্থাটির মোট সদস্য হয় ৮। চীনের বেইজিং এ সংস্থাটির সদর দপ্তর অবস্থিত। SCO কে অনেকে সাবেক ওয়ারশ জোটের বিকল্প ভাবছে।

চীন ধ্রুপদী মার্কসবাদ অনুসরণ করে না। সমাজতন্ত্রের মূলনীতিগুলো ঠিক রেখে সেখানে এক ধরনের বাজার অর্থনীতি গড়ে উঠেছে। সমাজতন্ত্র এবং বাজার অর্থনীতি এই দুই এর সমন্বয়ে চীন ধীরে ধীরে বিশ্বের অন্যতম অর্থনৈতিক শক্তি হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

MCQ Solution

১. **বর্তমান বিশ্বে 'নিউ সিল্ক রোড' এর প্রবক্তা** - [৩৫তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অফিস সহায়ক: ২১]
ⓚ জাপান ⓖ আফগানিস্তান
ⓚ ভারত ⓘ চীন **উত্তর: ঘ**

২. **'The Silk Road' in the ancient period means** - [Pubali Bank Ltd. Officer Senior Officer: 14]
ⓐ Linking Indonesia With the West
ⓑ Linking China with the West
ⓒ Linking Japan with the West
ⓓ Linking India with the West **Ans. b**

৩. **'ওয়ান বেল্ট, ওয়ান রোড'- এর প্রস্তাব কোন দেশ করেছে?** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ ভারত
ⓖ চীন ⓘ রাশিয়া **উত্তর: গ**

৪. **বেল্ট ও রোড ইনিসিয়েটিভ (বি আর আই) প্রস্তাব করেছে** - [৩৮তম বিসিএস]
ⓚ চীন ⓚ জাপান
ⓖ ভারত ⓘ আসিয়ান **উত্তর: ক**

৫. **Who is the promoter of Chinese 'One Belt One Road' initiative?** [Global Islami Bank Ltd. Probationary Officer: 21]
ⓐ Xi Jinping
ⓑ Shinzo Abe
ⓒ Mao Shetung
ⓓ Chiang Kaisak **Ans. a**

৬. **প্রাচীনকালে বাণিজ্য ব্যবহৃত সিল্ক রুটের পূর্ব প্রান্ত কোথায় এসে শেষ হয়েছে?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার সহকারী পরিচালক: ১৯]
ⓚ চীন ⓚ জাপান
ⓖ ইন্দোনেশিয়া ⓘ মঙ্গোলিয়া **উত্তর: ক**

৭. **বিশ্বের সবচেয়ে বড় সেনাবাহিনী কোন দেশের?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর: ১১]
ⓚ ভারত ⓚ চীন
ⓖ যুক্তরাষ্ট্র ⓘ রাশিয়া **উত্তর: খ**

৮. **PLA কি?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ⓚ Polish Liberation Army
ⓚ People`s Liberation Army
ⓖ Palestinian Liberation Army
ⓘ People`s Labour Association **উত্তর: খ**

৯. **চেকবুক ডিপ্লোমেসি প্রয়োগ করে কোন দেশকে বিভিন্ন সমুদ্র বন্দরের উপর কর্তৃত্ব স্থাপন করাতে দেখা গিয়েছে?** [ববিপ্রবি (জি ইউনিট): ১৯-২০]
ⓚ ভারত ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ দক্ষিণ কোরিয়া ⓘ চীন **উত্তর: ঘ**

১০. **শ্রীলংকার কোন সমুদ্রবন্দর চীনের নিকট ৯৯ বছরের জন্য লীজ দেয়া হয়েছে?** [৪০তম বিসিএস]
ⓚ ত্রিঙ্কোমালী ⓚ হাম্বানটোটা
ⓖ গল বন্দর ⓘ পোর্ট অব কলম্বো **উত্তর: খ**

১১. **চীন নিচের কোন আফ্রিকান দেশটিতে সামরিক ঘাঁটি স্থাপনের মাধ্যমে কৌশলগত সম্পর্ক স্থাপন করেছে?** [৪০তম বিসিএস]
ⓚ ইথিওপিয়া ⓚ জাম্বিয়া
ⓖ লাইবেরিয়া ⓘ জিবুতি **উত্তর: ঘ**

১২. **জিবুতি'র পর আফ্রিকা মহাদেশে কোন রাষ্ট্র চীন সেনাঘাঁটি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে?** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান: ২২]
ⓚ নিরক্ষীয় গিনি ⓚ রুয়ান্ডা
ⓖ কেনিয়া ⓘ বেনিন **উত্তর: ক**

১৩. **বিশ্বের কোন দেশ সর্বাধিক প্রতিবেশী রাষ্ট্র দ্বারা পরিবেষ্টিত?** [রাবি (ডি ইউনিট): ১৮-১৯]
ⓚ ভারত ⓚ চীন
ⓖ মায়ানমার ⓘ বাংলাদেশ **উত্তর: খ**

১৪. **চীনের সাথে কয়টি দেশের জল ও স্থল সীমান্ত রয়েছে?** [রাবি (লোকপ্রশাসন বিভাগ): ০৫-০৬]
ⓚ ১২টি ⓚ ১৪টি
ⓖ ১৬ টি ⓘ ১৮টি **উত্তর: ঘ**

১৫. **Which one of the following countries does not share any border with China?** [DBBL Probationary Officer: 19]

Or,

কোন দেশটির চীনের সাথে সীমানা নেই? [রাবি (বি-৩ ইউনিট): ২০-২১]
ⓚ থাইল্যান্ড ⓚ মঙ্গোলিয়া
ⓖ ভিয়েতনাম ⓘ কোনোটিই নয় **উত্তর: ক**

১৬. **'সাংহাই ফাইভ' এর প্রধান উদ্দেশ্য কী?** [ঢাবি (ঘ ইউনিট): ০১-০২]
ⓚ অস্ত্র নিয়ন্ত্রণ ⓚ সীমান্ত বিরোধ নিরসন
ⓖ প্রযুক্তি হস্তান্তর ⓘ সড়ক নির্মাণ **উত্তর: খ**

১৭. **সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের সদস্য নয় নিচের কোন দেশ?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার: ০৬]
ⓐ চীন ⓑ রাশিয়া
ⓒ কাজাকিস্তান ⓓ আফগানিস্তান **Ans. d**

পরাশক্তির সম্পর্ক এবং নয়া বিশ্ব

অর্থনৈতিক সংঘাত

আইএমএফ এর তথ্য অনুযায়ী, জিডিপির আকারে চীন বিশ্বের দ্বিতীয় বড় অর্থনীতি। যুক্তরাষ্ট্রের পরেই এর অবস্থান। চীনের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার অনেক বেশি। ২০৫০ সালের মধ্যে চীন হবে বিশ্বের প্রথম অর্থনীতি। তাই চীনা অর্থনৈতিক কর্তৃত্বকে চ্যালেঞ্জ করার জন্য যুক্তরাষ্ট্র উদ্যোগ নেয় Trans-Pacific Partnership (TPP) বাণিজ্য চুক্তি করার। কিন্তু ২০১৭ সালে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অপ্রত্যাশিত ভাবে চুক্তি থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার করে নেয়। এর পরিপ্রেক্ষিতে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অন্য দেশগুলো যুক্তরাষ্ট্রকে বাদ দিয়ে TPP এর পরিবর্তে Comprehensive and Progressive Agreement for Trans-Pacific Partnership (CPTPP) গঠন করে। CPTPP চুক্তিতে স্বাক্ষরকারী ১১টি দেশগুলো হলো- নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, ব্রুনাই, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ভিয়েতনাম, জাপান, চিলি, পেরু, মেক্সিকো এবং কানাডা।

অন্যদিকে, চীন দ্রুত উত্থানশীল অর্থনীতির ব্রাজিল, রাশিয়া, ভারত এবং দক্ষিণ আফ্রিকাকে নিয়ে *BRICS* (*B*razil, *R*ussia, *I*ndia, *C*hina, *S*outh Africa এর আদ্যাক্ষরের সমন্বয়ে নামকরণকৃত) গঠন করে। ব্রিকস বিশ্বব্যাংকের বিকল্প একটি ব্যাংক গঠনের সিদ্ধান্ত নেয়। ওয়াশিংটনভিত্তিক প্রতিষ্ঠান আইএমএফ, বিশ্বব্যাংক উন্নয়নশীল বিশ্বের স্বার্থ রক্ষা করতে পারছে না, সংস্কার কর্মসূচির নামে তৃতীয় বিশ্বের এ ধরনের অভিযোগের ভিত্তিতে ২০১৫ সালে 'নয়া উন্নয়ন ব্যাংক' (New Development Bank - NDB) প্রতিষ্ঠিত হয়। চীনের সাংহাইয়ে এর সদর দপ্তর স্থাপিত হয়। ২০২১ সালে 'নয়া উন্নয়ন ব্যাংক' যোগ দেয় বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরাত এবং উরুগুয়ে। ফলে ব্যাংকটির মোট সদস্য হয় ৮ (ব্রিকসের ৫টি সদস্য + বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরাত এবং উরুগুয়ে)।

Washington Consensus: ১৯৮৯ সালে জন উইলিয়ামসন নামের ব্রিটিশ অর্থনীতিবিদ Washington Consensus বা ওয়াশিংটন ঐকমত্য ধারণাটির প্রবর্তন করেন। ওয়াশিংটন কনসেনসাস মূলত সংকটে থাকা উন্নয়নশীল দেশগুলোর জন্য ওয়াশিংটন ভিত্তিক তিনটি প্রতিষ্ঠানের একটি সংস্কার প্যাকেজ। প্রতিষ্ঠান তিনটি হল বিশ্ব ব্যাংক, আইএমএফ এবং ইউএস ট্রেজারি বিভাগ। প্রতিষ্ঠান তিনটি বিভিন্ন সময়ে নানা ধরনের সংস্কার কর্মসূচির কথা বলে কর্মসূচি বাস্তবায়নে বিভিন্ন শর্ত উল্লেখ করে, যাতে একযোগে তিনটি প্রতিষ্ঠানেরই স্বার্থ সংরক্ষিত হয়। কনসেনসাসে মূলত ১০টি সুপারিশ রয়েছে। ওয়াশিংটন ঐকমত্য নিয়ে বিশ্বব্যাপী পক্ষে-বিপক্ষে নানা বিতর্ক রয়েছে।

MCQ Solution

১. **According to IMF, which of the following is the largest economy of the world?** [RU (B Unit): 14-15]
ⓐ Japan ⓑ China
ⓒ United States ⓓ Canada **Ans. c**

২. **জিডিপি'র আকার বিচারে পৃথিবীর সর্ববৃহৎ অর্থনীতি কোনটি?** [সিজিএ এর সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ চীন
ⓖ যুক্তরাজ্য ⓖ অস্ট্রেলিয়া **উত্তর: ক**

৩. **In terms of GDP, Which one of the following is the 2nd largest economy?** [IFIC Bank Ltd. Transaction Service Officer: 19]
ⓐ USA ⓑ UK
ⓒ Japan ⓓ China **Ans. d**

৪. **After the USA, which of the following countries has the largest economy in the world?/ যুক্তরাষ্ট্র ব্যতীত বিশ্বের বৃহত্তম অর্থনীতির দেশ কোনটি?** [Standard Bank Ltd. Trainee Assistant Officer: 13]
ⓐ England ⓑ Russia
ⓒ Japan ⓓ China **Ans. d**

৫. **বিশেষ অর্থনৈতিক অঞ্চল বিশ্বের কোন দেশে সবচেয়ে বেশি বিদ্যমান?** [শাবিপ্রবি (এ ইউনিট): ১৯-২০]
(ক) ইংল্যান্ড (খ) জাপান
(গ) রাশিয়া (ঘ) চীন
(ঙ) আমেরিকা **উত্তর: ঘ**

৬. **Which trade bloc the US has withdrawn after President Trump assumed office in the year 2017?** [Dhaka Bank Ltd. Trainee Asst. Cash Officer: 18]
ⓐ TPP ⓑ NAFTA
ⓒ APTA ⓓ ASEAN **Ans. a**

৭. **ব্রিকস এর মূলমন্ত্র কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা): ১৬]
(ক) সন্ত্রাস দমনে একে অপরের সহযোগিতা
(খ) সদস্য দেশের ক্ষেত্রে সহায়তা প্রদান
(গ) সাংস্কৃতিক ক্ষেত্রে সহায়তা প্রদান
(ঘ) সদস্য দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি **উত্তর: ঘ**

৮. **BRICS- এর সঙ্গে তুলনীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠান-** [উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৫]
ক) ইউএসএআইডি খ) আইএমএফ
গ) ইউএনএইচসিআর ঘ) ডব্লুটিও **উত্তর:** খ

৯. **BRICS ব্যাংক এর সদস্য সংখ্যা কত?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক) ৫ খ) ১৫
গ) ৩ ঘ) ৪ **উত্তর:** ক

১০. **BRICS refers to the following states-** [Pubali Bank Ltd. Senior Officer: 12]
ⓐ Brazil, Russia, India, China,South Africa
ⓑ Bangladesh, Russia, India, China
ⓒ Brazil, Russia, Israel, China
ⓓ Brazil, Russia, Iran, China
ⓔ None of them **Ans.** a

১১. **ব্রিকস ব্যাংক - এর বর্তমান নাম কী** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক) নয়া উন্নয়ন ব্যাংক
খ) এশীয় উন্নয়ন ব্যাংক
গ) এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক
ঘ) নয়া সহস্রাব্দ ব্যাংক **উত্তর:** ক

১২. **BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে-** [৪০তম বিসিএস]
ক) New Development Bank (NDB)
খ) BRICS Development Bank (BDB)
গ) Economic Development Bank (EDB)
ঘ) International Commercial Bank (ICB)
উত্তর: ক

১৩. **BRICS এর সদর দপ্তর কোথায়?** [৩৭তম বিসিএস/ সমন্বিত ৫ ব্যাংক অফিসার (ক্যাশ): ২২/ শিক্ষা মন্ত্রণালয়ের স্টিমিটার : ২২]
ক) সাংহাই খ) মস্কো
গ) প্রিটোরিয়া ঘ) নয়াদিল্লি **উত্তর:** ক

১৪. **বিখ্যাত 'ওয়াশিংটন কনসেনসাস' (Washington Consensus) কোন বিষয়ের সঙ্গে জড়িত?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক) অস্ত্র নিয়ন্ত্রণ
খ) নয়া উদারতাবাদী অর্থনৈতিক নীতি বাস্তবায়ন
গ) আন্তর্জাতিক সন্ত্রাসবাদ দমন
ঘ) আন্তর্জাতিক অভিবাসন নীতি **উত্তর:** খ

১৫. **What is 'Super 301'?** [Agrani Bank Ltd. Senior Officer: 13]
ⓐ Name of a modern computer
ⓑ A new variety of wheat
ⓒ American trade law
ⓓ A new vaccine of AIDS
ⓔ A Racing competition **Ans.** c

প্রতিরক্ষা জোট

Quadrilateral Security Dialogue (QUAD): বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরে চীনকে মোকাবেলার উদ্দেশ্যে ২০০৭ সালে ভারত, যুক্তরাষ্ট্র, জাপান ও অস্ট্রেলিয়ার মধ্যে চতুর্ভুজীয় সুরক্ষা সংলাপ QUAD এর সূচনা হয়। 'কোয়াড' এর প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ২৪ সেপ্টেম্বর, ২০২১ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসির হোয়াইট হাউসে।

AUKUS: অস্ট্রেলিয়া (Australia) যুক্তরাজ্য (UK) এবং যুক্তরাষ্ট্র (USA) এর ত্রিপক্ষীয় কৌশলগত নিরাপত্তা চুক্তি। ১৫ সেপ্টেম্বর, ২০২১ সামরিক জোট AUKUS গঠনের ঘোষণা দেয়া হয়। দক্ষিণ চীন সাগরে চীনের প্রভাব মোকাবেলা করতে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য যৌথভাবে অস্ট্রেলিয়াকে পারমাণু শক্তি-চালিত সাবমেরিন তৈরির জন্য প্রযুক্তি সরবরাহ করবে।

MCQ Solution

১. **'QUAD' is a group of four countries India, Untied States, Japan and -** [Sylhet Gas Field Ltd. Assistant Manager (Finance & Accounts): 21]
ⓐ Russia ⓑ Australia
ⓒ New-Zealand ⓓ China **Ans.** b


২. **AUKUS জোটের সদস্য কারা?** [NSI এর ফিল্ড অফিসার: ২১]
ক) চীন, রাশিয়া, পাকিস্তান
খ) জাপান, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ভারত
গ) যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য
ঘ) অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, ভারত **উত্তর:** গ

৩. **সদ্যঘোষিত 'আউকুস' চুক্তির অন্তর্ভুক্ত দেশ নয়?** [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ক) জাপান খ) যুক্তরাষ্ট্র
গ) যুক্তরাজ্য ঘ) অস্ট্রেলিয়া **উত্তর:** ক

মধ্যপ্রাচ্য এবং আরব বিশ্ব
Middle east and Arab World

মধ্যপ্রাচ্য (Middle East) - ১৮টি দেশ

বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কাতার, ওমান, ইয়েমেন, সৌদি আরব, ইরান, ইরাক, কুয়েত, জর্ডান, সিরিয়া, লেবানন, মিশর, ইসরায়েল, ফিলিস্তিন, উত্তর সাইপ্রাস, সাইপ্রাস এবং তুরস্ক।



আরবি ভাষা

আরবি সেমিটীয় ভাষা পরিবারের সদস্য। আরবি ভাষা ২৬ টি দেশে সরকারি ভাষা হিসেবে ব্যবহৃত হয়। ব্যবহারকারীর দেশের সংখ্যার বিচারে আরবি ভাষার অবস্থান পৃথিবীতে তৃতীয়।

আরব লীগ -Arab League


প্রতিষ্ঠাকাল	:	২২ মার্চ, ১৯৪৫
প্রতিষ্ঠাকালীন সদস্য (৭টি)	:	সৌদি আরব, ইরাক, মিশর, লেবানন, জর্ডান, সিরিয়া এবং ইয়েমেন।
প্রতিষ্ঠাকালীন সদর দপ্তর	:	কায়রো, মিশর

১৯৭৯ সালে মিশর-ইসরায়েল শান্তিচুক্তি স্বাক্ষরিত হলে আরবলীগে মিশরের সদস্যপদ স্থগিত করা হয় এবং সদর দপ্তর কায়রো থেকে তিউনিসে স্থানান্তর করা হয়।

১০ বছর পর ১৯৮৯ সালে মিশরের সদস্যপদ পুনর্বহাল করা হয় এবং ১৯৯০ সালে সদর দপ্তর পুনরায় কায়রোতে ফিরিয়ে আনা হয়।

পরে যোগ দেয়: আলজেরিয়া, বাহরাইন, কমোরোস, জিবুতি, কুয়েত, লিবিয়া, মৌরিতানিয়া, মরক্কো, ওমান, ফিলিস্তিন, কাতার, সোমালিয়া, সুদান, তিউনিসিয়া এবং সংযুক্ত আরব আমিরাত।

বর্তমানে মোট সদস্য রাষ্ট্র ২২টি



MCQ Solution

১. **কতগুলো রাষ্ট্র নিয়ে মধ্যপ্রাচ্য গঠিত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১]
ⓚ ২০টি ⓛ ১৯টি
ⓖ ১৮টি ⓘ ১৭টি **উত্তর:** গ

২. **কোনটি মধ্যপ্রাচ্যের একটি দেশ?** [বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন এর উচ্চমান সহকারী: ১৭]
ⓚ কাতার ⓛ নাইজেরিয়া
ⓖ মাদাগাস্কার ⓘ আফগানিস্তান **উত্তর:** ক

৩. **আয়তনে মধ্যপ্রাচ্যের সবচেয়ে বড় দেশটির নাম -** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লি. সুপারভাইজার: ১৫]
ⓚ কাতার ⓛ সিরিয়া
ⓖ ইরান ⓘ সৌদি আরব **উত্তর:** ঘ

৪. **সীমান্ত বিবেচনায় সৌদি আরবের ক্ষেত্রে প্রযোজ্য নয় -** [জাবি (বি ইউনিট): ২০-২১]
ⓚ কাতার ⓛ সিরিয়া
ⓖ জর্ডান ⓘ ইরাক **উত্তর:** খ

৫. **কোনটি মধ্যপ্রাচ্যের দেশ নয়?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ⓚ ইরান ⓛ কাতার
ⓖ ইয়েমেন ⓘ কাজাখস্তান **উত্তর:** ঘ

৬. **মধ্যপ্রাচ্যের অনারব দেশ -** [রাবি (দর্শন): ১১-১২]
ⓚ ইরান ও মিশর ⓛ তুরস্ক ও সিরিয়া
ⓖ তুরস্ক ও ইরান ⓘ ইরান ও ইরাক **উত্তর:** গ

৭. **Syria does not share its border with which of the following countries?** [Probashi Kallyan Bank Ltd. Senior Officer (Cash): 14]

Or,

কোন দেশের সাথে সিরিয়া তার সীমানা ভাগ করে না? [রাবি (বি-৩ ইউনিট): ২০-২১]

ⓚ লেবানন ⓚ ইরান
ⓖ তুরস্ক ⓖ জর্ডান **উত্তর: খ**

(ক) লেবানন (খ) ইরান
(গ) তুরস্ক (ঘ) জর্ডান **উত্তর: খ**

৮. **সেমীয় ভাষা কোনটি?** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]

(ক) আরবি (খ) উর্দু
(গ) ফরাসি (ঘ) ফারসি **উত্তর: ক**

৯. **ব্যবহারকারীর দেশ হিসেবে আরবি ভাষার অবস্থান-** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার: ১৭]

(ক) প্রথম (খ) দ্বিতীয়
(গ) তৃতীয় (ঘ) চতুর্থ **উত্তর: গ**

১০. **আরব লীগ কখন প্রতিষ্ঠিত হয়?** [৩৬তম বিসিএস/ চবি (ডি ইউনিট): ১৯-২০]

(ক) ১৯৪০ সালের ২০ ফেব্রুয়ারি
(খ) ১৯৪২ সালের ২০ জানুয়ারি
(গ) ১৯৪৪ সালের ২২ মার্চ
(ঘ) ১৯৪৫ সালের ২২ মার্চ **Ans. d**

১১. **প্রতিষ্ঠাকালীন আরব লীগের সদর দপ্তর কোথায় ছিল?** [পাবলিক সার্ভিস কমিশনের সহকারী পরিচালক: ৯৪]

(ক) তিউনিস (খ) কায়রো
(গ) রাবাত (ঘ) দামেস্ক **Ans. b**

১২. **Which country was suspended from the Arab League for 10 years from 1979?** [Sonali Bank Ltd (Executive Officer): 17]

ⓐ Egypt ⓑ Iraq
ⓒ Jordan ⓓ Syria **Ans. a**

১৩. **আরবলীগের সদর দপ্তর (Headquarter) কোথায় অবস্থিত?** [১৫বিসিএস]

(ক) তিউনিস (খ) কায়রো
(গ) রাবাত (ঘ) জেদ্দা **উত্তর: খ**

১৪. **আরব লীগের প্রতিষ্ঠাতা সদস্য দেশ নয়?** [২৫তম বিসিএস]

(ক) মিশর (খ) সংযুক্ত আরব আমিরাত
(গ) লেবানন (ঘ) ইয়েমেন **উত্তর: খ**

১৫. **কোন দেশটি আরব লীগের সদস্য নয়?** [১৪তম বিসিএস]

Or,

Which of the following is not an Arab country? [সোনালী ব্যাংক সিনিয়র অফিসার: ১৩]

(ক) জর্ডান (খ) লেবানন
(গ) ইরান (ঘ) বাহরাইন **উত্তর: গ**

আরব-ইসরায়েল সংঘাত

বেলফোর ঘোষণা (১৯১৭ খ্রি.): ১৯১৭ খ্রিষ্টাব্দের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্র মন্ত্রী আর্থার জেমস বেলফোরের লিখিত একটি ঘোষণাপত্র বেলফোর ঘোষণা নামে পরিচিত। এতে প্যালেস্টাইনে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার অঙ্গীকার করা হয়।

প্রথম আরব-ইসরায়েল যুদ্ধ (১৯৪৮ - ৪৯ খ্রি.): ১৪ মে, ১৯৪৮ ফিলিস্তিনিদের মাতৃভূমিতে সম্পূর্ণ অবৈধভাবে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। মার্কিন প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যান তৎক্ষণাৎ ইসরায়েলকে স্বীকৃতি দেন। কয়েকটি আরব দেশ একত্রিত হয়ে যুদ্ধে লিপ্ত হয় ইসরায়েলের বিপক্ষে। ইসরায়েল পশ্চিমা বিশ্বের সমর্থনে জয়ী হয়। ১৯৪৯ সালে জাতিসংঘের মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকর হয়। আরব ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি রেখা 'গ্রিন লাইন' (Green Line) চিহ্নিত করা হয়।

দ্বিতীয় আরব-ইসরায়েল যুদ্ধ বা সুয়েজ সঙ্কট (১৯৫৬ খ্রি.): মিশরের প্রেসিডেন্ট জামাল আব্দেল নাসের ১৯৫৬ সালে সুয়েজ খালের জাতীয়করণ করেন। খালটির ওপর পশ্চিমা নিয়ন্ত্রণ পুনঃপ্রতিষ্ঠা করার লক্ষ্যে ১৯৫৬ সালে ইসরায়েল, ব্রিটেন এবং ফ্রান্স মিশর আক্রমণ করে। মিশরীয়রা পরাজিত হয় তবে তারা খাল দিয়ে জাহাজ চলাচল বন্ধ করে দেয়। এই ঘটনা সুয়েজ সংকট বা ত্রিপক্ষীয় আগ্রাসন নামে পরিচিত। ১৯৫৬ সালের অক্টোবর থেকে ১৯৫৭ সালের মার্চ পর্যন্ত সুয়েজ খাল বন্ধ ছিল। যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন এবং জাতিসংঘ তিন আক্রমণকারী পক্ষকে সরে আসতে বাধ্য করে।


ইউনাইটেড আরব রিপাবলিক (১৯৫৮ - ১৯৬১ খ্রি.): মিশর ও সিরিয়া ১৯৫৮ সালে একত্রিত হয়ে United Arab Republic (UAR) গঠন করে। এর রাজধানী ছিল কায়রোতে।

পিএলও প্রতিষ্ঠা (১৯৬৪ খ্রি.): প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন (Palestine Liberation Organization) সংক্ষেপে পি.এল.ও (PLO) একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়। ১৯৭৪ সাল থেকে পি.এল.ও জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা ভোগ করছে। পশ্চিম তীরের রামাল্লায় পি. এল.ও এর সদর দপ্তর অবস্থিত। ১৯৮০ ও ১৯৯০ এর দশকে পূর্ব জেরুজালেমের ওরিয়েন্ট হাউস (Orient House) সংগঠনটির সদর দপ্তর হিসেবে ব্যবহৃত হতো।



ইয়াসির আরাফাত

১৯২৯ সালে মিশরের কায়রোতে জন্মগ্রহণ করেন। ১৯৬৯ সালে PLO এর চেয়ারম্যান নির্বাচিত হন। ১৯৯৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। ২০০৪ সালে ফ্রান্সের প্যারিসে মৃত্যুবরণ করেন। রামাল্লায় তাঁকে সমাহিত করা হয়।


লেবানন
গোলান মালভূমি
সিরিয়া
পশ্চিম তীর
(West Bank)
নাবলুস
রামাল্লা
ভূ ম ধ্য সা গ র
তেল আবিব
জেরুজালেম
বেথেলহাম
মৃত সাগর
ফিলিস্তিন
গাজা ভূখণ্ড
ইসরায়েল
জর্ডান
← সুয়েজ খাল
মি শ র
সিনাই উপদ্বীপ
সুয়েজ উপসাগর
আকাবা উপসাগর
সৌদি আরব
লোহিত সাগর

তৃতীয় আরব-ইসরায়েল যুদ্ধ বা ছয় দিনের যুদ্ধ (১৯৬৭ খ্রি.) এই যুদ্ধে ইসরায়েল জয়লাভ করে। এ সময় ইসরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন মোশে দায়ান।

- ইসরায়েল মিশরের গাজা এবং সিনাই উপদ্বীপ দখল করে নেয়। শারম আল শেখ লোহিত সাগরের তীরবর্তী সিনাই উপদ্বীপের দক্ষিণে অবস্থিত একটি শহর ও অবকাশ কেন্দ্র।
- গোলান মালভূমি সিরিয়া-ইসরায়েল সীমান্তে অবস্থিত। ইসরায়েল গোলান মালভূমির দুই-তৃতীয়াংশ দখল করে নেয়। গোলান মালভূমিতে সিরিয়া-ইসরায়েলের যুদ্ধবিরতি রেখা পার্পল লাইন (Purple Line) নামে পরিচিত।
- ইসরায়েল জর্ডানের পশ্চিম তীর (পূর্ব জেরুজালেমসহ) দখল করে নেয়।

চতুর্থ আরব-ইসরায়েল যুদ্ধ বা প্রথম তেল সংকট (১৯৭৩ খ্রি.): মধ্যপ্রাচ্যের প্রধান রপ্তানি পণ্য তেল (Petroleum)। ১৯৭৩ সালের ১৭ অক্টোবর আরব তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন OAPEC আরব-ইসরায়েল যুদ্ধের প্রতিক্রিয়া হিসেবে ঘোষণা করে যে, ইসরায়েলকে সমর্থনকারী কোনো দেশে তারা তেল সরবরাহ করবেনা। এই ঘোষণার পরিপ্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্র, পশ্চিম ইউরোপ এবং জাপানে তেল সরবরাহ বন্ধ হয়ে যায়। খনিজ তেলের উপর শিল্পোন্নত দেশসমূহের নির্ভরতার সুযোগে ওপেকের সদস্য রাষ্ট্রসমূহ একচেটিয়াভাবে তেলের দাম বাড়িয়ে দেয়। ফলে পশ্চিমা বিশ্বের অর্থনীতিতে সংকটের সূচনা হয়। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল সিনাই উপত্যকা এবং গোলান মালভূমি থেকে সৈন্য প্রত্যাহারের অঙ্গীকার করলে ওপেক ১৯৭৪ সালের মার্চ মাসে তেল নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়।

ক্যাম্প ডেভিড চুক্তি (১৯৭৮ খ্রি.): মিশর এবং ইসরায়েলের মধ্যে ঐতিহাসিক 'ক্যাম্প ডেভিড চুক্তি' স্বাক্ষরিত হয়। ক্যাম্প ডেভিড যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যে অবস্থিত মার্কিন রাষ্ট্রপতিদের বিশ্রামের স্থান। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জিমিকার্টার এই চুক্তির মধ্যস্থতা করেন। মিশরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত এবং ইসরায়েলি প্রধানমন্ত্রী মেনাখেম বেগিম যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার (১৯৭৮ খ্রি.) পান।

মিশর-ইসরায়েল শান্তি চুক্তি (১৯৭৯ খ্রি.): মিশর ইসরায়েলকে স্বীকৃতি দেয়। ইসরায়েল মিশরকে সিনাই উপদ্বীপ ফেরত দেয়।

হামাস প্রতিষ্ঠা (১৯৮৭ খ্রি.): হামাস ফিলিস্তিনের কট্টর ইসলামপন্থী সংগঠন। পশ্চিম তীর ও গাজা থেকে ইসরায়েলি দখলদারির অবসানের দাবিতে 'ইন্তিফাদা' (অর্থ - ফিলিস্তিনি গণজাগরণ) শুরুর পর হামাস গঠিত হয়।

ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা (১৯৮৮ খ্রি.): আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রের ঘোষণা দেওয়া হয়। এ সময় ঘোষিত ফিলিস্তিন রাষ্ট্র পুরোপুরিভাবে ইসরায়েলের নিয়ন্ত্রণে ছিল। আলজেরিয়া স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রকে প্রথম স্বীকৃতি দেয়।

অসলো চুক্তি (১৯৯৩ খ্রি.): নরওয়ের রাজধানী অসলোতে গোপন বৈঠকের মাধ্যমে পি.এল.ও এবং ইসরায়েল একটি চুক্তির ব্যাপারে একমত হয়। ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩ যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে আনুষ্ঠানিকভাবে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এটি অসলো চুক্তি (Oslo Accord) নামে পরিচিত। এই চুক্তির মাধ্যমে ইসরায়েল ও PLO পরস্পরকে স্বীকৃতি দেয়। ফিলিস্তিনিদের স্বায়ত্তশাসনের রোডম্যাপ প্রণয়ন করা হয় কিন্তু স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র সম্পর্কে ইসরায়েলের পক্ষ থেকে কোনো স্বীকৃতি মেলেনি।

জর্ডান-ইসরায়েল শান্তি চুক্তি (১৯৯৪ খ্রি.): দ্বিতীয় আরব দেশ হিসাবে জর্ডান ইসরায়েলের সাথে শান্তিচুক্তি স্বাক্ষর করে এবং তাদের মধ্যে পারস্পারিক কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।

অন্তর্বর্তীকালীন চুক্তি (১৯৯৫ খ্রি.): ইসরায়েল ও PLO এর মধ্যে গাজা ও পশ্চিম তীর সম্পর্কিত অন্তর্বর্তীকালীন চুক্তি (Interim Agreement on the West Bank and the Gaza Strip) স্বাক্ষরিত হয়। এই চুক্তির ফলে গাজা ও পশ্চিম তীরে সীমিত আকারে ফিলিস্তিনি জনগণের স্ব-শাসন প্রতিষ্ঠিত হয়। প্যালেস্টাইন ন্যাশনাল অথরিটি (PNA) এই অংশে প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করে এবং রামাল্লাকে প্রশাসনিক রাজধানী হিসাবে ব্যবহার করে।

উই রিভার চুক্তি (Wye River Memorandum) স্বাক্ষরিত হয় ২৩ অক্টোবর, ১৯৯৮। পিএলও এবং ইসরায়েলের মধ্য সম্পাদিত চুক্তিটির আলোচনা সম্পন্ন হয় যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যের উই রিভারে।

অপারেশন ডিফেনসিভ শিল্ড (Operation Defensive Shield) ২০০২ খ্রি.: ইসরায়েলের সামরিক বাহিনী কর্তৃক পশ্চিম তীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে পরিচালিত অভিযান।

লেবাননে ইসরায়েলি আগ্রাসন (২০০৬ খ্রি.): ২০০০ সালে জাতিসংঘ লেবানন ও ইসরায়েলের মধ্যবর্তী সীমানা হিসেবে 'ব্লু লাইন' (Blue Line) চিহ্নিত করে। ২০০৬ সালে ইসরায়েল লেবাননভিত্তিক গেরিলা সংগঠন 'হিজবুল্লাহ' কে ধ্বংস করার ঘোষণা দিয়ে দক্ষিণ লেবাননে পুনরায় আগ্রাসন চালায়। হিজবুল্লাহদের প্রধান নেতা হাসান নাসরুল্লাহ।

- *ফোর্স-১৭ (Force 17)* ফিলিস্তিনি ফাতাহ আন্দোলনের কমান্ডো এবং বিশেষ অপারেশন ইউনিট।
- *ব্ল্যাক সেপ্টেম্বর সংস্থা* (Black September Organization) ১৯৭০ সালে গঠিত ফিলিস্তিনের একটি গেরিলা সংগঠন।

আরব-ইসরায়েল সম্পর্কের নতুন মেরুকরণ

ইসরায়েলকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ তুরস্ক (সময়কাল: ১৯৪৯খ্রি.)। আরব দেশসমূহের মধ্যে প্রথম ইসরায়েলকে স্বীকৃতি দেয় মিশর (১৯৭৯ খ্রি.)। ১৯৯৪ সালে

জর্ডান-ইসরায়েলের মধ্যে শান্তিচুক্তি স্বাক্ষরিত হলে দ্বিতীয় আরব দেশ হিসেবে ইসরায়েলকে স্বীকৃতি দেয় জর্ডান। ২০২০ সালের ১৫ সেপ্টেম্বর হোয়াইট হাউসে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় ইসরায়েলের সাথে কুটনৈতিক সম্পর্ক স্থাপনের লক্ষ্যে 'আব্রাহাম অ্যাকর্ডস' চুক্তি স্বাক্ষর করে আরব দেশ সংযুক্ত আরব আমিরাত এবং বাহরাইন। একই বছর ইসরায়েলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার ঘোষণা দেয় আরব দেশ সুদান ও মরক্কো।

MCQ Solution

১. **'বেলফোর' ঘোষণা কোন রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সম্পর্কিত?** [ববিপ্রবি (এফ ইউনিট): ১৯-২০]
ক পাকিস্তান খ কসোভো
গ ইসরায়েল ঘ কিউবা **উত্তর: গ**

২. **বেলফোর ঘোষণা কি?** [নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক: ৯৫]
ক মধ্যপ্রাচ্যে ইহুদি রাষ্ট্রের ঘোষণা
খ আরব ও ইহুদিদের মধ্যে শান্তি স্থাপনের ঘোষণা
গ মধ্যপ্রাচ্যে আরব সংহতি রক্ষার ঘোষণা
ঘ আরব ও ইহুদিদের সংঘর্ষের ঘোষণা **উত্তর: ক**

৩. **প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা ১৯১৭ এর মূল প্রতিপাদ্য ছিল-** [৩৫তম বিসিএস]
ক জাতিপুঞ্জ সৃষ্টি করা খ অটোমানদের জায়গা দখল করা
গ ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন
ঘ জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন
উত্তর: গ

৪. **ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার প্রতিশ্রুতি সম্বলিত 'বেলফোর ঘোষণা' কখন দেয়া হয়েছিল?** [পররাষ্ট্র মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক ১৯১৪ খ ১৯১৭
গ ১৯৩৯ ঘ ১৯৪৮ **উত্তর: খ**

৫. **কোন সনে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠার কথা ঘোষণা করা হয়?** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ক ১৯১৭ খ ১৯৩৩
গ ১৯৬২ ঘ ১৯৬৭ **উত্তর: ক**

৬. **স্বাধীন ইসরায়েল রাষ্ট্র কোন সনে ঘোষণা দেয়া হয়?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক: ০৫]
ক ১৯৪৬ খ ১৯৪৭
গ ১৯৪৮ ঘ ১৯৫০ **উত্তর: গ**

৭. **ফিলিস্তিনিদের মাতৃভূমিতে কখন ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়?** [২৬তম বিসিএস]
ক ১৯৪৮ খ ১৯৫০
গ ১৯৬৭ ঘ ১৯৭০ **উত্তর: ক**

৮. **ইসরায়েল রাষ্ট্রের Declaration হয় ১৯৪৮ সনের মে মাসের কত তারিখ?** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক: ০৫]
ক ১০ খ ১২
গ ১৪ ঘ ১৫ **উত্তর: গ**

৯. **প্যালেস্টাইনে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠা করা হয়েছিল -** [চবি (ডি ইউনিট): ০৪-০৫]
ক প্রথম বিশ্বযুদ্ধের পর
খ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর
গ কোরীয় যুদ্ধের পরে
ঘ আরব-ইসরায়েল যুদ্ধের পর **উত্তর: খ**

১০. **ইসরায়েল রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডে সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক আর্থার বেলোফার খ ব্যারন এডমন্ড রথচাইল্ড
গ মোনাটেম বেগিন ঘ থিওডোর হার্জেল **উত্তর: ঘ**

১১. **ইসরায়েলকে কোন দেশ প্রথম স্বীকৃতি দেয়?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক যুক্তরাজ্য খ জার্মানি
গ ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

১২. **আরব ইসরায়েল যুদ্ধ হয় কত বার?** [বাংলাদেশ রোড অথরিটির সহকারী পরিচালক: ০৫]
ক ৩ বার খ ৪ বার
গ ৫ বার ঘ ৬ বার **উত্তর: খ**

১৩. **মিশর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল-** [১২তম বিসিএস/পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক ১৯৫৬ সালে খ ১৯৫৫ সালে
গ ১৯৫৪ সালে ঘ ১৮৯৫ সালে **উত্তর: ক**

১৪. **মিশর ও সিরিয়া কত সালে একত্রিত হয়ে ইউনাইটেড আরব রিপাবলিক গঠন করেছিল?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক ১৯৪৭ খ ১৯৫২
গ ১৯৫৩ ঘ ১৯৫৮ **উত্তর: ঘ**

১৫. **UAR - এর পূর্ণরূপ কী?** [ইবি (বি ইউনিট): ১৬-১৭]
ক United Arab Reion
খ Union Arab Republic
গ United Arab Range
ঘ United Arab Republic **উত্তর: ঘ**

১৬. **PLO'র পূর্ণরূপ কি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ৯৩]
ক Polish Liberation Organization
খ People's Labour Organization
গ Palestine Liberation Organization
ঘ Public Law Office **উত্তর: গ**

১৭. **পিএলও (PLO) কখন গঠিত হয়?** [২৩তম বিসিএস]
ক ১৯৬৪ সালে খ ১৯৬৫ সালে
গ ১৯৬৬ সালে ঘ ১৯৬৭ সালে **উত্তর: ক**

১৮. **Orient House কার সদর দপ্তর?** [ঢাবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ক প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন
খ ব্রিটিশ লেবার পার্টি
গ যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক পার্টি
ঘ ভারতীয় জাতীয় কংগ্রেস **উত্তর: ক**

১৯. PLO এর সদর দপ্তর কোথায়? [১০ম বিসিএস]
ক) রামাল্লা খ) জেনিন
গ) গাজা ঘ) জেরুজালেম **উত্তর:** ক

২০. ইয়াসির আরাফাত কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন? [রাবি (মার্কেটিং বিভাগ): ০৪-০৫]
ক) প্যালেস্টাইন খ) মিশর
গ) ইসরায়েল ঘ) সিরিয়া **উত্তর:** খ

২১. ফিলিস্তিন মুক্তি সংস্থার (PLO) নেতা কে ছিলেন? [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক) আনোয়ার সাদাত খ) ইয়াসির আরাফাত
গ) মেনাহিম বেগিন ঘ) হোসনি মোবারক **উত্তর:** খ

২২. ইয়াসির আরাফাত কোন সনে PLO-র চেয়ারম্যান হন? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক) ১৯৬৪ সনে খ) ১৯৬৯ সনে
গ) ১৯৭০ সনে ঘ) ১৯৭১ সনে **উত্তর:** খ

২৩. ইয়াসির আরাফাত নোবেল পুরস্কার পান কত সালে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা): ১২]
ক) ১৯৯৩ খ) ১৯৯৪
গ) ১৯৯৫ ঘ) ১৯৯৬ **উত্তর:** খ

২৪. ইয়াসির আরাফাত মারা যান- [ঢাবি (খ ইউনিট): ০৪-০৫]
ক) জেরুজালেম খ) রামাল্লায়
গ) ওয়াশিংটনে ঘ) প্যারিসে **উত্তর:** ঘ

২৫. প্যালেস্টাইনি নেতা ইয়াসির আরাফাতকে কোথায় সমাহিত (buried) করা হয়েছে? [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ক) জেরুজালেম খ) জেরিকো
গ) রামাল্লা ঘ) গাজা **উত্তর:** গ

২৬. রামাল্লা কোথায় অবস্থিত? [ববি (খ ইউনিট): ১৪-১৫]
ক) ইরাক খ) আফগানিস্তান
গ) ফিলিস্তিন ঘ) মিশর **উত্তর:** গ

২৭. কোনটি ফিলিস্তিন শহর নয়? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর অফিস সহকারী: ২১]
ক) রামাল্লা খ) নাবলুস
গ) বেথেলহেম ঘ) সবগুলো **উত্তর:**
ব্যাখ্যা: রামাল্লা, নাবলুস ও বেথেলহেম ফিলিস্তিনের তিনটি উল্লেখযোগ্য শহর।

২৮. ১৯৬৭ সালের আরব-ইসরায়েল যুদ্ধের স্থায়িত্ব ছিল কতদিন? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক) ৩ দিন খ) ৪ দিন
গ) ৫ দিন ঘ) ৬ দিন **উত্তর:** ঘ

২৯. ছয় দিনের যুদ্ধ যে সনে সংঘটিত হয়? [জবি (খ ইউনিট): ০৭-০৮]
ক) ১৯৫৬ খ) ১৯৬৭
গ) ১৯৭৩ ঘ) ১৯৮২ **উত্তর:** খ

৩০. মোশে দায়ান কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন? [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগ্রামার: ১৬]
ক) শ্রীলংকা খ) উত্তর কোরিয়া
গ) চীন ঘ) ইসরায়েল **উত্তর:**
ব্যাখ্যা: মোশে দায়ান ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ছিলেন।

৩১. 'শারম আল শেখ' কী? [একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]
ক) মিশরের প্রেসিডেন্ট ভবন
খ) আরব আমিরাতের প্রেসিডেন্ট প্রাসাদ
গ) মিশরের অবকাশ কেন্দ্র
ঘ) ভূমধ্যসাগরে অবস্থিত অবকাশ কেন্দ্র **উত্তর:** গ

৩২. গোলান মালভূমি কোন দেশের অংশ? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ০৪]
ক) সিরিয়া খ) লেবানন
গ) জর্ডান ঘ) ফিলিস্তিন **উত্তর:** ক

৩৩. ইসরায়েল কত সালে পূর্ব জেরুজালেম দখল করেছিল? [২৩তম বিসিএস]
ক) ১৯৪৮ সালে খ) ১৯৬০ সালে
গ) ১৯৬৭ সালে ঘ) ১৯৭৩ সালে **উত্তর:** গ

৩৪. Golan Heights is a cause of discord between which two countries? [RAKUB Senior Officer: 10] *Or,*
গোলান মালভূমি কোন দুই দেশের মধ্যে সংঘাতের কারণ? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের অডিটর: ১৯]
ⓐ Egypt and Israel
ⓑ Jordan and Israel
ⓒ Syria and Israel
ⓓ Russia and Georgia
ⓔ India and Pakistan **Ans.** c

৩৫. Which is the main export item of Middle East?/ মধ্যপ্রাচ্যের প্রধান রপ্তানি পণ্য কোনটি? [Pubali Bank Ltd. Senior Officer/ Officer: 11]
ⓐ Gold (সোনা) ⓑ Fish (মৎস্য)
ⓒ Camel (উট) ⓓ Petroleum (তেল)
ⓔ None of them (কোনোটিই নয়) **Ans.** d

৩৬. মধ্যপ্রাচ্যে কখন প্রথম তেলঅস্ত্র ব্যবহার করা হয়েছিল? [২৫তম বিসিএস]
ক) ১৯৭৩ সালে খ) ১৯৮১ সালে
গ) ১৯৯১ সালে ঘ) ২০০৩ সালে **উত্তর:** ক

৩৭. আরব দেশসমূহ পাশ্চাত্যের উপর প্রথম তেল অবরোধ করে- [১৭তম বিসিএস]
ক) ১৯৭০ সালে খ) ১৯৭৩ সালে
গ) ১৯৭৪ সালে ঘ) ১৯৭৮ সালে **উত্তর:** খ

৩৮. **ক্যাম্প ডেভিড চুক্তি কবে স্বাক্ষরিত হয়?** [জবি (খ ইউনিট): ০৯-১০]
ক) ১৯৭৮ খ) ১৯৭৯
গ) ১৯৭৩ ঘ) ১৯৮১ **উত্তর: ক**

৩৯. **মিশর-ইসরায়েলের মধ্যে ক্যাম্প ডেভিড চুক্তি হয় কোন সালে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে হিসাব নিরীক্ষক: ১৭]
ক) ১৯৭২ খ) ১৯৮২
গ) ১৯৭৮ ঘ) ১৯৮৮ **উত্তর: গ**

৪০. **ক্যাম্প ডেভিড মার্কিন যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যে অবস্থিত?** [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ক) মেরিল্যান্ড খ) ভার্জিনিয়া
গ) কেন্টাকি ঘ) ওহাইও **উত্তর: ক**

৪১. **মিশর ও ইসরায়েলের মধ্যে ১৯৭৮ সালে কোন চুক্তিটি সম্পাদিত হয়?** [বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক) জেনেভা চুক্তি খ) প্যারিস চুক্তি
গ) ক্যাম্প ডেভিড চুক্তি ঘ) তাসখন্দ চুক্তি **উত্তর: গ**

৪২. **কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরায়েলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে?** [৪৪তম বিসিএস]
ক) জর্দান ও মিশর খ) তিউনিসিয়া ও আলজেরিয়া
গ) লিবিয়া ও ওমান ঘ) কুয়েত ও বাহরাইন **উত্তর: ক**

৪৩. **আনোয়ার সাদাত কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?** [মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা কর্মকর্তা: ০৫]
ক) মিশর খ) লেবানন
গ) বেনিন ঘ) সুদান **উত্তর: ক**

৪৪. **স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রের রাজধানী ঘোষণা করা হয়?** [চবি (ঘ ইউনিট): ০৩-০৪]
ক) জেরুজালেম খ) তেল আবিব
গ) গাজা সিটি ঘ) সিনাই **উত্তর: ক**

৪৫. **স্বাধীন ফিলিস্তিনী রাষ্ট্রকে সর্বপ্রথম স্বীকৃতি দেয় কোন দেশ?** [৩১তম বিসিএস]
ক) সিরিয়া খ) তিউনিসিয়া
গ) আলজেরিয়া ঘ) নাইজেরিয়া **উত্তর: গ**

৪৬. **১৯৯৩ সালে প্যালেস্টাইন সংকট সমাধানের লক্ষ্যে প্যালেস্টাইন ও ইসরায়েলের মধ্যে যে ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয় তার নাম -** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক) ক্যাম্প ডেভিড চুক্তি খ) টেম্পল মাউন্ট চুক্তি
গ) প্যারেজ চুক্তি ঘ) অসলো চুক্তি **উত্তর: ঘ**

৪৭. **নিম্নের কোন তারিখে পিএলও-ইসরায়েল পারস্পরিক স্বীকৃতি দলিলে স্বাক্ষর করে?** [১৫তম বিসিএস]
ক) ১০ সেপ্টেম্বর, ১৯৯৩
খ) ১১ সেপ্টেম্বর, ১৯৯৩
গ) ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩
ঘ) ২০ সেপ্টেম্বর, ১৯৯৩ **উত্তর: গ**

৪৮. **অসলো (Oslo) শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় কোন সনে?** [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক) ১৬১০ সালে খ) ১৯৯১ সালে
গ) ১৯৯৩ সালে ঘ) ১৯৯৪ সালে **উত্তর: গ**

৪৯. **Palestinian self-rule has been established in:/ প্যালেস্টাইন স্ব-শাসন প্রতিষ্ঠিত হয়েছে-** [IFIC Bank Ltd. Proationary Officer: 96]
ⓐ Jordan
ⓑ West Bank & Gaza strip
ⓒ Sinai Peninsula
ⓓ Jerusalem **Ans. b**

৫০. **"উই রিভার" চুক্তি স্বাক্ষরিত হয়েছিল কত সালে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক) ১৯৯৮ খ) ১৯৯৯
গ) ২০০০ ঘ) ২০০১ **উত্তর: ক**

৫১. **Operation Defensive Shield কাদের বিরুদ্ধে পরিচালিত হয়েছিল?** [জবি (খ ইউনিট): ০৫-০৬]
ক) ফিলিস্তিনি খ) ইরাকি
গ) আফগান ঘ) কাশ্মীরি **উত্তর: ক**

৫২. **প্যালেস্টাইনের জন্য 'ফ্রিডম ফ্লোটিলা' কোন দেশ কর্তৃক প্রেরিত হয়?** [চবি (জি ইউনিট): ১১-১২]
ক) জাপান খ) সুইডেন
গ) ফিনল্যান্ড ঘ) তুরস্ক
ঙ) কোরিয়া **উত্তর: ঘ**

৫৩. **Current President of the Palestinian Authority Mr. Mahmoud Abbas is also known as -** [Bangladesh krishi Bank Officer: 07]
ⓐ Abu Ala ⓑ Abu Mazen
ⓒ Nabil Shath ⓓ Hanan Ashrawi
ⓔ Saeb Erakat **Ans. b**

৫৪. **সম্প্রতি কোন দেশটি তাদের দূতাবাস তেলআবিব থেকে জেরুজালেমে স্থানান্তর করেছে?** [ঢাবি (ঘ ইউনিট): ১৮-১৯]
ক) ভারত খ) মার্কিন যুক্তরাষ্ট্র
গ) ব্রাজিল ঘ) চীন **উত্তর: খ**

ব্যাখ্যা: ২০১৮ সালের ১৪ মে যুক্তরাষ্ট্র ইসরায়েলে তাদের দূতাবাস তেলআবিব থেকে জেরুজালেমে স্থানান্তর করে।

৫৫. **হামাস কি?** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ক) একটি চিকিৎসক দল খ) একটি গেরিলা সংগঠন
গ) সরোদ বাদক ঘ) তবলা বাদক **উত্তর: খ**

৫৬. **হামাস কোন দেশের সংগঠন-** [সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক) ইসরায়েল খ) ফিলিস্তিন
গ) লেবানন ঘ) মিশর **উত্তর: খ**

৫৭. **'ইন্তিফাদা' বলতে কি বোঝায়?** [রাবি (ইসলামী ইতিহাস): ০৭-০৮]
ⓚ যুদ্ধ ⓚ শান্তি
ⓖ অভ্যুত্থান ⓖ কূটনীতি **উত্তর:** গ

৫৮. **ইন্তিফাদা কি?** [ঢাবি (ঘ ইউনিট): ১৯-২০]
ⓚ প্যালেস্টাইন শান্তি বাহিনী
ⓚ প্যালেস্টাইন ইসরায়েল চুক্তি
ⓖ প্যালেস্টাইনের জাগরণ
ⓖ প্যালেস্টাইন সামরিক ঘাঁটি **উত্তর:** গ

৫৯. **'ফোর্স সেভেনটিন' কোন দেশের গেরিলা সংগঠন?** [রাবি (ব্যবস্থাপনা বিভাগ): ০৮-০৯]
ⓚ লেবানন ⓚ সিয়েরালিওন
ⓖ ফিলিপাইন ⓖ প্যালেস্টাইন **উত্তর:** ঘ

৬০. **ব্ল্যাক সেপ্টেম্বর কি?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর: ২১]
ⓚ একটি গোয়েন্দা সংস্থা
ⓚ গেরিলা সংস্থা
ⓖ রাজনৈতিক সংগঠন
ⓖ একটি সন্ত্রাসী সংগঠন **উত্তর:** খ

৬১. **ব্লু লাইন কোন দেশ দুটিকে পৃথক করেছে?** [যবিপ্রবি (ডি ইউনিট): ১৯-২০]
ⓚ লেবানন ও ইসরায়েল
ⓚ উত্তর ও দক্ষিণ কোরিয়া
ⓖ সিরিয়া ও তুরস্ক
ⓖ রাশিয়া ও ফিনল্যান্ড **উত্তর:** ক

৬২. **পৃথিবীর কোন অঞ্চলে হিজবুল্লাহ গেরিলা গোষ্ঠী অবস্থান করছে?** [ঢাবি (ঘ ইউনিট): ৯৫-৯৬]
ⓚ লেবানন ⓚ ইরান
ⓖ ওমান ⓖ সৌদি আরব **উত্তর:** ক

৬৩. **লেবাননভিত্তিক হিজবুল্লাহ গেরিলাদের প্রধান নেতা-** [ঢাবি (খ ইউনিট): ০৬-০৭]
ⓚ শেখ ইয়াসিন
ⓚ মুকতাদা আল সদর
ⓖ শেখ হাসান নাসরুল্লাহ
ⓖ মাহমুদ আহমাদিনেজাদ **উত্তর:** গ

৬৪. ২০০৬ সনে **কোন গেরিলাদের সাথে যুদ্ধ করার জন্য ইসরায়েলি সৈন্যরা লেবাননে প্রবেশ করে-** [জবি (খ ইউনিট): ০৭-০৮]
ⓚ হামাস ⓚ হিজবুল্লাহ
ⓖ পিএলও ⓖ তালেবান **উত্তর:** খ

৬৫. **ইসরায়েলকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ কোনটি?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]
ⓚ সৌদি আরব ⓚ লেবানন
ⓖ মিশর ⓖ তিউনিসিয়া **উত্তর:** গ
ব্যাখ্যা: উল্লিখিত চারটি দেশের মধ্যে মিশর প্রথম ইসরায়েলকে স্বীকৃতি দেয়।

৬৬. **নিচের কোন দেশের সাথে ইসরায়েলের কূটনৈতিক সম্পর্ক রয়েছে?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা: ১২]
ⓚ জর্ডান ⓚ ভারত
ⓖ ইরাক ⓖ ইরান **উত্তর:** ক,খ

৬৭. **কোন দেশটি সম্প্রতি ইসরাইলের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ সৌদি আরব ⓚ সংযুক্ত আরব আমিরাত
ⓖ কুয়েত ⓖ ওমান **উত্তর:** খ

৬৮. **লিকুদ পার্টি কোন দেশের রাজনৈতিক দল-** [ঢাবি (ঘ ইউনিট, বাতিল): ১৮-১৯]
ⓚ জায়ের ⓚ জাম্বিয়া
ⓖ আলজেরিয়া ⓖ ইসরায়েল **উত্তর:**

৬৯. **পৃথিবীর সবচেয়ে প্রাচীনতম শহর কোনটি?** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ⓚ জেরিকো ⓚ কায়রো
ⓖ বাগদাদ ⓖ এথেন্স **উত্তর:** ক

পারস্য উপসাগরীয় সংঘাত
Persian Gulf conflicts

ইরাক-ইরান যুদ্ধ (১৯৮০ - ৮৮ খ্রি.): শাত ইল- আরব জলপথ নিয়ে ইরাক এবং ইরানের মধ্যে বিবাদ ছিল। ৬ মার্চ, ১৯৭৫ শাত-ইল-আরবসহ বিরোধপূর্ণ সকল দ্বিপক্ষীয় সীমান্ত বিরোধ নিরসনকল্পে ইরাক-ইরানের মধ্যে ঐতিহাসিক আলজিয়ার্স চুক্তি স্বাক্ষরিত হয়। ১৯৭৯ সালে সাদ্দাম হোসেন ইরাকের শাসনভার গ্রহণ করেন এবং ১৯৮০ সালে ইরাকি সেনাবাহিনী অতর্কিতভাবে ইরানি ভূখণ্ড আক্রমণ করে। শুরু হয় ইরাক-ইরান যুদ্ধ। জাতিসংঘের মধ্যস্থতায় ১৯৮৮ সালে যুদ্ধবিরতির মাধ্যমে এ যুদ্ধের অবসান হয়।

প্রথম উপসাগরীয় যুদ্ধ: ২ আগস্ট, ১৯৯০ ইরাকি বাহিনী কুয়েত হামলা করে এবং মাত্র ২ দিনের মধ্যে দেশটির সমস্ত অঞ্চলের ওপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করে। এ সময় কুয়েতের আমীর ছিলেন শেখ জাবের আল আহমেদ আল সাবাহ। বাংলাদেশসহ বিশ্বের অধিকাংশ দেশ এ আগ্রাসনের তীব্র নিন্দা জানায়। বাংলাদেশসহ ৩৫টি দেশ যুক্তরাষ্ট্রের নেতৃত্বে পারস্য উপসাগরীয় যুদ্ধে জড়িয়ে পড়ে। ১৯৯১ সালের ১৭ জানুয়ারি বহুজাতিক বাহিনী ইরাক ও কুয়েতে বিমান হামলা শুরু করে। কুয়েত মুক্ত করার কথিত ওই অভিযানের নাম দেয়া হয়েছিল 'মরুভূমির ঝড়' (Desert Storm)। ৩৮ দিন ধরে বিমান হামলা চালানোর পর মার্কিন প্রেসিডেন্ট সিনিয়র বুশ সরকারের নির্দেশে ১৯৯১ সালের ২৪ ফেব্রুয়ারি স্থল অভিযান শুরু করে মার্কিন নেতৃত্বাধীন আন্তর্জাতিক জোট। কুয়েত থেকে ইরাকি সেনা তাড়িয়ে দেয়ার লক্ষ্যে পরিচালিত এ অভিযানের নাম দেয়া হয় মরুভূমির তরবারি বা ডেজার্ট সোর্ড। মাত্র চার দিনেই কুয়েতকে ইরাকি সেনাদের হাত থেকে মুক্ত করে বহুজাতিক বাহিনী। ইরাক ২৮ ফেব্রুয়ারি জাতিসংঘ নিরাপত্তা

পরিষদের সমস্ত প্রস্তাবগুলো মেনে নিয়ে যুদ্ধ-বিরতিতে সম্মত হয়। এভাবেই স্বল্প সময়ের অভিযানে কুয়েতকে দখলমুক্ত করে বহুজাতিক বাহিনী।

দ্বিতীয় উপসাগরীয় যুদ্ধ: ২০০৩ সালের ২০ মার্চ ইরাকের কাছে গণবিধ্বংসী (Weapons for Mass Destruction - WMD) অস্ত্র রয়েছে এমন অভিযোগে ইঙ্গ-মার্কিন জোট ইরাকে অভিযান শুরু করে। 'সন্ত্রাস বিরোধী' এ অভিযানের সাংকেতিক নাম ছিল *Operation Iraqi Freedom*। ইঙ্গ-মার্কিন বাহিনীর আক্রমণে ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের পতন ঘটে। ইরাক আক্রমণে যৌথ বাহিনীর নেতৃত্ব দেন টমি ফ্রাংক। মার্কিন অভিযানের কয়েক মাসের মধ্যেই সেখানকার আমেরিকানদের পরিচালিত কারাগারগুলোতে বন্দীদের নির্যাতনের অভিযোগ নিয়ে আন্তর্জাতিক উদ্বেগ দেখা দেয়। এর মধ্যে সবচাইতে আলোচিত ছিল ইরাকের রাজধানী বাগদাদের উপকণ্ঠে অবস্থিত 'আবু গারিব' নামের একটি কারাগারের বন্দী নির্যাতনের ঘটনা।

MCQ Solution

১. **শাত-ইল-আরব কোন কোন দেশের সীমানা নির্দেশ করে?** [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ⓚ বাহরাইন ও কুয়েত ⓚ সিরিয়া ও ইরাক
ⓖ ইরাক ও ইরান ⓖ ইরাক ও তুরস্ক **উত্তর: গ**

২. **শাত-ইল-আরবকে কেন্দ্র করে ইরাক ও ইরানের মধ্যে স্বাক্ষরিত চুক্তির নাম-** [১২তম বিসিএস]
ⓚ দামেস্ক চুক্তি ⓚ আলজিয়ার্স চুক্তি
ⓖ কায়রো চুক্তি ⓖ বৈরুত চুক্তি **উত্তর: খ**

৩. **কোন জলপথ নিয়ে ইরান ও ইরাকের মধ্যে বিবাদ ছিল?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৬]
ⓚ পারস্য উপসাগর ⓚ আরব সাগর
ⓖ শাত ইল আরব ⓖ ওমান উপসাগর **উত্তর: গ**

৪. **সাদ্দাম হোসেন কোন সনে ইরাকের শাসনভার গ্রহণ করেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]
ⓚ ১৯৭৭ ⓚ ১৯৭৮
ⓖ ১৯৭৯ ⓖ ১৯৮০ **উত্তর: গ**

৫. **ইরান-ইরাক যুদ্ধ শুরু হয়-** [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্ট: ৮৮]
ⓚ ১৯৭৯ সালে ⓚ ১৯৮১ সালে
ⓖ ১৯৮২ সালে ⓖ ১৯৮০ সালে **উত্তর: ঘ**

৬. **কত সালে ইরাক কুয়েত দখল করেছিল?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা): ০৮]
ⓚ ১৯৮৯ ⓚ ১৯৯০
ⓖ ১৯৯১ ⓖ ১৯৯২ **উত্তর: খ**

৭. **শেখ জাবের আল আহমেদ আল সাবাহ কোন দেশের আমীর ছিলেন?** [মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ⓚ কুয়েত ⓚ ওমান
ⓖ কাতার ⓖ জর্ডান **উত্তর: ক**

৮. **আমেরিকা কবে প্রথম ইরাক আক্রমণ করে?** [জাবি (সরকার ও রাজনীতি বিভাগ): ০৯-১০]
ⓚ ১৯৮০ ⓚ ১৯৯০
ⓖ ১৯৯১ ⓖ ১৯৯২ **উত্তর: গ**

৯. **সৌদি আরবে আমেরিকান সৈন্য মোতায়েনের উদ্দেশ্য -** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ৯২]
ⓚ ইরাকের আক্রমণ থেকে সৌদি আরবকে রক্ষা করা
ⓚ ইরাকের কুয়েত দখল অবসান করা
ⓖ স্বল্পমূল্যে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করা
ⓖ ওপরের সবকটি **উত্তর: ঘ**

১০. ***'Operation Desert Storm'* is the name of a-** [Jahangirnagar University (F Unit): 15-16]
ⓐ Cyclone
ⓑ Tropical Storm
ⓒ Military invasion
ⓓ Peece Keeping Mission
ⓔ None of these **Ans. c**

১১. **Operation Desert Storm বলতে কোন যুদ্ধকে বুঝায়?** [প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক: ০১]
ⓚ ইরান-ইরাক যুদ্ধ
ⓚ ভিয়েতনাম যুদ্ধ
ⓖ ১৯৯১ সালের উপসাগরীয় যুদ্ধ
ⓖ ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ **উত্তর: গ**

১২. **Operation Desert Storm কোন সনে পরিচালিত হয়?** [বিআরটিএ এর সহকারী পরিচালক: ০৫]
ⓚ ১৯৯০ ⓚ ১৯৯১
ⓖ ১৯৯২ ⓖ ১৯৯৩ **উত্তর: খ**

১৩. **কোন দেশের বিরুদ্ধে Operation Desert Storm পরিচালিত হয়-** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ ইরাক ⓚ ফিলিস্তিন
ⓖ আফগানিস্তান ⓖ ইরান **উত্তর: ক**

১৪. **যুদ্ধে অংশগ্রহণের জন্য কোন দেশে বাংলাদেশি সৈন্যদের পাঠানো হয়েছিল?** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ কুয়েত ⓚ সৌদি আরব
ⓖ কাতার ⓖ আফগানিস্তান **উত্তর: ক**

১৫. **WMD- এর পূর্ণ অভিব্যক্তি-** [৪১তম বিসিএস,/ মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ⓚ Weapons of Mass Destruction
ⓚ Worldwide Mass Destruction
ⓖ Weapons of Missile Defence
ⓖ Weapons for Massive Destruction
উত্তর: ক

১৬. **WMD কী নির্দেশ করে?** [চবি (ঘ ইউনিট): ০৯-১০]
ক) নারী অধিকার আন্দোলন
খ) বিশ্ব মাতৃ দিবস
গ) নারী-পুরুষ সমানাধিকার
ঘ) গণবিধ্বংসী অস্ত্র **উত্তর:** ঘ

১৭. **'Operation Iraqi Freedom' যুদ্ধ শুরু হয়েছিল কখন থেকে?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার: ০৬]
ক) ২০০১ সালের ৫ মার্চ
খ) ২০০২ সালের ১০ মার্চ
গ) ২০০৩ সালের ২০ মার্চ
ঘ) ২০০৪ সালের ২৫ মার্চ **উত্তর:** গ

১৮. **সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের অংশ হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্র কখন ইরাক আক্রমণ করে?** [জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]
ক) ফেব্রুয়ারি ২০০৩ খ) মার্চ ২০০৩
গ) এপ্রিল ২০০৩ ঘ) মে ২০০৩ **উত্তর:** খ

১৯. **ইরাক আক্রমণে আমেরিকার সমর্থনকারী দেশ ছিল না -** [ঢাবি (খ ইউনিট): ০৩-০৪]
ক) যুক্তরাজ্য খ) ফ্রান্স
গ) জাপান ঘ) অস্ট্রেলিয়া **উত্তর:** খ

২০. **ইরাক আক্রমণে যৌথ বাহিনীর নেতৃত্ব দেন কে?** [সাব-রেজিস্ট্রার: ০৩]
ক) পিটার হ্যারি টমাস খ) টমি ফ্রাংক
গ) জেনারেল গার্নার ঘ) পলব্রেমার **উত্তর:** খ

২১. **ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের ফাঁসি হয় কখন?** [জবি (খ ইউনিট): ০৬-০৭]
ক) ২৮ ডিসেম্বর, ২০০৬
খ) ২৯ ডিসেম্বর, ২০০৬
গ) ৩০ ডিসেম্বর, ২০০৬
ঘ) ৩১ ডিসেম্বর, ২০০৬ **উত্তর:** গ

২২. **কোন যুদ্ধটি সম্প্রতি ইরাকে অনুষ্ঠিত হয়নি?** [দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৪]
ক) ডেজার্ট শীল্ড খ) ইনফাইনাইট জাস্টিস
গ) ডেজার্ট স্টর্ম ঘ) ক্রুসেড **উত্তর:** ঘ

২৩. **আবু গারিব বলতে কি বুঝায়?** [২৫তম বিসিএস/খাদ্য অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক) একজন বিখ্যাত দার্শনিক
খ) একটি যাদুঘর
গ) একটি জেলখানা
ঘ) একজন বৈজ্ঞানিক **উত্তর:** গ

২৪. **'আবু গারিব' কারাগার কোথায়?** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার : ০৫]
ক) ইরান খ) ইরাক
গ) কুয়েত ঘ) লিবিয়া **উত্তর:** খ

আরব বসন্ত (Arab Spring)

২০১০ এর দশকের প্রথমার্ধে আরব বিশ্বের বিভিন্ন দেশে বয়ে যাওয়া গণবিপ্লবের ঝড় 'আরব বসন্ত' নামে পরিচিত। পুলিশের দুর্নীতির বিরুদ্ধে ন্যায় বিচার না পেয়ে ২০১০ সালের ১৭ ডিসেম্বর তিউনিসিয়ার তরুণ সবজি বিক্রেতা মোহাম্মদ বুয়াজিজি প্রকাশ্যে নিজ শরীরে আগুন জ্বেলে আত্মাহুতি দেন। এ ঘটনা থেকে জন্ম আরব বসন্তের। ঐ যুবকের আত্মাহুতির খবর দ্রুত ছড়িয়ে পড়ে সারা দেশে। তিউনিসিয়ার মানুষ শুরু করে আন্দোলন। তীব্র আন্দোলনের মুখে ১৪ জানুয়ারি, ২০১১ পদত্যাগে বাধ্য হন দেশটির প্রেসিডেন্ট জয়নাল আবেদিন বেন আলী। বিদ্রোহের এই আগুন আরব বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। মিশর, সিরিয়া, ইয়েমেন, বাহরাইন, লিবিয়াসহ সমগ্র আরব অঞ্চল উত্তাল হয়ে ওঠে।


মিশর: তিউনিসিয়ায় বিপ্লবের সফল পরিণতি উজ্জীবিত করে হোসনি মোবারকের স্বৈরশাসনে নিষ্পেষিত মিশরের সাধারণ মানুষকে। কায়রোর তাহরির স্কয়ার পরিণত হয় মুক্তিকামী মানুষের জনসমুদ্রে। প্রচণ্ড গণ আন্দোলনের মুখে প্রেসিডেন্ট হোসনি মুবারকের ৩০ বছরের স্বৈরশাসনের ইতি ঘটে। ১১ ফেব্রুয়ারি, ২০১১ মুবারক ক্ষমতা ছেড়ে সরে দাঁড়াতে বাধ্য হন। গণতান্ত্রিক উপায়ে ক্ষমতায় আসে মুসলিম ব্রাদারহুড। মুহাম্মদ মুরসি প্রেসিডেন্ট হিসেবে এক বছর শাসন পরিচালনার পর সামরিক বাহিনী ক্ষমতা দখল করে নেয়। ফলে মিশরে আবার জনগণের স্বাধীনতা খর্ব হয়।

লিবিয়া: লিবিয়ায় প্রেক্ষাপট ছিল ভিন্ন। সেখানে বিক্ষোভ ছিল মূলত যুক্তরাষ্ট্র ও পশ্চিমা বিশ্বের মদদে। তাদের সহযোগিতায় বেশ ঢাকঢোল পিটিয়ে লিবিয়ার নেতা মুয়াম্মার গাদ্দাফির দীর্ঘ ৪২ বছরের শাসনের অবসান ঘটায় বিদ্রোহীরা। গাদ্দাফিবিরোধী বিক্ষোভ প্রথম শুরু হয় দ্বিতীয় বৃহত্তম শহর বেনগাজিতে। মিসরাতায় গাদ্দাফি বিরোধী ও সরকারি বাহিনীর মধ্যে তীব্র লড়াই হয়। আগস্ট, ২০১১ বিদ্রোহীরা রাজধানী ত্রিপলিতে ঢুকে পড়ে। রাজধানীর কেন্দ্রস্থলে অবস্থিত 'গ্রিন স্কোয়ার' অধিকার করে নেয় এবং ঐ স্কয়ারের নতুন নাম দেয় 'শহীদ চত্বর'। ২০১১ সালের ২০ অক্টোবর 'সিরত্' শহরে বিদ্রোহীদের হাতে আটক হয়ে নির্মমভাবে নিহত হন গাদ্দাফি।



সিরিয়া: সুন্নি সংখ্যাগরিষ্ঠ সিরিয়া ১৯৭০ সাল থেকে শাসন করছে সংখ্যালঘু আলওয়াইটস গোত্রের (শিয়াদের একটি উপদল) বাশার আল আসাদ এর পরিবার। আরব বসন্তে উজ্জীবিত হয়ে সিরিয়ার গণতন্ত্রপন্থীরা ২০১১ সালের মার্চে ব্যাপক বিক্ষোভ শুরু

করে। বাশার আল আসাদ এর নেতৃত্বাধীন আরব সোশ্যালিস্ট বাথ পার্টি'র সরকার বিক্ষোভ দমনে রক্তক্ষয়ের পথ বেছে নেয়। এতে প্রতিবাদ আরও ছড়িয়ে পড়ে যা একপর্যায়ে দেশজুড়ে প্রেসিডেন্টের পদত্যাগের দাবিতে পরিণত হয়। অস্ত্র হাতে তুলে নেয় বিরোধীরা। ২০১১ সালের জুলাইয়ে বেসামরিক জনগণ ও সেনাবাহিনীর দলত্যাগী সৈন্যরা 'ফ্রি সিরিয়ান আর্মি' নামে বিদ্রোহী যোদ্ধা দল গঠন করে। শুরু হয় গৃহযুদ্ধ। শুরুতে এই যুদ্ধ ছিল কেবল প্রেসিডেন্ট বাশার আল আসাদের অনুগত সেনাবাহিনী ও বিদ্রোহীদের মধ্যে। যুক্তরাষ্ট্র ও পশ্চিমা বিশ্ব এতে নাক গলিয়ে পরিস্থিতি আরও ঘোলাটে করে তোলে। বিদ্রোহীদের রসদ যোগায় যুক্তরাষ্ট্র, তুরস্ক ও সৌদি আরব। অন্যদিকে বাশার আল-আসাদ সরকারকে সর্বাত্মক সমর্থন দেয় রাশিয়া ও ইরান। রুশ সামরিক বাহিনী বাশার আল-আসাদের পক্ষে অবস্থান নিয়ে মার্কিন মদদপুষ্ট বিদ্রোহীদের বিরুদ্ধে সামরিক অভিযান পরিচালনা করছে। এর মধ্যে আবার উত্থান ঘটে ইসলামি সুন্নি জঙ্গিগোষ্ঠী ISIS (Islamic State in Iraq and Syria) বা সংক্ষেপে IS (Islamic State) এর। সিরিয়া ও ইরাকের বিশাল একটি অঞ্চল দখলে নিয়ে সিরিয়ার রাকাকে রাজধানী করে ২০১৪ সালে আলাদা খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার ঘোষণা দেয় আইএস। আইএস এর বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড ব্যাপক সমালোচনার মুখে পড়ে। ২০১৭ সালে খিলাফত রাষ্ট্রটির পতন ঘটে। সব মিলিয়ে গভীর জটাজালে ঘুরপাক খায় সিরিয়া। যুদ্ধের কারণে দামেস্ক (বিশ্বের অন্যতম প্রাচীন শহর), আলেপ্পো, ইদলিব, পালমিরাসহ সিরিয়ার অনেক শহর মৃত্যুপুরীতে পরিণত হয়। বাস্তুচ্যুত হয়ে দেশ ছাড়তে বাধ্য হয় সিরিয়ার প্রায় অর্ধেক মানুষ। জীবন বাঁচাতে শরণার্থীরা ইউরোপকে শেষ আশ্রয় হিসেবে বেছে নেয়। ফলে ইউরোপজুড়ে অভিবাসী সংকট দেখা দেয়।



ইয়েমেন: ১৯৯০ সালে উত্তর ও দক্ষিণ ইয়েমেন একত্রীকরণের মাধ্যমে ইয়েমেন প্রজাতন্ত্র আত্মপ্রকাশ করে। সেই থেকে ইয়েমেনের ক্ষমতায় ছিলেন প্রেসিডেন্ট আলি আবদুল্লাহ সালেহ। আরব বসন্তের ঢেউ ইয়েমেনে পৌঁছাতে দীর্ঘ সময় নেয়নি। ২০১২ সালে প্রেসিডেন্ট সালেহ তার ডেপুটি আবদারাবুহ মানসুর হাদির কাছে ক্ষমতা হস্তান্তরে বাধ্য হন। প্রেসিডেন্ট হাদিকে আল কায়েদার হামলা, দক্ষিণে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনসহ অনেকগুলো সংকটের মুখোমুখি হতে হয়। নতুন প্রেসিডেন্টের দুর্বলতার সুযোগে ইয়েমেনের জাইদি শিয়া মুসলিম নেতৃত্বের হুতি বিদ্রোহীরা (আনুষ্ঠানিক নাম 'আনসার আল্লাহ') দেশটির বিস্তীর্ণ এলাকা দখলে নিয়ে সানায় নতুন সরকার প্রতিষ্ঠা করে। হুতিদের সমর্থন দেয় ইরান। অন্যদিকে, হাদিকে পুনরায় ক্ষমতায় অধিষ্ঠিত করতে সৌদি আরবসহ কয়েকটি সুন্নি দেশ একজোট হয়ে ইয়েমেনে অভিযান শুরু করে। এই জোটকে লজিস্টিক আর ইন্টেলিজেন্স সহায়তা করে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য আর ফ্রান্স।

MCQ Solution

১. **কোন দেশ থেকে 'আরব বসন্ত'- এর সূচনা হয়?** [৪৪তম বিসিএস]
Or,
Which of the following countries first started the revolutionary movement called "Arab Spring"? [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓚ মিশর ⓚh তিউনিসিয়া
ⓖ লিবিয়া ⓖh সিরিয়া **উত্তর:** খ

২. **'আরব বসন্ত' বলতে কি বোঝায়?** [৩৪তম বিসিএস]
ⓚ আরবের বিভিন্ন দেশে গণজাগরণ
ⓚh আরব অঞ্চলে বসন্তকাল
ⓖ আরব রাজতন্ত্র
ⓖh আরবিয় মহিলাদের ক্ষমতায়ন **উত্তর:** ক

৩. **আরব বসন্তের সূচনা হয়-** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ ডিসেম্বর ২০১০, তিউনিসিয়া
ⓚh মার্চ ২০১১, মরক্কোয়
ⓖ জানুয়ারি ২০১২, মিশর
ⓖh জুন ২০১২, বাহরাইন **উত্তর:** ক

৪. **'তাহরির স্কয়ার' কোথায় অবস্থিত?** [৩৪তম বিসিএস/ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ সিউল ⓚh আম্মান
ⓖ কায়রো ⓖh তেহরান **উত্তর:** গ

৫. **মিশরের প্রেসিডেন্ট হোসেনি মুবারক ক্ষমতা থেকে ইস্তাফা দেন-** [ঢাবি (খ ইউনিট): ১১-১২]
ⓚ ফেব্রুয়ারি ৭, ২০১১
ⓚh ফেব্রুয়ারি ৯, ২০১১
ⓖ ফেব্রুয়ারি ১১, ২০১১
ⓖh ফেব্রুয়ারি ১৪, ২০১১ **উত্তর:** গ

৬. **ব্রাদারহুড কোন দেশের রাজনৈতিক দল?** [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা: ১২]
ⓚ পাকিস্তান ⓚh সিরিয়া
ⓖ মিশর ⓖh ভারত **উত্তর:** গ

৭. **মুয়াম্মার গাদ্দাফি কত বছর লিবিয়া শাসন করেন?** [ঢাবি (ঘ ইউনিট): ১১-১২]
ⓚ ৪৫ ⓚh ২৬
ⓖ ৩৪ ⓖh ৪২ **উত্তর:** ঘ

৮. ***Misrata* is a city in-** [BDBL Senior Officer: 11]
ⓐ Algeria ⓑ Yemen
ⓒ Syria ⓓ Libya
ⓔ Finland **Ans. d**

৯. **In which country is '*Benghazi*' located?** [Mercantile Bank Ltd. Probationary Officer: 11]
Or,
'বেনগাজি' শহরটি কোথায় অবস্থিত? [সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার: ১৪]
ⓐ Tunisia ⓑ Afghanistan
ⓒ Libya ⓓ Egypt **Ans. c**

১০. **নিম্ন লিখিত কোন স্থানটি গাদ্দাফি-বিরোধী আন্দোলনের জন্য বিখ্যাত?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ ব্লু স্কয়ার ⓚh রাসেল স্কয়ার
ⓖ গ্রিন স্কয়ার ⓖh তাহরির স্কয়ার **উত্তর: গ**

১১. **লিবিয়ার সাবেক নেতা মোয়াম্মার গাদ্দাফি কোন শহরে আটক হয়ে নিহত হন?** [ঢাবি (নৃবিজ্ঞান বিভাগ): ০৯-১০]
ক সিরত্ খ দামেস্ক
গ তিরকিৎ ঘ বেনগাজি
ঙ ত্রিপোলি **উত্তর: ক**

১২. **আরব বিশ্বের কোন দেশটিতে এখনও ধর্মীয় সংখ্যালঘু সরকার ক্ষমতায় রয়েছে?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক ইরাক খ লেবানন
গ সিরিয়া ঘ ইরান **উত্তর: গ**

১৩. **What is the name of Syrian President Bashar al-Assad's Political party?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓐ Ba'ath Party
ⓑ Al Ansar party
ⓒ Syrian Peoples Party
ⓓ National Democratic Party **Ans. a**

১৪. **সিরিয়ার গৃহযুদ্ধে প্রেসিডেন্ট বাশার আল আসাদের অনুগত বাহিনীকে সহায়তা করছে -** [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য
গ রাশিয়া ঘ ফ্রান্স **উত্তর: গ**

১৫. **The Iraqi militant group, ISIS stands for-** [Pubali Bank Ltd. Junior Officer/Officer (Cash): 14]
ⓐ Islamic State in Iraq and Syria
ⓑ Islamic Struggle for Islamic State
ⓒ International Struggle for Islamic State
ⓓ International Struggle for Islamic Salvation
Ans. a

১৬. **ISIS কোন দেশের সন্ত্রাসী সংগঠন?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সহকারী পরিচালক: ১৭]
ক সিরিয়া খ ইরাক
গ ইরাক ও সিরিয়া ঘ আন্তর্জাতিক **উত্তর: গ**

১৭. **The world's oldest known city is-/ বিশ্বের প্রাচীনতম শহর-** [Janata Bank Ltd Executive Officer: 12]
ⓐ Cairo ⓑ Venice
ⓒ London ⓓ Damascus **Ans. d**

১৮. **আলেপ্পো শহরটি কোথায় অবস্থিত?** [৩৬তম বিসিএস/প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক মিশর খ ইরান
গ ইরাক ঘ সিরিয়া **উত্তর: ঘ**

১৯. **ইদলিব কোন দেশের শহর?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক রাশিয়া খ সিরিয়া
গ ইরান ঘ তুরস্ক **উত্তর: খ**

২০. **ইউরোপের চলমান সংকটের কারণ হচ্ছে –** [খুবি (বি ইউনিট): ১৯-২০]
ক সাংস্কৃতিক খ অর্থনৈতিক
গ জাতিগত ঘ অভিবাসন **উত্তর: ঘ**

২১. **কোন দেশের গৃহযুদ্ধের কারণে ইউরোপজুড়ে অভিবাসী সংকট?** [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগামার: ১৬]
ক ইরাক খ ইরান
গ সিরিয়া ঘ তুরস্ক **উত্তর: গ**

২২. **দুই ইয়েমেন কত সালে একত্রিত হয়?** [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার: ০৬]
ক ১৯৮৫ খ ১৯৯০
গ ১৯৯২ ঘ ১৯৯৫ **উত্তর: খ**

২৩. **হুথি কোন দেশের বিদ্রোহী গ্রুপ?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ক ইয়েমেন খ সোমালিয়া
গ নাইজেরিয়া ঘ লিবিয়া **উত্তর: ক**

২৪. **ইয়েমেনের হুথি আন্দোলনের আনুষ্ঠানিক নাম-** [ঢাবি (ঘ ইউনিট): ১৮-১৯]
ক আনসার আল্লাহ খ জুন্দ আনসার আল্লাহ
গ হিজবুল্লাহ ঘ বারিক আল্লাহ **উত্তর: ক**

কাতার সংকট

সন্ত্রাসী সংগঠন ইসলামিক স্টেট (আইএস) ও আল-কায়দাকে মদদ দেওয়ার অভিযোগে ২০১৭ সালের জুন মাসে সৌদি আরবের নেতৃত্বাধীন সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন ও মিশর কাতারের সঙ্গে সব ধরনের সম্পর্ক ছিন্ন করে। কাতার এসব অভিযোগ ভিত্তিহীন ও অযৌক্তিক বলে দাবি করে। এ সংকটে কুয়েত এবং ওমান নিরপেক্ষ ভূমিকা পালন করে।

MCQ Solution

১. **সাম্প্রতিক কাতার সংকটের সময় কোন দেশটি কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে নাই?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓚ মিশর ⓚ সংযুক্ত আরব আমিরাত
ⓖ কুয়েত ⓖ বাহরাইন **উত্তর:** গ

সুদান বিভক্তি

৯ জুলাই, ২০১১ সুদান থেকে পৃথক হয়ে বিশ্বের নবীনতম (১৯৫ তম) স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে দক্ষিণ সুদান। সুদান ও দক্ষিণ সুদানের সীমান্তবর্তী বিরোধপূর্ণ অঞ্চল অ্যাবেই।

MCQ Solution

১. **বর্তমান বিশ্বে স্বাধীন দেশের সংখ্যা কত?** [জবি (ঘ ইউনিট): ১১-১২]
ক ১৯২ টি খ ১৯৩ টি
গ ১৯৪ টি ঘ ১৯৫ টি **উত্তর:** ঘ

২. **বিশ্বের নতুনতম রাষ্ট্র কোনটি/জাতিসংঘের সর্বশেষ সদস্য রাষ্ট্র কোনটি?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ক কঙ্গো খ কাতালোনিয়া
গ পূর্বতিমুর ঘ দক্ষিণ সুদান **উত্তর:** ঘ

৩. **When did South Sudan become the newest independent state in the world?/ বিশ্বের নবীনতম স্বাধীন রাষ্ট্র দক্ষিণ সুদানের জন্ম হয় কবে?** [Probashi Kallyan Bank Ltd. Senior Officer (Cash): 14]
ⓐ March 30, 2011
ⓑ April 30, 2011
ⓒ May 04, 2011
ⓓ June 04, 2011
ⓔ July 09, 2011 **Ans.** e

ইনোসিস


সাইপ্রাসকে গ্রিসের সঙ্গে যুক্তকরণের আন্দোলনের নাম ইনোসিস (Enosis)। গ্রিসের সমর্থনপুষ্ট সামরিক জান্তা সাইপ্রাসের ক্ষমতায় বসলে তুরস্ক ১৯৭৪ সালে সাইপ্রাসে সামরিক আগ্রাসন চালায়। সাইপ্রাস গ্রিস ও তুরস্ক মধ্যে বিবাদের কারণ।

MCQ Solution

১. **ইনোসিস কি?** [রাবি (ইসলামী ইতিহাস) : ০৭-০৮]
ক বিভক্ত জার্মানির একত্রীকরণ
খ সাইপ্রাসকে গ্রিসের সঙ্গে যুক্তকরণের আন্দোলন
গ ইতালির ঐক্য
ঘ আরব ঐক্যের ডাক **উত্তর:** খ

২. **সাইপ্রাস কোন দুই দেশের মধ্যে বিবাদের কারণ?** [জবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক গ্রিস ও তুরস্ক
খ তুরস্ক ও ইরাক
গ গ্রিস ও ইতালি
ঘ স্পেন ও যুক্তরাজ্য **উত্তর:** ক


দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতি
Geopolitics Of South Asia



সীমারেখা	যাদের বিভক্ত করে
ম্যাকমোহন লাইন (McMahon Line)	ভারত (অরুণাচল) ও চীন (তিব্বত)
প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (Line of Actual Control)	ভারত ও চীন (কাশ্মীরে)
নিয়ন্ত্রণ রেখা (Line of Control)	ভারত ও পাকিস্তান (কাশ্মীরে)


দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতি

Geopolitics Of South Asia



সীমারেখা	যাদের বিভক্ত করে
ম্যাকমোহন লাইন (McMahon Line)	ভারত (অরুণাচল) ও চীন (তিব্বত)
প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (Line of Actual Control)	ভারত ও চীন (কাশ্মীরে)
নিয়ন্ত্রণ রেখা (Line of Control)	ভারত ও পাকিস্তান (কাশ্মীরে)

কাশ্মীর



কাশ্মীরের শেষ রাজা হরি সিং

পাক-ভারত যুদ্ধ (১৯৪৭ - ৪৮ খ্রি.): ভারত বিভক্তির সময় কাশ্মীর ছিল হিন্দুরাজা শাসিত মুসলিম সংখ্যাগরিষ্ঠ একটি করদ রাজ্য। ভারতের স্বাধীনতা আইন, ১৯৪৭ এ বলা ছিল, কাশ্মীর তার ইচ্ছে অনুযায়ী ভারত অথবা পাকিস্তান - যে কোনো রাষ্ট্রেই যোগ দিতে পারবে। কাশ্মীরের তৎকালীন হিন্দু মহারাজা হরি সিং চেয়েছিলেন স্বাধীন থাকতে অথবা ভারতের সাথে যোগ দিতে। অন্যদিকে কাশ্মীরের মুসলিম জনগোষ্ঠী চেয়েছিল পাকিস্তানের সাথে যোগ দিতে। কাশ্মীরি মুসলিমদের সাহায্যে এগিয়ে আসে পাকিস্তানের উপজাতি সম্প্রদায়। পাকিস্তানের পাশতুন উপজাতীয় বাহিনীগুলোর আক্রমণের মুখে ১৯৪৭ সালের ২৬ অক্টোবর হরি সিং ভারতভুক্তির চুক্তিতে স্বাক্ষর করে। ভারতীয় সেনারা কাশ্মীরে প্রবেশ করে। শুরু হয় পাক-ভারত যুদ্ধ। পরে জাতিসংঘের হস্তক্ষেপে ঘোষিত হয় যুদ্ধবিরতি। ১৯৪৯-এ জাতিসংঘের যুদ্ধবিরতি রেখা, ১৯৭২-এ সিমলা চুক্তির পর নিয়ন্ত্রণ রেখা (Line of Control - LoC) এ পরিণত হয়। কাশ্মীর পাকিস্তান ও ভারত নিয়ন্ত্রিত দুই অংশে ভাগ হয়ে যায়।

চীন-ভারত যুদ্ধ (১৯৬২): ৩টি কারণে এই যুদ্ধ সংঘটিত হয়। যথা-

- আকসাই-চীন তিব্বত ও চীনের জিনজিয়াং এর মাঝে অবস্থিত একটি সুউচ্চ মরুভূমি। আকসাই চীন এবং কাশ্মীরের লাদাখ অংশ বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ। ১৮৬৫ সালে 'জনসন লাইন' এর মাধ্যমে আকসাই-চীনকে লাদাখের অন্তর্ভুক্ত করা হয়। চীন জনসন লাইনকে কখনও স্বীকৃতি দেয়নি এবং স্বভাবতই আকসাই-চীনকে ভারতের অংশ হিসেবে মেনে নেয় নি।
- ১৯১৪ সালে ম্যাকমোহন লাইন (McMahon Line) এর মাধ্যমে ভারতের অরুণাচল প্রদেশ ও তিব্বতের মধ্যে সীমানা টানা হয়। এতে অরুণাচল ভারতের অন্তর্ভুক্ত হয়। চীন ম্যাকমোহন লাইন মেনে নিতে অস্বীকৃতি জানায় এবং অরুণাচল প্রদেশকে দক্ষিণ তিব্বত হিসেবে মনে করে।
- চীন তিব্বতের স্বাধীন অস্তিত্ব কোনো দিন স্বীকার করেনি। ১৯৫১ সালে চীন তিব্বত অধিগ্রহণ করে। ১৯৫৯ সালে তিব্বতের সর্বোচ্চ ধর্মীয় নেতা চতুর্দশ দালাই লামা (প্রকৃত নাম: তেনজিন গিয়াতসো) চৈনিক শাসনযন্ত্রের বিরুদ্ধে এক ব্যর্থ অভ্যুত্থানের পর ভারতে আশ্রয় গ্রহণ করেন এবং সেখানে রাজনৈতিক আশ্রয় লাভ করেন। এতে ভারতের ওপর প্রচণ্ড ক্ষুব্ধ হয় চীন।

১৯৬২ সালে ভারত আক্রমণ করে চীন। আকসাই-চীন ও অরুণাচলে ঢুকে পড়ে চীনা People's Liberation Army। যুদ্ধে চীন জয়ী হয়ে একতরফা যুদ্ধবিরতি ঘোষণা করে। আকসাই-চীন দখলে রাখে কিন্তু অরুণাচল ভারতকে ফিরিয়ে দেয়। আকসাই চীন আর লাদাখের মধ্যবর্তী গালওয়ান উপত্যকায় নির্ধারিত হয় দুই দেশের প্রকৃত নিয়ন্ত্রণরেখা (Line of Actual Control)। এ সময় পাকিস্তান চীনের সঙ্গে মিত্রতা বাড়াতে সচেষ্ট হয়। ১৯৬৩ সালে কাশ্মীরের ট্রান্স-কারাকোরাম অঞ্চলটি চীনের হাতে ছেড়ে দেয় পাকিস্তান।

পাক-ভারত যুদ্ধ (১৯৬৫): ভারত-পাকিস্তান আবারো কাশ্মীর সংঘাতে জড়িয়ে পড়ে। অতঃপর জাতিসংঘের হস্তক্ষেপে উভয় পক্ষের যুদ্ধবিরতি যুদ্ধবিরতি ঘটে। সোভিয়েত প্রধানমন্ত্রী কোসিগিনের আমন্ত্রণে ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী ও পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬৬ সালের ১০ জানুয়ারি সোভিয়েত উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে একটি শান্তি চুক্তি (তাসখন্দ চুক্তি) সই করেন।

চীন-ভারত যুদ্ধ (১৯৬৭): নাথু লা পাস ফ্রন্টে ভারত ও চীনের মধ্যে মৃদু সংঘর্ষ হয়। নাথু লা পাস গিরিপথটি সিকিম (ভারত) ও তিব্বত (চীন) সীমান্তে অবস্থিত।

সিয়াচেন দ্বন্দ্ব: ১৯৮৪ সালে ভারত সিয়াচেন হিমবাহ এলাকার নিয়ন্ত্রণ দখল করে - যা নিয়ন্ত্রণরেখা দিয়ে চিহ্নিত নয়।

JKLF এর উত্থান: কাশ্মীরে বিদ্রোহী তৎপরতা বড় আকারে শুরু হয় ১৯৮৭ সালে বিতর্কিত স্থানীয় নির্বাচনের পর JKLF (Jammu Kashmir Liberation Front) নামে সংগঠনের উত্থানের মধ্যে দিয়ে।

কারগিল সংকট (১৯৯৯): পাকিস্তানি সেনা এবং জঙ্গিরা নিয়ন্ত্রণ রেখা পেরিয়ে কার্গিল পর্বতে ভারতের একটি সামরিক চৌকি দখল করে নেয়। ভারত বিমান এবং সেনা অভিযান শুরু করার পর দখলকারীরা পিছু হটে যায়।

মুম্বাই জঙ্গি হামলা (২০০৮): ভারতের মহারাষ্ট্র রাজ্যের রাজধানী মুম্বাইয়ের প্রধান রেলওয়ে স্টেশন, বিলাসবহুল একটি হোটেল এবং একটি ইহুদি সাংস্কৃতিক কেন্দ্রে ভয়াবহ সন্ত্রাসী হামলা চালায় পাকিস্তানভিত্তিক জঙ্গি সংগঠন লস্কর-ই-তৈয়বা।

ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের বিশেষ মর্যাদা রদ (২০১৯): ভারতীয় সংবিধানের ৩৭০ ও ৩৫এ অনুচ্ছেদের অধীনে জম্মু ও কাশ্মীর বিশেষ রাজ্যের মর্যাদা ভোগ করতো। প্রতিরক্ষা, বৈদেশিক সম্পর্ক ও যোগাযোগ ছাড়া অন্য কোনো বিষয়ে কেন্দ্রীয় সরকার কাশ্মীরে হস্তক্ষেপ করতে পারতো না। ভারতীয় জনতা পার্টি (বিজেপি) কাশ্মীরের বিশেষ মর্যাদার ঘোর বিরোধী ছিল। ২০১৯ সালের ৫ আগস্ট, বিজেপি সরকার জম্মু ও কাশ্মীর রাজ্যের বিশেষ মর্যাদা রদ করে রাজ্যটিকে ভেঙে কেন্দ্রশাসিত দুটি অঞ্চল জম্মু ও কাশ্মীর এবং লাদাখে বিভক্ত করে।


কাশ্মীরের নিয়ন্ত্রণ বর্তমানে ভারত, পাকিস্তান ও চীন - এই তিন দেশের মধ্যে ভাগ হয়ে গেছে। ভারতের নিয়ন্ত্রণে রয়েছে জম্মু-

কাশ্মীর উপত্যকা, লাদাখ এবং সিয়াচেন হিমবাহ, পাকিস্তানের অধীনে রয়েছে আজাদ কাশ্মীর ও গিলগিট-বালতিস্তান এবং চীনের নিয়ন্ত্রণে রয়েছে আকসাই-চীন এবং ট্রান্স কারাকোরাম ট্রাক্ট।

ডোকলাম উপত্যকা

চীন-ভুটান-ভারত সীমান্তে অবস্থিত ডোকালাম উপত্যকার ওপর চীন এবং ভুটান দুপক্ষই নিজেদের অধিকার দাবি করে আসছে। ভারত ডোকলাম অঞ্চলটিকে নিজেদের বলে দাবি করেনি, কিন্তু ভুটানের দাবিকে সমর্থন করে। ২০১৭ সালে এই বিতর্কিত অঞ্চলে চীন একটি সড়ক নির্মাণ শুরু করলে ভুটান আপত্তি জানায়। ভুটানের অনুরোধে সেখানে সেনা পাঠায় ভারত সরকার। ভারতের সঙ্গে উত্তেজনা শুরু হয় চীনের। শেষ পর্যন্ত দীর্ঘ আলোচনার পর উত্তেজনা প্রশমিত হয়।

কালাপানি



১৮১৬ সালে তৎকালীন ব্রিটিশ ভারত এবং নেপালের মধ্যে একটি চুক্তি হয় যেখানে কালি নদীকে নেপালের অংশ বলে স্বীকার করা হয়। কিন্তু পরবর্তীতে ব্রিটিশ জরিপকারীদের দ্বারা অঙ্কিত ম্যাপে নদীটির সীমানাকে আলাদা করে দেখানো হয়। ব্রিটিশদের এই দ্বান্দ্বিক বিভাজনের কারণেই বর্তমানে ভারত ও নেপালের মাঝে কালাপানি নিয়ে সমস্যা সৃষ্টি হয়েছে।

MCQ Solution

১. **'কালাপানি' একটি -** [খুবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ অমীমাংসিত ভূখণ্ড
ⓦ ভারতীয় সাবমেরিন
ⓖ নিরাময় অযোগ্য ব্যাধি
ⓘ কৃষ্ণসাগরে অবস্থিত দ্বীপ **উত্তর:** ক

২. **'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড?** [৩৭তম বিসিএস/ খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ⓚ ভারত ও নেপাল ⓦ বাংলাদেশ ও ভারত
ⓖ ভুটান ও ভারত ⓘ পাকিস্তান ও চীন **উত্তর:** ক

৩. **ডোকলাম ত্রিমুখী সীমান্ত সংযুক্ত করেছে -** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ⓚ চীন, ভারত ও ভুটান
ⓦ ভারত, চীন ও নেপাল
ⓖ চীন, ভারত ও পাকিস্তান
ⓘ আফগানিস্তান, ভারত ও চীন **উত্তর:** ক

৪. **১৯৪৭ সালে ব্রিটিশ বিতাড়নকালে কাশ্মীর ছিল-** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ⓚ মুসলিম সংখ্যাগরিষ্ঠ ⓦ হিন্দু রাজা শাসিত
ⓖ একটি করদ রাজ্য ⓘ সবগুলোই সত্য **উত্তর:** ঘ

৫. **কাশ্মীরের সর্বশেষ মহারাজা কে ছিলেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার: ০৪]
ⓚ গোলাপ সিং ⓦ হরি সিং
ⓖ কিরণ সিং ⓘ রণজিং সিং **উত্তর:** খ

৬. **'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখা?** [২৪তম বিসিএস/কারিগরি শিক্ষা অধিদপ্তর হিসাব সহকারী: ২১]
Or,
'Line of Control' is a boundary between which countries? [KU(Social Science School): 16-17]
ⓚ চীন ও তাইওয়ান
ⓦ ইসরাইল ও জর্ডান
ⓖ ভারত ও পাকিস্তান
ⓘ দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া **উত্তর:** গ

৭. **'লাইন অব এ্যাকচুয়াল কন্ট্রোল' কোন দু'টি দেশের সীমানা বিভাগকারী রেখা?** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ভারত ও পাকিস্তান ⓦ ইসরায়েল ও লেবানন
ⓖ চীন ও ভারত ⓘ ফ্রান্স ও জার্মানি **উত্তর:** গ

৮. **Which countries are separated by McMahon Line?** [Bangladesh Krishi Bank Officer (Cash): 11] *Or,*
'ম্যাকমোহন লাইন' কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে? [২৩তম বিসিএস/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে স্টেশন অফিসার : ২২]
ⓚ ভারত-নেপাল ⓦ পাকিস্তান-আফগানিস্তান
ⓖ ভারত-পাকিস্তান ⓘ ভারত-চীন **উত্তর:** ঘ


৯. **ভারতের কোন রাজ্য নিয়ে চীনের সাথে বিরোধ রয়েছে?** [ব বিপ্রবি (ই ইউনিট): ১৯-২০]
ⓚ মিজোরাম ⓦ অরুণাচল
ⓖ উত্তর প্রদেশ ⓘ মেঘালয় **উত্তর:** খ

কাশ্মীর উপত্যকা, লাদাখ এবং সিয়াচেন হিমবাহ, পাকিস্তানের অধীনে রয়েছে আজাদ কাশ্মীর ও গিলগিট-বালতিস্তান এবং চীনের নিয়ন্ত্রণে রয়েছে আকসাই-চীন এবং ট্রান্স কারাকোরাম ট্রাক্ট।

ডোকলাম উপত্যকা

চীন-ভুটান-ভারত সীমান্তে অবস্থিত ডোকালাম উপত্যকার ওপর চীন এবং ভুটান দুপক্ষই নিজেদের অধিকার দাবি করে আসছে। ভারত ডোকলাম অঞ্চলটিকে নিজেদের বলে দাবি করেনি, কিন্তু ভুটানের দাবিকে সমর্থন করে। ২০১৭ সালে এই বিতর্কিত অঞ্চলে চীন একটি সড়ক নির্মাণ শুরু করলে ভুটান আপত্তি জানায়। ভুটানের অনুরোধে সেখানে সেনা পাঠায় ভারত সরকার। ভারতের সঙ্গে উত্তেজনা শুরু হয় চীনের। শেষ পর্যন্ত দীর্ঘ আলোচনার পর উত্তেজনা প্রশমিত হয়।

কালাপানি



১৮১৬ সালে তৎকালীন ব্রিটিশ ভারত এবং নেপালের মধ্যে একটি চুক্তি হয় যেখানে কালি নদীকে নেপালের অংশ বলে স্বীকার করা হয়। কিন্তু পরবর্তীতে ব্রিটিশ জরিপকারীদের দ্বারা অঙ্কিত ম্যাপে নদীটির সীমানাকে আলাদা করে দেখানো হয়। ব্রিটিশদের এই দ্বান্দ্বিক বিভাজনের কারণেই বর্তমানে ভারত ও নেপালের মাঝে কালাপানি নিয়ে সমস্যা সৃষ্টি হয়েছে।

MCQ Solution

১. **'কালাপানি' একটি** - [খুবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ অমীমাংসিত ভূখণ্ড
ⓚ ভারতীয় সাবমেরিন
ⓖ নিরাময় অযোগ্য ব্যাধি
ⓖ কৃষ্ণসাগরে অবস্থিত দ্বীপ **উত্তর:** ক

২. **'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড?** [৩৭তম বিসিএস/ খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ⓚ ভারত ও নেপাল ⓚ বাংলাদেশ ও ভারত
ⓖ ভুটান ও ভারত ⓖ পাকিস্তান ও চীন **উত্তর:** ক

৩. **ডোকলাম ত্রিমুখী সীমান্ত সংযুক্ত করেছে** - [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ⓚ চীন, ভারত ও ভুটান
ⓚ ভারত, চীন ও নেপাল
ⓖ চীন, ভারত ও পাকিস্তান
ⓖ আফগানিস্তান, ভারত ও চীন **উত্তর:** ক

৪. **১৯৪৭ সালে ব্রিটিশ বিতাড়নকালে কাশ্মীর ছিল-** [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ⓚ মুসলিম সংখ্যাগরিষ্ঠ ⓚ হিন্দু রাজা শাসিত
ⓖ একটি করদ রাজ্য ⓖ সবগুলোই সত্য **উত্তর:** ঘ

৫. **কাশ্মীরের সর্বশেষ মহারাজা কে ছিলেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার: ০৪]
ⓚ গোলাপ সিং ⓚ হরি সিং
ⓖ কিরণ সিং ⓖ রণজিং সিং **উত্তর:** খ

৬. **'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখা?** [২৪তম বিসিএস/কারিগরি শিক্ষা অধিদপ্তর হিসাব সহকারী: ২১]

Or,

'Line of Control' is a boundary between which countries? [KU(Social Science School): 16-17]
ⓚ চীন ও তাইওয়ান
ⓚ ইসরাইল ও জর্ডান
ⓖ ভারত ও পাকিস্তান
ⓖ দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া **উত্তর:** গ

৭. **'লাইন অব এ্যাকচুয়াল কন্ট্রোল' কোন দু'টি দেশের সীমানা বিভাগকারী রেখা?** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ভারত ও পাকিস্তান ⓚ ইসরায়েল ও লেবানন
ⓖ চীন ও ভারত ⓖ ফ্রান্স ও জার্মানি **উত্তর:** গ

৮. **Which countries are separated by McMahon Line?** [Bangladesh Krishi Bank Officer (Cash): 11] *Or,*
'ম্যাকমোহন লাইন' কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে? [২৩তম বিসিএস/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে স্টেশন অফিসার : ২২]
ⓚ ভারত-নেপাল ⓚ পাকিস্তান-আফগানিস্তান
ⓖ ভারত-পাকিস্তান ⓖ ভারত-চীন **উত্তর:** ঘ

৯. **ভারতের কোন রাজ্য নিয়ে চীনের সাথে বিরোধ রয়েছে?** [ব বিপ্রবি (ই ইউনিট): ১৯-২০]
ⓚ মিজোরাম ⓚ অরুণাচল
ⓖ উত্তর প্রদেশ ⓖ মেঘালয় **উত্তর:** খ

১০. **তিব্বতের ধর্মীয় নেতাকে বলা হয়-** [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার: ১৫]
ক) পোপ খ) ভিক্ষু
গ) দালাই লামা ঘ) কনফুসিয়াস **উত্তর:** গ

১১. **দালাই লামা কোন দেশের নাগরিক?** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭]
ক) ভারত খ) চীন
গ) মঙ্গোলিয়া ঘ) তিব্বত **উত্তর:** ঘ

১২. **তেনজিন গিয়াতসো কোন নামে অধিক পরিচিত?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক) শেরপা তেনজিং খ) অশো
গ) পঞ্চেন লামা ঘ) দালাই লামা **উত্তর:** ঘ

১৩. **ভারতীয় কাশ্মীরের কোন অংশে বৌদ্ধরা সংখ্যাগরিষ্ঠ?** [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ক) লাদাখ খ) জম্মু
গ) শ্রীনগর ঘ) আকসাই চীন **উত্তর:** ক

১৪. **আকসাই চীন মহাসড়ক কোথায় অবস্থিত?** [থানা সমাজসেবা অফিসার: ৯৯]
ক) তিব্বত খ) কাশ্মীর
গ) সিকিম ঘ) নেপাল **উত্তর:** খ

১৫. **ভারত নিয়ন্ত্রিত কাশ্মীর কোনটি?** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান): ২২]
ক) আজাদ কাশ্মীর খ) জম্মু-কাশ্মীর ও লাদাখ
গ) গিলগিট ও বালটিস্থান ঘ) কাশ্মীর **উত্তর:** খ

১৬. **নাথু লা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে?** [৪৩তম বিসিএস]
ক) ভারত-নেপাল খ) ভারত-পাকিস্তান
গ) ভারত-চীন ঘ) ভারত-ভুটান **উত্তর:** গ

১৭. **সিয়াচেন হিমবাহ কোথায় অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট: ০৭]
ক) কাঠমান্ডু খ) কাশ্মীর
গ) ভুটান ঘ) হিমাচল **উত্তর:** খ

১৮. **সিয়াচেন কি?** [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৫]
ক) আফগানিস্তান ও রাশিয়ার মধ্যে একটি বিতর্কিত স্থান
খ) ভারত ও পাকিস্তানের মধ্যে একটি বিতর্কিত স্থান
গ) ভারত ও নেপালের মধ্যে একটি বিতর্কিত স্থান
ঘ) চীন ও তিব্বতের মধ্যে একটি বিতর্কিত স্থান **উত্তর:** খ

১৯. **'তাসখন্দ চুক্তি' কখন স্বাক্ষরিত হয়?** [১৪তম বিসিএস]
ক) ১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর
খ) ১৯৬৫ সালের ১০ ডিসেম্বর
গ) ১৯৬৬ সালের ১০ জানুয়ারি
ঘ) ১৯৬৬ সালের ৩০ জানুয়ারি **উত্তর:** গ

২০. **তাসখন্দ চুক্তি কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?** [৪৪তম বিসিএস]
ক) পাকিস্তান ও ভারত
খ) ভারত ও আফগানিস্তান
গ) পাকিস্তান ও আফগানিস্তান
ঘ) আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন **উত্তর:** ক

২১. **তাসখন্দ ঘোষণায় স্বাক্ষরকারী ভারতীয় প্রধানমন্ত্রী কে ছিলেন?** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ক) জওহরলাল নেহেরু খ) লাল বাহাদুর শাস্ত্রী
গ) মোরারজি দেশাই ঘ) ইন্দিরা গান্ধী **উত্তর:** খ

২২. **'টাইগার হিল' কোথায়?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর: ২১]
ক) নেপালে খ) দার্জিলিংয়ে
গ) জেরুজালেম ঘ) কাশ্মীরে **উত্তর:** ঘ
ব্যাখ্যা: 'টাইগার হিল' নামে দার্জিলিং-এও একটি দর্শনীয় স্থান রয়েছে।

২৩. **Which militant organization is blamed for the 2008 Indian city of Mumbai attack?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓐ Al Qaeda
ⓑ Lashkar-e-Taiba
ⓒ Tehreek-Taliban
ⓓ Lashkar-e-Jabbar **Ans. b**

২৪. **ভারতীয় জনতা পার্টির মতে, অধিকৃত কাশ্মীরীদের সংগ্রামের একমাত্র সমাধান হচ্ছে -** [১৪তম বিসিএস]
ক) জাতিসংঘের সিদ্ধান্ত অনুযায়ী গণভোট অনুষ্ঠান
খ) সিমলা চুক্তি অনুযায়ী সমস্যার সমাধান করা
গ) পাকিস্তানের সাথে যোগ দিতে না দিয়ে স্বাধীন রাষ্ট্রে পরিণত করা
ঘ) সংবিধান থেকে কাশ্মীরের বিশেষ মর্যাদা প্রত্যাহার করা
উত্তর: ঘ

২৫. **ভারতীয় সংবিধানের কততম ধারা অনুসারে ভারত শাসিত জম্মু ও কাশ্মীর বিশেষ মর্যাদা ভোগ করত?** [যবিপ্রবি (ডি ইউনিট): ১৯-২০]
ক) ৪৭০ খ) ৩৩৫
গ) ১৭০ ঘ) ৩৭০ **উত্তর:** ঘ

২৬. **সম্প্রতি ভারতীয় সংবিধানে অনুচ্ছেদ ৩৭০ ও ৩৫ (ক) ধারা বিলুপ্তির পাশাপাশি জম্মু ও কাশ্মীরকে কোন কোন অংশে বিভক্ত করা হয়?** [কুবি (সি ইউনিট): ১৯-২০]
ক) জম্মু ও কাশ্মীর
খ) কাশ্মীর ও লাদাখ
গ) লাদাখ ও কারগিল
ঘ) জম্মু-কাশ্মীর ও লাদাখ-কারগিল **উত্তর:** ঘ

সামরিক শক্তি
Military power

সশস্ত্র বাহিনী (Armed Forces)

- অ্যান্ডোরা, গ্রানাডা, লিচটেনস্টেইন, ডোমিনিকা, ভ্যাটিকান সিটি, মাইক্রোনেশিয়া, কিরিবাতি, মার্শাল দ্বীপপুঞ্জ, সলোমন দ্বীপপুঞ্জ, নাউরু, পালাউ, সামোয়া, টুভ্যালু, সেন্ট লুসিয়া এবং সেন্ট ভিনসেন্ট এন্ড গ্রানডাইস এর সেনাবাহিনী নেই।
- দেশের স্থায়ী সেনাবাহিনী নেই কিন্তু সীমিত আকারে সেনাবাহিনী আছে কোস্টারিকা, আইসল্যান্ড, মরিশাস, মোনাকো, পানামা এবং ভানুয়াতু।
- রাশিয়ার ১৮-২৭ বছর বয়সী পুরুষ নাগরিকদের ১ বছরের জন্য সৈন্যদলে অংশগ্রহণ বাধ্যতামূলক।
- বিশ্বের কিছু দেশে পুরুষের পাশাপাশি নারীদেরও সামরিক শিক্ষা বাধ্যতামূলক। যেমন- কেপভার্দে, চাদ, ইরিত্রিয়া, ইসরায়েল, মরক্কো, নরওয়ে, উত্তর কোরিয়া, সুইডেন এবং আর্মেনিয়া।

দেশভিত্তিক সর্বোচ্চ সামরিক খেতাব

যুক্তরাষ্ট্র	*মেডাল অব অনার (Medal of Honor)*
ব্রিটেন	*ভিক্টোরিয়া ক্রস (Victoria Cross)*
ফ্রান্স	*লেজিওঁ অব অনার (Legion of Honour)*
জার্মানি	*দ্য ক্রস অব অনার ফর ভ্যালোর (The Cross of Honour for Valour)*
ভারত	*পরমবীর চক্র (Param Vir Chakra)*

সামরিক স্থাপনা

ওয়েস্ট পয়েন্ট (West Point) নিউইয়র্কে অবস্থিত যুক্তরাষ্ট্রের সামরিক একাডেমি।

স্যান্ডহার্স্ট (Sandhurst) ব্রিটিশ সেনাবাহিনীর প্রাথমিক অফিসার প্রশিক্ষণ কেন্দ্র।

MCQ Solution

১. **মালদ্বীপের নিজস্ব কোন -** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ⓚ সেনাবাহিনী নেই ⓚ পুলিশ বাহিনী নেই
ⓖ উভয়ই সত্য ⓖ কোনোটিই সত্য নয় **উত্তর:** ঘ

Note: মালদ্বীপের সেনা (প্রতিরক্ষা) বাহিনীর নাম The Maldives National Defence Force (MNDF)। ১৯৩৩ সালে মালদ্বীপে Police force গঠন করা হয়।

২. **কোন দেশের নিজস্ব সেনাবাহিনী নেই?** [রাবি (ইতিহাস): ০৭-০৮]
ⓚ ভুটান ⓚ মিশর
ⓖ মালদ্বীপ ⓖ মরিশাস **উত্তর:** ঘ

৩. **Which one of the following countries has no Army-** [PGCL Assistant Manager: 21]
Or,
কোন দেশে সেনাবাহিনী নেই? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর অফিস সহকারী: ২১]
ⓐ Bhutan ⓑ Maldives
ⓒ Nepal ⓓ Sri Lanka
ⓔ None of these **Ans.** e

৪. **মধ্য আমেরিকার দেশগুলোর মধ্যে কোন দেশে স্থায়ী সেনাবাহিনী নেই?** [৩১তম বিসিএস]
ⓚ নিকারাগুয়া ⓚ কোস্টারিকা
ⓖ এল সালভেদর ⓖ কলম্বিয়া **উত্তর:** খ

৫. **Which country does not have a permanent armed force?** [IBBL Probationary Officer: 17] *Or,*
কোন দেশটির স্থায়ী সেনাবাহিনী নেই? [ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির অ্যাসিসটেন্ট কমপ্লেইন্ট সুপারভাইজার: ১৯]
ⓐ Nicaragua ⓑ Costa Rica
ⓒ Colombia ⓓ El Salvador
ⓔ Angola **Ans.** b

৬. **যে রাষ্ট্রের মহিলাদের সামরিক কার্যক্রমে অংশগ্রহণ বাধ্যতামূলক-** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৮-০৯]
ⓚ তুরস্ক ⓚ সুইডেন
ⓖ সুইজারল্যান্ড ⓖ ইসরায়েল **উত্তর:** খ,ঘ

৭. **In which country it is mandatory for all male citizens aged 18-27 to serve 1 year in Armed Forced?** [Southeast Bank Ltd. Probationary Officer: 20]
ⓐ Russia ⓑ America
ⓒ Uk ⓓ China **Ans.** a

৮. **স্যান্ডহার্স্ট হচ্ছে একটি?** [ঢাবি (ঘ ইউনিট): ১১-১২]
ⓚ নৌ একাডেমি ⓚ সামরিক একাডেমি
ⓖ বিমান একাডেমি ⓖ মেরিন একাডেমি **উত্তর:** খ

৯. **ওয়েস্ট পয়েন্টে অবস্থিত যুক্তরাষ্ট্রের -** [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ⓚ নৌ একাডেমি ⓚ বিমান বাহিনী একাডেমি
ⓖ সামরিক একাডেমি ⓖ মেরিন একাডেমি **উত্তর:** গ

১০. **Which one of the following pairs of military honors is matched incorrectly?** [JU (F Unit): 15-16]
ⓐ Medal of Honor: United states of America
ⓑ Victoria Cross: Britain
ⓒ Param Vir Chakra: India
ⓓ Legion of Honour: Germany **Ans. d**

১১. **ভারতে সর্বোচ্চ বীরত্ব পুরস্কারের নাম কী?** [ইবি (বি ইউনিট): ১৯-২০]
উত্তর: পরমবীর চক্র (সামরিক)।

১২. **কোন ব্রিটিশ সমর পদকটি সর্বোচ্চ মর্যাদার?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ ভিক্টোরিয়া ক্রস ⓚ অর্ডার অব দ্যা ব্রিটিশ এমপায়ার
ⓖ মিলিটারি ক্রস ⓖ মিলিটারি মেডেল **উত্তর:** খ

১৩. **'ভিক্টোরিয়া ক্রস' কোন দেশের সর্বোচ্চ খেতাব?** [প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পিটিআই ইনস্ট্রাক্টর: ১৯]
ⓚ চীন ⓚ যুক্তরাজ্য
ⓖ কানাডা ⓖ অস্ট্রেলিয়া **উত্তর:** খ

পারমাণবিক অস্ত্র

- যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি পারমাণবিক চুল্লি আছে।
- সবচেয়ে বেশি পারমাণবিক অস্ত্রের মজুদ আছে রাশিয়ায়।

পারমাণবিক অস্ত্রধারী দেশ

ক্রম	দেশ	প্রথম পরীক্ষার সময়কাল	সিটিবিটি অবস্থা	পারমাণবিক পরীক্ষার জন্য স্থান
১	যুক্তরাষ্ট্র	১৯৪৫	স্বাক্ষরকারী	নেভেদা, মার্শাল দ্বীপপুঞ্জ, আলাস্কা, নিউমেক্সিকো,কলোরাডো, মিসিসিপি
২	রাশিয়া	১৯৪৯	অনুসমর্থনকারী	সেমিপালাটিনস্ক, নাভাইয়া জেমলিয়া
৩	যুক্তরাজ্য	১৯৫২	অনুসমর্থনকারী	মারালিঙ্গা ও এমু ফিল্ড (অস্ট্রেলিয়া) কিরিতিমাতি দ্বীপ (প্রশান্ত মহাসাগর)
৪	ফ্রান্স	১৯৬০	অনুসমর্থনকারী	মরুরোয়া (প্রশান্ত মহাসাগর)
৫	চীন	১৯৬৪	স্বাক্ষরকারী	লুপ নার
৬	ভারত	১৯৭৪	স্বাক্ষর করেনি	পোখরান
৭	পাকিস্তান	১৯৯৮	স্বাক্ষর করেনি	রাসকহ পাহাড় (চাগাই),খারান মরুভূমি
৮	উত্তর কোরিয়া	২০০৬	স্বাক্ষর করেনি	পাঙ্গাইরি

- ইসরায়েলকে পারমাণবিক শক্তিধর দেশ হিসেবে মনে করা হয়।
- পাকিস্তানের আণবিক বোমার জনক আব্দুল কাদির খান।
- ইরানের নাতানজ পারমাণবিক প্লান্টকে প্রথম পারমাণবিক অস্ত্র তৈরির উপযোগী Highly Enriched Uranium প্রস্তুতির জন্য সন্দেহ করা হয়। ইরানের পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বুশেহর শহরে অবস্থিত।

ক্ষেপণাস্ত্র

দেশ	মিসাইলের নাম
যুক্তরাষ্ট্র	ট্রাইডেন্ট (সাবমেরিন চালিত ব্যালাস্টিক মিসাইল), টমাহক (সাবমেরিন থেকে নিক্ষেপণযোগ্য ক্রুজ মিসাইল) পেট্রিয়ট (আক্রমণকারী ক্ষেপণাস্ত্র ধ্বংস করার জন্য)
রাশিয়া	অভ্যানগার্ড (হাইপারসনিক ক্ষেপণাস্ত্র)
ভারত	পৃথ্বি, অগ্নি, সাগরিকা, ধানুশ, আকাশ, ত্রিশুল, নাগ, ব্রাহ্ম (ক্রুজ মিসাইল)
পাকিস্তান	হাতাফ, ঘোরি, বাবর, শাহিন, গজনভি
উত্তর কোরিয়া	তাইপেডং, কে এন- ০৬
ইরান	শাহাব, সাজ্জিল, জিলজাল, ফাতেহ, টোন্ডার, তুফান, ফজর, কাওসার, নসর
ইসরায়েল	জেরিকো, বরাক

যুদ্ধবিমান

দেশ	যুদ্ধবিমান	
যুক্তরাষ্ট্র	এফ-১৬	জঙ্গি বিমান
	সি-১৩০	সামরিক পরিবহন বিমান
	বি-৫২	বোমারু বিমান
রাশিয়া	মিগ-২৯, মিগ-২১, ইয়াক-১৩০	
চীন	জে-৫, জে-৬	
ফ্রান্স	রাফালে, মিরেজ, ইটেন্ডার্ড	
যুক্তরাজ্য	টর্নেডো, জেভলিন, টাইফুন, হান্টার, হারিকেন, গ্লাডিয়েটর	

স্টেলথ বিমান এক বিশেষ ধরনের বিমান যা রাডারের নজর এড়াতে সক্ষম। যেমন- বি ২ স্পিরিট (মার্কিন), সুখই সু ৫৭ (রাশিয়া), চেংদু জে ২০ (চীন) প্রভৃতি।

MCQ Solution

১. **সর্বপ্রথম কোন দেশ পারমাণবিক বোমা তৈরি করে?** [সিজিডিএফ-এর জুনিয়র অডিটর: ২২]
ক চীন খ যুক্তরাষ্ট্র
গ জাপান ঘ রাশিয়া **উত্তর: খ**

২. **কোন দেশে সবচেয়ে বেশি পারমাণবিক চুল্লি রয়েছে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক কানাডা খ রাশিয়া
গ ফ্রান্স ঘ যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

৩. **ফ্রান্স সাধারণত কোথায় পারমাণবিক বিস্ফোরণ ঘটায়?** [সাব-রেজিস্ট্রার: ০১]
ক ক্যানারিজ দ্বীপপুঞ্জে খ দিয়েগো গ্যার্সিয়ায়
গ মার্শাল দ্বীপে ঘ মরুরোয়া দ্বীপে **উত্তর: ঘ**

৪. **চীন প্রথম পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটায় -** [অর্থ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক ১৯৬৪ সালে খ ১৯৫৮ সালে
গ ১৯৫৪ সালে ঘ ১৯৫০ সালে **উত্তর: ক**

৫. **Which Asian country is home to the most nuclear power plants?** [BCIC Assistant Engineer (Commrecial): 21]
ⓐ China ⓑ South Korea
ⓒ Taiwan ⓓ India **Ans.** a
ব্যাখ্যা: চীনে এশিয়ায় সবচেয়ে বেশি (৫১টি)পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র রয়েছে।

৬. **ভারত কবে প্রথম পারমাণবিক শক্তির অধিকারী হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক ১৯৭৪ খ ১৯৮২
গ ১৯৯৮ ঘ ২০০১ **উত্তর: ক**

৭. **পাকিস্তান কোন সনে পারমাণবিক বোমার সফল বিস্ফোরণ ঘটায়?** [সংস্থাপন মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক ১৯৯৭ খ ১৯৯৮
গ ১৯৯৯ ঘ ২০০০ **উত্তর: খ**

৮. **পাকিস্তানের আণবিক বোমার জনক-** [ঢাবি (ঘ ইউনিট): ০৩-০৪]
ক বিজ্ঞানী সালাম
খ নওয়াজ শরীফ
গ জুলফিকার আলী ভুট্টো
ঘ আব্দুল কাদির খান **উত্তর: ঘ**

৯. **চাগাই, লুপনোর ও পোখরানের মধ্যে সাদৃশ্য কোথায়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক: ০৬]
ক আণবিক অস্ত্র পরীক্ষার স্থান
খ আণবিক অস্ত্র মজুদের স্থান
গ ইকো-পার্কের স্থান
ঘ উপরের কোনোটিই নয় **উত্তর: ক**

১০. **পোখরান-২ কী?** [ঢাবি (ঘ ইউনিট): ৯৮-৯৯]
ক পাকিস্তানের আণবিক বিস্ফোরণের নাম
খ ভারতে হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক সংঘাতের নাম
গ ভারতের আণবিক বিস্ফোরণের নাম
ঘ একটি নতুন কম্পিউটার ভাইরাস **উত্তর: গ**

১১. **ঘোষিত পরমাণু অস্ত্রধারী দেশ কয়টি?** [ঢাবি : ১০-১১]
ক সাতটি খ ছয়টি
গ পাঁচটি ঘ আটটি **উত্তর: ঘ**

১২. **বিশ্বের অষ্টম পারমাণবিক ক্ষমতাধর দেশ কোনটি?** [থানা শিক্ষা অফিসার: ১০]
ক দক্ষিণ আফ্রিকা খ ইসরায়েল
গ ইরান ঘ উত্তর কোরিয়া **উত্তর: ঘ**

১৩. **সর্বশেষ পারমাণবিক বিস্ফোরণকারী দেশ কোনটি?** [জবি (খ ইউনিট): ০৬-০৭]
ক ভারত খ পাকিস্তান
গ ইরান ঘ উত্তর কোরিয়া উত্তর: ঘ

১৪. **Which country below does not have any Nuclear weapon?** [Islami Bank Probationary Officer: 08] *Or,*
কোন দেশ পারমাণবিক শক্তির অধিকারী নয়? [দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক: ১০]
ক পাকিস্তান খ চীন
গ যুক্তরাজ্য ঘ জার্মানি **উত্তর: ঘ**

১৫. **আণবিক শীত বলতে কী বোঝায়?** [ঢাবি (খ ইউনিট): ৯৬-৯৭]
ক আণবিক যুদ্ধ শীতল আবহাওয়া
খ আণবিক নিরস্ত্রীকরণ
গ আণবিক হিমাবস্থা
ঘ আণবিক যুদ্ধ পরবর্তী সর্বাত্মক অন্ধকার **উত্তর: ক**

১৬. **প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র কি কাজে ব্যবহার হয়?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ⓚ শত্রু বিমান ধ্বংস করার জন্য
ⓚ দূরে সেনা ছাউনিতে আঘাত হানার জন্য
ⓖ আক্রমণকারী ক্ষেপণাস্ত্র ধ্বংস করার জন্য
ⓖ শত্রু ট্যাংক ধ্বংস করার জন্য **উত্তর: গ**

১৭. **প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্রটির উদ্ভাবক কোন দেশ?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ⓚ ইরাক ⓚ জার্মানি
ⓖ ইসরায়েল ⓖ যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

১৮. **হাইপারসনিক ক্ষেপণাস্ত্র অভ্যানগার্ড (Avangard) কোন দেশের তৈরি?** [দুর্নীতি দমন কমিশন এর উপ-সহকারী পরিচালক: ২০]
ⓚ রাশিয়া ⓚ চীন
ⓖ জাপান ⓖ উত্তর কোরিয়া **উত্তর: ক**

১৯. **নিচের কোন ক্ষেপণাস্ত্রটি ইরানের তৈরি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ): ০৭]
ⓚ কাওসার ⓚ ফজর-৩
ⓖ টর্পেডো ⓖ ওপরের সবগুলো **উত্তর: ঘ**

২০. **NMD-র পূর্ণরূপ কি?** [জবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ⓚ Natural Mineral Deposit
ⓚ National Missile Defense
ⓖ National Monetory Devaluation
ⓖ Natural Mutual Defense **উত্তর: খ**

২১. **Which country recently successfully tested its latest intercontinental ballistic missile 'Sarmat'?** [Dhaka Bank Ltd. MTO: 18]
ⓐ China ⓑ Russia
ⓒ Iran ⓓ North Korea **Ans. b**

২২. **Anti-submarine Rocket missile-** [রাবি (সমাজকর্ম বিভাগ): ০৩-০৪]
ⓚ ARM ⓚ ASRM
ⓖ ASROM ⓖ ASROC **উত্তর: ঘ**

২৩. **রাডারের নজর এড়াতে সক্ষম মার্কিন জঙ্গী বিমানের নাম কী?** [ঢাবি (ঘ ইউনিট): ১৬-১৭]
ⓚ হকার হ্যারিকেন
ⓚ ডি হ্যাভিল্যান্ড মসকিটো
ⓖ স্টেলথ
ⓖ সি-১৩০ **উত্তর: গ**

২৪. **সি-১৩০ হচ্ছে একটি-** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩]
ⓚ বোমারু বিমান
ⓚ একটি পরিবহন বিমান
ⓖ যাত্রীবাহী বিমান
ⓖ রকেটবাহী হেলিকপ্টার **উত্তর: খ**

২৫. **বি-৫২ হলো এক ধরনের-** [রাবি (ফিন্যান্স এন্ড ব্যাংকিং): ০৫-০৬]
ⓚ যাত্রীবাহী বিমান ⓚ হেলিকপ্টার
ⓖ বোমারু বিমান ⓖ ক্ষেপণাস্ত্র **উত্তর: গ**

২৬. **মিগ-২১ কোন দেশের যুদ্ধ বিমান?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ⓚ চীন ⓚ রাশিয়া
ⓖ আমেরিকা ⓖ ব্রিটেন **উত্তর: খ**

২৭. **ইয়াক-১৩০ কী?** [জবি (বি ইউনিট): ১৫-১৬]
ⓚ চীনের তৈরি অত্যাধুনিক প্রশিক্ষণ বিমান
ⓚ ইরাকের অত্যাধুনিক যুদ্ধ বিমান
ⓖ ইরানের তৈরি পারমাণবিক ক্ষেপনাস্ত্র
ⓖ রাশিয়ায় তৈরি অত্যাধুনিক প্রশিক্ষণ বিমান **উত্তর: ঘ**

২৮. **S-400 is a:** [Chief Administrative Officer of Defense Ministry (Asst. Director): 19]
ⓐ fighter plane ⓑ Air defense system
ⓒ Submarine ⓓ Cannon **Ans. b**

২৯. **'AWACS' stands for what?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার সহকারী পরিচালক: ১৯]
ⓚ Airborne Warning And Control System
ⓚ Allied War Control Systems
ⓖ Associated War Control Systems
ⓖ Air Wings and Control Systems **উত্তর: ক**

৩০. **চ্যালেঞ্জার-১ ট্যাঙ্কের নির্মাতা কোন দেশ?** [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ আমেরিকা ⓚ ইংল্যান্ড
ⓖ রাশিয়া ⓖ ইসরায়েল **উত্তর: খ**

৩১. **কোন বোমায় মানুষ মরে কিন্তু দালান ও স্থাবর সম্পত্তির ক্ষতি হয় না?** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ⓚ নিউট্রন বোমা ⓚ আণবিক বোমা
ⓖ হাইড্রোজেন বোমা ⓖ নাপাম বোমা **উত্তর: ক**

৩২. **'পিস আর্ক' কি?** [রাবি (ঙ ইউনিট বিজোড়): ১৩-১৪]
ⓚ সংবাদ সংস্থা ⓚ চিকিৎসা জাহাজ
ⓖ যুদ্ধ বিমান ⓖ আর্থিক সংস্থা **উত্তর: খ**
ব্যাখ্যা: 'পিস আর্ক' চীনা নৌ বাহিনীর একটি চিকিৎসা জাহাজ।

৩৩. **Spy in the Sky কি?** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৪-০৫]
ⓚ একটি ভূ-উপগ্রহ কেন্দ্র
ⓚ একটি আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র
ⓖ একটি চালকবিহীন গোয়েন্দা বিমান
ⓖ প্রতিরক্ষা বিষয়ক একটি উপগ্রহ **উত্তর: ঘ**

৩৪. **সারিন কী?** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ ভাইরাস
ⓚ এক ধরনের ফ্লু
ⓖ সিরীয় বিদ্রোহী দল
ⓖ এক প্রকার রাসায়নিক অস্ত্র **উত্তর: ঘ**

গোয়েন্দা সংস্থা (Intelligence Agencies)

দেশ	গোয়েন্দা সংস্থা
যুক্তরাষ্ট্র	• Central Intelligence Agency (C.I.A) ✓ যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় এর সদর দপ্তর অবস্থিত। • Defense Intelligence Agency- DIA • Federal Bureau of Investigation (FBI) • Fairfax (ফেয়ার ফ্যাক্স) ✓ যুক্তরাষ্ট্রের বেসরকারি অর্থনৈতিক গোয়েন্দা সংস্থা।
যুক্তরাজ্য	• Secret Intelligence Service (SIS)/ Military Intelligence, Section 6 (MI6) • Security Service/Military Intelligence, Section 5 (MI5)
জাপান	• Naicho (নাইচো)
মিশর	• Mukhabarat (মুখবরাত)
ইসরায়েল	• Mossad (মোসাদ) • Aman (আমান) • Shabak (সাভাক)
ভারত	• Research and Analysis Wing-RAW (দ্য রিসার্চ এন্ড অ্যানালাইসিস উইং)
পাকিস্তান	• Inter-Services Intelligence-ISI (ইন্টার সার্ভিসেস ইন্টিলিজেন্স)
ইরান	• VEVAK (ভিভাক)
চীন	• Ministry of State Security -MSS (মিনিস্ট্রি অব স্টেট সিকিউরিটি)
রাশিয়া	সোভিয়েত ইউনিয়নের প্রধান গোয়েন্দা সংস্থা ছিল KGB। ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতন হলে KGB ভেঙ্গে গঠিত হয়- • Federal Security Service - FSB (ফেডারেল সিকিউরিটি সার্ভিস) • Foreign Intelligence Service - SVR (ফরেন ইন্টেলিজেন্স সার্ভিস)
ফ্রান্স	• General Directorate for External Security (DGSE)

ইন্টারপোল (Interpol)

ভূমিকা	আন্তর্জাতিক পুলিশ সংস্থা
দাপ্তরিক নাম	International Criminal Police Organization (ICPO)
প্রতিষ্ঠাকাল	৭ সেপ্টেম্বর, ১৯২৩
সদর দপ্তর	লিঁও, ফ্রান্স (Lyon, France)

স্কটল্যান্ড ইয়ার্ড (Scotland Yard) যুক্তরাজ্যের মেট্রোপলিটন পুলিশ সার্ভিসের সদর দপ্তর। এটি লন্ডনের ওয়েস্ট মিনিস্টার সিটিতে অবস্থিত।

MCQ Solution

১. **CIA কি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা এর ডেসপাচ রাইডার: ২১]
ⓚ Central Investigating Agency
ⓚh Central Investment Agency
ⓖ Central Intelligence Agency
ⓖh কোনোটিই নয় **উত্তর: গ**

২. **CIA এর সদর দপ্তর কোথায় অবস্থিত?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ⓚ ওয়াশিংটন ডিসি ⓚh নিউইয়র্ক
ⓖ ডালাস ⓖh ভার্জিনিয়া **উত্তর: ঘ**

৩. **'RAW' is the name for the intelligence agency of which country?** [Jahangirnagar University (C Unit): 16-17]

Or,

রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (RAW) কোন দেশের গোয়েন্দা সংস্থা? [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ⓐ USA ⓑ Sri Lanka
ⓒ India ⓓ Iran
ⓔ Pakistan **Ans. c**

৪. **'Central Bureau of Investigation' কোন দেশে অবস্থিত?** [দুদক এর উপ-সহকারী পরিচালক: ২০]
ⓚ ভারত ⓚh যুক্তরাষ্ট্র
ⓖ সিংগাপুর ⓖh ফ্রান্স **উত্তর: ক**

৫. **এফবিআই কি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ⓚ একটি গোয়েন্দা সংস্থা
ⓚh একটি ব্যাংক
ⓖ একটি সন্ত্রাসী সংগঠন
ⓖh একটি গেরিলা সংগঠন **উত্তর: ক**

৬. **'এফবিআই' কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী: ১৫]
ⓚ আমেরিকা ⓚh যুক্তরাজ্য
ⓖ জার্মানি ⓖh ফ্রান্স **উত্তর: ক**

৭. **ব্রিটিশ গোয়েন্দা সংস্থার নাম-** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ সিআইএ ⓚh এফবিআই
ⓖ স্কটল্যান্ড ইয়ার্ড ⓖh কেজিবি **উত্তর: গ**

৮. **'MI6' কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [রাবি (ভূগোল ও পরিবেশ): ০৪-০৫]
ⓚ মিশর ⓚh ইসরায়েল
ⓖ ফ্রান্স ⓖh ব্রিটেন **উত্তর: ঘ**

৯. **সাভাক কোন দেশের গোয়েন্দা সংস্থার নাম?** [ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৬]
ক) সিরিয়া খ) ইরান
গ) জার্মানি ঘ) ইসরায়েল **উত্তর:** ঘ

১০. **'Mossad' is the intelligence agency of which country?** [Bangladesh Bank Asst. Director: 16]
Or,
'মোসাদ' কোন দেশের গোয়েন্দা সংস্থা? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর কার্যালয়ের অধীন অডিটর: ১৭]
ⓐ India ⓑ Japan
ⓒ USA ⓓ Israel **Ans.** d

১১. **ফেয়ার ফ্যাক্স কী?** [২৮তম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক: ২১]
ক) সংবাদ সংস্থা খ) পরিবেশ সংস্থা
গ) গোয়েন্দা সংস্থা ঘ) মানবাধিকার সংস্থা **উত্তর:** গ

১২. **ফেয়ার ফ্যাক্স হলো-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড- এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক) মার্কিন প্রেসিডেন্ট ব্যবহৃত একটি অতি গোপন সংকেত
খ) ফ্যাক্সের প্রেরকযন্ত্রের অতি আধুনিক সংস্করণ
গ) যুক্তরাষ্ট্রের একটি গোয়েন্দা সংস্থা
ঘ) ইতালির একটি বার্তা সংস্থা **উত্তর:** গ

১৩. **নাইচো কোন দেশের গোয়েন্দা সংস্থা** - [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ক) আমেরিকা খ) জাপান
গ) ইন্দোনেশিয়া ঘ) ইসরায়েল **উত্তর:** খ

১৪. **KGB কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [ইবি (বি ইউনিট): ০৬-০৭]
ক) ফ্রান্স খ) জার্মানি
গ) কানাডা ঘ) কোনোটিই নয় **উত্তর:** ঘ

১৫. **ব্ল্যাক ওয়াটার একটি-** [রাবি (মার্কেটিং): ০৭-০৮]
ক) চুক্তি
খ) বিষাক্ত দ্রবণ
গ) নিরাপত্তা সংস্থার নাম
ঘ) গোয়েন্দা সংস্থার নাম **উত্তর:** গ

১৬. **কোন গুপ্তচর আরব বিশ্বে মুসলমানদের সমূহ সর্বনাশ করেছে?** [দুর্নীতি দমন ব্যুরো উপসহকারী পরিদর্শক: ০৪]
ক) মার্থা ম্যাকিনা খ) রিচার্ড ব্যাটম্যান
গ) হামফ্রে ঘ) গ্রীম **উত্তর:** গ

১৭. **গুপ্তচর মাতা হারি কোন দেশের লোক ছিলেন?** [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ক) জাপান খ) ইন্দোনেশিয়া
গ) হল্যান্ড ঘ) থাইল্যান্ড **উত্তর:** গ

১৮. **প্রাক্তন সিআইএ এজেন্ট অ্যাডওয়ার্ড স্নোডেন মার্কিন সরকারের টেলিফোন ও ইন্টারনেটে আড়িপাতার যে গোপন কর্মসূচির কথা ফাঁস করে দেন-** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক) প্রিজম খ) রেইনবো
গ) ফেসবুক ঘ) উইকিলিকস **উত্তর:** ক

১৯. **ইন্টারপোল কী?** [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ক) আন্তর্জাতিক পুলিশ সংস্থা
খ) আন্তর্জাতিক রাজনৈতিক সংস্থা
গ) আন্তর্জাতিক বাজার উন্নয়ন সংস্থা
ঘ) আন্তর্জাতিক পোলিও নিয়ন্ত্রণ সংস্থা **উত্তর:** ক

২০. **Interpol এর দাপ্তরিক (Official) নাম কী?** [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]
ক) International Police
খ) International Police Agency
গ) International Criminal Police
ঘ) International Police Organization
ঙ) International Criminal Police Organization
উত্তর: ঙ

২১. **ইন্টারপোলের সদর দপ্তর কোথায় অবস্থিত?** [২৬তম বিসিএস/২৫তম বিসিএস/ শিক্ষা ও প্রকৌশল অধিদপ্তর উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল): ২১]
ক) লন্ডন খ) লিও
গ) রোম ঘ) প্যারিস **উত্তর:** খ

২২. **ইন্টারপোলের সদর দপ্তর কোথায় অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া): ১২]
ক) অস্ট্রিয়া খ) ফ্রান্স
গ) কানাডা ঘ) সুইজারল্যান্ড **উত্তর:** খ

২৩. **স্কটল্যান্ড ইয়ার্ড কোথায় অবস্থিত?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক) স্কটল্যান্ড খ) মায়ামী
গ) নিউইয়র্ক ঘ) লন্ডন **উত্তর:** ঘ

২৪. **স্কটল্যান্ড ইয়ার্ড কোন দেশের গোয়েন্দা সংস্থা?** [ইবি (বি ইউনিট): ০৮-০৯]
ক) আমেরিকা খ) যুক্তরাজ্য
গ) জার্মানি ঘ) ফ্রান্স **উত্তর:** খ

সংস্কৃতি ও শিল্পকলা
Culture & Arts

শিল্পকলা

সৃষ্টিশীল কিছু কাজ সংস্কৃতির বিচারে গুরুত্বপূর্ণ। কারণ এ সব কাজে একটি জাতির চিন্তাশক্তি ও সৃজনশীল প্রতিভার পরিচয় পাওয়া যায়। এগুলোকে আমরা বলি শিল্পকলা।

বিভিন্ন দেশের শিল্প ও সাংস্কৃতিক ঐতিহ্যের কিছু উদাহরণ নিম্নরূপ-

- *ইকেবানা:* ফুল সাজানোর শৈল্পিক জাপানি রীতি।
- *অরিগামি:* একটি জাপানী ঐতিহ্য। একটি বর্গাকার কাগজকে কোনো কিছুর সাহায্য ছাড়াই নানান ভাঁজে ভাঁজ করার মাধ্যমে নির্দিষ্ট একটি জিনিসের আকৃতি প্রদান করাই হলো অরিগামি।
- *সুশি ও সাশিমী* জাপানীদের প্রিয় খাবার।
- *সামুরাই:* জাপানের প্রাক-শিল্পাঞ্চল যুগের সামরিক বাহিনীর সদস্য বা জাপানী যোদ্ধা 'সামুরাই' হিসেবে পরিচিত।
- *নটিংহাম কার্নিভাল:* কোনো এক বিশেষ দিনে, কোনো বিশেষ উপলক্ষে ইচ্ছেমতো মজার পোশাক পরে রাস্তায় মিছিল করে, হৈ-হুল্লোড় আর উচ্ছল আনন্দের মধ্য দিয়ে যে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়, তাই এখন 'কার্নিভাল' নামে সারা বিশ্বে পরিচিত। ১৯৬৬ সাল থেকে ইংল্যান্ডের লন্ডনে অনুষ্ঠিত হয় ইউরোপের অন্যতম বড় কার্নিভাল 'নটিংহাম কার্নিভাল'। আগস্ট মাসে এই কার্নিভালের আয়োজন করা হয়ে থাকে। কার্নিভালের থিমে থাকে জনপ্রিয় ক্যারিবিয়ান ছোঁয়া। গান, নাচ, বৈচিত্র্যময় পোশাক সব মিলিয়ে জমজমাট এই কার্নিভাল।
- *ভার্সেলিস যুদ্ধ* (১৯৭৩ খ্রি.) মূলত একটি ফ্যাশান শো। এই প্রতিয়োগিতায় মার্কিন ডিজাইনাররা জয়লাভ করে।
- *ফেজ* এক ধরনের টুপি। মরক্কোর ফেজ শহর টুপির জন্য বিখ্যাত।

MCQ Solution

১. **এক ধরনের জাপানি শিল্পশৈলী 'ইকেবানা' হল** - [ঢাবি (চ ইউনিট): ১৭-১৮]
ক) ফুলসজ্জা খ) কাগজের কারুশিল্প শৈলী
গ) স্থাপত্য অলঙ্করণ শৈলী ঘ) বনসাই **উত্তর:** ক

২. **'অরিগেমি' কিসের শিল্প?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সুপারভাইজার: ১৫]
ক) বেত খ) বাঁশ
গ) কাগজ ঘ) কাঠ **উত্তর:** গ

৩. **'সুশি' ও 'সাশিমী' কী?** [রাবি (সমাজকর্ম): ০৮-০৯]
ক) দুই বোনের নাম খ) এক ধরনের পাখি
গ) এ ধরনের উদ্ভিদ ঘ) এক ধরনের খাবার **উত্তর:** ঘ

৪. **বিখ্যাত 'সামুরাই' শব্দটি ব্যবহৃত হয়-** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা: ১২]
ক) চীন খ) দক্ষিণ কোরিয়
গ) জাপান ঘ) ভিয়েতনাম **উত্তর:** গ

৫. **The Notting Hill Carnival held in-** [IU (C Unit): 14-15]
ⓐ New York ⓑ Paris
ⓒ Mexico ⓓ London **Ans.** d

৬. **ভার্সেলিসের যুদ্ধে কারা জয়ী হয়?** [শ্রম অধিদপ্তরের রেজিষ্ট্রার: ০০]
ক) ফ্রান্স খ) ইংল্যান্ড
গ) আমেরিকা ঘ) পর্তুগিজ **উত্তর:** গ

৭. **ঐতিহাসিক 'ফেজ শহর' কোথায় অবস্থিত?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ৯৩]
ক) আলজেরিয়ায় খ) মরক্কোয়
গ) লিবিয়ায় ঘ) মিশরে **উত্তর:** খ

খাদ্য ও পানীয়

- পানীয় হিসেবে কফির প্রথম ব্যবহার শুরু হয় ইয়েমেনে (একটি আরব দেশ)। ১৫১১ সালে কায়রোতে প্রথম 'কফি হাউস' প্রতিষ্ঠিত হয়।

MCQ Solution

১. **জনপ্রিয় ফাস্টফুড 'পিৎজা'র উৎপত্তি** - [ইবি (এইচ ইউনিট): ১১-১২]
ক) আমেরিকা খ) অস্ট্রেলিয়া
গ) ইতালি ঘ) জার্মানি **উত্তর:** গ

২. **১৭২৫ সালে বিশ্বের প্রাচীনতম রেস্তোরাঁ চালু হয়েছিল ইউরোপের একটি শহরে, তার নাম এবং রেস্তোরার নাম** – [১৭তম বিসিএস]
ক) ফ্রান্সের টুলোন শহর, লাফ্রাঁসে
খ) জার্মানির হামবুর্গ শহর, ক্যাসানোভা
গ) ইটালীর মিলান শহর, মালদিনীয়ানি
ঘ) স্পেনের মাদ্রিদ শহর, কাসা বোতিল **উত্তর:** ঘ

৩. **পানীয় হিসেবে কফির প্রথম ব্যবহার শুরু হয়-** [রাবি (ইসলামী ইতিহাস): ০৭-০৮]
ক) আফগানিস্তানে খ) চীন দেশে
গ) মালয় রাজ্যে ঘ) আরব দেশে **উত্তর:** ঘ

৪. **কোন দেশে সর্বপ্রথম কফিকে পানীয় হিসেবে ব্যবহার করা হয়েছে?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক) মিশর খ) ইয়েমেন
গ) কেনিয়া ঘ) যুক্তরাজ্য **উত্তর:** খ

৫. **পৃথিবীর সর্বপ্রথম কফি হাউজ কোন শহরে কত সালে প্রতিষ্ঠিত হয়?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক: ৯৭]
ক) রোমে, ১০২০ সালে
খ) লন্ডনে, ১৪১৫ সালে
গ) সাংহাইতে, ১৬১৫ সালে
ঘ) কায়রোতে, ১৫১১ সালে **উত্তর:** ঘ

৬. **Head office of Coca Cola company is in:** [WASA Sub Asst. Engineer (Civil): 19]
ⓐ New York ⓑ Atlanta
ⓒ New Jersey ⓓ Florida **Ans. b**

পঞ্জিকা

হিজরি বর্ষপঞ্জি

৬৩৮ খ্রিষ্টাব্দে হজরত ওমর (রা.) ইসলামি বর্ষপঞ্জি প্রবর্তন করেন। তবে তিনি হজরত মুহাম্মদ (সা.) এর মক্কা থেকে মদিনায় হিজরতের দিন (৬২২ খ্রিষ্টাব্দ) থেকে ইসলামি সন গণনার নির্দেশ দেন। ইসলামি বর্ষপঞ্জি (হিজরি বর্ষপঞ্জি নামেও পরিচিত) একটি চন্দ্রনির্ভর বর্ষপঞ্জি। হিজরি বর্ষপঞ্জির ব্যাপ্তিকাল ৩৫৪ বা ৩৫৫ দিন। এতে মোট ১২টি মাস আছে। হিজরি বর্ষপঞ্জির মাসগুলো যথাক্রমে নিম্নরূপ- মুহররম, সফর, রবিউল আউয়াল, রবিউস সানি, জমাদিউল আউয়াল, জমাদিউস সানি, রজব, শাবান, রমজান, শাওয়াল, জ্বিলকদ এবং জিলহজ।

গ্রেগোরীয় বর্ষপঞ্জি (Gregorian Calendar)

গ্রেগোরীয় বর্ষপঞ্জি (পাশ্চাত্য বর্ষপঞ্জি বা খ্রিষ্টীয় বর্ষপঞ্জি) হলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত বর্ষপঞ্জি। খ্রিষ্টাব্দ হলো যিশুখ্রিষ্টের জন্মবৎসর থেকে পরিগণিত অব্দ বা সাল। ১৫৮২ সালের ২৪ ফেব্রুয়ারি পোপ ত্রয়োদশ গ্রেগোরির এক আদেশনুসারে এই বর্ষপঞ্জির প্রচলন ঘটে। গ্রেগোরীয় বর্ষপঞ্জির ব্যাপ্তি ৩৬৫ দিন।

গ্রেগোরীয় বর্ষপঞ্জি (Gregorian Calendar)

দিনসংখ্যা	গ্রেগোরীয় সনের মাস
31	January, March, May, July, August, October, December
30	April, June, September, November
28/29	February

অধিবর্ষে (Leap Year) মোট দিন থাকে ৩৬৬। গেগ্রোরীয় বর্ষপঞ্জিতে প্রতি চার বছরে একবার ফেব্রুয়ারি মাসে এবং বাংলা সনমতে ফাল্গুন মাসে একদিন যোগ করা হয়। অধিবর্ষে ফেব্রুয়ারি এবং ফাল্গুন মাস হয় যথাক্রমে ২৯ এবং ৩০ দিনে। ৪ দ্বারা বিভাজ্য বছরগুলো অধিবর্ষ ধরা হয়। যেমন; ২০১২ সাল অধিবর্ষ। তবে এই নিয়মের ব্যতিক্রমও আছে। যে সব বর্ষ ১০০ দ্বারা বিভাজ্য কিন্তু ৪০০ দ্বারা নয় তাদের অধিবর্ষের তালিকা থেকে বাদ দেয়া হয়। যেমন: ১৭০০, ১৮০০, ১৯০০, ২১০০, ২২০০, ২৩০০ অধিবর্ষ নয়। আবার, ১৬০০, ২০০০, ২৪০০ প্রভৃতি অধিবর্ষ।

MCQ Solution

১. **কোন সালকে ভিত্তি ধরে হিজরি সাল গণনা শুরু হয়?** [চবি (বি ইউনিট): ১৯-২০]
ক) ৬২২ খ্রি. খ) ৬২৪ খ্রি.
গ) ৬২৮ খ্রি. ঘ) ৬৩২ খ্রি. **উত্তর:**ক

২. **হিজরি সন (Hijri era) কে প্রবর্তন করেন?** [ঢাবি (খ ইউনিট): ১৫-১৬]
ক) হজরত ওমর রা. খ) হজরত আলী রা.
গ) হজরত আবু বকর রা. ঘ) হজরত ওসমান রা. **উত্তর:**ক

৩. **হিজরি সন কত দিনে?** [ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. মাঠ কর্মকর্তা: ১৬]
ক) ৩৬০ খ) ৩৬৫
গ) ৩৫৪ ঘ) ৩২৪ **উত্তর:** গ

৪. **What is the number of Ramadan month in the Islamic Calendar?/ ইসলামী পঞ্জিকা অনুসারে রমজান মাসের ক্রম কত?** [SIBL Trainee Senior Officer: 13]
ⓐ 8th ⓑ 9th
ⓒ 10th ⓓ 11th **Ans. b**

৫. **'খ্রিষ্টাব্দ' শব্দটি এসেছে?** [জাককানইবি (ঘ ইউনিট): ১৬-১৭]
ক) বুদ্ধের জন্ম থেকে
খ) শ্রীকৃষ্ণের জন্ম থেকে
গ) শিশু খ্রিষ্টের জন্ম থেকে
ঘ) ইংরেজি ভাষার উদ্ভব থেকে **উত্তর:** গ

৬. **ইংরেজি বর্ষ পরিক্রমায় পরপর দুটি ৩১ দিবস বিশিষ্ট মাস হল?** [গণমাধ্যম ইনস্টিটিউটে সহকারী পরিচালক -প্রশিক্ষণ ও উপসহপ্রকৌশলী: ০৩]
ক) মার্চ, এপ্রিল খ) জুলাই, আগস্ট
গ) ডিসেম্বর, জানুয়ারি ঘ) খ অথবা গ **উত্তর:** খ

৭. **How many days are in a leap year?** [Eastern Bank Ltd. Officer: 05]
ⓐ 364 ⓑ 365
ⓒ 366 ⓓ 367 **Ans. c**

৮. **কোন সালটি 'লীপ ইয়ার'?** [থানা শিক্ষা অফিসার: ৯৬]
ক) ১৯৬৬ খ) ১৩০৬
গ) ১৭৭০ ঘ) ১৬০০ **উত্তর:** ঘ

৯. **নিচের কোন সালটি অধিবর্ষ নয়?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]
ⓚ ১৬০০ সাল ⓚ ১৯০০ সাল
ⓖ ২০০০ সাল ⓖ ২৪০০ সাল **উত্তর:** খ

১০. **২০০৮ সালটি অধিবর্ষ এবং ১ম দিনটি মঙ্গলবার হলে ৩১ ডিসেম্বর কি বার?** [রাবি (মার্কেটিং): ০৭-০৮]
ⓚ রবিবার ⓚ সোমবার
ⓖ মঙ্গলবার ⓖ বুধবার **উত্তর:** ঘ

ব্যাখ্যা: কোন বর্ষ অধিবর্ষ না হলে ১ জানুয়ারি এবং ৩১ ডিসেম্বর একই বার হবে। কিন্তু বর্ষটি অধিবর্ষ হলে ১ জানুয়ারি বারের সাথে ১ যোগ করলে ৩১ ডিসেম্বর এর বার পাওয়া যাবে।

দর্শন (Philosophy)

দর্শনের জনক	সক্রেটিস
আধুনিক দর্শনের জনক	ডেকার্ট
মুসলিম দর্শনের জনক	আল কিন্দি


ইবনে খালদুন (১৩৩২ - ১৪০৬ খ্রি.) ছিলেন মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ দার্শনিকদের মধ্যে অন্যতম। তিনি তিউনিসিয়ায় জন্মগ্রহণ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'কিতাবুল ইবার' (৭ খণ্ড)। প্রথম খণ্ড 'মুকদ্দিমা' (Muqaddimah) নামে পরিচিত।

থমাস হবস (১৫৮৮- ১৬৭৯ খ্রি.) একজন ইংরেজ দার্শনিক। তিনি লেভিয়েথন (১৬৫১ খ্রি.) নামক গ্রন্থে 'সামাজিক চুক্তি তত্ত্ব' ধারণা প্রতিষ্ঠা করেন। তাঁর বিখ্যাত উক্তি-
- *মানুষ স্বভাবতই স্বার্থপর ও আত্মকেন্দ্রিক।*
- *Knowledge is power.*
- *Leisure is the mother of philosophy.*

ইমানুয়েল কান্ট (১৭২৪ - ১৮০৪ খ্রি.) একজন বিখ্যাত জার্মান দার্শনিক। তাঁর বিখ্যাত উক্তি, "সংস্কৃতি হল মানুষের ভিতরের দিক।"

অগাস্ট কোৎ (১৭৯৮ - ১৮৫৭ খ্রি.) একজন ফরাসি দার্শনিক, চিন্তাবিদ ও সমাজবিজ্ঞানী। তাঁকে সমাজবিজ্ঞানের জনক বলা হয়।

বারট্রান্ড আর্থার উইলিয়াম রাসেল (১৮৭২-১৯৭০ খ্রি.) একজন ব্রিটিশ দার্শনিক, গণিতবিদ এবং সাহিত্যিক। দার্শনিক হলেও তিনি ১৯৫০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর লেখা বিখ্যাত গ্রন্থ হলো - *Proposed Roads to Freedom, Power: A New Social Analysis, Political Ideals*।



MCQ Solution

১. **মৌলিক দর্শনশাস্ত্র হিসেবে বিবেচনা করা হয় কোনটিকে?** [ঢাবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓚ নীতিবিদ্যা ⓚ মনোবিজ্ঞান
ⓖ ধর্মশাস্ত্র ⓖ অধিবিদ্যা **উত্তর:** ঘ

২. **আধুনিক দর্শনের জনক কে?** [রাবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ বেকন ⓚ ডেকার্ট
ⓖ হিউম ⓖ কান্ট **উত্তর:** খ

৩. **মুসলিম দর্শনের জনক কে?** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ আল- কিন্দি ⓚ আল- ফারাবি
ⓖ ইবনে সিনা ⓖ আল বেরুনি **উত্তর:** ক

৪. **প্রখ্যাত দার্শনিক ইবনে খালদুন যে দেশের-** [রাবি (ইসলামের ইতিহাস) : ০৮-০৯]
ⓚ মরক্কো ⓚ আলজেরিয়া
ⓖ তিউনিসিয়া ⓖ লিবিয়া **উত্তর:** গ

৫. **ইবনে খালেদুন একজন বিখ্যাত-** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা: ৯৬]
ⓚ চিকিৎসক ⓚ পর্যটক
ⓖ দার্শনিক ⓖ সেনাপতি **উত্তর:** গ

৬. **'কিতাবুল ইবার' - এর লেখক কে?** [চবি (বি ইউনিট): ১৮-১৯]
ⓚ বার্ট্রান্ড রাসেল ⓚ ইবনে খালদুন
ⓖ হেগেল ⓖ নীট্শে **উত্তর:** খ

৭. **'লেভিয়াথা' গ্রন্থের লেখক কে?** [ইবি (সি ইউনিট): ০৯-১০]
ⓚ হবস ⓚ রুশো
ⓖ মন্টেস্কু ⓖ কার্ল মার্ক্স **উত্তর:** ক

৮. **মানুষ স্বভাবতই স্বার্থপর ও আত্মকেন্দ্রিক - উক্তিটি কার?** [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ⓚ লর্ড এ্যাটকনের ⓚ কোঁতের
ⓖ টমাস হবস ⓖ প্লেটো **উত্তর:** গ

৯. **'Knowledge is power' was stated by -** [IU (BBA): 11-12]
ⓐ Hobbes ⓑ Mills
ⓒ Socrates ⓓ Rousseau **Ans.** a

১০. **ইমানুয়েল কান্ট কোন দেশে জন্মেছিলেন?** [চবি (বি১ ইউনিট): ১৩-১৪]
ⓚ জার্মানি ⓚ ফ্রান্স
ⓖ ইতালি ⓖ রাশিয়া **উত্তর:** ক

১১. **কোন ব্যক্তি একাধারে গণিতবিদ, দার্শনিক ও সাহিত্যিক?** [ঢাবি (খ ইউনিট): ০৬-০৭]
ⓚ গ্যেটে ⓚ মোপাসি
ⓖ রাসেল ⓖ রবীন্দ্রনাথ **উত্তর:** গ

১২. **Bertrand Russell was a British-** [CU (E Unit): 10-11]
ⓐ journalist ⓑ scientist
ⓒ politician ⓓ philosopher **Ans.** d

১৩. The author of 'Road of Freedom' is- [সোনালি, জনতা এবং অগ্রণী ব্যাংক: ০৮]
ⓐ John Keats ⓑ Bertrand Russell
ⓒ G B Shaw ⓓ Goldsmith **Ans. b**

১৪. 'Power: A New Social Analysis' গ্রন্থটি কার লেখা? [৩৬তম বিসিএস]
ⓚ ম্যাকিয়াভেলি ⓚ হবস্
ⓖ লক ⓖ রাসেল **উত্তর: ঘ**

১৫. 'Political Ideals' গ্রন্থের লেখক কে? [৪১তম বিসিএস]
ক) মেকিয়াভেলি খ) রাসেল
গ) প্লেটো ঘ) এরিস্টটল **উত্তর: খ**

১৬. অগাস্ট কোৎ কে? [কুবি (বি ইউনিট): ১৩-১৪]
ক) শিল্পী
খ) সমাজসেবী
গ) রাশিয়ার বিজ্ঞানী
ঘ) ফরাসি সমাজবিজ্ঞানী **উত্তর: ঘ**

১৭. সমাজবিজ্ঞানের জনক কে? [শাবিপ্রবি (বি ইউনিট): ০৬-০৭]
ক) কার্ল মার্কস খ) অগাস্ট কোঁৎ
গ) ডুরখেইম ঘ) স্পেন্সার **উত্তর: খ**

১৮. 'মুয়াল্লিম আল সানী' বলা হয় কোন দার্শনিককে? [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ক) আল কিন্দি খ) আল ফারাবী
গ) আর রাযী ঘ) ইবনে খালদুন **উত্তর: খ**

১৯. লাও সে (Lao Tze) কে ছিলেন? [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক) দার্শনিক ও কবি
খ) শিল্পী ও কবি
গ) রাজনৈতিক নেতা ও সাহিত্যিক
ঘ) সম্রাট ও শিল্পী **উত্তর: ক**

ভাষা (Language)

ভাষার জগতে বিভিন্ন ভাষার অবস্থান

ক্রম	মোট ব্যবহারকারী (মাতৃভাষা + দ্বিতীয় ভাষা)	মাতৃভাষা হিসেবে ব্যবহারকারী
১	ইংরেজি	মান্দারিন (চীনা)
২	মান্দারিন (চীনা)	স্প্যানিশ
৩	হিন্দি	ইংরেজি
৪	স্প্যানিশ	হিন্দি
৫	ফ্রেঞ্চ	বাংলা
৬	আরবি	পর্তুগিজ
৭	বাংলা	রাশিয়ান

[Source: Ethnologue (25th edition, 2022)]

- বাংলাদেশ, ভারতের পশ্চিমবঙ্গ ও আসামের ভাষা বাংলা।
- ঘানার প্রধান ভাষা ইংরেজি (সরকারি ভাষা), আকান প্রভৃতি।
- জ্যামাইকার প্রধান ভাষা ইংরেজি।
- আফগানিস্তানের প্রধান ভাষা ডারি (ফার্সির একটি উপভাষা) এবং পশতু।
- ভারতে বিভিন্ন ভাষার আলাদা আলাদা শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।
- বিশ্বের সর্বাধিক ভাষার দেশ পাপুয়া নিউগিনি।
- কয়েকটি উল্লেখযোগ্য ভাষা ব্যবহারকারী দেশ-

ভাষা	দেশ
জার্মান	জার্মানি, অস্ট্রিয়া, সুইজারল্যান্ড, লিচটেনস্টেইন
ফার্সি	ইরান
সোয়াহিলি	কেনিয়া, তানজানিয়া
ডাচ	নেদারল্যান্ড, বেলজিয়াম, সুরিনাম
খেমার	কম্বোডিয়া
সিংহলি	শ্রীলঙ্কা
গ্রিক	গ্রিস, সাইপ্রাস
চিওয়া	মালাউই
দোজাংখা	ভুটান
দিভেহি	মালদ্বীপ
হিব্রু	ইসরায়েল
কিরুন্ডি	বুরুন্ডি
মজর (Magyar)	হাঙ্গেরি

MCQ Solution

১. কোন ভাষায় সবচেয়ে বেশী মানুষ কথা বলে? [মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর জুনিয়র অডিটর: ২২]
ক) ইংরেজি খ) মান্দারিন (চাইনিজ)
গ) হিন্দি ঘ) ফরাসি **উত্তর: ক**

২. The language most widely spoken as native tongue is -/ বিশ্বের সবচেয়ে বেশি লোকের মাতৃভাষা- [Southeast Bank Ltd. Officer: 09]
ⓐ English ⓑ Mandarin
ⓒ French ⓓ Bengali **Ans. b**

৩. মান্দারিন কোন দেশের ভাষা- [প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক: ১৫]
ক) থাইল্যান্ড খ) ভিয়েতনাম
গ) চীন ঘ) জাপান **উত্তর: গ**

৪. বিশ্বের স্বীকৃত দ্বিতীয় ভাষা- [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক) জার্মান খ) আরবি
গ) ফ্রেঞ্চ ঘ) স্প্যানিশ **উত্তর: গ**

৫. Which of the following languages has the highest number of native speakers? [Bangladesh Bank Asst. Director: 10]

Or,

পৃথিবীর সর্বাধিক লোকের মাতৃভাষার নাম- [রাবি (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬]

ⓐ Hindi ⓑ English
ⓒ Chinese ⓓ Spanish **Ans. c**

৬. What is the ranking of Bangla in the world in terms of spoken language? [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer (Cash): 08]

Or,

ভাষার জগতে বাংলার স্থান কোথায়? [১৩তম বেসরকারী শিক্ষক নিবন্ধন: ১৬]

ⓐ 1^{st} ⓑ 3^{rd}
ⓒ 6^{th} ⓓ 7^{th}
ⓔ 12^{th} **Ans. c**

৭. ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা বিশ্বের কততম প্রধান ভাষা? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ - ২০ (১ম পর্যায়): ২২]

ⓚ ষষ্ঠ ⓚ সপ্তম
ⓖ চতুর্থ ⓖ পঞ্চম **উত্তর: খ**

৮. ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা ভাষা পৃথিবীর কততম মাতৃভাষা? [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ সহকারী প্রকৌশলী (সিভিল): ১৭]

ⓚ পাঁচ ⓚ আট
ⓖ চার ⓖ ছয় **উত্তর: ক**

৯. আক্ষরিক অর্থে আন্তর্জাতিক ভাষা- [ঢাবি (খ ইউনিট): ০৭-০৮]

ⓚ আরবি ⓚ ফারসি
ⓖ এসপারেনটো ⓖ ইংরেজি **উত্তর: ঘ**

১০. ঘানা- এর প্রধান ভাষা কী? [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) এর সহকারী পরিচালক: ০৬]

ⓚ মেন্ডি ⓚ স্প্যানিশ
ⓖ ইংরেজি ⓖ হাউসা **উত্তর: গ**

১১. What is the native language of Jamaica?/ জ্যামাইকার মাতৃভাষা কোনটি? [Standrd Bank Ltd. Officer: 06]

ⓐ French ⓑ Tagalog
ⓒ Swahili ⓓ Esperanto
ⓔ English **Ans. e**

১২. আকান কোন দেশের ভাষা? [ঢাবি (খ ইউনিট): ১২-১৩]

ⓚ বেনিন ⓚ ঘানা
ⓖ গিনি বিসাউ ⓖ সিয়েরা লিওন **উত্তর: খ**

১৩. অস্ট্রিয়ার ভাষা- [রাবি (বিইউনিট): ১৯-২০]

ⓚ ইংরেজি ⓚ ফরাসি
ⓖ স্প্যানিশ ⓖ জার্মান **উত্তর: ঘ**

১৪. জার্মানি ব্যতিরেকে কোন দেশের প্রায় সকল নাগরিক জার্মান ভাষায় কথা বলে? [১৪তম বিসিএস/ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর এরোড্রাম ফায়ার লীডার: ২১]

ⓚ সুইজারল্যান্ড ⓚ পোল্যান্ড
ⓖ অস্ট্রিয়া ⓖ ডেনমার্ক **উত্তর: গ**

১৫. ইসরায়েলের সরকারি ভাষা - [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]

ⓚ আরবি ⓚ হিব্রু
ⓖ ইংরেজি ⓖ ফরাসি **উত্তর: খ**

১৬. আফগানিস্তানের প্রধান ভাষা কোনটি? [বাতিল কৃত ২৪তম বিসিএস]

ⓚ আফগানি ⓚ ফার্সি
ⓖ পশতু ⓖ তুর্কি **উত্তর: গ**

১৭. দোজাংখা কোন দেশের ভাষা? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা: ২১]

ⓚ আফ্রিকা ⓚ কেনিয়া
ⓖ গিনি বিসাউ ⓖ ভুটান **উত্তর: ঘ**

১৮. মালদ্বীপের প্রধান ভাষা– [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]

ⓚ হিন্দি ⓚ মালয়
ⓖ আরবি ⓖ দিভেহি **উত্তর: ঘ**

১৯. Magyar is the language of- [Janata Bank Ltd. Executive Officer: 17]

ⓐ Macedonia ⓑ Hungary
ⓒ Romania ⓓ Monaco **Ans. b**

২০. বাংলাদেশ ছাড়াও কোন জায়গার মানুষের মুখের ভাষা বাংলা? [বিভিন্ন অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ⓚ নদীয়া ⓚ পশ্চিমবঙ্গ ও আসাম
ⓖ অযোধ্যা ⓖ আরাকান **উত্তর: খ**

২১. বিশ্বের সর্বাধিক ভাষার দেশ কোনটি? [ববি (ঘ ইউনিট): ১৫-১৬]

ⓚ যুক্তরাষ্ট্র ⓚ পাপুয়া নিউগিনি
ⓖ ভারত ⓖ চীন **উত্তর: খ**

২২. কোন দেশে বিভিন্ন ভাষার আলাদা আলাদা শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে? [ইবি (বি ইউনিট): ১৩-১৪]

ⓚ যুক্তরাজ্য ⓚ ভারত
ⓖ ফিলিপাইন ⓖ যুক্তরাষ্ট্র **উত্তর: খ**

সাহিত্য

বিখ্যাত সাহিত্যিক



ফেরদৌসী (৯৪০ - ১০২০ খ্রি.) পারস্যের একজন বিখ্যাত কবি। তিনি সুলতান মাহমুদের দরবারের সভাকবি ছিলেন। প্রাচীন ইরানের ইতিহাস, কৃষ্টি ও সংস্কৃতি নিয়ে তাঁর বিখ্যাত মহাকাব্য '*শাহনামা*' (৯৭৭-১০১০ খ্রি.)। ফার্সি ভাষায় রচিত '*শাহনামা*' মহাকাব্যের বঙ্গানুবাদ করেন মোজাম্মেল হক (ভারত) ও মনিরউদ্দীন ইউসুফ (বাংলাদেশ)।

ওমর খৈয়াম (১০৪৮ - ১১৩১ খ্রি.) পারস্যের একজন ফার্সি গণিতবিদ, দার্শনিক, জ্যোতির্বিদ ও কবি। তাঁর বিখ্যাত গ্রন্থ 'রুবাইয়াত' (চতুষ্পদী কবিতা)। গ্রন্থটি বঙ্গানুবাদ (রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম) করেন কবি কাজী নজরুল ইসলাম।

জালাল উদ্দীন মোহাম্মাদ রুমী (১২০৭-১২৭৩ খ্রি.) ছিলেন একজন ফার্সি সুফি, কবি ও ধর্মতত্ত্ববিদ। রুমির বিখ্যাত কাব্যগ্রন্থ 'মসনবী শরিফ'। মসনবীতে রয়েছে কোরআন ও হাদিসে বর্ণিত উপাখ্যান এবং গল্প, পাশাপশি প্রতিদিনকার উপকথা।

শেখ সাদী (১২১০ - ১২৯১ খ্রি.) ছিলেন একজন মধ্যযুগীয় ফার্সি কবি। *গুলিস্তান* (গোলাপ বাগান) ও *বুস্তান* তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ।

তুলসীদাস (১৫৩২ - ১৬২৩ খ্রি.) ছিলেন একজন ভারতীয় কবি, ধর্মসংস্কারক ও দার্শনিক। তিনি হিন্দু সম্প্রদায়ের দেবতা রামের জীবন কাহিনী অবলম্বনে '*রামচরিতমানস*' মহাকাব্য রচনা করেন।

হাফিজ ইব্রাহিম (১৮৭১ - ১৯৩২ খ্রি.) ছিলেন একজন বিখ্যাত মিশরীয় কবি। গরীবদের প্রতি তাঁর রাজনৈতিক অঙ্গীকারের জন্য তাঁকে "নীল নদের কবি" ও "জনগণের কবি" বলে আখ্যা দেওয়া হয়। সামাজিক ও রাজনৈতিক সমস্যাবহুল বিষয়বস্তু তাঁর কবিতার প্রধান উপজীব্য। '*Egypt Speaks about Itself*' কবির বিখ্যাত কবিতা।

আল্লামা ইকবাল (১৮৭৭ - ১৯৩৮ খ্রি.) ব্রিটিশ ভারতের একজন মুসলিম কবি, দার্শনিক এবং রাজনীতিবিদ। তিনি উর্দু ও ফার্সি ভাষায় কাব্য রচনা করতেন। তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ 'বাং-ই-দারা', 'আশরার-ই-খুদি', 'জবর-ই-কালিমা', 'শিকোয়াহ ও জবাব-ই শিকোয়াহ' উল্লেখযোগ্য। তিনি ভারতের দেশাত্মবোধক গান 'সারে জাহা ছে আচ্ছা...' এর রচয়িতা।

অক্টাভিও পাজ (১৯১৪ - ১৯৯৮ খ্রি.) ছিলেন একজন মেক্সিকান কবি ও কূটনীতিবিদ। তিনি সাহিত্যে নোবেল পুরস্কার (১৯৯০ খ্রি.) লাভ করেন।

গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ (১৯২৭ - ২০১৪ খ্রি.) একজন **কলম্বীয় সাহিত্যিক। তিনি ছিলেন স্প্যানিস ভাষার অন্যতম** শ্রেষ্ঠ ঔপন্যাসিক। ১৯৮২ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ '*One Hundred Years of Solitude*' (নিঃসঙ্গতার একশ বছর), '*Love in the Time of Cholera*' বিশেষ উল্লেখযোগ্য।

MCQ Solution

১. **আব্বাসীয় আমলের অন্ধ কবি** - [ঢাবি (বি ইউনিট): ০৩-০৪]
ⓚ মুতানাব্বী ⓚ নিযামী
ⓖ বাশশার ইবন বুরদ ⓖ ফেরদৌসী **উত্তর:** গ

২. **কবি ফেরদৌসীর জন্মস্থান কোথায়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর মেডিক্যাল অফিসার: ৮৪]
ⓚ ইরাক ⓚ মিশর
ⓖ ইরান ⓖ তুরস্ক **উত্তর:** গ

৩. **প্রাচ্যের হোমার কাকে বলা হয়?** [রাবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ কালিদাস ⓚ গালিব
ⓖ ফেরদৌসি ⓖ ইকবাল **উত্তর:** গ

৪. **ফেরদৌসী কোন শাসকের সভাকবি ছিলেন?** [ঢাবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ সুলতান মাহমুদ ⓚ মুহম্মদ বিন তুঘলক
ⓖ হোসেন শাহ ⓖ ফিরোজ শাহ তুঘলক **উত্তর:** ক

৫. **Ferdousi was** - [NCC Bank Ltd. MTO: 11]
ⓐ A Persian poet
ⓑ Well known for his epic '*Shahnameh*'
ⓒ both a & b
ⓓ None of the above **Ans.** c

৬. **'শাহনামা' মৌলিক গ্রন্থটি কার?** [২৬তম বিসিএস/ ১৮তম বিসিএস]
ⓚ মালিক জয়সী ⓚ দৌলত উজির বাহরাম খান
ⓖ সৈয়দ হামজা ⓖ ফেরদৌসী **উত্তর:** ঘ

৭. **'শাহনামা' কোথাকার মহাকাব্য?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ⓚ গ্রিস ⓚ রোম
ⓖ পারস্য ⓖ রাজস্থান **উত্তর:** গ

৮. **'শাহনামা' কোন ভাষায় রচিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেল্টা): ১৪]
ⓚ আরবি ⓚ ফারসি
১. **ল্যাটিন শব্দ 'সিভিস' এর অর্থ -** [ঢাবি (খ ইউনিট): ১৮-১৯]
ক নগর খ নগররাষ্ট্র
গ নাগরিক ঘ রাষ্ট্র **উত্তর:** গ

২. **'সিভিটাস' শব্দের অর্থ কী?** [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ক নাগরিক খ নগর
গ নগররাষ্ট্র ঘ পৌর **উত্তর:** গ

৩. **নিচের কোন ল্যাটিন শব্দটি গ্রিক 'Civitas' শব্দের সমার্থক?** [মাভাপ্রবি (ডি ইউনিট): ১২-১৩]
ক Polites খ Polish
গ Politus ঘ Polis **উত্তর:** ঘ

৪. **'Civics' শব্দটি কোন কোন ল্যাটিন শব্দ হতে এসেছে?** [ইবি (সি ইউনিট): ০৪-০৫]
ক Cavis এবং Cavits
খ Cevis এবং Cevitas
গ Civis এবং Civitas
ঘ Civis এবং Civities **উত্তর:** গ

৫. **'Polis'- শব্দটির অর্থ-** [ঢাবি (খ ইউনিট): ১৭-১৮]
ক রাষ্ট্র খ সমাজ
গ নগররাষ্ট্র ঘ জাতিরাষ্ট্র **উত্তর:** গ

৬. **নিচের দেশগুলোর মধ্যে কোনটি নগররাষ্ট্র?** [মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৯৯]
ক জায়ারে খ ইথিওপিয়া
গ সিঙ্গাপুর ঘ আলাস্কা **উত্তর:** গ

৭. **এশিয়ার নগর রাষ্ট্র কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ): ১৮]
ক সিঙ্গাপুর খ হংকং
গ মালদ্বীপ ঘ ভুটান **উত্তর:** ক

৮. **কল্যাণমূলক রাষ্ট্রের জনক কে?** [মাভাবিপ্রবি (উ ইউনিট): ১২-১৩]
ক স্টুয়ার্ট মিল
খ টি. এইচ. গ্রিন
গ জেরোমি বেনথাম
ঘ উইলিয়াম বেভারিজ **উত্তর:** ঘ

৯. **দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী বৃহৎ শক্তিসমূহের মাঝখানে অবস্থিত দেশকে বলা হয়-** [৩৮তম বিসিএস]
ক স্থলবেষ্টিত রাষ্ট্র খ নিরপেক্ষ রাষ্ট্র
গ বাফার রাষ্ট্র ঘ জিরোসাম রাষ্ট্র **উত্তর:** গ

১০. **নিচের কোনটি বাফার স্টেট?** [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশাকার ড্রাফটম্যান: ২২]
ক পাকিস্তান খ আফগানিস্তান
গ বেলজিয়াম ঘ ফ্রান্স **উত্তর:** গ

১১. **A "Vassal State" is the one which is -** [Jahangirnagar University (F Unit): 16-17]
a under the suzerainty of another state
b situated on the sea shore
c an independent state
d none of these **Ans.** a

১২. **'স্যাটেলাইট স্টেট'- কোনটি?** [সিজিএ-এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক ভারত খ শ্রীলংকা
গ নেপাল ঘ বাংলাদেশ **উত্তর:** গ

নাগরিকত্ব

নাগরিকত্ব দু'ভাবে লাভ করা যায়।

১) জন্মসূত্রেঃ নাগরিকত্ব অর্জনের ক্ষেত্রে দুইটি নীতি অনুসরণ করা হয়। যথা-

(ক) জন্মনীতিঃ পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তান নাগরিকতা লাভ করে জন্মনীতি অনুসারে। বাংলাদেশসহ বিশ্বের অধিকাংশ দেশ জন্মনীতি অনুসরণ করে।

(খ) জন্মস্থান নীতিঃ পিতা - মাতা যে দেশেরই নাগরিক হোক না কেন, সন্তান যে রাষ্ট্রে জন্মগ্রহণ করবে সে ঐ রাষ্ট্রের নাগরিকত্ব লাভ করবে। আমেরিকা, কানাডাসহ বিশ্বের অল্প কয়েকটি দেশ জন্মস্থান নীতির মাধ্যমে নাগরিকতা নির্ধারণ করে।

২) অনুমোদনসূত্রে।

নাগরিকদের কর্তব্য

১) আইনগত কর্তব্য

রাষ্ট্রের আইন দ্বারা স্বীকৃত। কর্তব্য পালনে ব্যর্থ হলে শাস্তি পেতে হয়। যেমন- রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ, আইন মান্য করা, কর প্রদান করা।

২) নৈতিক কর্তব্য

নিজে শিক্ষিত হওয়া এবং সন্তানদের শিক্ষিত করা, সততার সহিত ভোটদান, রাষ্ট্রের সেবা করা এবং বিশ্বমানবতার সাহায্যে এগিয়ে আসা।

নাগরিক অধিকার

১) আইনগত অধিকার

ক) সামাজিক অধিকার

জীবন ধারণের অধিকার, সম্পত্তির অধিকার, চলাফেরা, সমাবেশ ও সমিতি করার অধিকার, ধর্ম চর্চার অধিকার, শিক্ষা ও স্বাস্থ্যের অধিকার, চিন্তা, মতপ্রকাশ ও সংবাদপত্রের স্বাধীনতার অধিকার, ভাষা ও সংস্কৃতির অধিকার ইত্যাদি।

খ) রাজনৈতিক অধিকার

বসবাসের অধিকার, ভোট দানের অধিকার, সরকারি চাকরি লাভের অধিকার ইত্যাদি। কোন রাষ্ট্রে বসবাসরত বিদেশি নাগরিকগণ রাজনৈতিক অধিকার ভোগ করতে পারে না।

গ) অর্থনৈতিক অধিকার

যোগ্যতা অনুযায়ী কাজ করার অধিকার, ন্যায্য মজুরি লাভের অধিকার, শ্রমিকসংঘ গঠনের অধিকার ইত্যাদি।

২) নৈতিক অধিকার

দুর্বলের সাহায্য লাভের অধিকার ইত্যাদি।

MCQ Solution

১. **কোন নীতি অনুসারে পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তানের নাগরিকতা নির্ধারিত হয়?** [জাবি (সরকার ও রাজনীতি): ০৭-০৮]
ক) জন্মনীতি খ) জন্মস্থান
গ) অনুমোদন নীতি ঘ) কোনোটিই নয় **উত্তর:** ক

২. **জন্মসূত্রে নাগরিকতা অর্জনের পদ্ধতি কোনটি?** [শাবিপ্রবি (বি ইউনিট): ০০-০১]
ক) জন্মনীতি খ) জন্মস্থান নীতি
গ) উভয়ই ঘ) কোনটিই নয় **উত্তর:** গ

৩. **নাগরিকত্ব অর্জনে জন্মস্থানে নীতি অনুসৃত হয় কোন দেশে?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) বাংলাদেশে খ) ভারত
গ) আমেরিকায় ঘ) ফ্রান্সে **উত্তর:** গ

৫. **রাষ্ট্রের প্রতি নাগরিকদের প্রধান কর্তব্য-** [ঢাবি(খ ইউনিট): ০৬-০৭]
ক) আইন মান্য করা খ) আনুগত্য প্রকাশ করা
গ) ভোট দেয়া ঘ) কর প্রদান করা **উত্তর:** খ

৪. **নাগরিক ও বিদেশির মধ্যে পার্থক্যের ক্ষেত্রে কোনটি সঠিক?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৪-১৫]
ক) সামাজিক অধিকার খ) ব্যক্তিক অধিকার
গ) রাজনৈতিক অধিকার ঘ) সাংস্কৃতিক অধিকার **উত্তর:** গ

৬. **একজন নাগরিকের সবচেয়ে বড় কর্তব্য কোনটি?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৪-১৫]
ক) আইন মান্য করা খ) কর প্রদান করা
গ) সন্তানদের শিক্ষা দেয়া ঘ) রাষ্ট্রের সেবা করা **উত্তর:** ক

৭. **নিচের কোনটি নাগরিকের দায়িত্ব?** [৩৮তম বিসিএস]
ক) দক্ষ জনশক্তি তৈরি করা
খ) রাস্তায় ট্রাফিক আইন মেনে চলা
গ) রাজনৈতিক সংগঠনে অন্তর্ভুক্ত হওয়া
ঘ) শিল্প কারখানায় অধিক শ্রমিক নিয়োগ দেয়া **উত্তর:** খ

৮. **ভোটদানের অধিকার কোন ধরনের অধিকার?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) রাষ্ট্রীয় খ) আইনগত অধিকার
গ) সামাজিক ঘ) রাজনৈতিক **উত্তর:** ঘ

আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্কের ধ্রুপদি তিনটি তত্ত্ব বাস্তববাদ, উদারতাবাদ ও কাঠামোবাদ এবং তাদের নব্য প্রতিদ্বন্দ্বী তত্ত্ব নয়া বাস্তববাদ ও নয়া উদারতাবাদ সবগুলোই ঐকমত্য পোষণ করে যে, বিশ্ব ব্যবস্থা পুরোটাই নৈরাজ্যমূলক। তবে, বাস্তববাদ তত্ত্বের মূল উপাদান নৈরাজ্য (Anarchy)।

জিরোসাম গেম (Zero-Sum Game) ধারণাটির উৎপত্তি মূলত এ্যাপ্লাইড ম্যাথমেটিক্স এর একটি শাখা 'গেম থিওরি' থেকে। জিরোসাম গেম বলতে এমন একটি অবস্থাকে বুঝানো হয় যেখানে একজনের লাভে অন্যজনের লোকসান হয়, একই সাথে দুই পক্ষই লাভ করতে পারে না। অর্থাৎ একই সাথে দু'দলই জিততে বা হারতে পারবে না বরং এক দল জিতলে অন্য দলকে অবশ্যই হারতে হবে। এটাই জিরো সাম গেম তত্ত্বের মূল কথা। আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে বাস্তববাদীরা (Realist) মনে করেন পুরো পৃথিবীর সম্পদ জিরো সাম। এখানে এক দেশ কিছু অর্জন করলে অপর দেশকে অবশ্যই সেই অংশটুকুর লোকসান করতে হয়। তেল সম্পদ হচ্ছে এর প্রকৃষ্ট উদাহরণ। পৃথিবীতে তেল সম্পদের মজুদ নির্দিষ্ট - এটিকে প্রস্তুত করা যায় না। তাই এই সম্পদ একদল পেলে অপর দলকে অবশ্যই বঞ্চিত হতে হবে।

MCQ Solution

১. **আন্তর্জাতিক ক্ষেত্রে প্রত্যেক রাষ্ট্রের মান কত?** [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ক) সমান খ) অসমান
গ) মানসম্মত ঘ) উচ্চমান **উত্তর:** ক

২. **নৈরাজ্য যে তত্ত্বের মূল উপাদান সেটি হচ্ছে -** [৩৮তম বিসিএস]
ⓚ নয়া উদারতাবাদ ⓚ গঠনবাদ
ⓖ বাস্তববাদ ⓘ নব্য মার্কসবাদ **উত্তর:** গ

৩. **জিরোসাম গেম (Zero-Sum Game) আন্তর্জাতিক সম্পর্কে কোন তত্ত্বের সঙ্গে সংশ্লিষ্ট?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓚ মার্কবাদ ⓚ গঠনবাদ
ⓖ উদারতাবাদ ⓘ বাস্তববাদ **উত্তর:** ঘ

কূটনৈতিক পরিভাষা

Persona non grata কূটনীতিক পরিভাষার একটি শব্দ। কোনো দেশ তার দেশে অন্য কোনো দেশের কোনো কূটনীতিককে যে কোনো সময় কোনো কারণ ব্যাখ্যা ছাড়াই অবাঞ্ছিত ঘোষণা করতে পারে। ঐ কূটনীতিককে তখন Persona non grata বলে।

অ্যাম্বাসেডর ও হাইকমিশনার: জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের অ্যাম্বাসেডর (Ambassador) বলে। কমনওয়েলথভুক্ত দেশসমূহে অন্য কমনওয়েলথ ভুক্ত দেশের সর্বোচ্চ কূটনীতিককে হাইকমিশনার (High Commissioner) বলে।

নেকড়েযোদ্ধা কূটনীতি (Wolf warrior diplomacy) হলো একবিংশ শতাব্দীতে চীনা প্রেসিডেন্ট শি জিনপিং প্রশাসনের অধীনে চীনা কূটনীতিকদের দ্বারা গৃহীত জবরদস্তিমূলক কূটনীতির একটি আক্রমণাত্মক শৈলী। চীনা জাতীয়তাবাদ অনুভূতি শক্তিশালী করতে ও নিজেদের মর্যাদা বাড়ানোর কৌশলের অংশ হিসেবে জিনপিং এ কৌশল নিয়েছেন। পশ্চিমাদের প্রতিকূলতা মোকাবিলায় চীনা কূটনীতিকদের এ কৌশল রুক্ষ ও আগ্রাসী। *Wolf warrior* শব্দটি চীনা অ্যাকশন চলচ্চিত্র থেকে নেয়া হয়েছে।

MCQ Solution

১. **Persona-non-grata শব্দ সমষ্টি যে বিশেষ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য--** [১৭তম বিসিএস]
ⓚ রাজনীতিবিদ ⓚ ক্রীড়াবিদ
ⓖ ব্যবসায়ী ⓘ কূটনীতিবিদ **উত্তর:** ঘ

২. **রাষ্ট্র প্রতিনিধি বলতে কোন শব্দটি ব্যবহার হয়?** [ইবি (এইচ ইউনিট): ১১-১২]
ⓚ Ambassador ⓚ Representative
ⓖ Consul ⓘ cabinet **উত্তর:** ক

৩. **জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের বলা হয়-** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ⓚ অ্যাম্বাসেডর ⓚ হাইকমিশনার
ⓖ সেক্রেটারি ⓘ অ্যাটাশে **উত্তর:** ক


৩. **হাইকমিশনার ও অ্যাম্বাসেডরের মধ্যে পার্থক্য কী? [What is the difference between high commissioner and ambassador?]** [ঢাবি (ঘ ইউনিট): ১৯-২০]
ⓚ প্রথমজন কমনওয়েলথভুক্ত রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন কমনওয়েলথ বহির্ভূত রাষ্ট্রের প্রতিনিধি [The former represents Commonwealth states & the latter non-Commonwealth states]
ⓚ প্রথমজন ইউরোপীয় রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন এশিয়া ও আফ্রিকার প্রতিনিধি [The former represents European states & the latter Asian and African states]
ⓖ প্রথমজন কূটনীতিক ও অপরজন রাষ্ট্রের প্রতিনিধি [The former is a diplomat & the latter a representative of a state]
ⓘ কোনো পার্থক্য নেই [There is no difference]
উত্তর: ক

৫. **কূটনৈতিক কাজ কোন বিভাগ করে থাকে?** [ইবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ বিচার বিভাগ ⓚ শাসন বিভাগ
ⓖ সংবিধান ⓘ আইন সভা **উত্তর:** খ

৬. **'নেকড়েযোদ্ধা কূটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট?** [৪৪তম বিসিএস]
ⓚ ভিয়েতনাম ⓚ উত্তর কোরিয়া
ⓖ চীন ⓘ রাশিয়া **উত্তর:** গ

সরকার
Government

সরকারের শ্রেণিবিভাগ



ক) আইন ও শাসন বিভাগের সম্পর্কের ভিত্তিতে সরকার

১) রাষ্ট্রপতি শাসিত সরকার (Presidential Government): রাষ্ট্রপতি সর্বময় ক্ষমতার অধিকারী। রাষ্ট্রপতি একাধারে রাষ্ট্র ও সরকার প্রধান। আইনসভা নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী নয়। রাষ্ট্রপতি ও মন্ত্রিসভার সদস্যগণ আইনসভার সদস্য নন। মন্ত্রিগণ তাদের কাজের জন্য রাষ্ট্রপতির নিকট দায়ী থাকেন। যুক্তরাষ্ট্র, মালদ্বীপ, ইন্দোনেশিয়া প্রভৃতি রাষ্ট্রে এরূপ প্রেসিডেন্ট শাসিত সরকার ব্যবস্থা বিদ্যমান।

২) সংসদীয় সরকার (Parliamentary or Cabinet Government):আইনসভা সার্বভৌম ক্ষমতার অধিকারী। প্রধানমন্ত্রী হলেন সরকারপ্রধান। প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার হাতে থাকে দেশের প্রকৃত শাসন ক্ষমতা। প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভা তাদের কাজের জন্য আইন পরিষদের নিকট দায়ী থাকেন। এ ধরনের সরকারে একজন নিয়মতান্ত্রিক রাষ্ট্রপ্রধান থাকেন। রাষ্ট্রপ্রধান প্রধানমন্ত্রীর পরামর্শ ছাড়া কার্যত কিছু করেন না। বাংলাদেশ, ভারত, জার্মানি ও নিউজিল্যান্ডসহ প্রভৃতি রাষ্ট্রে সংসদীয় পদ্ধতির সরকার রয়েছে।

খ) ক্ষমতা বন্টনের নীতির ভিত্তিতে সরকার

১) এককেন্দ্রিক সরকার (Unitary Government): যে শাসন ব্যবস্থায় সাংবিধানিকভাবে সকল ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে ন্যস্ত থাকে এবং একটি কেন্দ্র থেকে সকল ক্ষমতা পরিচালিত হয়, তাকে এককেন্দ্রিক সরকার বলে। ফ্রান্স, বাংলাদেশ, জাপান, ইতালি প্রভৃতি দেশে এককেন্দ্রিক সরকার ব্যবস্থা প্রচলিত রয়েছে।

২) যুক্তরাষ্ট্রীয় সরকার (Federal Government): যখন কতিপয় স্বাধীন রাষ্ট্র পরস্পর বিচ্ছিন্ন না থেকে পারস্পরিক চুক্তির মাধ্যমে একটি স্বাধীন সার্বভৌম কর্তৃত্বের অধীনে ঐক্যবদ্ধ হয়ে নতুন রাষ্ট্র গঠন করে, তখন তাকে যুক্তরাষ্ট্র বলে। যুক্তরাষ্ট্রীয় সরকার একটি দ্বৈত সরকার। এখানে কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার বিদ্যমান। এতে সাংবিধানিকভাবে রাষ্ট্রের কর্তৃত্ব ও ক্ষমতার কিছু অংশ প্রদেশ বা আঞ্চলিক সরকারের এবং জাতীয় বিষয়গুলো কেন্দ্রীয় সরকারের হাতে থাকে। ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা প্রভৃতি দেশে যুক্তরাষ্ট্রীয় সরকার পদ্ধতি বিদ্যমান।

গ) ক্ষমতার উৎসের ভিত্তিতে সরকার

১) একনায়কতন্ত্র (Dictatorship): গণতান্ত্রিক শাসন ব্যবস্থার বিপরীত শাসন ব্যবস্থার নাম হলো একনায়কতন্ত্র। একনায়কতন্ত্র এক ব্যক্তি বা এক দলের শাসন। একনায়কতন্ত্র এক ধরনের স্বৈরতান্ত্রিক শাসনব্যবস্থা। স্বৈরশাসক (Autocrat) সংবিধান ও আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকে না।

২) গণতন্ত্র: গণতন্ত্রের ইংরেজি শব্দ Democracy শব্দটি গ্রিক শব্দ 'Demos' এবং 'Kratos' থেকে উদ্ভূত। যার অর্থ জনগণ ও শাসনক্ষমতা। অর্থাৎ গণতন্ত্র হচ্ছে জনগণের শাসন ক্ষমতা। নির্বাচন হলো গণতন্ত্রের মূলভিত্তি। গণতন্ত্রের মূল কথা হলো নাগরিক বা জনসাধারণের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ। নির্বাচন হলো জনমত প্রকাশের প্রধান ও বিধিসম্মত প্রক্রিয়া।

গণতন্ত্রের জনক	ক্লিস্টেনস
আধুনিক গণতন্ত্রের জনক	জন লক

সুতরাং নির্বাচন ছাড়া গণতন্ত্র চলতে পারে না। প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থার মূলভিত্তি রাজনৈতিক দল যার মাধ্যমে সরকার গঠিত ও পরিচালিত হয়ে থাকে। গণতন্ত্রে একাধিক রাজনৈতিক দলকে লালন করা হয় এবং অপরিহার্য বিরোধী রাজনৈতিক দল 'বিকল্প সরকার' হিসাবে কাজ করে।

গণতন্ত্র সম্পর্কে বিভিন্ন মনীষীর উক্তি-

মিল	*গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট শাসন ব্যবস্থা।*
লর্ড ব্রাইস	*গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যবস্থা।*
বার্কার	*'গণতন্ত্র মানে আলাপ আলোচনার মাধ্যমে পরিচালিত সরকার'।*
আব্রাহাম লিঙ্কন	*'Democracy is a government of the people, by the people and for the people' (গণতন্ত্র হচ্ছে জনগণের কল্যাণের জন্য, জনগণের দ্বারা পরিচালিত, জনপ্রতিনিধিত্বমূলক শাসনব্যবস্থা)*
আইভর জেনিংস	*'If there is no opposition, there is no democracy' (যেখানে বিরোধী দল নেই সেখানে গণতন্ত্র অনুপস্থিত)*

গ্রিক দার্শনিক ও রাষ্ট্রবিজ্ঞানী এরিস্টটল রাজতন্ত্র ও অভিজাততন্ত্রকে স্বাভাবিক সরকার অপরদিকে স্বৈরতন্ত্র, ধনিকতন্ত্র বা কুলীনতন্ত্র এবং গণতন্ত্র বা জনতাতন্ত্রকে বিকৃত সরকার হিসাবে অভিহিত করেছেন।

উল্লেখযোগ্য মাইলফলক -

- গণতন্ত্রের সূচনা হয় গ্রিসের নগররাষ্ট্র এথেন্সে। গ্রিসকে *গণতন্ত্রের সূতিকাগার* বলা হয়।
- বিশ্বের প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে যুক্তরাজ্যে।
- বর্তমানে বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ ভারত।
- সুইজারল্যান্ডে সর্বপ্রথম সরাসরি গণতন্ত্র (Direct Democracy) এর প্রচলন হয়।
- **তিয়েন আনমেন স্কোয়ার হত্যাকাণ্ড** (৪ জুন, ১৯৮৯): বেইজিং এর তিয়েন আনমেন স্কোয়ারে ছাত্র- বুদ্ধিজীবীরা অধিক গণতন্ত্র এবং মত প্রকাশের স্বাধীনতার দাবিতে সমবেত হয়। চীনের সরকার এই সমাবেশে ব্যাপক হত্যাযজ্ঞ চালায়।

MCQ Solution

১. **সংসদীয় গণতন্ত্রে শাসন বিভাগের সকল ক্ষমতা কার কাছে ন্যস্ত থাকে?** [নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক) রাষ্ট্রপতির কাছে খ) প্রধান বিচারপতির কাছে
গ) প্রধানমন্ত্রীর কাছে ঘ) আইন মন্ত্রীর কাছে **উত্তর:** গ

২. **সংসদীয় বা মন্ত্রিপরিষদ শাসিত সরকার ব্যবস্থায় মন্ত্রিগণ ব্যক্তিগত ও যৌথভাবে কার নিকট জবাবদিহি করেন?** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) স্পিকারের নিকট খ) প্রধানমন্ত্রীর নিকট
গ) রাষ্ট্রপতির নিকট ঘ) সংসদের নিকট **উত্তর:** ঘ

৩. **মালদ্বীপের সরকার প্রধানকে বলা হয়-** [রাবি (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান): ০৭-০৮]
ক) রাজা খ) প্রেসিডেন্ট
গ) প্রধানমন্ত্রী ঘ) বাদশাহ **উত্তর:** খ

৪. **নিম্নের কোন দেশের সরকার প্রধান হলেন প্রেসিডেন্ট?** [ডেন্টাল কলেজ: ০৪-০৫]
ক) ইন্দোনেশিয়া খ) থাইল্যান্ড
গ) জাপান ঘ) অস্ট্রেলিয়া **উত্তর:** ক

৫. **মার্কিন যুক্তরাষ্ট্রের কোন পদ্ধতির সরকার বিদ্যামান?** [ইবি (জি ইউনিট): ০৪-০৫]
ক) সমাজতান্ত্রিক সরকার
খ) রাষ্ট্রপতি শাসিত সরকার
গ) একনায়কতান্ত্রিক সরকার
ঘ) মন্ত্রিপরিষদ শাসিত সরকার **উত্তর:** খ

৬. **যুক্তরাষ্ট্রীয় সরকারের ক্ষমতা কিভাবে বণ্টন করা হয়?** [ইবি (সি ইউনিট): ১০-১১]
ক) কেন্দ্রের ইচ্ছায় খ) প্রদেশের ইচ্ছায়
গ) সরকারের ইচ্ছায় ঘ) সংবিধানের মাধ্যমে **উত্তর:** ঘ

৭. **A person who rules without consulting other –** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ): ০৯]
ⓐ Democrat ⓑ Bureaucrat
ⓒ Autocrat ⓓ Fanatic **Ans.** c
ব্যাখ্যা: Democrat- গণতান্ত্রিক; Bureaucrat - আমলা; Autocrat - স্বৈরশাসক; Fanatic - ধর্মান্ধতা।

৮. **গণতন্ত্র: বহুদল: একনায়কতন্ত্র:** [জাককানইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) দুশাসন খ) বল প্রয়োগ
গ) একদল ঘ) একক আদর্শবাদ **উত্তর:** গ

৯. **'ডিমোস' শব্দটির অর্থ কী?** [মাভাবিপ্রবি (ইউনিট উ): ১৪-১৫]
ক) সরকার খ) ক্ষমতা
গ) রাজনীতি ঘ) জনগণ **উত্তর:** ঘ

১০. **গণতন্ত্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক্ত নির্বাচন
খ আইনের শাসন
গ বহুদলীয় ব্যবস্থা
ঘ সরকারের জবাবদিহিতা **উত্তর: ক**

১১. **গণতন্ত্রের প্রাণ হলো -** [ইবি (সি ইউনিট): ০৬-০৭]
ক সরকার খ রাষ্ট্র
গ সংবিধান ঘ জনগণ **উত্তর: ঘ**

১২. **প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূলভিত্তি কোনটি?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১১-১২]
ক সরকার খ মন্ত্রিপরিষদ
গ সার্বভৌমত্ব ঘ রাজনৈতিক দল **উত্তর: ঘ**

১৩. **আধুনিক গণতন্ত্রের জনক কে?** [শাবিপ্রবি (এ ইউনিট): ১০-১১]
ক মাক্সওয়েবার খ জন লক
গ হ্যাল্ড লাস্কি ঘ রুশো **উত্তর: খ**

১৪. **প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিকল্প সরকার' বলতে কী বোঝায়?** [৪৩তম বিসিএস]
ক ক্যাবিনেট খ লোকপ্রশাসন বিভাগ
গ সুশীল সমাজ ঘ বিরোধী দল **উত্তর: ঘ**

১৫. **"গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট শাসন ব্যবস্থা-" উক্তিটি কার?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক মিল খ প্লেটো
গ এরিস্টটল ঘ লর্ড ব্রাইস **উত্তর: ক**

১৬. **"গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যবস্থা" কার উক্তি?** [জবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক অগাস্ট কোঁৎ খ রুশো
গ লর্ড ব্রাইস ঘ ম্যাকাইভার **উত্তর: গ**

১৭. **গণতন্ত্র হচ্ছে আলাপ-আলোচনার মাধ্যমে পরিচালিত সরকার - উক্তিটি কার?** [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ক বার্কার খ হিরোডটাস
গ সীলি ঘ ডাইসি **উত্তর: ক**

১৮. **"Democracy is a government of the people, by the people, for the people" this statement is attributed to-** [National University Section Officer: 17]
Or,
'জনসাধারণের জন্য, জনসাধারণের দ্বারা পরিচালিত এবং জনসাধারণের সরকারই হলো গণতন্ত্র'- এটা কার উক্তি? [চবি (ঘ ইউনিট): ০২-০৩]
ⓐ Russeau ⓑ Montague
ⓒ Voltaire ⓓ Abraham Lincoln
ⓔ George Washington **Ans. d**

১৯. **'If there is no opposition, there is no democracy' উক্তিটি করেছিলেন-**[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক আইভর জেনিংস খ অধ্যাপক লাস্কি
গ জন লক ঘ আব্রাহাম লিংকন **উত্তর: ক**

২০. **এরিস্টটল 'গণতন্ত্র'কে সরকার ব্যবস্থার কোন প্রকারের রূপ হিসেবে গণ্য করেছেন?** [শাবিপ্রবি (এ ইউনিট): ১০-১১]
ক স্বাভাবিক রূপ খ পরিমার্জিত রূপ
গ বিকৃত রূপ ঘ ঐশ্বরিক রূপ **উত্তর: গ**

২১. **গণতন্ত্রের সূতিকাগার (Birth place of democracy) -** [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ক ইতালি খ গ্রিস
গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র **উত্তর: খ**

২২. **গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশে?** [৪৪তম বিসিএস]
ক যুক্তরাষ্ট্র খ প্রাচীন গ্রীস
গ প্রাচীন রোম ঘ প্রাচীন ভারত **উত্তর: খ**

২৩. **প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে –** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক ফ্রান্সে খ ব্রিটেনে
গ যুক্তরাষ্ট্রে ঘ জার্মানিতে **উত্তর: খ**

২৪. **সংসদীয় গণতন্ত্রের উৎপত্তি কোন দেশে?** [রাবি (ইউনিট A-৩): ২১-২২]
ক মার্কিন যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য
গ ফ্রান্স ঘ জার্মানি **উত্তর: খ**

২৫. **The largest democratic country in the world is -** [BCIC Assistant Administrative Officer : 21]
Or,
পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র বলা হয় কোন দেশকে? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক: ১৩]
ⓐ United states ⓑ United kingdom
ⓒ India ⓓ None **Ans. c**

২৬. **কোন দেশে সর্বপ্রথম 'সরাসরি গণতন্ত্র' (Direct Democracy) চালু হয়েছিল?** [খুবি (বি ইউনিট): ১৮-১৯]
ক ভারত খ রাশিয়া
গ সুইজারল্যান্ড ঘ ফ্রান্স **উত্তর: গ**

২৭. **'Democracy Square' is located in-/'গণতন্ত্র চত্বর' কোথায় অবস্থিত?** [Karmasangsthan Bank Senior Officer: 13]
ⓐ Phnom Penh ⓑ Islamabad
ⓒ Dhaka ⓓ New Delhi
ⓔ Tokyo **Ans. a**

ব্যাখ্যা: কম্বোডিয়ার রাজধানী নমপেনে Democracy Square বা 'গণতন্ত্র চত্বর' অবস্থিত। বর্তমানে এটি Freedom Park হিসাবে পরিচিতি পেয়েছে।

২৮. **'তিয়েন আনমেন স্কোয়ার' কোথায় অবস্থিত?** [জীবন বিমা কর্পোরেশনের ব্যবস্থাপক: ২০]
ⓚ বেইজিং ⓚ সাংহাই
ⓖ হংকং ⓖ ক্যান্টন **উত্তর:** ক

২৯. ***'Freedom House'* means-** [Al-Arafah Islami Bank Ltd. Probationary Officer: 10]
ⓐ An organization of American Intellectuals
ⓑ An organization of American freedom fighter
ⓒ An organization of American Negro Citizens
ⓓ None of above **Ans.** a

ব্যাখ্যা: Freedom House ওয়াশিংটনভিত্তিক একটি বেসরকারি বুদ্ধিজীবী সংগঠন।

৩০. **'Freedom House' সংগঠনটির সদর দপ্তর কোথায়?** [দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক: ২০]
ⓚ জেনেভা ⓚ লন্ডন
ⓖ ওয়াশিংটন ⓖ টরন্টো **উত্তর:** গ

৩১. **ঐতিহাসিক 'ফ্রিডম স্কয়ার' কোন শহরে অবস্থিত?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা 'র সহকারী পরিচালক: ১৯]
ⓚ নিউইয়র্ক সিটি ⓚ কায়রো
ⓖ ইস্তাম্বুল ⓖ বাকু **উত্তর:** ঘ

ভোটাধিকার ও নির্বাচন

ভোটাধিকার সম্পর্কিত উক্তি

লর্ড ব্রাইস	*ভোটাধিকারের মাধ্যমে মানুষ ব্যক্তিত্ব মর্যাদাসম্পন্ন হয়।*
আব্রাহাম লিংকন	*The ballot is stronger than bullet (বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী)।*

ই-ভোটিং (E-voting) এর পূর্ণরূপ হলো ইলেকট্রনিক ভোটিং। অর্থাৎ ভোটদান ও গণনায় ইলেকট্রনিক প্রযুক্তির ব্যবহার। ১৯৬০ এর দশকে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম ই-ভোটিং সিস্টেম প্রবর্তিত হয়। ইলেকট্রনিক ভোটিং পদ্ধতি বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন-

(ক) কাগজ নির্ভর ই-ভোটিং: ব্যালট পেপার ব্যবহার করে ভোটগ্রহণ এবং ইলেকট্রনিক মাধ্যম (যেমন- ইলেকট্রনিক ট্যাবুলেশন) ব্যবহার করে ভোট গণনা করা হয়। পাঞ্চকার্ড, ডিজিটাল পেন ভোটদান এই পদ্ধতির অন্তর্গত।

(খ) সরাসরি ধারণকৃত ই-ভোটিং: Electronic Voting Machine (EVM) ব্যবহৃত হয়।

(গ) পাবলিক নেটওয়ার্কভিত্তিক সরাসরি ধারণকৃত ই-ভোটিং: ইন্টারনেট বা পাবলিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ভোটদান করা হয়।

ঘটনাপঞ্জি

- বিশ্বের ইতিহাসে নারীরা প্রথম ভোটাধিকার পায় ১৮৯৩ সালে নিউজিল্যান্ডে।
- বিভিন্ন দেশে নারীদের ভোটাধিকার প্রাপ্তির সময়কাল: অস্ট্রেলিয়া (১৯০২ খ্রি.), নরওয়ে (১৯১৩ খ্রি.), যুক্তরাজ্য (১৯১৮ খ্রি.), জার্মানি (১৯১৮ খ্রি.), রাশিয়া (১৯১৭ খ্রি.), যুক্তরাষ্ট্র (১৯২০ খ্রি.), লেবানন (১৯৫২ খ্রি.) বাহরাইন (২০০২ খ্রি.), কুয়েত (২০০৫ খ্রি.), সংযুক্ত আরব আমিরাত (২০০৬ খ্রি.), সৌদি আরব (২০১৫ খ্রি.) প্রভৃতি।
- ২ ডিসেম্বর, ১৯৯০ যুক্ত জার্মানির প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়।
- ২০০৪ সালে ইউক্রেনের প্রেসিডেন্ট নির্বাচনে ব্যাপক অনিয়ম এবং ভোট কারচুপি হয়। এর পরিপ্রেক্ষিতে ২০০৪ সালের নভেম্বর থেকে ২০০৫ সালের জানুয়ারি পর্যন্ত ইউক্রেনে সংঘটিত রাজনৈতিক আন্দোলন কমলা বিপ্লব (Orange Revolution) নামে পরিচিত।
- ভুটানের প্রথম পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয় ২০০৮ সালের ২৪ মার্চ এবং এতে ভুটানের জনগণ প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগের সুযোগ পায়।
- অস্ট্রেলিয়ায় প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোট দেয়া বাধ্যতামূলক।

ম্যানিফেস্টো: সাধারণত রাজনৈতিক দলগুলো নির্বাচনের পূর্বে তাদের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যেটি জনসম্মুখে প্রকাশ করে সেটিই 'ম্যানিফেস্টো' নামে পরিচিত।

MCQ Solution

১. **'ভোটাধিকারের মাধ্যমে মানুষ ব্যক্তিত্ব মর্যাদাসম্পন্ন হয়' বলেছেন-** [ইবি (সি ইউনিট): ১৩-১৪]
ⓚ লর্ড ব্রাইস ⓚ জন মেইল
ⓖ স্টুয়ার্ড মিল ⓖ জন লক **উত্তর:** ক

২. ***'The ballot is stronger than bullet'* quoted by-** [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer (Cash): 08]

Or,

'বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী' উক্তিটি কার? [ঢাবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓐ Lincoln ⓑ W. Churchill
ⓒ A. Hitler ⓓ B. Mussolini
ⓔ L. Morgan **Ans.** a

৩. **EVM বোঝায়-** [ঢাবি (বি ইউনিট): ২১-২২]
ⓚ ইলাস্টিক ভোটিং মেশিন
ⓚ ইলেকট্রিক ভোটিং মেশিন
ⓖ ইলেকট্রনিক ভোটিং মেশিন
ⓖ এফিসিয়েন্ট ভোটিং মেশিন **উত্তর:** গ

৪. **ইভিএম পদ্ধতি কোন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত?** [রাবি (এ-১ ইউনিট): ১১-১২]
ⓚ চাকুরি ⓚ মেধা যাচাই
ⓖ নির্বাচন ⓖ শেয়ার বাজার **উত্তর:** গ

৫. **Which is the first ever country to use E-voting in their election?/সর্বপ্রথম কোন দেশ নির্বাচনে ই-ভোটিং ব্যবহার করে?** [Pubali Bank Ltd. Senior Officer: 12]
ⓐ America ⓑ Bangladesh
ⓒ Iran ⓓ Estonia
ⓔ None of them **Ans. a**

৬. **কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করে?** [২৭তম বিসিএস] *Or,*
Which nation gave women the right to vote first? [Bangladesh Bridge Authority Assistant Director: 20/ Rupali Bank Ltd. Financial Analysts: 20]
ⓚ মার্কিন যুক্তরাষ্ট্র ⓚ নিউজিল্যান্ড
ⓖ বাহামা ⓖ সুইজারল্যান্ড **উত্তর: খ**

৭. **মার্কিন যুক্তরাষ্ট্রের মেয়েরা কোন সালে ভোটাধিকার পান?** [স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র স্টাফ নার্স (বাতিলকৃত): ১৭]
ⓚ ১৯২০ ⓚ ১৯২১
ⓖ ১৯২২ ⓖ ১৯২৩ **উত্তর: ক**

৮. **২০০২ সালে মধ্যপ্রাচ্যের কোন দেশের মহিলারা প্রথমবারের মতো ভোটাধিকার লাভ করে?** [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ⓚ সৌদি আরব ⓚ সংযুক্ত আরব আমিরাত
ⓖ কুয়েত ⓖ বাহরাইন **উত্তর: ঘ**

৯. **যুক্ত জার্মানির প্রথম নির্বাচন কবে অনুষ্ঠিত হয়েছিল?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ⓚ ১৫ জুলাই, ১৯৮৯
ⓚ ২০ ফেব্রুয়ারি, ১৯৯০
ⓖ ০২ ডিসেম্বর, ১৯৯০
ⓖ ৩০ জানুয়ারি, ১৯৯১ **উত্তর: গ**

১০. **কোন দেশটিতে 'কমলা বিপ্লব' (*Orange Revolution*) সংঘটিত হয়েছিল?** [ঢাবি (ঘ ইউনিট; বাতিল): ১৮-১৯]
ⓚ ফ্রান্স ⓚ ইউক্রেন
ⓖ থাইল্যান্ড ⓖ ইংল্যান্ড **উত্তর: খ**

১১. **'ম্যানিফেস্টো' কী?** [জাবি (কলা ও মানবিক অনুষদ): ১২-১৩]
ⓚ রাজনৈতিক দলের নীতিমালা ও কর্মসূচির কার্যবিবরণী
ⓚ রাজনৈতিক দলের লক্ষ্য ও উদ্দেশ্য
ⓖ রাজনৈতিক দলের অঙ্গীকার
ⓖ নির্বাচনী প্রচারকার্য **উত্তর: খ**

১২. **বিশ্বের কোন দেশে ভোট দেওয়া বাধ্যতামূলক?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা: ২১]
ⓚ সুইডেন ⓚ অস্ট্রেলিয়া
ⓖ নিউজিল্যান্ড ⓖ ইংল্যান্ড **উত্তর: খ**

রাজতন্ত্র (*Monarchy*)

রাজা বা রানির হাতে রাষ্ট্রের চরম ও সর্বোচ্চ কর্তৃত্ব ন্যস্ত থাকে। রাজা বা রানি সাধারণত বংশানুক্রমে বা উত্তরাধিকারসূত্রে ক্ষমতায় অধিষ্ঠিত হন।

ক) *চরম বা নিরঙ্কুশ রাজতন্ত্র (Absolute Monarchy):* রাজা বা রানি একাধারে রাষ্ট্র ও সরকার প্রধান। দেশে কোনো রাজনৈতিক দল থাকে না, এমনকি রাজনৈতিক কর্মকাণ্ডও নিষিদ্ধ থাকে। ব্রুনাই, ওমান, সৌদি আরব, কাতার, ভ্যাটিকান প্রভৃতি দেশে নিরঙ্কুশ রাজতন্ত্র বিদ্যমান।

খ) *সীমিত বা নিয়মতান্ত্রিক বা শাসনতান্ত্রিক বা সাংবিধানিক রাজতন্ত্র (Constitutional Monarchy):* রাজা (বা রানি) রাষ্ট্রপ্রধান। রাজাঁর শাসনতান্ত্রিক তেমন কোনো ক্ষমতা থাকে না। পার্লামেন্ট বা ক্যাবিনেট শাসনকার্য পরিচালনা করে। কানাডা, যুক্তরাজ্য, ডেনমার্ক, বেলজিয়াম, লুক্সেমবার্গ, স্পেন, মরক্কো, বাহরাইন, জর্ডান, কুয়েত, ভুটান, কম্বোডিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, জাপান প্রভৃতি দেশে শাসনতান্ত্রিক রাজতন্ত্র বিদ্যমান।

দেশে দেশে রাজতন্ত্র

মালয়েশিয়া: ১৩টি রাজ্য ও তিনটি কেন্দ্রশাসিত অঞ্চল নিয়ে ফেডারেশন অব মালয়েশিয়া গঠিত। রাজ্যগুলোতে আছে সুলতান আর ফেডারেশনের জন্য আছে রাজা। সুলতানদের মধ্য থেকেই পাঁচ বছরের জন্য রাজা নির্বাচিত হন।

কম্বোডিয়া: ফ্রান্সের উপনিবেশ থেকে কম্বোডিয়ায় স্বাধীনতা আসে ১৯৫৩ সালে, প্রিন্স নরদম সিহানুকের হাত ধরে। তারপর থেকে কম্বোডিয়ায় চলতে থাকে প্রিন্স নরদম সিহানুকের শাসন। কিন্তু ১৯৭০ সালে মার্কিন মদদপুষ্ট জেনারেল লন নল সামরিক অভ্যুত্থানের মাধ্যমে প্রিন্স নরোদম সিহানুককে উৎখাত করে ক্ষমতা দখল করেন এবং রাজতন্ত্র বিলোপ করেন। সাধারণ মানুষ মার্কিন সমর্থিত সরকারকে মেনে নিতে রাজি ছিল না। ফলে ১৯৭৫ সালে খেমার রুজ গেরিলারা লন নলের সরকারকে উৎখাত করে নমপেনের ক্ষমতায় অধিষ্ঠিত হয়। খেমার রুজের নেতা ছিলেন পলপট, খিউ সাম্পান প্রমুখ। পলপট সরকার দেশটিকে 'গণতান্ত্রিক কাম্পুচিয়া' (১৯৭৫ - ৭৯ খ্রি.) নাম দেয়। সংস্কার আর শুদ্ধিকরণের নামে নিজের জাতির ওপরে চালায় ভয়ঙ্কর এক হত্যাযজ্ঞ। ১৯৭৯ সালে খেমার রুজ সরকারের পতনের পর দেশটিতে মোটামুটি স্থিতিশীলতা আসে। ১৯৯৩ সালে কম্বোডিয়ায় বহুদলীয় গণতন্ত্রের সূচনা হয় এবং নতুন সংবিধান প্রবর্তনের মাধ্যমে রাজতন্ত্র (সাংবিধানিক) পুনঃপ্রতিষ্ঠিত হয়।

থাইল্যান্ড: থাইল্যান্ড শব্দের অর্থ 'মুক্তভূমি'। থাইল্যান্ড দক্ষিণ-পূর্ব এশীয় একমাত্র রাষ্ট্র যা যুদ্ধকালীন সময় ব্যতীত কখনও কোনো ইউরোপীয় বা বিদেশি শক্তির নিয়ন্ত্রণে ছিল না। ১৭৮২ খ্রিষ্টাব্দ থেকে চক্রী রাজবংশ দেশটি শাসন করছে। ১৯৩২ সালে একটি অভ্যুত্থানের মাধ্যমে দেশটিতে নিরঙ্কুশ রাজতন্ত্রের পরিবর্তে

শাসনতান্ত্রিক রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়। থাইল্যান্ডের ইতিহাসে সবচেয়ে দীর্ঘস্থায়ী রাজা ছিলেন রাজা ভূমিবল অতুল্যতেজ (রাজত্বকাল: ১৯৪৬ - ২০১৬ খ্রি.)।

রাজতন্ত্রের পতন

মিশর: ১৯২২ সালে মিশর ব্রিটেনের নিকট থেকে স্বাধীনতা লাভ করে এবং দেশটিতে রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়। ১৯৫২ সালে জামাল আব্দেল নাসের এর নেতৃত্বে একদল সামরিক অফিসার মিশরে বিপ্লব সংঘটিত হয় এবং এর পরিপ্রেক্ষিতে ১৯৫৩ সালে রাজতন্ত্রের অবসান হয়।

ইরান: ১৯৭৯ সালে ইসলামি বিপ্লবের (Islamic revolution) মাধ্যমে ইরান ইসলামি প্রজাতন্ত্রে পরিণত হয়। এ বিপ্লবের নেতা ছিলেন ইমাম আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। এ বিপ্লবের মাধ্যমে ইরানে পাহলাবি বংশের রাজতন্ত্রের পতন হয়। ইরানের শেষ রাজা ছিলেন শাহ মোহাম্মদ রেজা পাহলাবি।

আফগানিস্তান: ১৯৭৩ সালে আফগানিস্তান থেকে রাজতন্ত্র উৎখাত হয়ে প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়। আফগানিস্তানের শেষ বাদশাহ ছিলেন মুহাম্মদ জহির শাহ।

নেপাল: ১৭৬৮ সালে গোর্খা রাজা পৃথ্বী নারায়ণ শাহ নেপাল রাজ্য প্রতিষ্ঠা করেন। ১৮১৪-১৬ সালে ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানির সাথে গোর্খাদের যুদ্ধ হয়। এতে গোর্খালীরা পরাজিত হয়। যুদ্ধ শেষে ব্রিটিশ ও গোর্খারা একটি চুক্তি স্বাক্ষর করে। এতে দুদিকে লাভ হয় ব্রিটিশদের; একদিকে তারা নেপালের সম্পদের অধিকার পায়, অন্যদিকে ব্রিটিশ ইন্ডিয়া আর্মিতে দুর্ধর্ষ গোর্খাদের যুক্ত করে। ফলে উপনিবেশ স্থাপনের ঝামেলা ছাড়াই ব্রিটিশরা আপোষে সব ধরনের সুবিধা পেয়ে যায়। মূলত এই কারণেই ব্রিটিশরা নেপালকে কখনো উপনিবেশে পরিণত করেনি। ১৯৯০ সাল পর্যন্ত নেপালে নিরঙ্কুশ রাজতন্ত্র চালু ছিল। এ সময় গণঅভ্যুত্থানের মাধ্যমে সাংবিধানিক রাজতন্ত্র প্রবর্তিত হয়। চালু হয় সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা। ২০০৭ নেপালের পার্লামেন্টে রাজতন্ত্রের অবসানের জন্য আইন পাস করে। ২০০৮ সালে আইনটি কার্যকর হলে নেপালের ২৪০ বছর (১৭৬৮ - ২০০৮ খ্রি.) এর পুরানো রাজতন্ত্রের অবসান হয়। নেপালের শেষ রাজা ছিলেন জ্ঞানেন্দ্র বীর বিক্রম শাহদেব (শাসনকাল: ২০০১ - ০৮ খ্রি.)।

MCQ Solution

১. **কোন ধরনের সরকার ব্যবস্থায় রাষ্ট্রের প্রধান নিযুক্ত হন বংশানুক্রমে?** [জাবি (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ): ০৯-১০]
ক) গণতান্ত্রিক
খ) একনায়কতন্ত্র
গ) সাংবিধানিক রাজতন্ত্র
ঘ) কেন্দ্রীয় শাসনব্যবস্থায় **উত্তর: গ**

২. **কোন দেশে সাংবিধানিক রাজতন্ত্র চালু আছে?** [কুবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক) ভারত খ) নেপাল
গ) যুক্তরাজ্য ঘ) মিশর **উত্তর: গ**

৩. **নিচের কোন দেশটিতে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র নেই?** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ): ০৮-০৯]
ক) ডেনমার্ক খ) গ্রেট ব্রিটেন
গ) জাপান ঘ) সৌদি আরব **উত্তর: ঘ**

৪. **Which one of the following countries is not a democratic country and has no actual political parties?** [DBBL Probationary Officer: 19]
ⓐ Uganda ⓑ Qatar
ⓒ Tunisia ⓓ Rwanda
ⓔ None of these **Ans. b**

৫. **কোন দেশে রাজতন্ত্র নেই?** [ঢাবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ক) যুক্তরাজ্যে খ) নেপালে
গ) জাপানে ঘ) যুক্তরাষ্ট্রে **উত্তর: খ,ঘ**

৬. **'থাইল্যান্ড' শব্দের অর্থ কী?** [অগ্রণী ব্যাংক লি. (সিনিয়র অফিসার): ১৫]
ক) উচ্চভূমি খ) নিম্নভূমি
গ) যুক্তভূমি ঘ) মুক্তভূমি **উত্তর: ঘ**

৭. **কোন দেশটি অতীতে কখনও অন্য কোন দেশের উপনিবেশে পরিণত হয়নি?** [২০তম বিসিএস/ সিজিএ এর সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ক) থাইল্যান্ড খ) মিয়ানমার
গ) ইন্দোনেশিয়া ঘ) মালয়েশিয়া **উত্তর: ক**

৮. **Which country is currently ruled by the Chakri dynasty that has been in power since 1782?** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13]
Or,
১৭৮২ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত কোন দেশে 'চক্রী' বংশ শাসন করছে? [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ⓐ Thailand ⓑ Nepal
ⓒ Bhutan ⓓ Laos
ⓔ None of these **Ans. a**

৯. **রাজা ভূমিবল কত বছর থাইলান্ডের সিংহাসনে আসীন ছিলেন?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিনিয়র অফিসার: ২১]
ক) ৩০ বছর খ) ৪০ বছর
গ) ৫০ বছর ঘ) ৭০ বছর **উত্তর: ঘ**

১০. **মালয়েশিয়া একটি -** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ): ০৩]
ক) প্রজাতন্ত্র খ) ইসলামি প্রজাতন্ত্র
গ) গণতান্ত্রিক প্রজাতন্ত্র ঘ) রাজতন্ত্র **উত্তর: ঘ**

১১. **পৃথিবীর কোন দেশের রাজা প্রতি পাঁচ বছর অন্তর অন্তর নির্বাচিত হন?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ৯৮]
ⓚ ইংল্যান্ড ⓚ স্পেন
ⓖ থাইল্যান্ড ⓖ মালয়েশিয়া **উত্তর: ঘ**

১২. **কম্বোডিয়ায় রাজতন্ত্র বিলোপ করেন কে?** [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার: ০৬]
ⓚ প্রিন্স নরোদম সিহানুক
ⓚ হেং সামরিন
ⓖ পল পট ⓖ লন নল **উত্তর: ঘ**

১৩. **'Khmer Rouge' কী?** [চবি (ডি ইউনিট): ১০-১১]
ⓚ উপজাতি ⓚ ভাষা
ⓖ দেশ ⓖ গেরিলা সংগঠন
ⓤ ছায়াছবি **উত্তর: ঘ**

১৪. **Pol pot was the leader of -** [Jahangirnagar University (C1 Unit): 15-16]
ⓐ Cambodia ⓑ Vietnam
ⓒ Laos ⓓ Thailand **Ans. a**

১৫. **কম্পুচিয়ার খেমাররুজ নেতা পলপটের ঘনিষ্ঠ সহযোগী ছিলেন -** [ঢাবি (ঘ ইউনিট): ৯৭-৯৮]
ⓚ নগুয়েন থিউ ⓚ হো চি মিন
ⓖ খিউ সাম্পান ⓖ অং সান সুচি **উত্তর: গ**

১৬. **Cambodia was earlier known as -/ কম্বোডিয়া পূর্বে কি নামে পরিচিত ছিল-** [Standard Bank Ltd. Asst. Officer (Cash): 11]
ⓐ Mauritania ⓑ Percia
ⓒ Kampuchea ⓓ None of these **Ans. c**

১৭. **মিশর যে দেশের উপনিবেশ ছিল-** [ইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ জার্মানি ⓚ নেদারল্যান্ড
ⓖ পর্তুগাল ⓖ ব্রিটেন **উত্তর: ঘ**

১৮. **মিশরে রাজতন্ত্রের অবসান ঘটে কবে?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট: ০৫]
ⓚ ১৯৫০ সনে ⓚ ১৯৫২ সনে
ⓖ ১৯৫৩ সনে ⓖ ১৯৫৫ সনে **উত্তর: গ**

১৯. **আফগানিস্তানের শেষ বাদশাহ কে ছিলেন?** [৩১তম বিসিএস]
ⓚ দাউদ খাঁ ⓚ জহির শাহ
ⓖ নাদির শাহ ⓖ নজীবুল্লাহ **উত্তর: খ**

২০. **আফগানিস্তান থেকে রাজতন্ত্র উৎখাত হয়ে প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়–** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিনিয়র অফিসার: ২১]
ⓚ ১৯৭২ সালে ⓚ ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৯ সালে ⓖ ১৯৮৯ সালে **উত্তর: খ**

২১. **When was Iran declared as Islami Republic?** [Jahangirnagar University (C1 Unit): 15-16]
Or,
ইরানে ইসলামিক বিপ্লব কখন সংঘটিত হয়? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ⓐ 1857 ⓑ 1979
ⓒ 1982 ⓓ 1776 **Ans. b**

২২. **ইরানের ইসলামি বিপ্লবের নায়ক কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া): ১২]
ⓚ মোহাম্মদ রেজা পাহলভি
ⓚ আয়াতুল্লাহ আলী খামেনি
ⓖ রুহুল্লাহ আয়াতুল্লাহ খোমেনি
ⓖ আহমাদিনেজাদ **উত্তর: গ**

২৩. **Who was the leader of the Islamic revolution in Iran in 1979?** [Bangladesh Bank Senior Officer: 06] *Or,*
ইরানের ইসলামি বিপ্লবের স্থপতি- [চবি (ঘ ইউনিট): ০৩-০৪]
ⓐ Shah of Iran
ⓑ Imam Khotami
ⓒ Imam Robsonjani
ⓓ Imam Khomeini
ⓔ None of these **Ans. d**

২৪. **কোন দেশ ব্রিটিশ উপনিবেশ ছিল না?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর: ২১]
ⓚ চীন ⓚ নেপাল
ⓖ মালদ্বীপ ⓖ জাম্বিয়া **উত্তর: খ**

২৫. **The 'Gurkhas' are the original inhabitants of-** [Pubali Bank Ltd Junior Officer: 12]
ⓐ Bhutan ⓑ India
ⓒ Nepal ⓓ Myanmar
ⓔ None of these **Ans. c**

২৬. **নেপালে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠিত হয় কোন সালে?** [জাবি (সরকার ও রাজনীতি): ০৯-১০]
ⓚ ১৯৯০ ⓚ ২০০৮
ⓖ ২০০৭ ⓖ ১৯৯১ **উত্তর: ক**

২৭. **নেপালের সর্বশেষ রাজা ছিলেন-** [৩৫তম বিসিএস/ স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১৬]
ⓚ বীরেন্দ্র ⓚ জ্ঞানেন্দ্র
ⓖ বীরেন্দ্র ⓖ মহেন্দ্র **উত্তর: খ**

২৮. **নেপালের রাজা জ্ঞানেন্দ্র কত সালে ক্ষমতাসীন হয়েছিলেন?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
ⓚ ১৯৯৯ ⓚ ২০০০
ⓖ ২০০১ ⓖ ২০০২ **উত্তর: গ**

২৯. **নেপালের রাজতন্ত্রের বিলুপ্তি ঘটে কোন সালে?** [রাবি (দর্শন বিভাগ): ০৮-০৯]
ⓚ ২০০৫ ⓚ ২০০৬
ⓖ ২০০৭ ⓖ ২০০৮ **উত্তর: ঘ**

৩০. **২০০৭ সালে নেপালে কত বছরের পুরাতন রাজতন্ত্রের বিলোপ ঘটে?** [মাধ্যমিক সহকারী শিক্ষক: ০৮]

ক ২৩৫ বছর খ ২৪০ বছর
গ ২৪৬ বছর ঘ ২৩৮ বছর **উত্তর:** খ

সামরিক শাসন

মিয়ানমার: মিয়ানমারের সামরিক শাসনের মেয়াদকাল ছিল ১৯৬২ - ২০১১ খ্রি.। সামরিক জান্তাদের অত্যাচারের প্রতীক হয়ে উঠেছিল ইয়াঙ্গুনের 'ইনসেন' কারাগার। মিয়ানমারের সামরিক জান্তারা বিরোধী রাজনৈতিক বন্দীদের এই কারাগারে আটক রেখে শারীরিক ও মানসিক নির্যাতন চালাতো। দীর্ঘ সংগ্রামের পর ২০১৫ সালে মিয়ানমারে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে 'ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি' পার্লামেন্টের ৮০% আসন জয়লাভ করে। ২০১৬ সালের ১ ফেব্রুয়ারি NLD মিয়ানমারের ক্ষমতাসীন দল হিসেবে আত্মপ্রকাশ করে। ২০২১ সালের ০১ ফেব্রুয়ারি মিয়ানমারের সামরিক বাহিনী সর্বশেষ পার্লামেন্ট নির্বাচনে কারচুপির অভিযোগ এনে অং সান সু চির নেতৃত্বাধীন নির্বাচিত সরকারকে উৎখাত করে ক্ষমতা দখল করে। সামরিক জান্তারা প্রেসিডেন্ট উইন মিন্ট, অং সান সুচিসহ দলের জ্যেষ্ঠ নেতাদের গ্রেপ্তার করে দেশজুড়ে এক বছরের জন্য জরুরী অবস্থা জারি করে এবং ১১ সদস্যের State Administration Council (SAC) গঠন করে। শুরু হয় অভ্যুত্থানবিরোধী বিক্ষোভ। ১৬ এপ্রিল, ২০২১ সামরিক জান্তাবিরোধী রাজনৈতিক দলের নেতারা গঠন করে জাতীয় ঐক্যের সরকার (National Unity Government-NUG)।

অং সান সু চি (১৯৪৫ -)



রাজনৈতিক দল : ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি
সম্মাননা : নোবেল পুরস্কার (শান্তি, ১৯৯১) যুক্তরাষ্ট্রের 'কংগ্রেসনাল গোল্ড মেডেল' (২০০৮)
জীবনীমূলক চলচ্চিত্র : *The Lady*; পরিচালক - লাক বেসন

পাকিস্তান: পারভেজ মোশাররফ ১৯৯৯ সালে সামরিক অভ্যুত্থানের মাধ্যমে নওয়াজ শরীফকে ক্ষমতাচ্যুত করে রাষ্ট্রক্ষমতা দখল করে নেন এবং ২০০১ সালের ২০ জুন পাকিস্তানের দশম রাষ্ট্রপতির পদ গ্রহণ করেন। মোশাররফের আত্মজীবনীমূলক গ্রন্থ 'In the line of Fire' (২০০৬ খ্রি.)।

পাক বংশোদ্ভূত মার্কিন শিল্পপতি মনসুর ইজাজ দাবি করেন, ২০১১ সালের মে মাসে তিনি একটি স্মারকলিপি বানিয়ে মার্কিন সেনাপ্রধান মাইক মুলেনকে দিয়েছিলেন। সেই স্মারকলিপিতে বলা হয়েছিল, গোপনে অভ্যুত্থানের ছক কষছে পাক সেনাবাহিনী। তৎকালীন পাক-প্রেসিডেন্ট জারদারির নির্দেশে বানানো ওই মেমোতে পাক সেনার সম্ভাব্য অভ্যুত্থান ঠেকাতে আফগানিস্তানে মোতায়েন মার্কিন ফৌজের সাহায্যও প্রার্থনা করা হয়েছিল। এই স্মারক নিয়ে আবর্তিত ঘটনাবলি 'মেমোগেট কেলেঙ্কারি' নামে পরিচিত।

MCQ Solution

১. **কুখ্যাত 'ইনসেন' কারাগার কোথায়?** [রাবি (এ ইউনিট): ১৪-১৫]

ক ইরাক খ বাগদাদ
গ আফগানিস্তান ঘ মিয়ানমার **উত্তর:** ঘ

২. **অং সান সু চি কোন দেশের নেত্রী?** [রাবি (এ ইউনিট): ১৪-১৫]

ক চীন খ ভিয়েতনাম
গ জাপান ঘ মিয়ানমার **উত্তর:** ঘ

৩. **ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল?** [৩৯তম বিসিএস (বিশেষ)]

ক মিয়ানমার খ ভারত
গ থাইল্যান্ড ঘ মালয়েশিয়া **উত্তর:** ক

৪. **What reason did the military show for the recent coup in Myanmar?** [The Security Printing Corporation Ltd. Assistant Manager: 21]

ⓐ Corruption
ⓑ Covid 19
ⓒ Poll irregularities
ⓓ Rohingya Issue **Ans.** c

৫. **মিয়ানমারের নির্বাসিত সরকারের নাম -** [৪৩তম বিসিএস]

ক এনএলডি সরকার
খ ন্যাশনাল ইউনিটি সরকার
গ বার্মিজ গভর্নমেন্ট ইন এক্সাইল
ঘ অং সান সু চি সরকার **উত্তর:** খ

৬. **মিয়ানমারের গণতন্ত্রী নেত্রী অং সান সুচি কত সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিলেন?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]

ক ১৯৮৯ সালে খ ১৯৯০ সালে
গ ১৯৯১ সালে ঘ ১৯৯২ সালে **উত্তর:** গ

৭. **অং সান সুচিকে যে সালে কংগ্রেসনাল গোল্ড মেডেল দেয়া হয় -** [ঢাবি (খ ইউনিট): ১২-১৩]

ক ২০০৭ খ ২০০৮
গ ২০০৯ ঘ ২০১২ **উত্তর:** খ

৮. **অং সান সুচিকে নিয়ে নির্মিত চলচ্চিত্রের নাম -** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সুপারভাইজার: ১৫]

ক Thinking Easily খ The Iron Lady
গ Kobra ঘ The Lady **উত্তর:** ঘ

৯. **মিয়ানমারের গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চি এর জীবনী নির্ভর চলচ্চিত্র 'দ্য লেডি' এর পরিচালক কে?** [জবি (ঘ ইউনিট): ১১-১২]

ক ফ্রেডারিকো ফেলিনি খ দীপা মেহতা
গ ইয়ান ফ্লেমিং ঘ লাক বেসন **উত্তর:** ঘ

১০. জেনারেল পারভেজ মোশাররফ কবে ক্ষমতায় আসেন? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক ১৯৯৮ খ ১৯৯৯
গ ২০০০ ঘ ২০০১ **উত্তর: খ**

১১. 'In the line of Fire' বইটির লেখক কে? [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭]
ক জেনারেল পারভেজ মোশাররফ
খ হিলারী ক্লিনটন
গ মাহাথির মোহাম্মদ
ঘ এদের কেউ নন **উত্তর: ক**

১২. কোন দেশটি মেমোগেট (Memogate) কেলেঙ্কারির সঙ্গে যুক্ত? [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ক কলম্বিয়া খ ভারত
গ দক্ষিণ আফ্রিকা ঘ পাকিস্তান **উত্তর: ঘ**

দেশভিত্তিক সরকার ব্যবস্থা

যুক্তরাষ্ট্র

যুক্তরাষ্ট্রে যুক্তরাষ্ট্রীয় রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা বিদ্যমান। মার্কিন প্রেসিডেন্ট এর মেয়াদকাল ৪ বছর। একজন ব্যক্তি কেবলমাত্র দুইবার পূর্ণ মেয়াদের জন্য রাষ্ট্রপতি নির্বাচিত হতে পারেন। চার বছর পর পর নভেম্বর মাসের ২ - ৮ তারিখের মধ্যবর্তী মঙ্গলবারে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রেসিডেন্ট নির্বাচিত হন ইলেক্টোরাল কলেজের ভোটে। ইলেক্টোরাল কলেজে ভোটের সংখ্যা ৫৩৮। প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে ইলেক্ট্রোরাল কলেজের ন্যূনতম ২৭০টি ভোট প্রয়োজন হয়। প্রতিটি রাজ্যের জনসংখ্যার ভিত্তিতে ইলেক্টোরাল ভোট নির্ধারিত রয়েছে। ক্যালিফোর্নিয়াতে রয়েছে সর্বোচ্চ ৫৫টি ইলেক্টোরাল ভোট। ভাইস প্রেসিডেন্ট পদে প্রেসিডেন্ট এর রানিংমেট আপনা-আপনিই নির্বাচিত হয়েছেন বলে বিবেচিত হবেন। এখন পর্যন্ত কোনো নারী যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হন নি।

মার্কিন প্রেসিডেন্টের সহধর্মিনী	*First Lady of the US*
মার্কিন পররাষ্ট্র মন্ত্রী	*US Secretary of State*
মার্কিন অর্থমন্ত্রী	*US Secretary of the Treasury*

যুক্তরাষ্ট্রের সংবিধানে বলা আছে, বেশ কিছু অপরাধের জন্যে প্রেসিডেন্টকে তার পদ থেকে সরিয়ে দেওয়া অর্থাৎ তাকে অভিশংসন (Impeachment) করা যেতে পারে। প্রেসিডেন্টকে এই বিচারের মুখোমুখি করতে পারে কংগ্রেস।

যুক্তরাষ্ট্রের প্রধান দু'টি রাজনৈতিক দল Democratic Party (উদারপন্থী) এবং Republican Party (রক্ষণশীল)। প্রেসিডেন্ট নির্বাচনে তাদের ঐতিহ্যবাহী প্রতীক যথাক্রমে 'গাধা' (Donkey) ও 'হাতি' (Elephant)।

White House মার্কিন রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন। এটি ওয়াশিংটন ডিসির পেনসিলভানিয়া এভিনিউয়ে অবস্থিত। ভবনটির নির্মাণ কাজ শুরু হয় ১৭৯২ সালে। স্থপতি ছিলেন জেমস হোবান। নির্মাণ কাজ সমাপ্ত হবার পূর্বেই ১৭৯৯ সালে প্রথম মার্কিন প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন মারা যান। ১৮০০ সালে নির্মাণ কাজ শেষ হলে ভবনটির প্রথম বাসিন্দা হন দ্বিতীয় মার্কিন প্রেসিডেন্ট জন এডামস্। হোয়াইট হাউসের পশ্চিমাংশে অবস্থিত মার্কিন প্রেসিডেন্টের দাপ্তরিক কার্যালয় 'ওভাল অফিস' (*Oval Office*) নামে পরিচিত।


Air Force One হচ্ছে যুক্তরাষ্ট্র বিমান বাহিনীর প্রাতিষ্ঠানিক এয়ার ট্রাফিক কন্ট্রোল কল সাইন, যা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতিকে বহন করে এমন কোনো বিমানের জন্য প্রযোজ্য হয়।

Presidential Medal of Freedom মার্কিন প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা। বিশ্বশান্তি, রাজনীতি, সংস্কৃতি, যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তায় অবদান, সাংবাদিকতা ইত্যাদি ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে প্রদান করা হয় এই পদক।

জর্জ ওয়াশিংটন (মেয়াদ: ১৭৮৯ - ১৭৯৭ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট। জর্জ ওয়াশিংটন রাষ্ট্রপতি থাকাকালীন নির্দলীয় ছিলেন, তবে তিনি ফেডারেলিস্ট কর্মসূচির প্রতি ব্যাপকভাবে সহানুভূতিশীল ছিলেন।


থমাস জেফারসন (মেয়াদ: ১৮০১ - ১৮০৯ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের তৃতীয় প্রেসিডেন্ট।

আব্রাহাম লিংকন (মেয়াদ: ১৮৬১ - ৬৫ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের ষোড়শ প্রেসিডেন্ট। ১৮৬৩ সালে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের দাস প্রথার অবসান ঘটান এবং দাসত্ব-মোচন (Emancipation Proclamation) ঘোষণার মাধ্যমে দাসদের মুক্ত করে দেন। দাসপ্রথাকে কেন্দ্র করে মার্কিন যুক্তরাষ্ট্রে এ সময় গৃহযুদ্ধ (সময়কাল: ১৮৬১ - ১৮৬৫ খ্রি.) হয়। ১৮৬৩ সালের ১৯ নভেম্বর প্রেসিডেন্ট লিংকন তাঁর ২ মিনিট স্থায়ী বিখ্যাত গেটিসবার্গ ভাষণ (Gettysburg Address) দেন। লিংকন তাঁর দ্বিতীয় অভিষেক ভাষণে বলেন, '*With malice toward none, with charity for all, with firmness in the right, as God gives us to see the right, let us strive on to finish the work we are in*'। আততায়ীর গুলিতে তিনি নিহত (১৫ এপ্রিল, ১৮৬৫ খ্রি.) হন। তিনিই ছিলেন আততায়ীর হাতে নিহত প্রথম মার্কিন প্রেসিডেন্ট।



ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (মেয়াদ: ১৯৩৩- ৪৫ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের ৩২তম প্রেসিডেন্ট। তিনি টানা ৪ বার প্রেসিডেন্ট নির্বাচিত হন এবং দীর্ঘ ১২ বছর ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে তিনিই একমাত্র প্রেসিডেন্ট যিনি দুইবারের অধিক সময়ের জন্য মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হন।

জন এফ কেনেডি (মেয়াদ: ১৯৬১ - ৬৩ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের ৩৫তম প্রেসিডেন্ট। কেনেডি তাঁর অভিষেক ভাষণে বলেন, "*Ask not what your country can do for you, Ask what you can do for your country*"। তিনি আরও বলেন, "*Let us never negotiate out of fear. But let us never fear to negotiate*"। ১৯৬৩ সালে আততায়ীর গুলিতে নিহত হওয়ার আগ পর্যন্ত তিনি প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন।



রিচার্ড নিক্সন (মেয়াদ: ১৯৬৯ -৭৪ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের ৩৭তম প্রেসিডেন্ট। নিক্সন ছিলেন রিপাবলিক দলের প্রার্থী। নির্বাচনি প্রচারাভিযান চলাকালে ১৯৭২ সালের ১৭ জুন যুক্তরাষ্ট্রের ক্ষমতাসীন রিপাবলিকান দল এবং প্রশাসনের পাঁচ সদস্য ওয়াশিংটন ডিসির ওয়াটার গেট নামক বাণিজ্যিক ভবনে অবস্থিত বিরোধী ডেমোক্র্যাটিক পার্টির সদর দপ্তরে আড়িপাতার যন্ত্র বসায়। ওয়াশিংটন পোস্টে এ খবর প্রকাশিত হলে তা আলোড়ন সৃষ্টি করে। এ ঘটনার পরিপ্রেক্ষিতে ১৯৭৪ সালের ৯ আগস্ট নিক্সন রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করতে বাধ্য হন। ইতিহাসে এ ঘটনা ওয়াটারগেট কেলেঙ্কারি (*Watergate scandal*) নামে পরিচিত। অভিশংসনের হুমকির মুখে নিক্সন পদত্যাগ করেন। সাংবিধানিকভাবে প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত হন জেরাল্ড ফোর্ড। মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে তিনিই একমাত্র প্রেসিডেন্ট যিনি সাধারণ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হননি। নিক্সন ও জেরাল্ড ফোর্ডের মন্ত্রিসভার পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ছিলেন হেনরি কিসিঞ্জার। কিসিঞ্জারের বিখ্যাত গ্রন্থ 'White House Years'।

জিমি কার্টার (মেয়াদ: ১৯৭৭ - ১৯৮১ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের ৩৯তম প্রেসিডেন্ট। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ ' White House Diary'।

রোনাল্ড রিগ্যান (মেয়াদ: ১৯৮১- ৮৯ খ্রি.) যুক্তরাষ্ট্রের ৪০তম প্রেসিডেন্ট। তিনি একজন অভিনেতা ছিলেন।

বিল ক্লিনটন (মেয়াদ: ১৯৯৩ - ২০০১ খ্রি.) যুক্তরাষ্ট্রের ৪২তম প্রেসিডেন্ট। তিনি সৎ পিতার পদবি ব্যবহার করতেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'মাই লাইফ' (My Life)। ক্লিনটনের সহধর্মিনীর নাম হিলারি। হিলারির আত্মজীবনীমূলক গ্রন্থ 'লিভিং হিস্ট্রি'(Living history)।

জর্জ ডব্লিউ বুশ (মেয়াদ: ২০০১ - ২০০৯ খ্রি.) যুক্তরাষ্ট্রের ৪৩তম প্রেসিডেন্ট। বুশের মন্ত্রিসভার পররাষ্ট্র মন্ত্রী ছিলেন কন্ডোলিৎসা রাইস। কন্ডোলিৎসা ছিলেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা পররাষ্ট্র মন্ত্রী।

বারাক ওবামা (মেয়াদ: ২০০৯ - ২০১৭ খ্রি.) মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৪তম প্রেসিডেন্ট। কেনীয় বংশোদ্ভূত ওবামা ছিলেন যুক্তরাষ্ট্রের প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট। ২০০৯ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ Dreams from My Father, The Audacity of Hope, Change You Can Believe In , A Promised Land প্রভৃতি।

ডোনাল্ড ট্রাম্প (মেয়াদ: ২০১৭ - ২০২১) মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৫তম রাষ্ট্রপতি। তিনি রিপাবলিকান দলের ব্যানারে নির্বাচিত ১৯তম প্রেসিডেন্ট। তাঁর সহধর্মিনীর নাম মেলানিয়া ট্রাম্প। স্লোভেনীয় বংশোদ্ভূত মেলানিয়া ট্রাম্প একজন মডেল ছিলেন। ডোনাল্ড ট্রাম্প দুইবার (২০১৯ ও ২০২১ সালে) পার্লামেন্টের নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভে অভিশংসিত হন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে মোট ৩ জন মার্কিন প্রেসিডেন্ট পার্লামেন্টের নিম্নকক্ষ কর্তৃক অভিশংসিত হন। তারা হলেন যথাক্রমে অ্যান্ড্রু জনসন, বিল ক্লিনটন এবং ডোনাল্ড ট্রাম্প। তবে পার্লামেন্টের উচ্চকক্ষ সিনেটের বিচারে তারা কেউই দোষী সাব্যস্ত হয়নি।

জো বাইডেন (মেয়াদ: ২০২১ - বর্তমান) মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৬তম রাষ্ট্রপতি। ১৯৪২ সালে যুক্তরাষ্ট্রের পেনসেলভেনিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি প্রেসিডেন্ট হিসেবে প্রথম যুক্তরাজ্য সফর করেন।

MCQ Solution

১. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হন-** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ): ০৮-০৯]
ⓚ সিনেটের ভোটে
ⓚ জনগণের সরাসরি ভোটে
ⓖ প্রতিনিধি পরিষদের মাধ্যমে
ⓖ ইলেকটোরাল কলেজের ভোটে **উত্তর: ঘ**

২. **নির্বাচক সংস্থা দ্বারা কোন দেশের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হন?** [জাবি (বি ইউনিট): ১৮-১৯]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ ফ্রান্স ⓖ কানাডা **উত্তর: ক**

৩. **The total number of Electoral College votes in the USA is-** [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13]
Or,
যুক্তরাষ্ট্রে নির্বাচনি কলেজ (Electoral College) ভোটের সংখ্যা কত? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২১]
ⓐ 538 ⓑ 520
ⓒ 590 ⓓ 529 **Ans. a**

৪. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের মেয়াদকাল কত বছর?** [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর: ২০]
ⓚ ৫ বছর ⓚ ৭ বছর
ⓖ ৪ বছর ⓖ ৩ বছর **উত্তর: গ**

৫. **যুক্তরাষ্ট্রের কোন স্টেট এ নির্বাচক মণ্ডলীর ভোটের (Electoral vote) সংখ্যা বেশি?** [২৬তম বিসিএস]
ক) নিউইয়র্ক খ) ক্যালিফোর্নিয়া
গ) টেক্সাস ঘ) ফ্লোরিডা **উত্তর: খ**

৬. **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে কত ন্যূনতম ইলেক্টোরাল ভোটের প্রয়োজন?** [২৬তম বিসিএস/ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক) ২৭২ খ) ২৭১
গ) ২৭০ ঘ) ২৬৮ **উত্তর: গ**

৭. **মার্কিন প্রেসিডেন্টের ইমপিচমেন্ট বা অভিসংশনের ক্ষমতা রাখে-** [ইবি (সি ইউনিট): ১০-১১]
ক) জনগণ খ) রাষ্ট্র
গ) কংগ্রেস ঘ) সুপ্রিম কোর্ট **উত্তর: গ**

৮. **What is the Symbol of US Democratic Party?** [Jahangirnagar University (C Unit): 16-17]
Or,
আমেরিকার ডেমোক্র্যাট পার্টির প্রতীক? [রাবি (ফোকলোর বিভাগ): ০৮-০৯]
ⓐ Donkey ⓑ Dog
ⓒ Elephant ⓓ Kingfisher **Ans. a**

৯. **Republican Party is -** [Jahangirnagar University (F Unit): 16-17]
ⓐ one of the important parties in USA
ⓑ the polities partyes which has no definite principles
ⓒ the political party which changes with the change in the times and circumstances in the country
ⓓ All of the above **Ans. a**

১০. **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের বাসভবন এর নাম--** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ৯৬]
ক) ক্রেমলিন খ) হোয়াইট হাউস
গ) বুশ হাউস ঘ) হোয়াইট হল **উত্তর: খ**

১১. **হোয়াইট হাউজ যে শহরে অবস্থিত-** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা): ১৩]
ক) নিউইয়র্কে খ) ওয়াশিংটনে
গ) শিকাগোতে ঘ) হনলুলুতে **উত্তর: খ**

১২. **কোন মার্কিন প্রেসিডেন্ট কখনো হোয়াইট হাউজে বসবাস করেন নি?** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার: ০৭]
ক) আব্রাহাম লিঙ্কন খ) বেঞ্জামিন হ্যারিসন
গ) জর্জ ওয়াশিংটন ঘ) রুজভেল্ট **উত্তর: গ**

১৩. **হোয়াইট হাউসে বসবাসকারী প্রথম মার্কিন প্রেসিডেন্ট–** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগামার: ১৬]
ক) থমাস জেফারসন খ) জর্জ ওয়াশিংটন
গ) জন এডামস্ ঘ) জন মনরো **উত্তর: গ**

১৪. **The office of US President is called-** [Jamuna Bank Ltd. Probationary Officer: 09]
Or,
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কার্যালয়কে বলা হয় – [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ⓐ 10 Downing ⓑ Pentagon
ⓒ White House ⓓ The Oval Office
ⓔ None of these **Ans. d**

১৫. **মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রীকে বলা হয়-** [রাবি (ইতিহাস): ০৮-০৯]
ক) Foreign Minister
খ) Secretary of State
গ) Foreign Secretary
ঘ) International Minister **উত্তর: খ**

১৬. **Treasury Secretary বলা হয় –** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইনস্ট্রাক্টর (ইলেকট্রনিকস): ২১]
ক) USA - এর অর্থমন্ত্রীকে
খ) ব্রিটেনের অর্থমন্ত্রীকে
গ) রাশিয়ার অর্থমন্ত্রীকে
ঘ) ভারতের অর্থমন্ত্রীকে **উত্তর: ক**

১৭. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত পদক 'দ্য মেডেল অব ফ্রিডম' প্রদান করা হয় কোন ক্ষেত্রে অবদানের জন্য?** [ঢাবি (খ ইউনিট): ০৯-১০]
ক) বিশ্ব শান্তি খ) মানবতা
গ) মুক্ত চিন্তা ঘ) সাহিত্য **উত্তর: ক**

১৮. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট (রাষ্ট্রপতি) কে?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক) জর্জ বুশ খ) আব্রাহাম লিঙ্কন
গ) জর্জ ওয়াশিংটন ঘ) থিওডর রুজভেল্ট **উত্তর: গ**

১৯. **যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন কোন রাজনৈতিক দলের সাথে জড়িত ছিলেন?** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ০৩]
ক) ডেমোক্রেটিক পার্টি খ) রিপাবলিকান পার্টি
গ) ফেডারেলিস্ট পার্টি ঘ) উইগ পার্টি **উত্তর: গ**

২০. **থমাস জেফারসন মার্কিন যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?** [চবি (বি ১ ইউনিট): ১২-১৩]
ক) দ্বিতীয় খ) ষষ্ঠ
গ) চতুর্থ ঘ) পঞ্চম
ঙ) তৃতীয় **উত্তর: ঙ**

২১. **আব্রাহাম লিংকন ছিলেন যুক্তরাষ্ট্রের** - [সমবায় অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা: ৯৭]
ক ১৪ তম প্রেসিডেন্ট খ ১৫ তম প্রেসিডেন্ট
গ ১৬ তম প্রেসিডেন্ট ঘ ১৭ তম প্রেসিডেন্ট **উত্তর: গ**

২২. **আমেরিকায় গৃহযুদ্ধ হয়েছিল কোন প্রেসিডেন্টের আমলে?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর: ১৪]
ক রুজভেল্ট খ এফ কেনেডি
গ আব্রাহাম লিংকন ঘ জিমি কার্টার **উত্তর: গ**

২৩. **যুক্তরাষ্ট্রে গৃহযুদ্ধ শুরু হয়** - [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]
ক ১৮৬০ সালে খ ১৮৬১ সালে
গ ১৮৬২ সালে ঘ ১৮৬৫ সালে **উত্তর: খ**

২৪. **আমেরিকার গৃহযুদ্ধের মেয়াদ** - [ববি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক ১৬১৮-১৬৪৮
খ ১৯৮০-১৯৮৮
গ ১৭৭৫-১৭৮০
ঘ ১৮৬১-১৮৬৫ **উত্তর: ঘ**

২৫. **যুক্তরাষ্ট্রে ক্রীতদাস প্রথা বিলোপকারী প্রেসিডেন্টের নাম কী?** [১৯তম বিসিএস/ ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার (আরডিএস): ২২]
Or,
Who is famous for the abolition of slavery system in America? [KU (B Unit): 02-03]
ক জর্জ ওয়াশিংটন খ আব্রাহাম লিংকন
গ রুজভেল্ট ঘ কেনেডি **উত্তর: খ**

২৬. **মার্কিন যুক্তরাষ্ট্রে দাস প্রথা বিলুপ্ত হয় কবে?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিরাপত্তা অপারেটর: ২১]
ক ১৮৬০ খ ১৮৬১
গ ১৮৬৩ ঘ ১৮৬৫ **উত্তর: গ**

২৭. **'গেটিসবার্গ ভাষণ' কে দিয়েছেন?** [চবি (বি-১ ইউনিট): ১৬-১৭]
ক জর্জ ওয়াশিংটন খ টমাস জেফারসন
গ জন এফ কেনেডি ঘ আব্রাহাম লিংকন **উত্তর: ঘ**

২৮. **গেটিসবার্গ শহরের সাথে কোন বিখ্যাত মার্কিন প্রেসিডেন্টের নাম জড়িত?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী (সিভিল): ৯৯]
ক জর্জ ওয়াশিংটন খ ট্রুম্যান
গ উড্রো উইলসন ঘ আব্রাহাম লিংকন **উত্তর: ঘ**

২৯. **প্রেসিডেন্ট লিংকনের গেটিসবার্গ বক্তৃতা কতক্ষণ স্থায়ী ছিল?** [সাব-রেজিস্ট্রার: ৯২]
ক ১ ঘন্টা খ ৩০ মিনিট
গ ২ মিনিট ঘ ৫ ঘন্টা **উত্তর: গ**

৩০. **With malice towards none; with charity for all; with firmness to the right as god gives us to see the right- মূল্যবান বক্তব্য কার?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক আইসেন হাওয়ার খ আব্রাহাম লিংকন
গ বিল ক্লিনটন ঘ কফি আনান **উত্তর: খ**

৩১. **"You can fool some of the people all of the time, and all of the people some of the time, but you can not fool all of the people all of the time" was stated by** - [শাবি প্রবি (এ ইউনিট): ১৯-২০]
ক George Washington
খ V. I Lenin
গ Abraham Lincoln
ঘ Churchill **উত্তর: গ**

৩২. **কোন মার্কিন প্রেসিডেন্ট আমেরিকার গৃহযুদ্ধ শেষ হওয়ার পাঁচ দিন পর আততায়ীর গুলিতে মারা যান?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪] **অথবা,**
মার্কিন যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট প্রথম আততায়ীর গুলিতে নিহত হন? [তথ্য মন্ত্রণালয়ের (গণযোগাযোগ প্রশিক্ষণ) সহকারী পরিচালক: ০১]
ক জন এফ কেনেডি খ আব্রাহাম লিংকন
গ উড্রো উইলসন ঘ টমাস জেফারসন **উত্তর: খ**

৩৩. **দাস প্রথা নিষিদ্ধ করার পর কোন আমেরিকান প্রেসিডেন্টেকে হত্যা করা হয়েছিল?** [চবি (ডি ইউনিট): ০৯-১০]
ক জর্জ ওয়াশিংটন খ টমাস জেফারর্সন
গ আব্রাহাম লিংকন ঘ জন এফ. কেনেডি
ঙ রোনাল্ড রেগান **উত্তর: গ**

৩৪. **আব্রাহাম লিংকন মৃত্যু বরণ করেন-** [ইবি (গ ইউনিট): ০৩-০৪]
ক ১০ এপ্রিল, ১৯৬৫
খ ১৫ এপ্রিল, ১৯৬৫
গ ১৫ এপ্রিল, ১৮৬৫
ঘ ১০ এপ্রিল, ১৮৬৫ **উত্তর: গ**

৩৫. **মার্কিন যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট ১২ বছর ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন?** [২৭তম বিসিএস/২৬তম বিসিএস]
Or,
Which American President was in power for 12 consecutive years? [Sylhet Gas Fields Ltd. Assistant Manager (General): 21]
ক হ্যারি এস ট্রুম্যান খ ফ্রাঙ্কলিন রুজভেল্ট
গ জেমস মনরো ঘ তথ্যটি সঠিক নয় **উত্তর: খ**

৩৬. **আমেরিকার কোন প্রেসিডেন্ট তিন মেয়াদ ক্ষমতায় ছিলেন?** [বি.আর.টি, এ সহকারী পরিচালক: ০৫]
ক ট্রুম্যান খ ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট
গ জেমস মেডিসন ঘ থিওডর রুজভেল্ট **উত্তর: খ**

৩৭. **আমেরিকার ৩৫তম প্রেসিডেন্ট কে ছিলেন?** [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার: ০৬]
ক ডেভিড আইসেন হাওয়ার
খ লিন্ডন বেনিস জনসন
গ জন এফ কেনেডি
ঘ হ্যারি এস ট্রুমান **উত্তর: গ**

৩৮. **"Let us never negotiate out of fear, but let us never fear to negotiate" said an American president in his inaugural speech. What was the name of the president?** [IFIC Bank Ltd. Probationary Officer: 92]
ⓐ Richard Nixon
ⓑ John F. Kennedy
ⓒ Franklin D Roosevelt
ⓓ Ronald Reagan **Ans. b**

৩৯. **ওয়াটার গেট কি?** [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী: ২১]
ক জলপ্রপাত খ বাণিজ্যিক ভবন
গ পাকিস্তানের নদী ঘ কোনোটিই নয় **উত্তর: খ**

৪০. **কোন মার্কিন প্রেসিডেন্ট ওয়াটারগেট কেলেঙ্কারীর সাথে জড়িত?** [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ক জিমি কার্টার খ জন এফ কেনেডি
গ রোনাল্ড রিগ্যান ঘ রিচার্ড নিক্সন **উত্তর: ঘ**

৪১. **ওয়াটার গেট কেলেঙ্কারি ফাঁস হয় কোন সালে?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ৯০]
ক ১৯৭২ খ ১৯৭৩
গ ১৯৭৪ ঘ ১৯৭৫ **উত্তর: ক**

৪২. **যুক্তরাষ্ট্রের কোন পত্রিকা 'ওয়াটারগেট কেলেঙ্কারি' উদঘাটন করেছিল?** [কুবি (সি ইউনিট):১৯-২০]
ক দি ওয়াশিংটন পোস্ট
খ দি নিউইয়র্ক টাইমস
গ দি ক্যালিফোর্নিয়া টাইমস
ঘ দি ওয়াল স্ট্রিট জার্নাল **উত্তর: ক**

৪৩. **যুক্তরাষ্ট্রের কোন সাবেক পররাষ্ট্র মন্ত্রী White House Years রচনা করেন?** [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক হ্যারল্ড ব্রাউন খ জেমস বেকার
গ জর্জ শুলজ ঘ হেনরি কিসিঞ্জার **উত্তর: ঘ**

৪৪. **Which of the following American presidents was not elected through general election?/কোন মার্কিন প্রেসিডেন্ট সাধারণ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হননি?** [Jahangirnagar University (F Unit): 15-16/ RAKUB Senior Officer: 10]
ⓐ Regan ⓑ Carter
ⓒ Ford ⓓ Nixon
ⓔ Eisenhower **Ans. c**

৪৫. **যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট অভিনেতা ছিলেন?** [রাবি (এ ইউনিট): ১৩-১৪]
ক জেরাল্ড ফোর্ড খ রোনাল্ড রিগ্যান
গ জর্জ বুশ ঘ জে এফ কেনেডি **উত্তর: খ**

৪৬. **Which former president of America legally adopted his surname from his stepfather?/ আমেরিকার কোন সাবেক প্রেসিডেন্ট বৈধভাবে তার সৎ পিতার পদবি ব্যবহার করেছেন?** [PKSF. Asst. Manager: 14]
ⓐ John F. Kennedy
ⓑ Richard Nixon
ⓒ Bill Clinton
ⓓ George Washington **Ans. c**

৪৭. **সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের আত্মজীবনী মূলক বইটির নাম-** [রাবি (ফিন্যান্স এন্ড ব্যাংকিং): ০৫-০৬]
ক মাই প্রেসিডেন্সি খ লিভিং হিস্ট্রি
গ ক্লিনটন'স লাইফ ঘ মাই লাইফ **উত্তর: ঘ**

৪৮. **Title of autobiography of US senator Hillary Clinton is -/ যুক্তরাষ্ট্রের সিনেটর হিলারি ক্লিনটনের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম -** [EXIM Bank Ltd. Officer: 04]
ⓐ My Life ⓑ White House Years
ⓒ Living history ⓓ Roots **Ans. c**

৪৯. **আমেরিকার প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা পররাষ্ট্র মন্ত্রীর নাম কী?** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ক মেডিলিন অলব্রাইট খ ক্রিস্টিন আই ওয়ালিক
গ কন্ডোলিজা রাইজ ঘ ক্রিস্টিনা রোকা **উত্তর: গ**

৫০. **মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে নির্বাচিত প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট কে?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৩]
ক বারাক ওবামা খ জন আব্রাহাম লিংকন
গ মিশেল ওবামা ঘ হিলারি ক্লিনটন **উত্তর: ক**

৫১. **In which year US president Barack Obama won the Nobel Peace Prize?/ মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা কত সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন?** [Agrani Bank Ltd. Officer (Cash): 13]
ⓐ 2010 ⓑ 2011
ⓒ 2009 ⓓ 2008
ⓔ 2012 **Ans. c**

৫২. **US president Barack Obama won the Nobel Prize for-/ মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা কোন বিষয়ে নোবেল পুরস্কার লাভ করেন?** [Kanrmasangsthan Bank Officer: 09]
ⓐ Leadership ⓑ International Affairs
ⓒ Peace ⓓ Economics **Ans. c**

৫৩. **বারাক ওবামার পারিবারিক শিকড় আফ্রিকার কোন দেশে খুঁজে পাওয়া যায়?** [জবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক জাম্বিয়া খ জায়ার
গ তাঞ্জানিয়া ঘ কেনিয়া **উত্তর: ঘ**

৫৪. **মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বারাক ওবামার বাবা কোন দেশের নাগরিক ছিলেন?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট: ১০]
ⓚ উগান্ডা ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ কেনিয়া ⓖ ঘানা **উত্তর: গ**

৫৫. ***Dreams From My Father*** **বইটির লেখক-** [ঢাবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓐ বারাক ওবামা ⓑ ইন্দিরা গান্ধী
ⓒ শেখ হাসিনা ⓓ বেনজির ভুট্টো **Ans. a**

৫৬. **Who is the author of the book 'The Audacity of Hope'?** [Mercanile Bank Ltd. Probationary officer: 10]

Or,

'The Audacity of Hope' গ্রন্থটি কে লিখেছেন? [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ): ১৫]
ⓐ Barack Obama
ⓑ Arundhati Roy
ⓒ Benazir Bhutto
ⓓ Bill Clinton **Ans. a**

৫৭. **মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা রচিত গ্রন্থ কোনটি?** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ): ০৮-০৯]
ⓚ চেঞ্জ ইউ ক্যান বিলিভ ইন
ⓚ ড্রিমস ফ্রম মাই ফাদার
ⓖ ওডাসিটি অব হোপ
ⓖ ওপরের সবগুলোই **উত্তর: ঘ**

৫৮. **The book titled 'A Promised Land' is authored by:** [NSI Assistant Director (Research officer): 21]
ⓐBarack Obama
ⓑDonald Trump
ⓒBoris Jonson
ⓓJoe Biden **Ans. a**

৫৯. **ডোনাল্ড ট্রাম্প কততম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হন?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৭]
ⓚ ৪৫ ⓚ ৪৭
ⓖ ৫৮ ⓖ ৫৭ **উত্তর: ক**

৬০. **ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের অভিশংসনের মুখোমুখি হওয়া কততম প্রেসিডেন্ট?** [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (ঢাবি) এর উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ⓚ প্রথম ⓚ দ্বিতীয়
ⓖ তৃতীয় ⓖ চতুর্থ **উত্তর: গ**


৬১. **জো বাইডেন (Joe Biden Jr.) যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?** [রাবি (এ-১ ইউনিট): ২০-২১]
ⓚ ৪৪ তম ⓚ ৪৫ তম
ⓖ ৪৬ তম ⓖ ৪৭ তম **উত্তর: গ**

৬২. **President Joseph Robinette Biden Jr. is born in--** [Security Printing Corporation Officer (General): 21]
ⓐ Arizona
ⓑ Pennsylvania
ⓒ Colorado
ⓓ Ohio **Ans. b**

৬৩. **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেন প্রথম যে দেশ সফর করেন-** [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ⓚ যুক্তরাজ্য ⓚ রাশিয়া
ⓖ ফ্রান্স ⓖ বেলজিয়াম **উত্তর: ক**

যুক্তরাজ্য

১৬৮৮ সালে রক্তপাতহীন গৌরবময় বিপ্লব (Glorious Revolution) এর মাধ্যমে ব্রিটেনে নিরঙ্কুশ রাজতন্ত্রের পরিবর্তে সংসদীয় গণতন্ত্র প্রবর্তিত হয় এবং তা এখনও চালু আছে। রাজা (বা রানি) হলেন রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধান হলেন প্রধানমন্ত্রী। যুক্তরাজ্যের রাজা (বা রানি) ইংল্যান্ড ছাড়াও কমনওয়েলথভুক্ত আরও ১৪টি দেশের রাষ্ট্রপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। যথা- অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, পাপুয়া নিউগিনি, টুভালু, সলোমান দ্বীপপুঞ্জ, বাহামা, বেলিজ, গ্রেনাডা, জ্যামাইকা, অ্যান্টিগুয়া ও বার্বুডা, সেন্ট লুসিয়া, সেন্ট কিটস এন্ড নেভিস এবং সেন্ট ভিনসেন্ট এন্ড গ্রেনাডাইন দ্বীপপুঞ্জ। ব্রিটিশ রাজপরিবারের বাসভবনের নাম বাকিংহাম প্যালেস। এটি লন্ডনে অবস্থিত।



বাকিংহাম প্যালেস

রাজা বা রানি

রাজা অষ্টম এডওয়ার্ড (১৯৩৬ খ্রি.) একজন তালাকপ্রাপ্ত মার্কিন মহিলা ওয়ালিস সিম্পসনকে বিবাহ করেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ও জনগণ সিম্পসনকে রানি হিসাবে মেনে নিতে অস্বীকৃতি জানায়। এজন্য ১৯৩৬ সালের ১১ ডিসেম্বর তিনি রাজসিংহাসন ত্যাগ করেন।

রানি দ্বিতীয় এলিজাবেথ (১৯৫২ - ৮ সেপ্টেম্বর, ২০২২) মাত্র ২৫ বছর বয়সে পিতা রাজা ষষ্ঠ জর্জ এর মৃত্যুর পর রাজ সিংহাসনে অভিষিক্ত হন। তিনি ব্রিটিশ সিংহাসনে অধিষ্ঠিত দীর্ঘতম সময়ের রাজা বা রানি। প্রিন্সেস ডায়না ছিলেন তাঁর জ্যেষ্ঠ সন্তান প্রিন্স অব ওয়েলস চার্লস এর প্রথম স্ত্রী। ১৯৯৭ সালের ৩১ আগস্ট ফ্রান্সের পন্ট ডি আলমা টানেলে ডায়না সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।

প্রধানমন্ত্রী

রবার্ট ওয়ালপোল ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী (মেয়াদ: ১৭২১ - ৪২ খ্রি.) ছিলেন।

উইলিয়াম ই গ্লাডস্টোন ব্রিটেনের প্রধানমন্ত্রী (মোট ৪ বার; প্রথম মেয়াদ: ১৮৬৮ - ১৮৭৪ খ্রি.) ছিলেন। তাঁকে 'Grand Old Man' বলা হয়। তাঁর বিখ্যাত উক্তি "Justice Delayed is Justice Denied".

১০নং ডাউনিং স্ট্রিট	ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন ও কার্যালয়
১১নং ডাউনিং স্ট্রিট	ব্রিটেনের অর্থমন্ত্রীর বাসভবন।
১২নং ডাউনিং স্ট্রিট	ব্রিটিশ পার্লামেন্টের চিফ হুইপের কার্যালয়।

- *Chancellor of the Exchequer* যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর সমতুল্য পদ।
- *Downing Street* লন্ডনে অবস্থিত ওয়েস্টমিনিস্টার সিটির একটি বিখ্যাত রোড।
- *Whitehall (হোয়াইট হল)* লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত একটি রোড। এখানে ব্রিটিশ সরকারের অধিকাংশ প্রশাসনিক ভবন অবস্থিত।

MCQ Solution

১. **যুক্তরাজ্যে কোন শাসনব্যবস্থা চালু আছে?** [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ গণতন্ত্র ⓚ নিয়মতান্ত্রিক রাজতন্ত্র
ⓖ একনায়কতন্ত্র ⓖ প্রজাতন্ত্র **উত্তর: খ**

২. **ব্রিটেনে কোন পদ্ধতির সরকার বিদ্যমান?** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ গণতন্ত্র
ⓚ রাজতন্ত্র
ⓖ সমাজতন্ত্র
ⓖ শাসনতান্ত্রিক রাজতন্ত্র **উত্তর: ঘ**

৩. **ব্রিটেনের রানি কোন দেশটির সাংবিধানিক রাষ্ট্রপ্রধান নন?** [২৬তম বিসিএস]
ⓚ ফিজি ⓚ কানাডা
ⓖ অস্ট্রিয়া ⓖ অস্ট্রেলিয়া **উত্তর: ক,গ**
ব্যাখ্যা: ব্রিটেনের রাজা (বা রানি) ফিজির রাষ্ট্রপ্রধানের মর্যাদা ভোগ করতেন। কিন্তু ১৯৮৭ সালে সামরিক অভ্যুত্থানে মাধ্যমে ফিজিতে রাজতন্ত্র বিলোপ করা হয় ও প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করা হয়।

৪. **কমনওয়েলথভুক্ত কোন দেশটি যুক্তরাজ্যের রাজা বা রানিকে তাদের রাষ্ট্রপ্রধান হিসেবে স্বীকার করে?** [১৪তম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক: ২১]
ⓚ ইরাক ⓚ মরিসাস
ⓖ অস্ট্রেলিয়া ⓖ সাইপ্রাস **উত্তর: গ**

৫. **গৌরবময় বিপ্লব সংঘটিত হয় –** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক): ০৯-১০]
ⓚ ১৬৮৮ সালে ⓚ ১৭৮৮ সালে
ⓖ ১৮৮৮ সালে ⓖ ১৯৮৮ সালে **উত্তর: ক**

৬. **কোন দেশের মুদ্রায় ব্রিটেনের রানির ছবি আছে?** [সপ্তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন: ১১]
ⓚ কানাডা ⓚ ফ্রান্স
ⓖ বেলজিয়াম ⓖ নরওয়ে **উত্তর: ক**
ব্যাখ্যা: সাধারণত বিভিন্ন দেশের মুদ্রায় সে দেশের রাষ্ট্রপ্রধানের ছবি শোভা পায়। যেমন- ব্রিটেনের রানি (রাজা) কানাডার রাষ্ট্রপ্রধান হওয়ায় কানাডার মুদ্রায় ব্রিটেনের রানির ছবি মুদ্রিত হয়।

৭. **ব্রিটেনের রাজা যিনি একজন সাধারণ মহিলাকে বিবাহ করার জন্য রাজসিংহাসন হারান–** [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩]
ⓚ পঞ্চম এডওয়ার্ড ⓚ ষষ্ঠ এডওয়ার্ড
ⓖ সপ্তম এডওয়ার্ড ⓖ অষ্টম এডওয়ার্ড **উত্তর: ঘ**

৮. **Where is Buckingham Palace situated?** [Bangladesh Bank Asst. Director: 16]
ⓐ London ⓑ Birmingham
ⓒ Glasgow ⓓ Cardiff **Ans. a**

৯. **ইংল্যান্ডের রানি যে প্রাসাদে বাস করেন তার নাম কী?** [নার্সিং সেবা অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭] *Or,*
What palace does the Queen of England live in? [IFIC Bank Trainee Assistant Officer: 18]
ⓚ কুইন্স প্যালেস
ⓚ হোয়াইট সাইস
ⓖ বাকিংহাম প্যালেস
ⓖ বার্মিংহাম প্যালেস **উত্তর: গ**

১০. **ব্রিটিশ সিংহাসনে অধিষ্ঠিত দীর্ঘতম সময়ের রাজা/রানির নাম কী?** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ রানি ভিক্টোরিয়া
ⓚ রানি ২য় এলিজাবেথ
ⓖ রাজা পঞ্চম জর্জ
ⓖ রাজা ২য় এডওয়ার্ড **উত্তর: খ**

১১. **প্রিন্সেস ডায়না সড়ক দুর্ঘটনায় কোথায় মৃত্যুবরণ করেন?** [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ⓚ লন্ডন ⓚ প্যারিস
ⓖ হেগ ⓖ বার্লিন **উত্তর: খ**

১২. **প্রিন্সেস ডায়না কোন সুড়ঙ্গ পথে দুর্ঘটনায় নিহত হন?** [দুর্নীতি দমন ব্যুরোর উপসহকারী পরিদর্শক: ০৪]
ⓚ ইউরো টানেল ⓚ আর্ল বার্গ
ⓖ রস্কো ⓖ আলমা ডি টানেল **উত্তর: ঘ**

১৩. **১০ নং ডাউনিং স্ট্রিট কী?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১১]
ⓚ অর্থমন্ত্রীর অফিস ভবন
ⓚ রানির গ্রীষ্মকালীন নিবাস
ⓖ কমনওয়েলথ মন্ত্রীদের সভা ভবন
ⓖ ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন **উত্তর: ঘ**

১৪. লন্ডনের ১১ নং ডাউনিং স্ট্রিটে কে বাস করেন? [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক) ব্রিটিশ প্রধানমন্ত্রী
খ) ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী
গ) ব্রিটিশ বিরোধী দলীয় নেতা
ঘ) ব্রিটিশ চ্যান্সেলর অব দ্য এক্সচেকার **উত্তর:** ঘ

১৫. ব্রিটেনের অর্থমন্ত্রীকে বলা হয়- [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে অফিস সহায়ক: ২১]
ক) ট্রেজারার
খ) ফিন্যান্স মিনিস্টার
গ) ট্রেজারি সেক্রেটারি
ঘ) চ্যান্সেলর অব এক্সেচেকার **উত্তর:** ঘ

১৬. ব্রিটেনের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয়- [১০ম বিসিএস/ সিজিএ-এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক) হোয়াইট হল খ) ওয়েস্ট মিনিস্টার এ্যাবে
গ) মার্বেল চার্চ ঘ) বুশ হাউজ **উত্তর:** ক

১৭. 'হোয়াইট হল' অবস্থিত- [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী: ১৫]
ক) যুক্তরাষ্ট্রে খ) যুক্তরাজ্যে
গ) ইতালীতে ঘ) কানাডায় **উত্তর:** খ

১৮. ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রীর নাম কী? [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৫-০৬]
ক) রবার্ট ওয়ালপোল খ) চার্চিল
গ) জন এডামস ঘ) জন ওয়ালপোল **উত্তর:** ক

১৯. Justice delayed is justice denied - কার উক্তি? [চবি (বি ইউনিট): ২০-২১]
ক) গ্ল্যাডস্টোন খ) এমারসন
গ) শেক্সপিয়ার ঘ) ইলিয়ট **উত্তর:** ক

ভারত

যুক্তরাষ্ট্রীয় সংসদীয় প্রজাতন্ত্র। নয়াদিল্লিতে অবস্থিত প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম লোক কল্যাণ মার্গ (পাঞ্চ্ভাতি)।

রাষ্ট্রপতি

রাজেন্দ্র প্রাসাদ (মেয়াদ: ১৯৫০ - ১৯৬২ খ্রি.) স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি।

এ পি জে আব্দুল কালাম (মেয়াদ: ২০০২ - ২০০৭ খ্রি.) ছিলেন ভারতীয় প্রজাতন্ত্রের একাদশ রাষ্ট্রপতি। কালাম তাঁর কর্মজীবন শুরু করেছিলেন একজন বিজ্ঞানী হিসেবে। পরে তিনি ঘটনাচক্রে রাজনীতিবিদে পরিণত হন। ভারতের ব্যালাস্টিক ক্ষেপণাস্ত্র ও মহাকাশযানবাহী রকেট উন্নয়নের কাজে তাঁর অবদানের জন্য তাঁকে 'ভারতের ক্ষেপণাস্ত্র মানব' (Missile Man of India) বলা হয়। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'Wings of Fire'।

প্রতিভা পাতিল (মেয়াদ: ২০০৭ - ১২ খ্রি.) ভারতের প্রথম নির্বাচিত মহিলা রাষ্ট্রপতি। তিনি স্বাধীনতার পর ভারতীয় প্রজাতন্ত্রের দ্বাদশ রাষ্ট্রপতি নির্বাচিত হন।

প্রণব মুখোপাধ্যায় (মেয়াদ: ২০১২ - ১৭ খ্রি.) ভারতের ত্রয়োদশ রাষ্ট্রপতি ছিলেন। তিনি ভারতের একমাত্র বাঙালি রাষ্ট্রপতি। তিনি ভারতরত্ন পদক (২০১৯) লাভ করেন।

প্রধানমন্ত্রী

পণ্ডিত জওহরলাল নেহেরু (মেয়াদ: ১৯৪৭ - ১৯৬৪ খ্রি.) ছিলেন ভারতীয় জাতীয় কংগ্রেসের রাজনীতিবিদ, ভারতীয় স্বাধীনতা আন্দোলনের অন্যতম প্রধান নেতা এবং স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী। দূরদৃষ্টিসম্পন্ন পণ্ডিত নেহেরু বিশ্বাস করতেন, "দেশ ভাল হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভাল হয়"। লেখক হিসেবেও নেহেরু ছিলেন বিশিষ্ট। ইংরেজিতে লেখা তাঁর বিখ্যাত বই An Autobiography, Glimpses of World History, The Discovery of India, A Bunch of Old Letters চিরায়ত সাহিত্যের মর্যাদা লাভ করেছে। তাঁর মেয়ে ইন্দিরা গান্ধী ও দৌহিত্র রাজীব গান্ধী ভারতের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন।



লাল বাহাদুর শাস্ত্রী (মেয়াদ: ১৯৬৪ - ১৯৬৬ খ্রি.) ছিলেন ভারতের দ্বিতীয় প্রধানমন্ত্রী এবং ভারতীয় জাতীয় কংগ্রেসের একজন অন্যতম নেতা। তাঁকে 'শান্তির মানুষ' বলা হয়।

ইন্দিরা গান্ধী (মেয়াদ: ১৯৬৬ - ১৯৭৭, ১৯৮০ - ১৯৮৪ খ্রি.) ছিলেন ভারতের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। তিনি ভারতীয় প্রজাতন্ত্রের তৃতীয় প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৪ সালের ৩১ অক্টোবর তিনি দেহরক্ষী সাতওয়ান্ত সিং এবং বিআন্ট সিং এর গুলিতে নিহত হন। হত্যাকাণ্ডের পরেই অভ্যন্তরীণ সুরক্ষা ও সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করতে বিশেষ কমান্ডো বাহিনী National Security Guard ('ব্ল্যাক ক্যাট' নামেও পরিচিত) গঠন করা হয়।


ইন্দিরা গান্ধী

রাজিব গান্ধী (মেয়াদ: ১৯৮৪ - ১৯৮৯ খ্রি.) ছিলেন ভারতের ষষ্ঠ প্রধানমন্ত্রী। ভারতের জন্য অস্ত্র ক্রয়ে সুইডেনের অস্ত্র নির্মাতা প্রতিষ্ঠান বোফর্স হতে ঘুষ নিয়েছিলেন বলে তার বিরুদ্ধে অভিযোগ রয়েছে - যা Bofors Scandal (বোফর্স কেলেঙ্কারী) নামে পরিচিত। তিনি শ্রীলঙ্কায় শান্তি প্রতিষ্ঠার জন্য ভারতীয় সৈন্য প্রেরণ করেন। ১৯৯১ সালের ২১ মে LTTE এর আত্মঘাতী বোমা হামলায় নিহত হন। রাজীব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম থানু বা গায়েত্রী। রাজীবগান্ধীকে হত্যার দায়ে অভিযুক্ত যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত আসামীর নাম নলিনী। রাজীব গান্ধীর মৃত্যুর পর কংগ্রেস সভাপতি নিযুক্ত হন নরসীমা রাও।

ড. মনমোহন সিং (মেয়াদ: ২০০৪ - ২০১৪ খ্রি.) ছিলেন ভারতের ত্রয়োদশ প্রধানমন্ত্রী। তিনি ভারতের প্রথম শিখ প্রধানমন্ত্রী। তিনি পেশায় একজন অর্থনীতিবিদ। তাঁর বিখ্যাত গ্রন্থ 'India's Export Trends and the Prospects for Self-Sustained Growth'। তাঁকে 'Economic Reforms in India' এর স্থপতি বলা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী

সর্দার বল্লভভাই প্যাটেল ছিলেন ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী এবং ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা । ২১ এপ্রিল, ১৯৪৭ দিল্লিতে এক ভাষণে সর্দার বল্লভভাই প্যাটেল সরকারি কর্মচারীদের 'steel frame of India' বলে অভিহিত করেন। এই দিনটির স্মরণে ২১ এপ্রিলকে 'সিভিল সার্ভিস দিবস' হিসেবে বেছে নেওয়া হয়। তাঁর স্মৃতির উদ্দেশ্যে ভারতের গুজরাট রাজ্যের সাদু বেট আইল্যান্ডে নর্মদা নদীর পাশে বিশ্বের সবচেয়ে উঁচু ভাস্কর্য 'Statue of Unity' (ঐক্যের মূর্তি) স্থাপিত হয়েছে।

MCQ Solution

১. **ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?** [চবি (বি ইউনিট): ১৮-১৯]
ক রাজেন্দ্র প্রাসাদ খ সি রাজা গোপালচারিয়া
গ এস রাধাকৃষ্ণান ঘ ভি ভি গিরি **উত্তর: ক**

২. **নিচের কোন বিজ্ঞানী পরবর্তীতে ভারতের রাষ্ট্রপতি হন?** [চবি (বি ইউনিট): ১৭-১৮]
ক হোমী ভাবা খ এ পি জে আবদুল কালাম
গ সত্যেন্দ্র নাথ বোস ঘ সি ভি রমন **উত্তর: খ**

৩. **এ পি জে আবদুল কালাম কোন সালে ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ে সেকশন অফিসার: ১৭]
ক ১৯৯৯ খ ২০০০
গ ২০০১ ঘ ২০০২ **উত্তর: ঘ**

৪. **এপিজে আবদুল কালাম ভারতের কততম রাষ্ট্রপতি ছিলেন?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক ১০তম খ ১১তম
গ ১২তম **উত্তর: খ**

৫. **ভারতের প্রেসিডেন্ট আবুল পাকির জয়নুল আবেদীন আবদুল কালাম কি নামে বহুল পরিচিত?** [সহকারী শ্রম অফিসার: ০৩]
ক গোল্ডেন ম্যান খ মিসাইল ম্যান
গ হিরু অফ ইন্ডিয়া ঘ ভারতরত্ন **উত্তর: খ**

৬. **ভারতের প্রথম নারী রাষ্ট্রপতির নাম কী?** [জাবি (নৃবিজ্ঞান বিভাগ): ০৯-১০]
ক ইন্দিরা গান্ধী খ মমতা বন্দ্যোপাধ্যায়
গ সোনিয়া গান্ধী ঘ প্রতিভা পাতিল **উত্তর: ঘ**

৭. **'Wings of Fire' গ্রন্থের রচয়িতা কে?** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ক নেলসন ম্যান্ডেলা
খ এপিজে আবদুল কালাম
গ অ্যালফ্রেড মার্শাল
ঘ মাদার তেরেসা **উত্তর: খ**

৮. **ভারতের কোন বাঙালি রাষ্ট্রপতিকে 'ভারতরত্ন' উপাধি দেয়া হয়েছে?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক প্রণব মুখার্জি খ এ.পি.জে আব্দুল কালাম
গ লাল বাহাদুর শাস্ত্রী ঘ ড. জাকির হোসেন **উত্তর: ক**

৯. **The Coalition years: 1996 - 2012 is written by -** [BDBL Senior Officer: 17]
ⓐ Amartya Sen
ⓑ Jyoti Basu
ⓒ Rehman Sobhan
ⓓ Pranab Mukherjee **Ans. d**

১০. **"দেশ ভাল হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভাল হয়-" বলেছিলেন** [ঢাবি (খ ইউনিট): ১০-১১] *Or,*
'The country is good if its universities are good' was stated by -
[Jahangirnagar University (C1 Unit): 15-16]
ক আব্রহাম লিংকন খ আইজাক নিউটন
গ বার্ট্রান্ড রাসেল ঘ পণ্ডিত নেহেরু **উত্তর: ঘ**

১১. **The book '*Glimpses of World History*' was written by-** [Bangladesh Bank Officer: 15]
ⓐ Carlyle ⓑ Rabindranath Tagore
ⓒ Jawaharlal Nehru ⓓ Karl Marx **Ans. c**

১২. **'Discovery of India' গ্রন্থের লেখক কে?** [চবি (ডি-১ ও ডি-২ ইউনিট): ১৬-১৭]
ক মহাত্মা গান্ধী খ মাওলানা আবুল কালাম আজাদ
গ ইন্দিরা গান্ধী ঘ জওহরলাল নেহেরু **উত্তর: ঘ**

১৩. **Who is the author of the book 'A Bunch of Old Letters'?** [Jahangirnagar University (F Unit): 15-16]
ⓐ Jawaharlal Nehru
ⓑ Mahatma Gandhi
ⓒ Smt.Indira Nehru Gandhi
ⓓ Shri K.C. Pant **Ans. a**

১৪. **ভারতের প্রথম নারী প্রধানমন্ত্রী কে?** [চবি (বি-৭ ইউনিট): ১৫-১৬]
ক ইন্দিরা গান্ধী খ সোনিয়া গান্ধী
গ জয়ললিতা ঘ মমতা ব্যানার্জী **উত্তর: ক**

১৫. **ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী কবে প্রথম প্রধানমন্ত্রীত্ব লাভ করেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার: ০৬]
ক ১৯৬৪ খ ১৯৬৫
গ ১৯৬৬ ঘ ১৯৬৭ **উত্তর: গ**

১৬. **'ব্ল্যাক ক্যাট' কোন দেশের কমান্ডো বাহিনী?** [বাতিল কৃত ২৪ তম বিসিএস/ঢাবি (ডি ইউনিট): ২০-২১]
ক নেপাল খ ভারত
গ মিয়ানমার ঘ ইরান **উত্তর: খ**

১৭. **'বোফর্স কেলেঙ্কারি' কোন দেশের সাথে জড়িত?** [ববি (ঘ ইউনিট): ১২-১৩]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ সুইডেন
ⓖ জাপান ⓖ ভারত **উত্তর:** ঘ

১৮. **ভারতের কোন প্রধানমন্ত্রী বোফর্স অস্ত্র কেলেঙ্কারির সাথে জড়িত ছিলেন?** [ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এর প্রমোশন অফিসার: ২১]
ক) রাজীব গান্ধী খ) ইন্দিরা গান্ধী
গ) নরসীমা রাও ঘ) বাজপেয়ী **উত্তর:** ক

১৯. **রাজীব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম কী?** [১৪তম বিসিএস]
ক) নলিনী খ) নাথু
গ) থানু ঘ) আনু **উত্তর:** গ

২০. **রাজীব গান্ধীর মৃত্যুর পর কে কংগ্রেস সভাপতি নিযুক্ত হন?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক) সোনিয়া গান্ধী খ) প্রিয়াংকা গান্ধী
গ) মনমোহন সিংহ ঘ) নরসীমা রাও **উত্তর:** ঘ

২১. **এদের মধ্যে কোন রক্তের সম্পর্ক নেই?** [ঢাবি (খ ইউনিট): ৯৮-৯৯]
ক) নুসরাত ভুট্টো ও বেনজির ভুট্টো
খ) শ্রীমাভো বন্দরনায়েক ও চন্দ্রিকা কুমারাতুঙ্গা
গ) ইন্দিরা গান্ধী ও সোনিয়া গান্ধী
ঘ) সুকর্ণ ও মেঘবর্তী সুকর্ণপুত্রী **উত্তর:** গ

২২. **Who is known as the architect of economic reforms in India?/ কাকে ভারতের অর্থনীতি সংস্কারের স্থপতি বলা হয়?** [Bangladesh Bank Asst. Director: 04]
ⓐ Jyoti ⓑ Jawaharlal Nehru
ⓒ Vajpayee ⓓ Manmohan Singh
ⓔ Indira Gandhi **Ans. d**

২৩. **'ইন্ডিয়াজ এক্সপোর্ট ট্রেন্ডস অ্যান্ড প্রসপেক্টস ফর সেলফ সাসটেইন্ড গ্রোথ' গ্রন্থের লেখক-** [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ক) পি চিদম্বরম খ) যশোবন্ত সিং
গ) মনমোহন সিং ঘ) অমর্ত্য সিং **উত্তর:** গ

২৪. **কখনো ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন না-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক) দেবগৌড়া খ) জ্যোতি বসু
গ) মোরারজী দেশাই ঘ) লালবাহাদুর শাস্ত্রী **উত্তর:** খ
ব্যাখ্যা: জ্যোতি বসু পশ্চিম বঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী ছিলেন।

২৫. **ভারতে বছরের কোন দিনটি সিভিল সার্ভিস দিবস (Civil Service Day) হিসেবে পালিত হয়?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ক) ২১ এপ্রিল খ) ২ অক্টোবর
গ) ২৬ জানুয়ারি ঘ) ১০ মে **উত্তর:** ক

২৬. **'Statue of Unity' কোন দেশে অবস্থিত?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক) ভারত খ) দক্ষিণ কোরিয়া
গ) জাপান ঘ) যুক্তরাষ্ট্র **উত্তর:** ক

২৭. **বিশ্বের সবচেয়ে উঁচু ভাস্কর্য Statue of Unity ভারতের কোন রাজ্যে অবস্থিত?** [খুবি (সি ইউনিট): ১৮-১৯]
ক) গুজরাট খ) হরিয়ানা
গ) মহারাষ্ট্র ঘ) তেলেঙ্গানা **উত্তর:** ক

২৮. **World's tallest statue 'Statue of Unity' depict whom?** [IFIC Bank Ltd. Transaction Service Officer: 19]
ⓐ Vallabhbhai Patel
ⓑ Jawaharlal Nehru
ⓒ Thiru Vallam
ⓓ Dhirubhai Ambani **Ans. a**

ফ্রান্স
আধা-রাষ্ট্রপতি শাসিত প্রজাতন্ত্র। রাষ্ট্রপতি রাষ্ট্রপ্রধান ও প্রধানমন্ত্রী সরকার প্রধান। প্রেসিডেন্টের মেয়াদকাল পাঁচ বছর। প্যারিসে অবস্থিত প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম এলিসি প্রাসাদ।

রাশিয়া
আধা-রাষ্ট্রপতি শাসিত। মস্কোতে অবস্থিত প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম 'ক্রেমলিন'।

উত্তর কোরিয়া
একদলীয় সমাজতান্ত্রিক প্রজাতন্ত্র। সুপ্রিম লিডার রাষ্ট্রপ্রধান এবং প্রধানমন্ত্রী সরকারপ্রধান।

দক্ষিণ কোরিয়া
রাষ্ট্রপতি শাসিত প্রজাতন্ত্র। প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম '*ব্লু হাউস*'।

অস্ট্রেলিয়া
যুক্তরাষ্ট্রীয় সংসদীয় সাংবিধানিক রাজতন্ত্র। যুক্তরাজ্যের রানি (বা রাজা) অস্ট্রেলিয়ার রাষ্ট্রপ্রধান। সরকার প্রধান হলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম 'দি লজ' (The Lodge)। এটি ক্যানবেরায় অবস্থিত।

MCQ Solution

১. **ফ্রান্স এর সরকার পদ্ধতি কোন ধরনের?** [জাবি (সরকার ও রাজনীতি): ০৯-১০]
ক) রাষ্ট্রপতি শাসিত খ) আধা রাষ্ট্রপতি শাসিত
গ) সংসদীয় ঘ) নিয়মতান্ত্রিক রাজতন্ত্র **উত্তর:** খ

২. **ফ্রান্সের প্রেসিডেন্টের মেয়াদকাল কত বৎসর?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট: ০৫]
ক) ৪ বৎসর খ) ৫ বৎসর
গ) ৬ বৎসর ঘ) ৭ বৎসর **উত্তর:** খ

৩. **ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম কী?** [চবি (চ ইউনিট): ০৭-০৮]
ক) মারদেকা প্রাসাদ খ) এলিসি প্রাসাদ
গ) বাকিংহাম প্রাসাদ ঘ) মানালা প্রাসাদ **উত্তর:** খ

৪. **এলিসি প্রাসাদ অবস্থিত -** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১২]
ⓚ প্যারিস
ⓚ ওয়াশিংটন
ⓖ কাঠমান্ডু
ⓖ নিউইয়র্ক **উত্তর: ক**

৫. **'ক্রেমলিন' কোথায় অবস্থিত?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ⓚ বেইজিং ⓚ মস্কো
ⓖ লন্ডন ⓖ নিউইয়র্ক **উত্তর: খ**


৬. **ক্রেমলিন কী?** [রাবি (ইউনিট A-৩): ২১-২২]
ⓚ মার্কিন প্রেসিডেন্টের সরকারি বাসভবন
ⓚ রাশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবন
ⓖ ব্রিটেনের প্রধানমন্ত্রীর বাসভবন
ⓖ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর বাসভবন **উত্তর: খ**

৭. **দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম কী?** [জাবি (ইতিহাস): ০৯-১০]
ⓚ বুশ হাউজ ⓚ ব্লু হাউজ
ⓖ ক্রেমলিন ⓖ হোয়াইট লজ **উত্তর: খ**

৮. **ক্যানবেরায় অস্ট্রেলীয় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম কী?** [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ দি লজ ⓚ অপেরা হাউস
ⓖ ইয়ুরালা ⓖ মানুকা **উত্তর: ক**

আলোচিত রাষ্ট্র ও সরকারপ্রধান

জেনারেল সুহার্তো ছিলেন ইন্দোনেশিয়ার দ্বিতীয় রাষ্ট্রপতি। তিনি টানা ৩২ বছর ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি (মেয়াদ: ২৭ মার্চ, ১৯৬৮ - ২১ মে, ১৯৯৮ এবং ভারপ্রাপ্ত হিসেবে ১২ মার্চ, ১৯৬৭ - ২৭ মার্চ, ১৯৬৮) হিসেবে দায়িত্ব পালন করেন।


মাহাথির মোহাম্মদ

ডা. মাহাথির মোহাম্মদ ছিলেন মালয়েশিয়ার চতুর্থ (মেয়াদ: ১৯৮১ - ২০০৩ খ্রি. = ২২ বছর) ও সপ্তম (মেয়াদ: ২০১৮ - ২০২০ খ্রি.) প্রধানমন্ত্রী।

ইসলাম করিমভ (মেয়াদ: ১৯৯১-২০১৬ খ্রি.) ছিলেন উজবেকিস্তানের প্রথম রাষ্ট্রপতি।

জুলফিকার আলী ভুট্টো ছিলেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী। হত্যার ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে ১৯৭৯ সালে সামরিক আদালত তাকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করে।

MCQ Solution

১. **ইন্দোনেশিয়ার জেনারেল সুহার্তো কত বছর ক্ষমতায় ছিলেন?** [ঢাবি (ঘ ইউনিট): ৯৭-৯৮]
ⓚ ২৪ ⓚ ২৭
ⓖ ৩০ ⓖ ৩২ **উত্তর: ঘ**

২. **মাহাথির মোহাম্মদ কোন সনে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হন?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]
ⓚ ১৯৭৯ ⓚ ১৯৮০
ⓖ ১৯৮১ ⓖ ১৯৮২ **উত্তর: গ**

৩. **Mahathir Mohamad was the .... Prime Minister of Malaysia./ মাহাথির মোহাম্মদ মালয়েশিয়ার .... প্রধানমন্ত্রী ছিলেন।** [Bangladesh Krishi Bank Officer: 11]
ⓐ 3rd ⓑ 5th
ⓒ 4th ⓓ 6th **Ans. c**

৪. **মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ কত বছর ক্ষমতায় ছিলেন?** [২৭তম বিসিএস]
ⓚ ২১ বছর ⓚ ২২ বছর
ⓖ ২৪ বছর ⓖ ২৫ বছর **উত্তর: গ**

৫. **Islam Karimov was the president of-** [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ Azerbaijan ⓑ Turkmenistan
ⓒ Tajikistan ⓓ Uzbekistan **Ans. d**

৬. **'ফেতুল্লাহ গুলেন' নিচের কোন দেশটির রাজনৈতিক নেতা?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের বিভিন্ন পদ: ১৮]
ⓚ ইয়েমেন ⓚ দক্ষিণ আফ্রিকা
ⓖ সিরিয়া ⓖ মিশর
ⓤ কোনোটিই নয় **উত্তর: ঙ**
ব্যাখ্যা: ফেতুল্লাহ গুলেন তুরস্কের রাজনৈতিক নেতা।

৭. **Each of the following personalities was victims of assassination except one. Mark the exception.-** [JU (F Unit): 16-17]
ⓐ Indira Gandhi
ⓑ John F. Kennedy
ⓒ Zulfikar Ali Bhutto
ⓓ Abraham Lincoln **Ans. c**

সরকার ব্যবস্থায় নারী

শ্রীমাভো বন্দের নায়েকে ১৯৬০ সালে শ্রীলংকার প্রধানমন্ত্রী হিসেবে কাজ শুরু করেন। তিনি ছিলেন বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী এবং সরকার প্রধান।

ইসাবেল মার্টিনেজ ডি পেরেন (মেয়াদ: ১৯৭৪ -৭৬ খ্রি.) আর্জেন্টিনার প্রেসিডেন্ট ছিলেন। তিনি ছিলেন বিশ্বের প্রথম মহিলা প্রেসিডেন্ট।

মার্গারেট থ্যাচার ছিলেন ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। দীর্ঘ ১১ বছর (১৯৭৯-১৯৯০ খ্রি.)। তাঁকে *Iron Lady* (লৌহ মানবী) বলা হতো। প্রথম জীবনে তিনি রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন।

বেনজির ভুট্টো ছিলেন পাকিস্তানের প্রধানমন্ত্রী। তিনি ছিলেন মুসলিম বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী এবং সরকার প্রধান। তাঁর বিখ্যাত গ্রন্থ Daughter of Destiny: An Autobiography (1989)।

কোরাজন একিনো (মেয়াদ: ১৯৮৬ - ১৯৯২ খ্রি.) ছিলেন ফিলিপাইনের প্রেসিডেন্ট। তিনি ছিলেন এশিয়া মহাদেশের প্রথম মহিলা রাষ্ট্রপ্রধান।

মেঘবতী সুকর্ণপুত্রী ২০০১ সালে ইন্দোনেশিয়ার পঞ্চম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি মুসলিম বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা রাষ্ট্রপ্রধান।

এলেন জনসন সারলিফ (মেয়াদ: ২০০৬ - ২০১৮ খ্রি.) ছিলেন লাইবেরিয়ার প্রেসিডেন্ট। তিনি ছিলেন আফ্রিকা মহাদেশে প্রথম নির্বাচিত মহিলা রাষ্ট্রপ্রধান।

অ্যাঞ্জেলা মার্কেল (মেয়াদ: ২০০৫ - ২০২১) ছিলেন জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর। তিনি মোট ৪বার চ্যান্সেলর নির্বাচিত হন।

MCQ Solution

১. **বিশ্বের প্রথম মহিলা প্রেসিডেন্ট কে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক) চন্দ্রিকা কুমারাতুঙ্গা খ) ইসাবেলা পেরন
গ) অং সান সুচি ঘ) কোরাজন একুইনো **উত্তর: খ**

২. **বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে?** [দুর্নীতি দমন কমিশনের অফিস সহায়ক: ১৯]
ক) ইন্দিরা গান্ধী
খ) বেনজির ভুট্টো
গ) শ্রীমাভো বন্দরনায়েক
ঘ) গোল্ডা মায়ার **উত্তর: গ**

৩. **বিশ্বের প্রথন নারী প্রধানমন্ত্রী কোন দেশের?** [রাবি (ইউনিট A-৩): ২১-২২] **অথবা,**
১৯৬০ সালে কোন দেশ সর্বপ্রথম একজন নারী প্রধানমন্ত্রী নির্বাচিত করে? [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ক) ভারত খ) যুক্তরাজ্য
গ) ইসরায়েল ঘ) শ্রীলঙ্কা **উত্তর: ঘ**

৪. **জনগণের ভোটে নির্বাচিত প্রথম মহিলা সরকার প্রধানের নাম-** [ঢাবি (ঘ ইউনিট): ০৪-০৫]
ক) ইন্দিরা গান্ধী খ) শ্রীমাভো বন্দরনায়েক
গ) মার্গারেট থ্যাচার ঘ) গোল্ডা মেয়ার **উত্তর: খ**

৫. **বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী কে?** [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (PSC) এর সহকারী পরিচালক: ০৬]
ক) ইন্দিরা গান্ধী
খ) শ্রীমাভো বন্দরনায়েকে
গ) চন্দ্রিকা কুমারাতুঙ্গা
ঘ) বেনজির ভুট্টো **উত্তর: খ**

৬. **Who is/was the first female head of the state in the Muslim world?/ মুসলিম বিশ্বের প্রথম মহিলা রাষ্ট্রপ্রধান কে ছিলেন?** [Bangladesh Bank Cash Officer: 11]
ⓐ Benazir Bhutto
ⓑ Isabella ⓒ Beatriz
ⓓ Hina Rabbani Khar
ⓔ Megawati Sukarnoputri **Ans. e**

৭. **মেঘবতী সুকর্ণপুত্রী কত সালে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার: ০৬]
ক) ২০০০ খ) ২০০১
গ) ২০০২ ঘ) ২০০৩ **উত্তর: খ**

৮. **মুসলিম বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে?** [থানা নির্বাচন অফিসার: ০৪]
ক) হাসান আশরাবী খ) বেগম ফাতেমা জিন্নাহ
গ) বেগম খালেদা জিয়া ঘ) বেনজির ভুট্টো **উত্তর: ঘ**

৯. **'ডটার অব দি ইস্ট' (Daughter of the East) বলা হয় কাকে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা: ১২]
ক) ইন্দিরা গান্ধী খ) অংসান সুচি
গ) বন্দরনায়েক ঘ) বেনজির ভুট্টো **উত্তর: ঘ**

১০. **'ডটার অব দ্য ইস্ট' বইটি লিখেছেন-** [ঢাবি (ঘ ইউনিট: ০৮-০৯]
ক) গোল্ডা মেয়ার খ) শ্রীমাভো বন্দরনায়েকে
গ) ইন্দিরা গান্ধী ঘ) বেনজির ভুট্টো **উত্তর: ঘ**

১১. **এশিয়া মহাদেশের প্রথম নারী প্রেসিডেন্ট কে?** [চবি (ডি ইউনিট): ১২-১৩]
ক) ইন্দিরা গান্ধী খ) কোরাজন এ্যাকুইনো
গ) শ্রীমাভো বন্দরনায়েক ঘ) মেঘবতী সুকর্ণপুত্রী **উত্তর: খ**

১২. **The name *Margaret Thatcher* relates to -/'মার্গারেট থ্যাচার' নামটি কোন বিষয়ের সাথে সম্পর্কিত?** [Bangladesh Commerce Bank Ltd. Officer: 06]
ⓐ Information Technology
ⓑ Politics ⓒ Book
ⓓ Space Technology **Ans. b**

১৩. **The first woman Prime Minister of Britain was -/ ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী ছিলেন-** [National Bank Ltd. Officer: 09]
ⓐ Golda Meir
ⓑ Gro Harlem Brundtland
ⓒ Dame Eugenia Charles
ⓓ Margaret Thatcher **Ans. d**

১৪. **ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার ক্ষমতায় ছিলেন কত বছর?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
ক) ৯ বছর খ) ১০ বছর
গ) ১১ বছর ঘ) ১২ বছর **উত্তর: গ**

১৫. **কোন সাবেক প্রধানমন্ত্রী আগে রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন?** [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৩]
ক) মার্গারেট থ্যাচার খ) চন্দ্রিকা বন্দরনায়েক
গ) টনি ব্লেয়ার ঘ) বেনজির ভুট্টো **উত্তর:** ক

১৬. **কে 'লৌহ মানবী' বলে পরিচিত?** [২৫তম বিসিএস]
ক) ইন্দিরা গান্ধী খ) বেগম খালেদা জিয়া
গ) অং সান সুচি ঘ) মার্গারেট থ্যাচার **উত্তর:** ঘ

১৭. **গ্লোরিয়া অ্যারাইয়ো কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?** [ঢাবি (খ ইউনিট): ০১-০২]
ক) লাওস খ) কাম্পুচিয়া
গ) ফিলিপাইন ঘ) পেরু **উত্তর:** গ

১৮. **আফ্রিকা মহাদেশের প্রথম নির্বাচিত মহিলা প্রেসিডেন্ট কোন দেশের?** [সঞ্চয় পরিদপ্তরে সহকারী পরিচালক: ০৭]
ক) নাইজেরিয়া খ) মালাবি
গ) লাইবেরিয়া ঘ) লিবিয়া **উত্তর:** গ

১৯. **তাইওয়ানের প্রথম নারী রাষ্ট্রপতির নাম-** [ঢাবি (ঘ ইউনিট): ১৬-১৭]
ক) ওয়াং লি খ) মিং কিন
গ) হুং সিউ চু ঘ) সাই ইং উয়েন **উত্তর:** ঘ

২০. **জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর কে?** [৪১তম বিসিএস]
ক) অ্যানেগরেট ক্রাম্প খ) লিনা হেডেরিচ
গ) অ্যাঞ্জেলা মারকেল ঘ) পেট্রা কেলি **উত্তর:** গ

২১. **Who is the first female President of Brazil?** [Basic Bank Ltd. Asst. Manager: 12]
ⓐ Laura Chinchilla
ⓑ Dilma Rousseff
ⓒ Julia Gillard
ⓓ Angela Markel **Ans. b**

আমলাতন্ত্র (Bureaucracy)

আমলাতন্ত্র যেকোন রাষ্ট্রের শাসনব্যবস্থার একটি অপরিহার্য উপাদান। সাধারণত আমলাতন্ত্র বলতে প্রশাসন ব্যবস্থা ও প্রশাসনিক সংগঠনের সাথে যুক্ত স্থায়ী, বেতনভুক্ত দক্ষ ও পেশাদার কর্মকর্তাদের বুঝায়। রাষ্ট্রীয় প্রশাসনের স্থায়ী বা অরাজনৈতিক অংশই আমলাতন্ত্র বা সিভিল সার্ভিস (Civil Service) নাম পরিচিতি। আমলারা সরকারের নীতিসমূহ বাস্তবায়ন করে থাকে। আমলারা সরকারের স্থায়ী কর্মকর্তা যাদের মেধার ভিত্তিতে নিয়োগ দেওয়া হয়। রাষ্ট্রের পরিচালন ব্যবস্থাকে শক্তিশালী ভিতের উপর দাঁড় করানোর অভিপ্রায়ে প্রায় দুই হাজারের বেশি বছর আগে চীনে সর্বপ্রথম সিভিল সার্ভিস পদ্ধতি গড়ে উঠে। চীন সাম্রাজ্যে উদ্ভাসিত ওই সিভিল সার্ভিস ছিল মেধাভিত্তিক। জার্মান সমাজবিজ্ঞানী ম্যাক্স ওয়েবার সর্বপ্রথম 'Legal and rational Model' এর মাধ্যমে আমলাতন্ত্রকে উপস্থাপন করেন। ম্যাক্স ওয়েবারকে বলা হয় আদর্শ আমলাতন্ত্রের উদ্ভাবক।

MCQ Solution

১. **আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিস এর উন্মেষ ঘটে কোন দেশ হতে?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ক) যুক্তরাজ্য খ) যুক্তরাষ্ট্র
গ) চীন ঘ) ভারত **উত্তর:** গ

২. **আমলাতন্ত্রের প্রধান প্রবক্তা কে?** [২০তম বিসিএস]
ক) এফ. এম. মার্কস খ) ম্যাক্স ওয়েবার
গ) রবার্ট প্রেসথাস ঘ) কাল মার্কস **উত্তর:** খ

৩. **ম্যাক্সওয়েবার কোন দেশের নাগরিক ছিলেন?** [জাককানইবি (ডি ইউনিট): ১৯-২০]
ক) স্পেন খ) রাশিয়া
গ) জার্মানি ঘ) আমেরিকা **উত্তর:** গ

শ্বেতপত্র (White Paper) সরকার কর্তৃক প্রকাশিত গুরুত্বপূর্ণ দলিল। সরকার বিভিন্ন বিষয় বা ইস্যুর ওপর শ্বেতপত্র প্রকাশ করতে পারে। কোনো আইন পরিবর্তন করে নতুন বিল আনার আগে এ বিষয়ে আলোচনার জন্য শ্বেতপত্র প্রকাশিত হতে পারে। সরকারি কোনো পলিসি পরিরর্তিত হলে এর কারণ ব্যাখ্যা করে সরকার শ্বেতপত্র প্রকাশের উদ্যোগ নিতে পারে। কোনো ঘটনার উপরও সরকারি পক্ষ থেকে হোয়াইট পেপার প্রকাশিত হতে পারে।

ফিফথ কলাম (Fifth Column)

ফিফথ কলাম দ্বারা পঞ্চম বাহিনীকে বুঝায় (যে জনতা গোপনে নিজ সরকারের বিরুদ্ধে কাজ করে এবং শত্রুকে সাহায্য করে)। 'Fifth Column' কথাটি সর্বপ্রথম ব্যবহৃত হয় সামরিক ক্ষেত্রে স্পেনের গৃহযুদ্ধ চলাকালীন সময়ে। স্পেনের জেনারেল 'এমিলিও মোলা' কথাটি সর্বপ্রথম ব্যবহার করেন।

MCQ Solution

১. **White Paper কী?** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৭-০৮]
ক) এক ধরনের আইন খ) সংবাদপত্র
গ) সাদা চিঠি ঘ) সরকার কর্তৃক প্রকাশিত তথ্য বিবরণী **উত্তর:** ঘ

২. **Fifth Column কি অর্থে ব্যবহৃত হয়?** [রাবি (সমাজকর্ম): ০৭-০৮]
ক) পঞ্চম কলাম হিসেবে
খ) পঞ্চম ব্যক্তি হিসেবে
গ) বিশ্বাসভাজন হিসেবে
ঘ) বিশ্বাসঘাতক হিসেবে **উত্তর:** ঘ

৩. **'প্রোপাগান্ডা' বলতে বোঝায় -** [জাবি (সি ৮ ইউনিট): ১৫-১৬]
ক) আদর্শ প্রচারণা
খ) পরিকল্পিত মিথ্যাচার
গ) রাজনৈতিক বিভ্রান্তিকর প্রচারণা
ঘ) পরিকল্পিত ইতিবাচক প্রচারণা **উত্তর:** গ

আইন
Law

আইন
আইনের ইংরেজি প্রতিশব্দ 'Law'।'Law' শব্দটির আভিধানিক উৎপত্তি টিউটনিক মূল শব্দ 'Lag' থেকে। 'Law' শব্দের অর্থ স্থির বা অপরিবর্তনীয় এবং সকলের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য। আইন (Law) বলতে সমাজ স্বীকৃত এবং রাষ্ট্র কর্তৃক অনুমোদিত নিয়ম কানুনকে বোঝায় যা মানুষের বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণ করে।

আইন সম্পর্কে বিভিন্ন মনীষীর বিখ্যাত উক্তিসমূহ নিম্নরূপ-

এরিস্টটল	*আইন হলো পক্ষপাতহীন যুক্তি।*
অধ্যাপক হল্যান্ড	*আইন হলো মানুষের বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণের এমন কতকগুলো সাধারণ নিয়ম যা সার্বভৌম শক্তি কর্তৃক প্রযুক্ত।*
লাস্কি	*আইন রাষ্ট্রের উর্ধ্বে।*
অস্টিন	*আইন হলো সার্বভৌম কর্তৃপক্ষের আদেশ।* (Law is the Command of the Sovereign)
ডাইসি	*আইনের দৃষ্টিতে সকলে সমান।*
স্পেন্সার	*আইন ও স্বাধীনতা পরস্পর বিরোধী।*
জন লক	*যেখানে আইন নেই, সেখানে স্বাধীনতা থাকতে পারে না।*
সিসেরো	*আমরা আইনের দাস, যাতে আমরা স্বাধীন থাকতে পারি।*

আইনের উৎস
রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক হল্যান্ড এর মতে, আইনের উৎস ছ'টি; যথা: ১) প্রথা ২) ধর্ম ৩) বিচার সংক্রান্ত রায় ৪) বিজ্ঞানসম্মত আলোচনা ৫) ন্যায়বোধ এবং ৬) আইনসভা । ওপেনহাইম জনমতকেও আইনের উৎস বলে মনে করেছেন। কেননা জনমতের প্রভাবে অনেক সময় সরকার আইন প্রণয়ন বা প্রচলিত আইন পরিবর্তন ও সংশোধন করে থাকে।

আইনের প্রকারভেদ
আইন সাধারণত তিন প্রকার। যথা- সরকারি আইন, বেসরকারি আইন এবং আন্তর্জাতিক আইন। এছাড়াও বহুবিধ আইনের অস্তিত্ব লক্ষ্য করা যায়। যেমন-১) প্রকৃতির আইন ২) প্রাকৃতিক আইন ৩) প্রথাসিদ্ধ আইন ৪) প্রচলিত আইন ৫) নৈতিক আইন ৬) সাংবিধানিক আইন ৭) সাধারণ আইন ৮) ন্যায়পরতা আইন ৯) প্রশাসনিক আইন ১০) উপ- বিধি আইন ১১) গণ আইন ১২) সামরিক আইন ১৩) সৈনিক আইন ১৪) রাষ্ট্রীয় আইন।

প্রাকৃতিক আইন: অধ্যাপক হল্যান্ড তাঁর 'The Elements of Jurisprudence' গ্রন্থে প্রাকৃতিক আইন সম্পর্কে বলেন, "যে আইন নৈতিকতার অংশ হিসেবে মানবজাতির স্বার্থে পরিচালিত হয়ে তাদের দায়িত্বসমূহ নিয়ে গবেষণা করে, তাকে প্রাকৃতিক আইন বলে। 'প্রাকৃতিক আইন' ধারণাটি সর্বপ্রথম প্রাচীন গ্রীক দর্শনে পাওয়া যায়। গ্রিক দার্শনিক এরিস্টটলকে প্রায়শই 'প্রাকৃতিক আইন' এর জনক বলা হয়ে থাকে। 'বাইবেল' এ প্রাকৃতিক আইন বিষয়ে উল্লেখ ছিল এবং পরবর্তীতে তা থেকেই মধ্যযুগীয় ক্যাথলিক দার্শনিক আলবার্ট দ্য গ্রেট, সেন্ট টমাস একুইনাস প্রমুখ এই আইনের বিকাশ ঘটান। একুইনাস এরিস্টটলীয় দর্শনের সঙ্গে খ্রিষ্টীয় ধর্মতত্ত্বের সমন্বয় সাধন করেন। হুগো গ্রোসিয়াস প্রাকৃতিক আইনের ওপর ভিত্তি করে আন্তর্জাতিক আইনের ভিত্তি স্থাপন করেন।

সাংবিধানিক আইন: রাষ্ট্র পরিচালনার জন্য প্রত্যেকটি রাষ্ট্রের কিছু নির্দিষ্ট বিধি-বিধান বা আইন থাকে। এই বিধি-বিধানকে রাষ্ট্রের সংবিধান বা শাসনতন্ত্র বলে। সংবিধান হলো রাষ্ট্রের দর্পণ। গ্রিক দার্শনিক এরিস্টটলের মতে, "*সংবিধান হলো রাষ্ট্রের সেই জীবনধারা যা রাষ্ট্র নিজেই বেছে নিয়েছে।*" (Constitution is the way of life the state has chosen for itself)। একটি সার্বভৌম রাষ্ট্রের সংবিধানে বর্ণিত আইনসমূহকে সাংবিধানিক আইন বলা হয়।

ব্লাসফেমি আইন: ব্লাসফেমি (ধর্ম অবমাননা) ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার জন্য এক ধরনের শাস্তিমূলক আইন। এই আইন যুক্তরাজ্যে প্রথম চালু হয়। ব্রিটিশ ভারতীয় লেখক সালমান রুশদিকে তাঁর বিতর্কিত উপন্যাস 'The Satanic Verses' (ইসলাম ধর্ম অবমাননা সংক্রান্ত) প্রকাশের জন্য ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ খোমেনী ১৯৮৯ সালের ১৪ই ফেব্রুয়ারি মৃত্যুদণ্ডাদেশ (ফতোয়া) দেন। কিন্তু আইনের চোখে সে কোনো অপরাধ করেনি বিধায় তাঁর বিচার হয়নি।

MCQ Solution

১. **সার্বভৌমের আদেশকে কী বলে?** [জাককানইবি (ডি ইউনিট): ১৮-১৯]

ⓚ আইন ⓚ বিচার

ⓖ গণতন্ত্র ⓖ অধিকার **উত্তর:** ক

২. **'সার্বভৌম শাসকের আদেশই আইন' উক্তিটি কার?** [ইবি (সি ইউনিট): ০৬-০৭]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ উইলসন
ⓖ অস্টিন ⓖ এরিস্টটল **উত্তর:** গ

৩. **'Law is the command of the state' বলেছেন** - [ইবি (সি ইউনিট): ১৩-১৪]
ⓚ গার্নার ⓚ বার্জেস
ⓖ অস্টিন ⓖ সক্রেটিস **উত্তর:** গ

৪. **'আইনের দৃষ্টিতে সকলে সমান'- উক্তিটি কার?** [ইবি (সি ইউনিট): ১১-১২]
ⓚ ডাইসি ⓚ জনলক
ⓖ জনমিল ⓖ ম্যাকাইভার **উত্তর:** ক

৫. **'আমরা আইনের দাস, যাতে আমরা স্বাধীন থাকতে পারি' উক্তিটি কার?** [ইবি (সি ইউনিট): ১১-১২]
ⓚ হিটলার ⓚ সিসেরো
ⓖ হব্স ⓖ লাস্কি **উত্তর:** খ

৬. **প্রাকৃতিক আইনের উদ্ভব হয়** - [৩৮তম বিসিএস]
ⓚ ম্যাগনা কার্টা থেকে
ⓚ থমাস হবসন, হুগো গ্রোসিয়াস ও জন লক এর লেখনী থেকে
ⓖ কনফুসিয়ানিজম থেকে
ⓖ গ্রিক, খৃষ্টান ও মধ্যযুগীয় ধর্মতত্ত্ব থেকে **উত্তর:** ঘ

৭. **কোনটি আইনের উৎস নয়?** [মাভাবিপ্রবি (ডি ইউনিট): ১৩ - ১৪]
ⓚ আইন পরিষদ ⓚ প্রচলিত রীতি-নীতি
ⓖ ধর্ম ⓖ সংবিধান **উত্তর:** খ

৮. **সংবিধান হলো রাষ্ট্রের** - [ইবি (সি ইউনিট): ০৫-০৬]
ⓚ দর্পণ ⓚ দলিল/নীতি
ⓖ ভিত্তি ⓖ চালিকাশক্তি **উত্তর:** ক

৯. **রাষ্ট্রের সর্বোচ্চ আইন হলো-** [ঢাবি (খ ইউনিট): ১৯-২০]
ⓚ সুপ্রীম কোর্টের রায় ⓚ সরকারি ডিক্রি
ⓖ সাংবিধানিক আইন ⓖ প্রশাসনিক প্রবিধান **উত্তর:** গ

১০. **সংবিধান বা শাসনতন্ত্র হচ্ছে-** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৪-০৫]
ⓚ জরুরি আইন
ⓚ রাষ্ট্রের বিশেষ আইন
ⓖ রাষ্ট্রের মৌলিক আইন
ⓖ রাষ্ট্রের সাধারণ আইন **উত্তর:** গ

১১. **'রাষ্ট্রের পছন্দকৃত জীবন পদ্ধতিই সংবিধান' (Constitution is the way of life the state has chosen for itself) উক্তিটি কে করেন?** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৮-০৯]
ⓚ প্লেটো ⓚ এরিস্টটল
ⓖ কে,সি হোয়ার ⓖ হবস **উত্তর:** খ

১২. **রাষ্ট্র কর্তৃক পছন্দকৃত জীবন ব্যবস্থার নাম** - [ইবি (সি ইউনিট): ১০-১১]
ⓚ সরকার ⓚ সংগঠন
ⓖ সার্বভৌম ⓖ সংবিধান **উত্তর:** ঘ

১৩. **ব্লাসফেমি আইন কোন দেশে প্রথম চালু হয়?** [বেরোবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ ভারত ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ যুক্তরাজ্য ⓖ কানাডা **উত্তর:** গ

১৪. **কবে আয়াতুল্লাহ খোমেনী সালমান রুশদিকে মৃত্যুদণ্ডাদেশ (ফতোয়া) দেন?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ⓚ ফেব্রুয়ারি, ১৯৮৯ ⓚ মার্চ, ১৯৮০
ⓖ এপ্রিল, ১৯৮৯ ⓖ ডিসেম্বর, ১৯৮০ **উত্তর:** ক

১৫. **ব্লাসফেমি আইনে ইংল্যান্ডে সালমান রুশদির বিচার হলো না কেন?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ⓚ বই লিখে সে কোন অপরাধ করেনি
ⓚ সে খ্রিষ্টান ধর্মের বিরুদ্ধে অপরাধ করেনি
ⓖ সে আইনের চোখে কোন অপরাধ করেনি
ⓖ বিচারকরা আইনের ভুল ব্যাখ্যা দিয়েছেন **উত্তর:** গ

সংবিধান

(ক) অলিখিত সংবিধান: অলিখিত সংবিধানের নিয়মকানুন কোনো দলিলে বা কাগজে লিপিবদ্ধ নয়। প্রথা ও রীতিনীতি, সমাজের মানুষের আচার-আচরণ প্রভৃতির উপর ভিত্তি করে অলিখিত সংবিধান তৈরি হয়। যেমন ব্রিটিশ সংবিধান।

যুক্তরাজ্য: সনদপত্র, আবেদনপত্র এবং অন্যান্য শাসনতান্ত্রিক ঘটনাবলীর সমন্বয়ে এ সংবিধান গঠিত। ম্যাগনাকার্টা, পিটিশন অব রাইটস এবং বিল অব রাইটসকে ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল বলা হয়।

- *ম্যাগনাকার্টা (Magna Carta)* ইংল্যান্ডের প্রথম শাসনতন্ত্র বলা হয়। ম্যাগনাকার্টা ল্যাটিন শব্দ। এর অর্থ মহা সনদ (Great Charter)। ইংল্যান্ডের রাজা জন ১২১৫ সালের ১৫ জুন সামন্তদের চাপে পড়ে রাজার অধিকার সংক্রান্ত এই চুক্তিতে স্বাক্ষর করেন। এই চুক্তির কারণে রাজাকেও হতে হয়েছিল নিয়মের অধীন। এটি প্রজাদের অধিকার প্রতিষ্ঠা এবং রাজাদের ক্ষমতা হ্রাসের একটি যৌক্তিক দলিল। ম্যাগনাকার্টাকে সাংবিধানিক শাসনের সূচনা বলা যেতে পারে।
- *আবেদনপত্র বিল (Petition of Rights)* ব্রিটিশ পার্লামেন্টে পাস হয় ১৬২৮ সালে। এই বিলের নীতিমালাসমূহের মধ্যে ছিলো - কারণ দর্শানো ব্যতিরেকে কাউকে বন্দী করা যাবে না। এটি 'হ্যাবিয়েস কপার্স' আইন নামে পরিচিত হয়।
- *অধিকার বিল (Bill of Rights)* ১৬৮৯ সালে ব্রিটিশ পার্লামেন্টে পাস হয়।

সৌদি আরব: ১৯৯২ সালে রাজকীয় ফরমানের মাধ্যমে চালু করা মৌলিক আইনে কোরান ও সুন্নাহকে রাষ্ট্রের সংবিধান হিসেবে গ্রহণ করা হয়। দেশটিতে কোনো সংসদ নেই।

(খ) লিখিত সংবিধান: বিশ্বের সবচেয়ে বড় লিখিত সংবিধান ভারতের এবং সবচেয়ে ছোট মোনাকোর। তবে বিশ্বের প্রধান দেশসমূহের মধ্যে সবচেয়ে ছোট সংবিধান যুক্তরাষ্ট্রের।

যুক্তরাষ্ট্র: ১৭৮৭ সালে সংবিধানটি রচিত হয় এবং ১৭৮৯ সালের ৪ মার্চ তা কার্যকর হয়। ১৭৯১ সালে নাগরিকদের মৌলিক অধিকারসমূহ সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়। এজন্য সংবিধানে ১০টি সংশোধনী আনা হয় যা Bill of Rights নামে পরিচিত।

জাপান: দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৭ সালে জাপান যে সংবিধান প্রতিষ্ঠা করে, তার ৯ নম্বর অনুচ্ছেদে বহির্দেশে সামরিক আগ্রাসন ও আন্তর্জাতিক মতানৈক্যের সমাধান হিসেবে যুদ্ধ ঘোষণা নিষিদ্ধ করা হয়। অন্য দেশে সামরিক আগ্রাসনের জন্য উপযোগী সেনাবাহিনী গড়ে না তোলার জন্যও অঙ্গীকার করা হয় সংবিধানের ওই অনুচ্ছেদে। জাপানের সংবিধান 'শান্তি সংবিধান' নামেও পরিচিত।

নেপাল: ২০১৫ সালে নতুন সংবিধান প্রণীত হয়। এশিয়ায় নেপালই প্রথম দেশ যাদের সংবিধানে সমকামী, উভয়কামী ও তৃতীয় লিঙ্গের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা হয়।

MCQ Solution

১. **কোন দেশের অধিকাংশ আইন গড়ে উঠেছে প্রথার ওপর?** [ঢাবি (খ ইউনিট): ১১-১২]
ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র ⓑ কানাডা
ⓒ গ্রেট ব্রিটেন ⓓ ফ্রান্স **উত্তর:** গ

২. **নিচের কোন দেশের সংবিধান অলিখিত?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৮] *Or,*
Which of the following country does not have a written constitution? [PGCL Assistant Manager: 21]
ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র ⓑ ব্রিটেন
ⓒ নেপাল ⓓ কোস্টিরিকা
ⓔ মৌরিতানিয়া **উত্তর:** খ

৩. **যুক্তরাজ্যের প্রথম সাংবিধানিক দলিল কোনটি?** [৫ম বিজেএস]
ⓐ বিল অফ রাইটস ⓑ এ্যাক্ট অফ সেটেলমেন্ট
ⓒ ম্যাগনাকার্টা ⓓ জুডিকেচার এ্যাক্ট **উত্তর:** গ

৪. **নিচের কোনটি Great Charter হিসেবে পরিচিত?** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৮-০৯]
ⓐ Magna Carta ⓑ Retition of Rights
ⓒ Bill of Rights ⓓ French Revolution **উত্তর:** ক

৫. **ম্যাগনাকার্টা কী?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর: ১৪]
ⓐ ইংল্যান্ডের প্রথম শাসনতন্ত্র
ⓑ গ্রিসের প্রথম শাসনতন্ত্র
ⓒ অস্ট্রেলিয়ার শাসনতন্ত্র
ⓓ রাশিয়ার শাসনতন্ত্র **উত্তর:** ক

৬. **ম্যাগনাকার্টা হচ্ছে-** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]
ⓐ ফরাসি শাসনতন্ত্রের বাইবেল
ⓑ ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল
ⓒ স্পেনীয় শাসনতন্ত্রের বাইবেল
ⓓ জার্মান শাসনতন্ত্রের বাইবেল **উত্তর:** খ

৭. **The Magna Carta is-** [Standard Bank Ltd. Asst. Officer (Cash): 11]
ⓐ The name of an English king (ইংল্যান্ডের রাজার নাম)
ⓑ One of Napoleons Wars (নেপোলিয়নের একটি যুদ্ধ)
ⓒ A British Naval Ship (একটি ব্রিটিশ নৌতরী)
ⓓ A Historical Document curbing the king's power (রাজার ক্ষমতা খর্ব করার একটি ঐতিহাসিক দলিল) **Ans. d**

৮. **The Maghna Carta was published by the king of -** [JU (C1 Unit): 15-16]
ⓐ France ⓑ Austria
ⓒ Italy ⓓ England **Ans. d**

৯. **ইংল্যান্ডের কোন রাজা ম্যাগনাকার্টায় স্বাক্ষর করেন?** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী (সিভিল): ৯৯]
ⓐ জন ⓑ জেমস
ⓒ এডওয়ার্ড ⓓ জর্জ **উত্তর:** ক

১০. **ম্যাগনাকার্টা কোন সালের কত তারিখে স্বাক্ষরিত হয়?** [চবি (ই ইউনিট): ১৬-১৭]
ⓐ ১৫২১ সালের ১৫ জুন
ⓑ ১২১৩ সালের ৭ ডিসেম্বর
ⓒ ১২১৫ সালের ১৫ জুন
ⓓ ১৩২৫ সালের ৭ জুলাই **উত্তর:** গ

১১. **"রাজা মরে না" এই উক্তিটি কোন দেশের সংবিধানে উল্লেখ আছে?** [মন্ত্রণালয়ের উপসহকারী প্রোগ্রামার: ১৬]
ⓐ জাপান ⓑ নেপাল
ⓒ থাইল্যান্ড ⓓ গ্রেট ব্রিটেন **উত্তর:** ঘ

১২. **বিশ্বের কোন দেশের কোনো সংবিধান ও পার্লামেন্ট নেই?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১৬]
ⓐ লিবিয়া ⓑ সৌদি আরব
ⓒ ব্রুনাই ⓓ যুক্তরাজ্য
ⓔ সিরিয়া **উত্তর:** খ

১৩. **১৬৮৯ সালে মানবাধিকায় প্রতিষ্ঠায় স্বাক্ষরিত হয় -** [চবি (ঙ ইউনিট): ০৩-০৪]
ⓐ Magna Carta
ⓑ Petition of Rights
ⓒ English Bill of Rights
ⓓ French Declaration of Rights of man and of the Citizen **উত্তর:** গ

১৪. **যুক্তরাষ্ট্রের সংবিধান রচিত হয় কোন সনে?** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক: ০৫]
ⓐ ১৭৮০ সনে ⓑ ১৭৮৭ সনে
ⓒ ১৮৭০ সনে ⓓ ১৮৮৯ সনে **উত্তর:** খ

১৫. কোন দেশের সংবিধানে বর্ণিত নাগরিক অধিকারসমূহ **Bill of Rights** নামে পরিচিত? [বেরোবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ যুক্তরাজ্য ⓛ যুক্তরাষ্ট্র
ⓜ ফ্রান্স ⓝ সুইডেন
ⓞ অস্ট্রেলিয়া **উত্তর: খ**

১৬. মধ্যপ্রাচ্যের কোন দেশে সংসদ নেই? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা: ২১]
ⓚ ইরাক ⓛ ইরান
ⓜ সৌদিআরব ⓝ ওমান **উত্তর: গ**

১৭. বিশ্বের সবচেয়ে বড় সংবিধান কোন দেশের? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান: ১৮]
ⓚ যুক্তরাষ্ট্র ⓛ ভারত
ⓜ বাংলাদেশ ⓝ অস্ট্রেলিয়া **উত্তর: খ**

১৮. কোন দেশের সংবিধান সবচেয়ে ছোট? [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৪-০৫]
ⓚ যুক্তরাষ্ট্রের ⓛ কানাডার
ⓜ জাপানের ⓝ ভারতের **উত্তর: ক**

১৯. বর্তমান বিশ্বের কোন দেশটির সংবিধানকে 'শান্তি সংবিধান' (Peace Constitution) বলা হয়? [৩৫তম বিসিএস/ সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক: ২১]
ⓚ জাপান ⓜ কোস্টারিকা
ⓛ পেরু ⓝ সুইজারল্যান্ড **উত্তর: ক**

২০. এশিয়ার কোন দেশের সংবিধানে সমকামী, উভয়কামী ও তৃতীয় লিঙ্গের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা হয়েছে? [জাবি (সি৭ ইউনিট): ১৫-১৬]
ⓚ জাপান ⓛ থাইল্যান্ড
ⓜ নেপাল ⓝ ফিলিপাইন **উত্তর: গ**

আইনসভা

(ক) দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা

দেশ	*আইনসভা*	
	উচ্চকক্ষ	*নিম্নকক্ষ*
জাপান	ডায়েট	
	হাউস অব কাউন্সিলরস	House of Representatives
মালয়েশিয়া	পার্লামেন্ট	
	সিনেট (Dewan Negara)	House of Representatives (Dewan Rakyat)
মিয়ানমার	The assembly of the Union (৬৬৪জন সদস্য) [১]	
	House of Nationalities ২২৪জন সদস্য	House of Representatives ৪৪০জন সদস্য
নেপাল	ফেডারেল পার্লামেন্ট (সংসদ) [২]	
	ন্যাশনাল অ্যাসেম্বলি (রাষ্ট্রীয় সভা)	House of Representatives (প্রতিনিধি সভা)
ভারত	পার্লামেন্ট (সংসদ) [৩]	
	কাউন্সিল অব স্টেটস (রাজ্যসভা) ২৪৫ জন সদস্য (২৩৩ জন নির্বাচিত + ১২ জন মনোনীত)	হাউজ অব দি পিপল (লোকসভা) ৫৪৫ জন সদস্য (৫৪৩ জন নির্বাচিত + ২ জন মনোনীত)
ভুটান	পার্লামেন্ট	
	ন্যাশনাল কাউন্সিল (Gyelyong Tshogde)	ন্যাশনাল অ্যাসেম্বলি (Gyelyong Tshogdu)
পাকিস্তান	পার্লামেন্ট (মজলিস-ই-শূরা)	
	সিনেট	ন্যাশনাল অ্যাসেম্বলি
আফগানিস্তান	ন্যাশনাল অ্যাসেম্বলি	
	হাউজ অব এলডারস (মেশরানো জিরগা)	হাউজ অব দি পিপল (ওলেসি জিরগা)
রাশিয়া	ফেডারেল অ্যাসেম্বলি	
	ফেডারেশন কাউন্সিল	স্টেট ডুমা
জার্মানি	ফেডারেল কাউন্সিল (বুনডেসরাট)	ফেডারেল ডায়েট (বুনডেসটাগ)

দেশ	আইনসভা	
	উচ্চকক্ষ	নিম্নকক্ষ
পোল্যান্ড	ন্যাশনাল অ্যাসেম্বলি	
	সিনেট	সিম
ইতালি	পার্লামেন্ট	
	সিনেট অব দ্য রিপাবলিক	চেম্বার অব ডিপুটিস
ফ্রান্স	পার্লামেন্ট	
	সিনেট	ন্যাশনাল এ্যাসেম্বলি
যুক্তরাজ্য	পার্লামেন্ট	
	হাউস অব লর্ডস	হাউস অব কমন্স (৬৫০ জন সদস্য)
দক্ষিণ আফ্রিকা	পার্লামেন্ট	
	ন্যাশনাল কাউন্সিল অব প্রভিন্স	ন্যাশনাল এ্যাসেম্বলি
যুক্তরাষ্ট্র	কংগ্রেস	
	সিনেট (৫০টি রাজ্য × ২ জন = ১০০ সদস্য)	হাউজ অব রিপ্রেজেন্টেটিভ্স (৪৩৫ সদস্য)
কানাডা	পার্লামেন্ট	
	সিনেট	হাউজ অব কমন্স

[১] মিয়ানমারের আইনসভার আসনের ২৫ শতাংশ অনির্বাচিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত।

[২] নেপালে আইনসভার নাম ছিল রাষ্ট্রীয় পঞ্চায়েত (১৯৬০ - ৯০ খ্রি.)।

[৩] ভারতের সরকার গঠনের জন্য লোকসভার ৫৪৫ জন সদস্যের মধ্যে ২৭২ জন সদস্যের সমর্থন প্রয়োজন হয়। ভারতের প্রথম লোকসভার মেয়াদকাল ছিল ১৭ এপ্রিল, ১৯৫২ - ৪ এপ্রিল, ১৯৫৭। ভারতের পশ্চিমবঙ্গের আইন সভার নাম বিধানসভা।

- যুক্তরাজ্যের সরকার গঠনের জন্য পার্লামেন্টের ৬৫০ জন সদস্যের মধ্যে ৩২৬ জন সদস্যের সমর্থন প্রয়োজন হয়। পার্লামেন্টের সাধারণ নির্বাচন সাধারণত পাঁচ বছর অন্তর মে মাসের প্রথম বৃহস্পতিবারে অনুষ্ঠিত হয়।
- মুসলিম বিশ্বের প্রথম মহিলা স্পীকার হিসেবে পাকিস্তানের ফাহমিদা মির্জা ন্যাশনাল অ্যাসেম্বলির অষ্টাদশ স্পীকারের (২০০৮-২০১৩ খ্রি.) দায়িত্ব পালন করেন।
- আফগানিস্তানের উপজাতীয় বিভিন্ন গোত্রের প্রবীণ নেতাদের সংগঠনের নাম লয়া জিরগা (Loya jirga)।
- ডিস্ট্রিক অব কলাম্বিয়া থেকে যুক্তরাষ্ট্রের আইনসভার উচ্চকক্ষে কোনো প্রতিনিধি থাকে না। প্রথম মুসলিম মার্কিন কংগ্রেসম্যান হলেন কিথ এলিসন।

(খ) এক কক্ষবিশিষ্ট আইনসভা

দেশ	আইনসভার নাম
উ. কোরিয়া	সুপ্রিম পিপল'স অ্যাসেম্বলি
দ. কোরিয়া	ন্যাশনাল অ্যাসেম্বলি (Daehanminguk Gukhoe)
মঙ্গোলিয়া	স্টেট গ্রেট খুরাল (State Great Khural)
চীন	জাতীয় গণ কংগ্রেস (National People's Congress)
শ্রীলঙ্কা	পার্লামেন্ট - আসন সংখ্যা ২২৫।
মালদ্বীপ	পিপলস মজলিস


দেশ	আইনসভার নাম
ইরান	Islamic Consultative Assembly (মজলিস ই শুরা ই ইসলাম)- পার্লামেন্ট নামেও পরিচিত)
ইসরায়েল	নেসেট (Knesset)
তুরস্ক	গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি
মিশর	মজলিস-ই-নওয়াব (HouseofRepresentatives)
সুইডেন	রিকসড্যাগ
ডেনমার্ক	ফোকেটিং
নরওয়ে	স্টরটিং
ক্রোয়েশিয়া	সাবোর

আইনসভা ভবন

- ব্রিটেনের পার্লামেন্ট ভবনের নাম 'ওয়েস্টমিনিস্টার প্রাসাদ'। এটি লন্ডনের টেমস নদীর তীরে অবস্থিত। পার্লামেন্ট ভবনের উত্তরাংশের ক্লক টাওয়ারে অবস্থিত সুবিশাল ঘণ্টার ডাক নাম 'বিগবেন' (Big Ben)।



Westminster Palace



Big Ben

- বেইজিংয়ে অবস্থিত আইনসভার ভবনের নাম Great Hall of the People।

MCQ Solution

১. **জাপানের আইনসভা বা পার্লামেন্টের নাম কী?** [২৬তম বিসিএস/১১তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অফিস সহকারী: ২২]
ⓚ রাইখ স্ট্যাড ⓚ রিকস ড্যাগ
ⓖ ফোকেটিং ⓖ ডায়েট **উত্তর:** ঘ

২. **কোন দেশের জাতীয় সংসদ দ্বি-কক্ষ বিশিষ্ট?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ক মিয়ানমার খ চীন
গ সিঙ্গাপুর ঘ ব্রুনাই **উত্তর:** ক

৩. **সংবিধান অনুযায়ী মিয়ানমারের সংসদে কত শতাংশ আসন অনির্বাচিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে?** [৩৭তম বিসিএস]
ক ২৫% খ ৩৫%
গ ৪৫% ঘ ৫৫% **উত্তর:** ক

৪. **ভারতের আইন সভা কয় কক্ষ বিশিষ্ট?** [ইবি (সি ইউনিট): ০৯-১০]
ক এক কক্ষ খ তিন কক্ষ
গ দুই কক্ষ ঘ কোনোটিই নয় **উত্তর:** গ

৫. **ভারতীয় আইনসভার উচ্চকক্ষের নাম-** [রাবি (রাষ্ট্রবিজ্ঞান): ০৪-০৫]
ক লোকসভা খ বিধানসভা
গ রাজ্যসভা ঘ লর্ডসভা **উত্তর:** গ

৬. **ভারতের আইন সভার নিম্নকক্ষের নাম-** [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ক রাজ্যসভা খ লোকসভা
গ জাতীয় সংসদ ঘ বিধান সভা **উত্তর:** খ

৭. **ভারতে প্রথম লোকসভা কবে গঠিত হয়েছিল?** [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ০৩]
ক ১৯৪৭ সালের ১৫ আগস্ট
খ ১৯৫২ সালের ১৭ এপ্রিল
গ ১৯৪৮ সালের ১২ নভেম্বর
ঘ ১৯৫০ সালের ১ জানুয়ারি **উত্তর:** খ

৮. **ভারতের লোকসভায় সরকার গঠন করতে ন্যূনতম আসনের প্রয়োজন:** [শাবিপ্রবি (খ ইউনিট): ০৩-০৪]
ক ২৭৩ খ ২৭০
গ ২৭৫ ঘ ২৭২ **উত্তর:** ঘ

৯. **ভারতের লোকসভার সদস্য সংখ্যা কত?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক ৫৫০ খ ৫৪৫
গ ৫৫২ ঘ ৫৪৮ **উত্তর:** খ

১০. **ভারতীয় লোকসভার নির্বাচিত সদস্য সংখ্যা কতটি?** [২৭তম বিসিএস/২৬তম বিসিএস]
ক ৫৪৩ খ ৫৪৫
গ ৪১৪ ঘ ৫৪০ **উত্তর:** ক

১১. **ভারতের পশ্চিমবঙ্গের আইন সভার নাম-** [চবি (ঘ ইউনিট): ০৩-০৪]
ক বিধানসভা খ রাজ্যসভা
গ লোকসভা ঘ পঞ্চায়েত **উত্তর:** ক

১২. **নেপালের পার্লামেন্ট বা আইনসভার নাম কী?** [১১তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (যমুনা): ১৩]
ক সিনেট খ পঞ্চায়েত
গ কংগ্রেস ঘ মজলিশ **উত্তর:**

১৩. **ভুটান এর আইনসভার নাম কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক পার্লামেন্ট খ অ্যাসেম্বলি
গ ডায়েট ঘ সোগড়ু **উত্তর:** ক

১৪. **মুসলিম বিশ্বের আইনসভার প্রথম মহিলা স্পিকার-** [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক মালিদা লোদী খ ফাহমিদা মির্জা
গ ফাহমিদা নবী ঘ ফাহমিদা ইসলাম **উত্তর:** খ

১৫. **আফগানিস্তানের প্রবীণ নেতাদের সংগঠনের নাম** - [বেরোবি (এ ইউনিট): ১৩-১৪]
ক পুশতুলাকা খ লয়া জিরগা
গ জুকোটি জিরগা ঘ পুশতু জিরগা **উত্তর:** খ

১৬. **'লয়াজিরগা' কোন দেশের আইনসভা?** [৩৪তম বিসিএস]
ক ফিজি খ সিরিয়া
গ লেবানন ঘ আফগানিস্তান **উত্তর:** ঘ

১৭. **লয়া জিরগা (Loya jirga) হলো-** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ক মুসলমানদের একটি পবিত্র স্থান
খ ইহুদিদের একটি ধর্মীয় অনুষ্ঠান
গ আফগানিস্তানের শাসনকার্য পরিচালনার জন্য বয়োজ্যেষ্ঠদের পরিষদ
ঘ তিব্বতের আধ্যাত্মিক নেতা **উত্তর:** গ

১৮. **লয়া জিরগা আফগানিস্তানের (আইন সভা ন্যাশনাল অ্যাসেম্বলি)-** [ইবি (এইচ ইউনিট, সমাজবিজ্ঞান স্কুল): ১৩-১৪]
ক আইনসভা খ গোত্রীয় প্রতিনিধিসভা
গ রাজ্যসভা ঘ কোনোটিই নয় **উত্তর:** খ

১৯. 'মজলিস' কোন দেশের আইনসভার নাম? [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক: ২১]
ক) পাকিস্তান খ) ইরান
গ) ইরাক ঘ) আফগানিস্তান **উত্তর:** খ

২০. মজলিস উস শুরা - [জাবি (সি৩ ইউনিট): ১৫-১৬]
ক) রাষ্ট্র পরিচালনা পর্ষদ খ) একটি সংবিধান
গ) একটি সংগঠন ঘ) কেন্দ্রীয় কোষাগার **উত্তর:** ক

২১. উত্তর কোরিয়ার পার্লামেন্টের নাম- [ঢাবি (খ ইউনিট): ০৫-০৬]
ক) লর্ডস অ্যাসেম্বলি খ) সুপ্রিম পিপলস অ্যাসেম্বলি
গ) ফেডারেল অ্যাসেম্বলি ঘ) হাউজ অব এ্যাসেম্বলি **উত্তর:** খ

২২. 'নেসেট' কী? [খুবি (বি ইউনিট): ১৯-২০]
ক) সংবাদ সংস্থা খ) মানবাধিকার সংগঠন
গ) সামরিক সংস্থা ঘ) আইনসভা **উত্তর:** ঘ

২৩. ইসরায়েলের আইনসভার নাম কি? [জীবন বীমা কর্পোরেশন উচ্চমান সহকারী: ২১]
ক) পার্লামেন্ট খ) ডায়েট
গ) নেসেট ঘ) সিনেট উত্তর: গ

২৪. Grand National Assembly কোন দেশের পার্লামেন্ট? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক (পদার্থ): ২১]
ক) তুরস্ক খ) হল্যান্ড
গ) অস্ট্রিয়া ঘ) গ্রেট ব্রিটেন **উত্তর:** ক

২৫. The parliament of Russia is known as - [Mercantile Bank Ltd. Trainee Officer: 13]
ⓐ Folketing
ⓑ Duma and Council of the Federation
ⓒ Bundestag
ⓓ Cartes
ⓔ None of these **Ans.** b

২৬. Duma হলো - [খুবি (খ ইউনিট): ১৭-১৮]
ক) এক ধরনের ভাইরাস
খ) একটি দেশের আইনসভার নাম
গ) একটি সন্ত্রাসী গোষ্ঠীর নাম
ঘ) রাশিয়ার গোয়েন্দা সংস্থা **উত্তর:** খ

২৭. স্টেট ডুমা যে দেশের আইনসভা- [জবি (খ ইউনিট): ১০-১১]
ক) জাপান খ) তুরস্ক
গ) জার্মানি ঘ) রাশিয়া **উত্তর:** ঘ

২৮. রাশিয়ার পার্লামেন্টের নিম্নকক্ষের নাম কী? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক) ডুমা খ) সোরা
গ) ডায়েট ঘ) কংগ্রেস **উত্তর:** ক

২৯. 'সীম' কোন দেশের পার্লামেন্টের নাম? [রাবি (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান): ০৫-০৬]
ক) মালয়েশিয়া খ) পোল্যান্ড
গ) সুইডেন ঘ) নেদারল্যান্ড **উত্তর:** খ

৩০. বুন্দেসট্যাগ কোন দেশের পার্লামেন্টের নাম? [স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল): ১৭]
ক) রুমানিয়া খ) স্পেন
গ) বুলগেরিয়া ঘ) জার্মানি **উত্তর:** ঘ

৩১. ফ্রান্সের আইনসভার নাম কী? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অফিস সহকারী: ১৮]
ক) কংগ্রেস খ) ন্যাশনাল অ্যাসেম্বলি
গ) পার্লামেন্ট ঘ) ডায়েট **উত্তর:** গ

৩২. What is the name of the British Parliament? [Pubali Bank Ltd. Junior Officer (Cash): 13]
ⓐ Congress ⓑ House of Commons
ⓒ Parliament ⓓ Diet **Ans.** c

৩৩. ব্রিটেনের পার্লামেন্ট কত কক্ষ বিশিষ্ট? [ইবি (সি ইউনিট): ০৮-০৯]
ক) এক কক্ষ খ) দ্বি-কক্ষ
গ) বহু-কক্ষ ঘ) কোনোটিই নয় **উত্তর:** খ

৩৪. 'House of Lords' এবং 'House of Commons' কোন দেশের পার্লামেন্ট? [রাবি (এ ইউনিট): ১৩-১৪]
ক) যুক্তরাজ্য খ) যুক্তরাষ্ট্র
গ) ফ্রান্স ঘ) ইতালি **উত্তর:** ক

৩৫. কোন দেশে হাউস অফ কমনস পার্লামেন্টে নিম্ন কক্ষ? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক) যুক্তরাষ্ট্র খ) অস্ট্রেলিয়া
গ) নিউজিল্যান্ড ঘ) যুক্তরাজ্য **উত্তর:** ঘ

৩৬. ব্রিটেনের পার্লামেন্টের 'হাউজ অব কমন্স' এর সদস্য সংখ্যা কত? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৬]
ক) ৫৪৫ জন খ) ৫৭৫ জন
গ) ৬১৫ জন ঘ) ৬৫০ জন **উত্তর:** ঘ

৩৭. ওয়েস্ট মিনিস্টার কি জন্য বিখ্যাত? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ৯০]
ক) নাসা ভবন
খ) ব্রিটেনের ব্যবসা কেন্দ্র
গ) ব্রিটেনের পার্লামেন্ট ভবন
ঘ) আমেরিকার হোয়াইট হাউজ **উত্তর:** গ

৩৮. The parliament of ______ is well known as Westminister Parliament. [4 Banks Joint recruitment test Senior Officer (IT): 18]
ⓐ Norway ⓑ USA
ⓒ UK ⓓ Poland **Ans.** c

৩৯. The '*Big Ben*' is the - [Premier Bank Ltd. MTO: 09]
ⓐ Name given to the big clock of the British Parliament building
ⓑ Official residence of the President of France
ⓒ One of the longest palaces in Spain
ⓓ Sand and Rock bridge between Sri Lanka and India **Ans.** a

৪০. **বিগবেন কী?** [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা: ০৩]
ⓚ একটি যুদ্ধ জাহাজ ⓚ একটি বিশাল বাদ্যযন্ত্র
ⓖ একটি ঘড়ি ⓖ একটি গির্জা **উত্তর:** গ

৪১. **How many seats does a political party in UK require to form the Government?** [Grameen Bank Senior Officer: 10]
ⓐ 330 ⓑ 326
ⓒ 360 ⓓ 324
ⓔ 311 **Ans.** b

৪২. **মঙ্গোলিয়ার পার্লামেন্টের নাম কী?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ⓚ কংগ্রেস ⓚ চেম্বার
ⓖ উয়ান ⓖ খুরাল **উত্তর:** ঘ

৪৩. **গ্রেট হল অবস্থিত-** [৩২তম বিসিএস]
ⓚ মস্কো ⓚ চীন
ⓖ বার্লিন ⓖ ইংল্যান্ড **উত্তর:** খ

৪৪. **চীনের আইন সভার নাম কী?** [ইবি : ০৫-০৬]
ⓚ গণ কংগ্রেস ⓚ কংগ্রেস
ⓖ রাজ্যসভা ⓖ পার্লামেন্ট **উত্তর:** ক

৪৫. **কোন দেশটির এককক্ষ বিশিষ্ট আইন সভা-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন এর সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন): ১৭]
ⓚ সুইডেন ⓚ স্পেন
ⓖ পাকিস্তান ⓖ অস্ট্রিয়া **উত্তর:** ক

৪৬. **সুইডেনের পার্লামেন্টের নাম কী?** [ইবি (বি ইউনিট): ১০-১১]
ⓚ রিক্সড্যাগ ⓚ ক্রোটস
ⓖ যুরাল ⓖ সিনেট **উত্তর:** ক

৪৭. **নরওয়ের আইনসভার নাম -** [শিক্ষা ও প্রকৌশল অধিদপ্তর উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল): ২১]
ⓚ রিক্সড্যাগ ⓚ ফলকেটিং
ⓖ স্টরটিং ⓖ নেসেট **উত্তর:** গ

৪৮. **ক্রোয়েশিয়ার আইনসভার নাম কী?** [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ⓚ সাবোর ⓚ ন্যাশনাল কংগ্রেস
ⓖ ন্যাশনাল আসেম্বলি ⓖ নেগেঁ **উত্তর:** ক

৪৯. **ফলকেটিং (Folketing) কোন দেশের আইন সভা?** [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓚ বেলজিয়াম ⓚ নরওয়ে
ⓖ ফিনল্যান্ড ⓖ ডেনমার্ক **উত্তর:** ঘ

৫০. **ডেনমার্কের আইনসভার নাম কী?** [ইবি (বি ইউনিট): ১৭-১৮]
ⓚ চেম্বার ⓚ নেসেট
ⓖ ফোকেটিং ⓖ সিনেট **উত্তর:** গ

৫১. **মিশরের পার্লামেন্টের নাম কী?** [জাতীয় সংসদে প্রশাসনিক কর্মকর্তা ও প্রটোকল অফিসার: ০৬]
ⓚ কংগ্রেস ⓚ মজলিস
ⓖ পার্লামেন্ট ⓖ দারুল আওয়াম **উত্তর:** খ

৫২. **মার্কিন যুক্তরাষ্ট্রের আইন সভা কয় কক্ষ বিশিষ্ট?** [ইবি (সি ইউনিট): ০৯-১০]
ⓚ এক কক্ষ ⓚ দুই কক্ষ
ⓖ তিন কক্ষ ⓖ কোনোটিই নয় **উত্তর:** খ

৫৩. **The name of the parliament of USA is:** [Banglalesh Shilpa Bank recruitment test: 04]
Or,
মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার (আইন পরিষদের) নাম- [চবি (বি-১ ইউনিট): ১৫-১৬]
ⓐ Congress (কংগ্রেস)
ⓑ House of Commons (হাউস অব কমন্স)
ⓒ Capital (ক্যাপিটাল)
ⓓ White House (হোয়াইট হাউস) **Ans.** a

৫৪. **Congress is the name of the parliament of which of the following country?** [Bangladesh Bank Assistant Director: 08] *Or,*
কংগ্রেস কোন দেশের আইনসভার নাম? [সংস্থাপন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ⓐ India ⓑ South Africa
ⓒ USA ⓓ Sweden **Ans.** c

৫৫. **আমেরিকার (মার্কিন যুক্তরাষ্ট্রের) আইনসভার দুটি কক্ষের নাম কী কী?** [মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]
ⓚ House of Commons & House of Lords
ⓚ House of Electore & Electoral College
ⓖ House of Representatives & Senate
ⓖ US Congress & US Legislature **উত্তর:** গ

৫৬. **যুক্তরাষ্ট্রের আইনসভার নিম্নকক্ষের নাম কী?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ⓚ হাউস অব কমনস্ ⓚ হাউস অব রিপ্রেজেন্টেটিভ
ⓖ সিনেট ⓖ হাউস অব লর্ডস **উত্তর:** খ

৫৭. **যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উচ্চ কক্ষের নাম কী?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিনিয়র অফিসার: ২১]
ⓚ হাউস অব কমনস্ ⓚ হাউস অব সিনেট
ⓖ প্রতিনিধি সভা ⓖ হাউজ অব লর্ডস **উত্তর:** খ

৫৮. **যুক্তরাষ্ট্রের সিনেটের মোট আসন সংখ্যা কতটি?** [২৮তম বিসিএস/ চবি (ডি ইউনিট): ২০-২১]
ⓚ ৯৯ ⓚ ১০০
ⓖ ১০১ ⓖ ১০২ **উত্তর:** খ

৫৯. **প্রথম মুসলিম মার্কিন কংগ্রেসম্যানের নাম-** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ কিথ এলিসন ⓚ এ্যালেন ফাইন
ⓖ ফ্রেড হফম্যান ⓖ গ্যারি লেনন **উত্তর:** ক



৬০. **What is the name of the parliament of Canada?** [JU (C1 Unit): 15-16]
ⓐ Parliament ⓑ Diet
ⓒ Congress ⓓ Duma **Ans.** a

জাতীয় প্রতীক

জাতীয় প্রতীক একটি দেশ বা জাতির ঐক্যের প্রতীক। জাতীয় প্রতীকে দৃশ্যমান, মৌখিক বা আইকনিক উপস্থাপনা (যেমন- পতাকা, সংগীত, পাখি, ফুল, ফল, পশু, খেলা প্রভৃতি) এর মাধ্যমে একটি জাতির লক্ষ্য ও ইতিহাস বা ঐতিহ্য ফুটিয়ে তোলা হয়।

দেশ	ফুল	বৃক্ষ	পাখি	পশু
জাপান	ক্রিসেনথিমাম	-	-	-
চীন	-	-	-	জায়ান্ট পান্ডা
নেপাল	-	-	-	গরু
ভুটান	নীল পপি		দাঁড় কাক	
ভারত	পদ্ম		ময়ূর	রয়েল বেঙ্গল টাইগার
পাকিস্তান	জুঁই			
মালদ্বীপ	গোলাপী গোলাপ (Pink rose)	নারিকেল গাছ		
শ্রীলঙ্কা	নীল পদ্ম (Blue water lily)			
ইরান	লাল গোলাপ (Red Rose)			
জার্মানি		ওক		
ফ্রান্স	আইরিস			
ইংল্যান্ড	গোলাপ	ওক		সিংহ
যুক্তরাষ্ট্র	গোলাপ			
অস্ট্রেলিয়া				ক্যাঙ্গারু
নিউজিল্যান্ড			কিউই	
দক্ষিণ আফ্রিকা	প্রোটিয়া (Protea)			

জাতীয় পতাকা

যুক্তরাষ্ট্র  ১৩টি আড়াআড়ি দাগ (৭টি লাল ও ৬টি সাদা) এবং এক কোণায় বর্গাকার নীল ক্ষেত্রের মধ্যে ৫০টি সাদা তারকা চিহ্ন আছে।	**যুক্তরাজ্য**  পতাকার নাম - ইউনিয়ন জ্যাক	**কানাডা**  পতাকায় ম্যাপল পাতার ছবি আছে।
ডেনমার্ক  বিশ্বের প্রাচীনতম পতাকা যা আজও ব্যবহৃত হচ্ছে। পতাকার নাম - ডেনব্রুগ।	**সৌদি আরব**  সৌদি আরব, ইরাক ও আফগানিস্তানের জাতীয় পতাকা কখনোই অর্ধনমিত করা হয় না। কারণ সৌদি পতাকায় কালেমায়ে তাইয়্যেবা, ইরাকের পতাকায় তাকবীর (আল্লাহু আকবার) এবং আফগানিস্তানের পতাকায় কালেমায়ে তাইয়্যেবা ও তাকবীর লেখা আছে।	**সিঙ্গাপুর**  মুসলিম দেশ না হলেও দেশটির পতাকায় চাঁদ-তারা আছে।
নেপাল  পতাকায় চাঁদ ও সূর্য আছে	**ভারত**  পতাকায় অশোক চক্রের ছবি আছে।	**পাকিস্তান**  অর্ধচন্দ্রাকৃতি চাঁদ ও তারা (Crescent and star) আছে।

জাতীয় খেলা

দেশ	জাতীয় খেলা
জাপান	সুমো (এক প্রকার কুস্তি)
চীন	টেবিল টেনিস
মালয়েশিয়া	Sepak takraw
ইন্দোনেশিয়া	ব্যাডমিন্টন
ভুটান	আর্চারি (তীরন্দাজি)
শ্রীলঙ্কা, নেপাল	ভলিবল
ভারত, পাকিস্তান	ফিল্ড হকি
আফগানিস্তান	বাজকাশি [১]
রাশিয়া	ব্যান্ডি
স্পেন	Bullfighting (ষাঁড়ের লড়াই) [২]
স্কটল্যান্ড	গলফ
ইংল্যান্ড	ক্রিকেট
জ্যামাইকা	ক্রিকেট
যুক্তরাষ্ট্র	বেসবল

[১] ঘোড়ায় চড়ে নির্দিষ্ট লক্ষ্যভেদ করার খেলা।
[২] 'বুল ফ্লাই ফাইটে' যে লড়াই করে তাকে বলে- ম্যাটাডোর।

জাতীয় সংগীত
বিশ্বের সবচেয়ে দীর্ঘ জাতীয় সংগীত রয়েছে গ্রিসের।

MCQ Solution

১. **What is the national symbol of Japan?** [Rupali Bank Ltd. Officer: 10]
Or,
জাপানের জাতীয় প্রতীক কী? [সাব-রেজিস্ট্রার: ০৩]
ⓐ Dragon ⓑ Rose
ⓒ Lilly Flower ⓓ Water Lilly
ⓔ Chrysanthemum **Ans.** e

২. **ভারতের জাতীয় পাখি–** [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ রাজহাঁস ⓚh ঈগল
গ) ময়ূর ঘ) গরু **উত্তর:** গ

৩. **ভুটানের রাষ্ট্রীয় ফুল কোনটি?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক) নীল পপি খ) লাল গোলাপ
গ) পদ্ম ঘ) লিলি **উত্তর:** ক

৪. **'ওক' (Oak) কোন দেশের জাতীয় বৃক্ষ?** [ইবি (সি ইউনিট): ১২-১৩]
ক) ইংল্যান্ড খ) আমেরিকা
গ) নিউজিল্যান্ড ঘ) চীন **উত্তর:** ক

৫. **The national flower of USA is-** [Sonali Bank Ltd (Executive Officer): 17]
ⓐ rose ⓑ sunflower
ⓒ tulip ⓓ dealth **Ans.** a

৬. **অস্ট্রেলিয়ার জাতীয় প্রতীক কী?** [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (ঢাবি) এর উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক) ঈগল খ) গোলাপ
গ) পদ্মফুল ঘ) ক্যাঙ্গারু **উত্তর:** ঘ

৭. **'Kiwi' কোন দেশের জাতীয় প্রতীক?** [রাবি (ঙ ইউনিট): ১৩-১৪]
ক) চীন খ) কোরিয়া
গ) জাপান ঘ) নিউজিল্যান্ড **উত্তর:** ঘ

৮. **কোন দেশের ক্রিকেটাররা 'কিউই' নামে পরিচিত?** [ইবি (জি ইউনিট): ১৪-১৫]
ক) জিম্বাবুয়ে খ) কেনিয়া
গ) দক্ষিণ আফ্রিকা ঘ) নিউজিল্যান্ড **উত্তর:** ঘ

৯. **Which country is called 'Land of Protease'?** [Uttara Bank Ltd. Probationary Officer: 21]
ⓐ Zimbabwe ⓑ New Zealand
ⓒ Australia ⓓ South Africa **Ans.** d

১০. **মুসলিম দেশ নয় কিন্তু পতাকায় চাঁদ-তারা আছে-** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব: ১৫]
ক) হংকং খ) থাইল্যান্ড
গ) সিঙ্গাপুর ঘ) মিয়ানমার **উত্তর:** গ

১১. **কোন দেশের পতাকায় চাঁদ ও সূর্য আছে?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক) সোমালিয়া খ) ব্রুনাই
গ) তুরস্ক ঘ) নেপাল **উত্তর:** ঘ

১২. **যে দেশের জাতীয় পতাকা কখনোই অর্ধনমিত করা হয় না-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ পর্যায়): ১৯]
ক) সৌদি আরব খ) আইসল্যান্ড
গ) গ্রিনল্যান্ড ঘ) ভ্যাটিকান **উত্তর:** ক

১৩. **Which country first used national flag?** [BRU (F Unit): 13-14] *Or,*
বিশ্বে সর্বপ্রথম কোন দেশে জাতীয় পতাকার প্রচলন শুরু হয়? [জবি (বি ইউনিট): ১৫-১৬]
ক) সুইডেন খ) চীন
গ) ডেনমার্ক ঘ) রাশিয়া **উত্তর:** গ

১৪. **কোন দেশের পতাকাকে 'ইউনিয়ন জ্যাক' বলা হয়?** [ইবি (বি ইউনিট): ০৮-০৯]
ক) ফ্রান্স খ) ইতালি
গ) ব্রিটেন ঘ) কানাডা **উত্তর:** গ

১৫. **কোন দেশের পতাকায় ম্যাপল পাতার ছবি আছে?** [ইবি (জি ইউনিট): ১১-১২]
ক) আমেরিকা খ) ইতালি
গ) ঘানা ঘ) কানাডা **উত্তর:** ঘ

১৬. **ম্যাপল পাতার দেশ (The Land of Maple Leaf') কোনটি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান: ১৮]
ⓚ কানাডা ⓚ থাইল্যান্ড
ⓖ নরওয়ে ⓖ সুইজারল্যান্ড **উত্তর:** ক

১৭. **মার্কিন যুক্তরাষ্ট্রের পতাকায় কয়টি রেখা আছে?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট: ০৫]
Or,
How many stripes are there in the US flag? [Pubali Bank Ltd.Trainee Assistant Junior Officer (Cash): 19]
ⓚ ১১টি ⓚ ১৩টি
ⓖ ১৪টি ⓖ ১৫টি **উত্তর:** খ

১৮. **Which country has the longest national anthem in the world?** [Probashi Kallyan Bank Officer (Cash): 21]
ⓐ Japan ⓑ Russia
ⓒ USA ⓓ Greece **Ans.** d

১৯. **What is the national game of USA?/ যুক্তরাষ্ট্রের জাতীয় খেলা কোনটি?** [SIBL Probationary Officer: 11/ Bangladesh Bank Asst. Director: 08]
ⓐ Football ⓑ Cricket
ⓒ Baseball ⓓ Swimming
ⓔ Tennis **Ans.** c

২০. **তীরন্দাজি কোন দেশের জাতীয় খেলা?** [জবি (খ ইউনিট): ১৬-১৭]
ⓚ নেপাল ⓚ চীন
ⓖ মঙ্গোলিয়া ⓖ ভুটান **উত্তর:** ঘ

২১. **National Sport of Bhutan is-** [SIBank Ltd. Trainee Officer: 10] *Or,*
ভুটানের জাতীয় খেলা- [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ⓚ ফুটবল ⓚ ক্রিকেট
ⓖ আর্চারি ⓖ টেনিস **উত্তর:** গ

২২. **ব্যাডমিন্টন কোন দেশের জাতীয় খেলা?** [৪৩তম বিসিএস]
ⓚ মালয়েশিয়া ⓚ ইন্দোনেশিয়া
ⓖ চীন ⓖ ইংল্যান্ড **উত্তর:** খ

২৩. **Which country has Cricket as its national sports?** [Global Islami Bank Ltd. Probationary Officer: 21]
ⓐ South Africa ⓑ India
ⓒ Sri Lanka ⓓ Jamaica **Ans.** d

২৪. **ক্রিকেট কোন দেশের জাতীয় খেলা?** [রাবি (ইউনিট A-১): ২১-২২]
ⓚ ইংল্যান্ড ⓚ অস্ট্রেলিয়া
ⓖ নিউজিল্যান্ড ⓖ স্কটল্যান্ড **উত্তর:** ক

২৫. **'সুমো' কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ⓚ সোমালিয়ান মুদ্রা ⓚ আফ্রিকার উপজাতি
ⓖ চীনা পানীয় ⓖ জাপানি কুস্তি **উত্তর:** খ

২৬. **The fighter of 'Bull Fly Fight' in Spain is called -** [JU (C1 Unit): 15-16]
Or,
স্পেনের 'বুল ফ্লাই ফাইটে' যে লড়াই করে তাকে বলে- [ইবি : ০৫-০৬]
ⓐ Fighter ⓑ Matador
ⓒ Gladiator ⓓ Survivor **Ans.** b

বিচার বিভাগ

- বিচার বিভাগের স্বাধীনতা ব্যক্তি স্বাধীনতার গুরুত্বপূর্ণ রক্ষাকবচ। বিচার বিভাগ আইন ও শাসন বিভাগের নিয়ন্ত্রণ মুক্ত হয়ে স্বাধীনভাবে বিচারকার্য সম্পন্ন করতে পারলে জনগণের স্বাধীনতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করা সম্ভব।
- সৌদি আরবের রিয়াদ-এ অবস্থিত জাস্টিস স্কয়ারে মৃত্যুদণ্ড প্রাপ্ত ব্যক্তিদের শিরশ্ছেদের মাধ্যমে দণ্ড কার্যকর করা হয়। এটি ডেরা স্কয়ার বা চপচপ স্কয়ার নামেও পরিচিত।
- ১৮৬৩ সালে বিশ্বের প্রথম দেশ হিসেবে ভেনিজুয়েলা মৃতুদণ্ড নিষিদ্ধ করে।

MCQ Solution

১. **ব্যক্তি স্বাধীনতার অন্যতম রক্ষাকবচ হলো -** [ইবি (জি ইউনিট): ১৩-১৪]
ⓚ আইন বিভাগ ⓚ বিচার বিভাগ
ⓖ শাসন বিভাগ ⓖ গণতন্ত্র **উত্তর:** খ

২. **জাস্টিস স্কয়ার যে দেশে-** [বেরোবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ সিরিয়া ⓚ সৌদি আরব
ⓖ তিউনিসিয়া ⓖ কুয়েত **উত্তর:** খ

৩. **Which was the first country to abolish death penalty?** [JU (F Unit): 15-16]
ⓐ Germany
ⓑ Venezuela
ⓒ Costa Rica
ⓓ The Netherlands **Ans.** b

৪. **Who quoted "It is better that ten guilty persons escape than one innocent suffer?"** [14th BJS : 21]
ⓐ T.H. White
ⓑ John Selden
ⓒ Cesare Beccaria
ⓓ William Blackstone **Ans.** d

আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু
Global Environmental Issue

বৈশ্বিক জলবায়ু
(ক) তাপমাত্রা

তাপমাত্রা	উত্তর গোলার্ধ	দক্ষিণ গোলার্ধ
উষ্ণতম মাস	জুলাই	জানুয়ারি
শীতলতম মাস	জানুয়ারি	জুলাই

- পৃথিবীর শীতলতম স্থান সাইবেরিয়ার ভারখয়ানস্ক (রাশিয়া)
  পৃথিবীর উষ্ণতম স্থান যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার Mojave মরুভূমির মৃত উপত্যকা (Death Valley)

(খ) বৃষ্টিপাত
পৃথিবীর সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয় ভারতের মেঘালয় রাজ্যের মৌসিনরাম অঞ্চলে।

MCQ Solution

১. **Which is considered the coldest place on earth?** [Mercantile Bank officer: 09]

Or,

পৃথিবীতে শীতলতম স্থান কোনটি? [রাবি (সি ইউনিট): ১৯-২০]

ⓚ নোভয়া জেমলিয়া ⓚ ভারখয়ানস্ক
ⓖ তুন্দ্রা ⓖ নিউ সাইবেরিয়া দ্বীপ **উত্তর:** খ

২. **Mojave Desert is located in ---** [BCIC Assistant Engineer (Commercial) : 21]

ⓐ Afghanistan ⓑ India
ⓒ South Africa ⓓ USA **Ans.** d

৩. **মৃত্যু উপত্যকা কোন দেশে অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ০৫]

ⓚ জিম্বাবুয়ে ⓚ ব্রাজিল
ⓖ আমেরিকা ⓖ কানাডা **উত্তর:** গ

৪. **দক্ষিণ গোলার্ধে উষ্ণতম মাস কোনটি?** [৪১তম বিসিএস]

ⓚ জানুয়ারি ⓚ ফেব্রুয়ারি
ⓖ ডিসেম্বর ⓖ মে **উত্তর:** ক

৫. **অস্ট্রেলিয়া মহাদেশের উষ্ণতম মাস কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা): ১২]

ⓚ জানুয়ারি ⓚ জুলাই
ⓖ ডিসেম্বর ⓖ সেপ্টেম্বর **উত্তর:** ক

ব্যাখ্যা: অস্ট্রেলিয়া মহাদেশ দক্ষিণ গোলার্ধে অবস্থিত।

৬. **পৃথিবীতে বেশি বৃষ্টিপাত হয় কোন স্থানে?** [চবি (বি ইউনিট): ০৮-০৯]

ⓚ কোয়েটা ⓚ কটক
ⓖ মৌসিনরাম ⓖ সিলেট
ⓙ পিকিং **উত্তর:** গ

মরুভূমি (Desert)

পৃথিবীর পাঁচ ভাগের একভাগ জায়গা জুড়ে আছে মরুভূমি। পৃথিবীর যেসব জায়গা বছরে গড়ে ১০ ইঞ্চি বা ২৫ সেমি বা তার চেয়ে কম বৃষ্টিপাত হয় এবং বৃষ্টিপাত, তুষারপাতের পরিমাণ বাষ্পীভবনের চেয়ে কম হয়, তাকে মরুভূমি বলে। উত্তর চিলির আতাকামা মরুভূমিতে একশ বছরে গড়ে তিন থেকে চার বার বৃষ্টিপাত হয়। আতাকামা মরুভূমি বিশ্বের শুষ্কতম (Driest) অঞ্চলগুলোর একটি। ইউরোপ মহাদেশে মরুভূমি নেই। মরুভূমি দুই ধরনের হয়। যথা-

ক) শীতল মরুভূমি: এন্টার্কটিকা, উত্তর মেরু, লাদাখ (জম্মু ও কাশ্মীর)
খ) উষ্ণ মরুভূমি : দস্ত-ই-লুত ও দস্ত-ই-কাভির (ইরান)

বিশ্বের বৃহত্তম ৫টি মরুভূমি হলো- (আয়তনের ক্রমানুসারে)

১। দক্ষিণ মেরুর মরুভূমি (এন্টার্কটিকা): পৃথিবীর সর্ববৃহৎ শীতল মরুভূমি।
২। উত্তর মরুভূমি (আর্কটিক)
৩। সাহারা মরুভূমি (উত্তর আফ্রিকা): পৃথিবীর সর্ববৃহৎ উষ্ণ মরুভূমি। সাহারা মরুভূমিকে 'আফ্রিকার দুঃখ' বলা হয়।
৪। অ্যারাবিয়ান মরুভূমি (মধ্যপ্রাচ্য): এর উল্লেখযোগ্য অংশগুলো নিম্নরূপ-
- রাব আল খালি মরুভূমি (সৌদি আরব, ওমান, সংযুক্ত আরব আমিরাত এবং ইয়েমেন)
- আন নাফুদ মরুভূমি (সৌদি আরব)
- দাহনা মরুভূমি (সৌদি আরব)

৫। গোবি মরুভূমি (চীনের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল এবং মঙ্গোলিয়ার দক্ষিণাঞ্চল)

অন্যান্য বড় মরুভূমির মধ্যে কালাহারি মরুভূমি (আফ্রিকা), গ্রেট ভিক্টোরিয়া মরুভূমি (অস্ট্রেলিয়া), পাটাগোনিয়ান মরুভূমি (আর্জেন্টিনা-চিলি), সিরিয়ান মরুভূমি (মধ্যপ্রাচ্য), গ্রেট বেসিন মরুভূমি (উত্তর আমেরিকা), চিহুয়াহুয়ান মরুভূমি (মেক্সিকো-যুক্তরাষ্ট্র), তাকলামাকান মরুভূমি (চীন), সোনোরান মরুভূমি (উত্তর আমেরিকার যুক্তরাষ্ট্র ও মেক্সিকো), থর মরুভূমি (ভারত-পাকিস্তান), গিবসন মরুভূমি (অস্ট্রেলিয়া) এর নাম উল্লেখযোগ্য।

ওরিয়েন্টাল অঞ্চল (Oriental Region)

'ওরিয়েন্টাল অঞ্চল' বলতে পৃথিবীর পূর্ব অংশের দেশসমূহকে বোঝায়। যথা- জাপান, চীন, কোরিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুর, হংকং, তাইওয়ান, লাওস, কম্বোডিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, মায়ানমার, বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা।

তুন্দ্রা

মেরু দেশীয় জলবায়ুর অন্য নাম তুন্দ্রা অঞ্চল। রাশিয়ার সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত রয়েছে।

প্রেইরি


প্রেইরি তৃণভূমি উত্তর আমেরিকায় যুক্তরাষ্ট্র ও কানাডার মাঝে বিশাল এলাকা নিয়ে অবস্থিত। প্রেইরি অঞ্চলে সবচেয়ে বেশি গম উৎপাদিত হয়। এ অঞ্চলকে পৃথিবীর 'রুটির ঝুড়ি' বলা হয়।

সাভানা

'সাভানা' হলো তৃণ ও বৃক্ষ আচ্ছাদিত বনভূমি। আফ্রিকার সাব-সাহারা অঞ্চল বিশ্বের সর্ববৃহৎ সাভানা হিসেবে শ্রেণিবদ্ধ।

সাহেল

সাহেল উত্তর আফ্রিকার একটি অঞ্চল, যা উত্তরের মরুময় সাহারা এবং দক্ষিণের সাভানার মধ্যবর্তী পরিবর্তনশীল অঞ্চল হিসেবে পরিচিত।



সাব সাহারা

সাব-সাহারা হলো আফ্রিকা মহাদেশের ঐ অঞ্চল যা সাহারা মরুভূমির দক্ষিণে অবস্থিত। সাব সাহারা'র অন্তর্গত অঞ্চলগুলো নিম্নরূপ-

- সাহেল
- ক্রান্তীয় সাভানা
- ক্রান্তীয় বৃষ্টিপ্রধান বনভূমি
- কালাহারি মরুভূমি

আমাজন বন



আমাজন অরণ্য হলো আমাজন নদী বিধৌত অঞ্চলে অবস্থিত পৃথিবীর বৃহত্তম গ্রীষ্মমণ্ডলীয়/ক্রান্তীয় ঘনবর্ষণ বনাঞ্চল (Tropical Rainforest স্পেনীস ভাষায়: Selva)। একে 'পৃথিবীর ফুসফুস' বলা হয়। বনভূমির আয়তন ৫৫ লাখ বর্গকিলোমিটার। আমাজন অরণ্যের ৬০% রয়েছে ব্রাজিলে, ১৩% রয়েছে পেরুতে। অনেকটা চিতা এবং লেপার্ডের মতো দেখতে জাগুয়ারকে বলা হয় আমাজন বনের রাজা। পৃথিবীর বৃহত্তম সাপ অ্যানাকোন্ডা আমাজন বনের বাসিন্দা।

ম্যানগ্রোভ বন

জোয়ারভাটায় বিধৌত লবণাক্ত সমতলভূমিকে ম্যানগ্রোভ বন বলে। সারা পৃথিবীব্যাপী গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের উষ্ণ (Tropical) ও উপউষ্ণ (Sub-tropical) উপকূলীয় এলাকায় ম্যানগ্রোভ জাতীয় বনাঞ্চল দেখা যায়। পৃথিবীর সর্বাধিক ম্যানগ্রোভ বনাঞ্চল রয়েছে ইন্দোনেশিয়ায়। সুন্দরবন পৃথিবীর একক বৃহত্তম ম্যানগ্রোভ বন হিসেবে পরিচিত।

MCQ Solution

১. **শীতল মরুভূমি কোনটি?** [রাবি (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি): ০৫-০৬]
ⓚ লাদাখ ⓚ আরব মরুভূমি
ⓖ সাহারা ⓖ রাব আল খালী **উত্তর:** ক

২. **Which desert is the driest in the world?** [Probashi Kallyan Bank Officer (Cash): 21]
ⓐ Sahara ⓑ Atacama
ⓓ Gobi ⓒ None **Ans. b**

৩. **কোনটি ইরানের মরুভূমি?** [রাবি (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি): ০৫-০৬]
ⓚ রাব আল খালি ⓚ দস্ত-ই-লুত
ⓖ দাহনা ⓖ নাফুদ **উত্তর:** খ

৪. **সৌদি আরবের একটি মরুভূমি** - [রাবি (আই ইউনিট): ১৪-১৫]
ⓚ রাব আল খালি ⓚ দস্তে লুত
ⓖ দস্তে খবির ⓖ গোবি **উত্তর:** ক

৫. **Which is the largest desert in the world?** [PGCL Assistant Manager: 21]

Or,

বিশ্বের বৃহত্তম মরুভূমি কোনটি? [রাবি (ইউনিট A-৩): ২১-২২]

ⓚ সাহারা ⓚ থর
ⓖ কালাহারি ⓖ গোবি **উত্তর:** ক

৬. **In which continent is the *Sahara desert* located?** [Mercantile Bank Ltd. Officer: 09]

Or,

সাহারা মরুভূমি কোন মহাদেশে অবস্থিত? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ): ০৯]

ⓚ এশিয়া ⓚ আফ্রিকা
ⓖ আমেরিকা ⓖ ইউরোপ **উত্তর:** খ

৭. **সাহারা মরুভূমি অবস্থিত** – [রাবি (এ-৩ ইউনিট): ১২-১৩]

ⓚ দক্ষিণ আফ্রিকা ⓚ সৌদি আরব
ⓖ মধ্য এশিয়া ⓖ উত্তর আফ্রিকা **উত্তর:** ঘ

৮. **সাহারা মরুভূমিকে কার দুঃখ বলা হয়?** [ববি (ঘ ইউনিট): ১৪-১৫]

ⓚ আফ্রিকার ⓚ ল্যাতিন আমেরিকার
ⓖ এশিয়ার ⓖ অস্ট্রেলিয়ার **উত্তর:** ক

৯. **The Great *Victoria Desert* is located in-** [Sylhet Gas Fields Ltd. Assistant Manager (General): 21]

ⓐ Canada ⓑ North America
ⓒ Australia ⓓ West Africa **Ans.** c

১০. **গোবি একটি-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ): ০৩-০৪]

ⓚ মরুভূমির নাম ⓚ ভাষার নাম
ⓖ নদীর নাম ⓖ উপত্যকার নাম **উত্তর:** ক

১১. **মঙ্গোলিয়া ও উত্তর চীনে বিস্তৃত মরুভূমি** – [রাবি (এ ইউনিট): ১৭-১৮]

ⓚ কালাহারি মরুভূমি ⓚ থর মরুভূমি
ⓖ গোবি মরুভূমি ⓖ সাহারা মরুভূমি **উত্তর:** গ

১২. **নিচের কোনটি সত্য নয়?** [৪১তম বিসিএস]

ⓚ গোবি মরুভূমি ভারতে অবস্থিত
ⓚ ইরাবতী মায়ানমারের একটি নদী
ⓖ সাজেক ভ্যালি বাংলাদেশে অবস্থিত
ⓖ থর মরুভূমি ভারতের পশ্চিমাংশে অবস্থিত **উত্তর:** ক

১৩. **Where is the '*Kalahari desert*' located?/ কালাহারি মরুভূমি কোথায় অবস্থিত?** [Sadharan Bima Corporation Asst. manager: 09]

ⓐ USA ⓑ Europe
ⓒ Asia ⓓ Africa
ⓔ None of these **Ans.** d

১৪. **'দাহনা' কোন দেশের মরুভূমি?** [রাবি (ইসলামী ইতিহাস): ০৭-০৮]

ⓚ ইরাক ⓚ সৌদি আরব
ⓖ সিরিয়া ⓖ ইয়েমেন **উত্তর:** খ

১৫. **Except one, the rest are names of some of the famous deserts of the world. Identify the one that is not a desert./ নিচের কোনটি ব্যতীত অন্য সবগুলো বিখ্যাত মরুভূমির নাম?** [Begum Rokeya University (F Unit): 13-14]

ⓐ Gobi ⓑ Kalahari
ⓒ Baikal ⓓ Thar **Ans.** c

১৬. **'আন নফুদ' একটি** – [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]

ⓚ বনভূমি ⓚ মরুভূমি
ⓖ উপত্যকা ⓖ নগরী **উত্তর:** খ

১৭. **Sonoran is a desert in--** [JU (F Unit): 18-19]

ⓐ Europe
ⓑ Africa
ⓒ North America
ⓓ South America **Ans.** c

১৮. **ইউরোপে কোন ভূমিরূপটি দেখা যায় না?** [জাবি (ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ): ০৯-১০]

ⓚ উপত্যকা ⓚ কেপ
ⓖ মরুভূমি ⓖ উপদ্বীপ **উত্তর:** গ

১৯. **Which of the following Middle East country does not have any desert?** [Jahangirnagar University (C Unit): 16-17]

ⓐ Saudi Arabia ⓑ Iran
ⓒ Iraq ⓓ Lebanon **Ans.** d

২০. **Which one of the following is the largest rainforest of the world?** [DBBL Probationary Officer: 12]

Or,

পৃথিবীর বৃহত্তম বৃষ্টিপ্রধান বনাঞ্চল কোনটি? [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]

ⓚ সুন্দরবন ⓚ আমাজন
ⓖ কঙ্গো ⓖ সাভানা **উত্তর:** খ

২১. **আমাজন বনভূমি কোন ধরনের বনভূমি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর সহকারী পরিচালক: ১৯]

ⓚ ম্যানগ্রোভ
ⓚ ঘনবর্ষণ বনাঞ্চল
ⓖ উপক্রান্তীয় ঘনবর্ষণ বনাঞ্চল
ⓖ গ্রীষ্মমণ্ডলীয় ঘনবর্ষণ বনাঞ্চল **উত্তর:** ঘ

২২. **আমাজন অববাহিকার ক্রান্তীয় বনভূমি হলো–** [রাবি (সি ইউনিট): ১৯-২০]

ⓚ সাভানা ⓚ প্রেইরি
ⓖ পাম্পাস ⓖ সেলভাস **উত্তর:** ঘ

২৩. **বিশ্বের সবচেয়ে চিরহরিৎ বনাঞ্চল কোনটি?** [চবি (বি ইউনিট): ১৯-২০]

ⓚ সুন্দরবন ⓚ রেইনট্রি ফরেস্ট
ⓖ আমাজন ফরেস্ট ⓖ কাপ্তাই ফরেস্ট **উত্তর:** গ

২৪. পৃথিবীর ফুসফুস খ্যাত আমাজন বনভূমির আয়তন কত? [বরিপ্রবি (ডি ইউনিট): ১৯-২০]
ক) ৭৭ লাখ বর্গকিলোমিটার
খ) ৭০ লাখ বর্গকিলোমিটার
গ) ৫৫ লাখ বর্গকিলোমিটার
ঘ) ৬৬ লাখ বর্গকিলোমিটার **উত্তর: গ**

২৫. আমাজন ফরেস্ট কোন মহাদেশে অবস্থিত? [চবি (বি ইউনিট): ১৯-২০]
ক) অস্ট্রেলিয়া খ) দক্ষিণ আমেরিকা
গ) এশিয়া ঘ) ইউরোপ **উত্তর: খ**

২৬. আমাজন বনের মোট আয়তনের ৬০ শতাংশ কোন দেশে অবস্থিত? [রাবি (এ ইউনিট): ১৯-২০]
ক) কলম্বিয়া খ) ব্রাজিল
গ) বলিভিয়া ঘ) পেরু **উত্তর: খ**

২৭. নিচের কোন দেশটি আমাজন বনাঞ্চলের অন্তর্ভুক্ত নয়? [Which of the following countries does not belong to amazon forest?] [ঢাবি (ঘ ইউনিট): ১৯-২০]
ক) পেরু [Peru]
খ) ব্রাজিল [Brazil]
গ) বলিভিয়া [Bolivia]
ঘ) আর্জেন্টিনা [Argentina] **উত্তর: ঘ**

২৮. কোন বনভূমিকে পৃথিবীর ফুসফুস বলা হয়? [রাবি (এ ইউনিট): ১৯-২০]
ক) সুন্দরবন খ) ডেইনট্রি রেইন ফরেস্ট
গ) আমাজন ঘ) মিয়োম্ব **উত্তর: গ**

২৯. কোন বনাঞ্চল হতে পৃথিবীর অক্সিজেনের সর্বোচ্চ যোগান আসে? [রাবি (বি ইউনিট): ১৯-২০]
ক) সুন্দরবন খ) কঙ্গো বেসিন রেইনফরেস্ট
গ) ডেনট্রি ঘ) আমাজন **উত্তর: ঘ**

৩০. নিম্নের কোনটি 'ওরিয়েন্টাল অঞ্চল' এর অন্তর্ভুক্ত? [ডেন্টাল কলেজ: ০৩-০৪]
ক) ইউরোপ খ) গ্রিনল্যান্ড
গ) উত্তর আমেরিকা ঘ) দক্ষিণ পূর্ব এশিয়া **উত্তর: ঘ**

৩১. রুটির ঝুড়ি বলা হয় - [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক) ভ্যাংকুভারের অঞ্চলকে
খ) সাইবেরিয়া অঞ্চলকে
গ) প্রেইরি অঞ্চলকে
ঘ) কোনোটিই নয় **উত্তর: গ**

৩২. আফ্রিকার সাব-সাহারা অঞ্চলকে কী নামে অভিহিত করা হয়? [৩৮তম বিসিএস/ ঢাবি (ঘ ইউনিট): ২০-২১]
ক) সাভানা খ) তুন্দ্রা
গ) প্রেইরি ঘ) সাহেল **উত্তর: ক,ঘ**

৩৩. Which one of the following is tropical grasslands? [IFIC Bank MTO: 13]
ⓐ Savannah ⓑ Taiga
ⓒ Pampas ⓓ Prairies **Ans. a**

৩৪. 'তুন্দ্রা' অঞ্চল কোন দেশে অবস্থিত? [ডাক অধিদপ্তরে এস্টিমেটর: ১৮]
ক) রাশিয়া খ) চীন
গ) মার্কিন যুক্তরাষ্ট্র ঘ) ব্রাজিল **উত্তর: ক**

৩৫. কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত? [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]
ক) আমেরিকা খ) নরওয়ে
গ) কানাডা ঘ) রাশিয়া **উত্তর: ঘ**

৩৬. নিচের কোন দেশটিতে সর্বাধিক ম্যানগ্রোভ বন রয়েছে? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর: ২০]
ক) ব্রাজিল খ) বাংলাদেশ
গ) ইন্দোনেশিয়া ঘ) ভারত **উত্তর: গ**

ওজোনস্তর অবক্ষয়
Depletion of ozone layer


ওজোন (O_3) অক্সিজেনের একটি রূপভেদ। ওজোনের রঙ গাঢ় নীল। বায়ুমণ্ডলের স্ট্র্যাটোমণ্ডলে ওজোনের একটি স্তর আছে। ওজোনস্তরের পুরুত্ব খুব বেশি নয়। মৌসুমভেদে এবং ভৌগোলিক কারণে এই পুরুত্বের পরিমাণ কমবেশি হয়।

সূর্যরশ্মিতে ক্ষতিকারক অতিবেগুনি রশ্মি থাকে। অতিবেগুনি রশ্মির প্রভাবে চর্ম ক্যান্সার, চোখে ছানিসহ নানাবিধ রোগ হতে পারে। বায়ুমণ্ডলের ওজোনস্তর সূর্যের আলোর ক্ষতিকারক অতিবেগুনি রশ্মির (Ultraviolet rays) বেশির ভাগই শুষে নেয়। ফলে মানুষসহ জীবজন্তু অতিবেগুনি রশ্মির ক্ষতিকারক দিক হতে রক্ষা পায়। ওজোনস্তর (Ozoneshere)-কে পৃথিবীর 'প্রাকৃতিক সৌরপর্দা' বলা হয়। সেই প্রাকৃতিক রক্ষা কবচ বিভিন্নভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ বিশেষ করে ক্লোরো-ফ্লোরো কার্বন (Chlorofluorocarbon - CFC) গ্যাস ব্যবহারের কারণে ওজোনস্তর ক্ষয়ে যাচ্ছে। এতে বড় বড় গর্তের সৃষ্টি হচ্ছে ওজোনস্তরে। সেই গর্ত গলে অতিবেগুনি রশ্মি ভূপৃষ্ঠে নেমে আসছে।

১৯২৮ সালে Prof. Thomas Midgley Jr. ক্লোরো-ফ্লোরো কার্বন আবিষ্কার করেন। ক্লোরো ফ্লোরো কার্বন (CFC) এর বাণিজ্যিক নাম ফ্রেয়ন। রেফ্রিজারেটরের কম্প্রেসার, এয়ারকন্ডিশনার প্রভৃতিতে শীতলীকারক হিসেবে ফ্রেয়ন ব্যবহৃত হয়। এছাড়া এরোসোল, ইনহেলার প্রভৃতিতেও ফ্রেয়ন ব্যবহৃত হয়। ভূ-পৃষ্ঠ থেকে নির্গমনের পর ক্লোরোফ্লোরো কার্বন স্ট্র্যাটোস্ফিয়ারে পৌঁছে এবং ওজোনস্তর ক্ষয় করছে। ওজোনস্তরে সবচেয়ে বেশি ক্ষতি করে ক্লোরিন গ্যাস (Cl_2)।

স্ট্র্যাটোমণ্ডলের এই ঘটনাগুলি ছাড়াও মেরু অঞ্চলে বসন্তকালে (সেপ্টেম্বর - ডিসেম্বর) ট্রপোমণ্ডলে ওজোন হ্রাসের ঘটনাও ঘটে। ১৯৮৫ সালে ব্রিটিশ বিজ্ঞানীরা লক্ষ্য করেন যে, ওজোনস্তরের পুরুত্ব হালকা হয়ে দক্ষিণ মেরুতে এন্টার্কটিকার ওপরে বিশাল গর্ত (Ozone hole) এর সৃষ্টি হয়েছে।

ভিয়েনা কনভেনশন (Vienna Convention) হলো জাতিসংঘের ওজোন স্তরের সুরক্ষা ও সংরক্ষণ বিষয়ক কনভেনশন। চুক্তিটি গৃহীত হয় ১৯৮৫ সালে অস্ট্রিয়ার ভিয়েনায় এবং কার্যকর হয় ১৯৮৮ সালে।



মন্ট্রিল প্রটোকল (Montreal Protocol) হলো বায়ুমণ্ডলে স্ট্র্যাটোস্ফিয়ারে অবস্থিত ওজোনস্তরকে রক্ষা বিষয়ক প্রটোকল। ১৯৮৭ সালের ১৬ সেপ্টেম্বর কানাডার মন্ট্রিলে প্রটোকলটি গৃহীত হয় এবং কার্যকর হয় ১৯৮৯ সালের ১ জানুয়ারি। প্রতিবছর প্রটোকল স্বাক্ষরের দিন অর্থাৎ ১৬ সেপ্টেম্বর 'আন্তর্জাতিক ওজোনস্তর রক্ষা দিবস' হিসেবে পালিত হয়। মন্ট্রিল প্রটোকল এ পর্যন্ত ৫ বার (১৯৯০, ১৯৯২, ১৯৯৭, ১৯৯৯ এবং সর্বশেষ ২০১৬ সালে) সংশোধিত হয়।

বর্তমানে রেফ্রিজারেটরের কম্প্রেসারে হিমায়ক হিসেবে ফ্রেয়নের পরিবর্তে পরিবেশবান্ধব R-134a (রাসায়নিক নাম টেট্রাফ্লুরো ইথেন), R-290 (রাসায়নিক নাম প্রোপেন), R-600a (রাসায়নিক নাম আইসোবিউটেন) এর ব্যবহার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বিজ্ঞানীরা বলছেন, দক্ষিণ মেরুতে এন্টার্কটিকার উপরে ওজোন স্তরের বিশাল সেই গর্তের পরিধি ধীরে ধীরে কমে আসছে।

MCQ Solution

১. **'অতিবেগুনি' রশ্মির উৎস কী?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ⓚ চন্দ্র ⓚ বৃহস্পতি
ⓖ সূর্য ⓖ পৃথিবী **উত্তর:** গ

২. **ওজোনের রং কী?** [ইবি (জি ইউনিট): ১৪-১৫]
ক) গাঢ় সবুজ খ) গাঢ় নীল
গ) হলদে বেগুনি ঘ) ধবধবে সাদা **উত্তর:** খ

৩. **ওজোন স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?** [৪১তম বিসিএস]
ক) স্ট্রাটোমণ্ডল খ) ট্রপোমণ্ডল
গ) মেসোমণ্ডল ঘ) তাপমণ্ডল **উত্তর:** ক

৪. **পৃথিবীর 'প্রাকৃতিক সৌরপর্দা' হিসেবে অভিহিত করা হয় কোন স্তরকে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সহকারী শিক্ষক নিয়োগ-২০ (৩য় পর্যায়): ২২]
ক) ট্রপোস্ফিয়ার খ) ওজনোস্ফিয়ার
গ) স্ট্র্যাটোস্ফিয়ার ঘ) আয়নোস্ফিয়ার **উত্তর:** খ

৫. **বায়ুমণ্ডলের কোন উপাদান অতিবেগুনি রশ্মিকে শোষণ করে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম): ০৮]
ক) নাইট্রোজেন খ) অক্সিজেন
গ) ওজোন ঘ) হিলিয়াম **উত্তর:** গ

৬. **ওজোনস্তর পৃথিবীকে নিচের কোন রশ্মি থেকে রক্ষা করে?** [চবি (ই ইউনিট): ১৬-১৭]
ক) এক্স রে খ) গামা রশ্মি
গ) অতি বেগুনি রশ্মি ঘ) বিটা রশ্মি
ঙ) আলফা রশ্মি **উত্তর:** গ

৭. **Ozone layer prevents .... radiation from entering the atmosphere?** [IFIC Bank Ltd. Transaction Service Officer: 19]
ⓐ Ultraviolet ⓑ Infra- red
ⓒ Gamma rays ⓓ X-rays **Ans.** a

৮. **বায়ুমণ্ডলের ওজোন স্তরের গর্ত সম্পর্কে যে তথ্যটি সত্যি নয় -**
ক) দক্ষিণ মেরুতে এই গর্ত সৃষ্টি হয়
খ) বৎসরের নির্দিষ্ট ঋতুতে এই গর্ত সৃষ্টি হয়
গ) এলনিনো প্রভাবের ফলে এই গর্ত সৃষ্টি হয়
ঘ) বায়ুমণ্ডলে নির্গত ক্লোরোফ্লোরো কার্বন এই গর্ত সৃষ্টির জন্য দায়ী **উত্তর:** গ

৯. **Upper atmospheric O_3 layer is depleted by- / ঊর্ধ্বাকাশের বায়ুমণ্ডলীয় ওজোনস্তর .... ক্ষয়প্রাপ্ত হয়।** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূরসায়নবিদ: ৯৮]
ক) Freon gas
খ) Helium gas
গ) Ammonia gas
ঘ) Carbon dioxide gas **উত্তর:** ক

১০. কোন গ্যাসটি ওজোন গ্যাসকে ভাঙতে সাহায্য করে? [রাবি (ভূগোল ও পরিবেশ বিদ্যা): ০৭-০৮]
ⓚ ব্রোমিন
ⓚ কার্বন ডাই অক্সাইড
ⓖ ক্লোরো ফ্লোরো কার্বন
ⓖ হাইড্রোজেন সালফাইড **উত্তর: গ**

১১. সি.এফ.সি বায়ুমণ্ডলের কোন স্তরকে ক্ষতি করেছে? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার: ০৬]
ⓚ আয়নোস্ফিয়ার
ⓚ স্ট্র্যাটোস্ফিয়ার
ⓖ থার্মোস্ফিয়ার
ⓖ মেসোস্ফিয়ার **উত্তর: খ**

১২. নিত্য ব্যবহার্য বহু 'এরোসোল' এর কৌটায় এখন লেখা থাকে সি.এফ. সি বিহীন। CFC গ্যাস কেন ক্ষতিকারক? [১৫তম বিসিএস]
ⓚ ফুসফুসে রোগ সৃষ্টি করে
ⓚ গ্রিনহাউজ ইফেক্টে অবদান রাখে
ⓖ ওজোন স্তরে ফুটো সৃষ্টি করে
ⓖ দাহ্য বলে অগ্নিকাণ্ডের সম্ভাবনা ঘটায় **উত্তর: গ**

১৩. ওজোন স্তরে সবচেয়ে বেশি ক্ষতি করে কোন গ্যাস? [বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সহকারী পরিচালক: ০৬]
ⓚ ক্লোরিন ⓚ হাইড্রোজেন সালফাইড
ⓖ ফ্লোরিন ⓖ ব্রোমিন **উত্তর: ক**

১৪. Chlorofluorocarbons আবিষ্কার করেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক: ৯৮]
ⓚ Prof. A. Salam
ⓚ Prof. A Einstein
ⓖ Prof. T. Midgley
ⓖ Prof. M. Calvin **উত্তর: গ**

১৫. বায়ুমণ্ডলের ওজোন স্তর অবক্ষয় (বা ছিদ্র বা ফাটল) এর জন্য কোন গ্যাসটির ভূমিকা সর্বোচ্চ? [২১তম বিসিএস/ ১৯তম বিসিএস/ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. সহকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল): ২১]

Or,

What kind of gas is responsible for the depletion of Ozone layer? [KU (B Unit): 02-03]
ⓚ জলীয় বাষ্প
ⓚ নাইট্রিক অক্সাইড
ⓖ কার্বন ডাই অক্সাইড
ⓖ CFC (Chlorofluorocarbons) **উত্তর: ঘ**

১৬. ফ্রেয়ন কার ট্রেড নাম? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ০৬]
ⓚ CFC ⓚ DDT
ⓖ CTS ⓖ BCF **উত্তর: ক**

১৭. রেফ্রিজারেটরের কম্প্রেসারের মধ্যে যে তরল পদার্থ ব্যবহার করা হয় তার নাম- [পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ⓚ জিওফ্রট ⓚ ফ্রেয়ন
ⓖ অক্সিজেন ⓖ নিয়ন **উত্তর: খ**

১৮. ওজোন স্তরের সুরক্ষা ও সংরক্ষণের জন্য নিচের কোন সনদ স্বাক্ষরিত হয়? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা'র সহকারী পরিচালক: ১৯]
ⓚ কিয়োটো প্রটোকল
ⓚ ভিয়েনা কনভেনশন
ⓖ বাসেল কনভেনশন
ⓖ কার্টাগেনা প্রটোকল **উত্তর: খ**

১৯. ক্রমহ্রাসমান হারে ওজোন স্তর ক্ষয়কারী উপাদান বিলীনের বিষয়টি কোন চুক্তিতে বলা হয়েছে? [৩৮তম বিসিএস/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর: ২১]
ⓚ ক্লোরোফ্লোরো কার্বন চুক্তি
ⓚ মন্ট্রিল প্রটোকল
ⓖ IPCC চুক্তি
ⓖ কোনোটিই নয় **উত্তর: খ**

২০. ১৯৮৭ সালে স্বাক্ষরিত মন্ট্রিল প্রটোকলের বিষয়বস্তু ছিল? [ঢাবি (ঘ ইউনিট): ১০-১১]
ⓚ পরমাণু ⓚ পরিবেশ
ⓖ বাণিজ্য ⓖ নিরস্ত্রীকরণ **উত্তর: খ**

২১. 'মন্ট্রিল প্রটোকল' যার সঙ্গে সম্পর্কিত? [ঢাবি (খ ইউনিট): ১৮-১৯]
ⓚ ভূমিক্ষয়
ⓚ সাদা বাঘ
ⓖ পানি দূষণ
ⓖ ক্লোরোফ্লুরোকার্বন **উত্তর: ঘ**

২২. ১৯৮৯ সাল থেকে ওজোন স্তর বিষয়ক মন্ট্রিল প্রটোকল কতবার সংশোধন করা হয়? [৩৫তম বিসিএস]
ⓚ ৫ ⓚ ৪
ⓖ ৮ ⓖ ৭ **উত্তর: ক**

২৩. আন্তর্জাতিক ওজোন দিবস কোন মাসে কত তারিখে পালিত হয়? [পিএসসি কতৃক নির্ধারিত ১২টি পদ: ০১]
ⓚ ২২ জুলাই ⓚ ২৮ জুলাই
ⓖ ১৭ আগস্ট ⓖ ১৬ সেপ্টেম্বর **উত্তর: ঘ**

২৪. বর্তমানে পরিবেশ-বান্ধব কোন গ্যাসটি রেফ্রিজারেটরের কম্প্রেসরে ব্যবহার করা হয়? [৩৮তম বিসিএস]
ⓚ আর্গন
ⓚ টেট্রাফ্লুরো ইথেন
ⓖ টাইক্লোরো ট্রাইফ্লুরো ইথেন
ⓖ ডাইক্লোরো ডাইফ্লুরো ইথেন **উত্তর: খ**

গ্রিনহাউজ প্রতিক্রিয়া (Greenhouse Effect)



শীতপ্রধান দেশে তীব্র শীতে গাছপালা টিকে থাকতে পারে না। সেখানে কাচের বা প্লাস্টিকের ঘর বানিয়ে সবুজ শাকসবজি চাষ করা হয়। কাচের তৈরি এরকম ঘরকে সবুজ ঘর (Greenhouse) বলে। ইহা সূর্যের আলো আসতে বাধা দেয় না কিন্তু বিকীর্ণ তাপ ফেরত যেতে বাধা দেয়। কাচের ঘরের ভিতরে এভাবে তাপ থেকে যাওয়ার বিষয়টিকে গ্রিনহাউজ প্রভাব বলে। ১৮৯৬ সালে সুইডিশ রসায়নবিদ সোভনটে আরহেনিয়াস 'গ্রিনহাউজ ইফেক্ট' কথাটি প্রথম ব্যবহার করেন।

পৃথিবীর চারদিক ঘিরে আছে বায়ুমণ্ডল। এ বায়ুমণ্ডলে আছে কার্বন ডাই-অক্সাইড, মিথেন, জলীয় বাষ্পসহ অন্যান্য গ্যাস। এসব গ্যাস গ্রিনহাউজের কাচের বা প্লাস্টিকের মতো কাজ করে। এরা সূর্যের তাপ পৃথিবীতে আসতে কোনো বাধা দেয় না। ফলে সূর্যের তাপে পৃথিবী উত্তপ্ত হয়। কিন্তু এ গ্যাসগুলো উত্তপ্ত পৃথিবী থেকে তাপকে চলে যেতে বাধা দেয়। ফলে পৃথিবী রাতের বেলায়ও গরম থাকতে পারে। এসব গ্যাসকে গ্রিনহাউজ গ্যাস বলে।

গ্রিনহাউজ গ্যাস	%
কার্বন ডাই অক্সাইড (CO_2)	৪৯%
মিথেন (CH_4)	১৮%
ক্লোরো ফ্লোরো কার্বন (CFC)	১৪%
নাইট্রাস অক্সাইড (N_2O)	০৬%
অন্যান্য (জলীয় বাষ্প- H_2O)	১৩%

কার্বন ডাই-অক্সাইড, মিথেন আর জলীয় বাষ্প বায়ুমণ্ডলে থাকা মানব সভ্যতার জন্য আশীর্বাদ। কারণ এসব গ্যাস না থাকলে পৃথিবী থেকে তাপ মহাশূন্যে চলে যেত। আর পৃথিবী রাতের বেলায় ভীষণ ঠাণ্ডা হয়ে পড়ত। এখন প্রশ্ন হলো, আশীর্বাদ আবার কীভাবে সমস্যা হলো? সমস্যা হলো বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইড বেশি থাকায় এরা বেশি বেশি তাপ ধরে রাখতে পারছে। তাই পৃথিবীর তাপমাত্রা দিন দিন বেড়ে যাচ্ছে। পৃথিবীর তাপমাত্রা এভাবে বেড়ে যাওয়াকে বৈশ্বিক উষ্ণায়ন বলে। বৈশ্বিক উষ্ণায়নের ফলে পৃথিবীর জলবায়ু পরিবর্তন হয়ে যাচ্ছে। জীবাশ্ম জ্বালানি (কয়লা, পেট্রোল, ডিজেল, প্রাকৃতিক গ্যাস প্রভৃতি) পোড়ানোর ফলে পরিবেশে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। একই সাথে বন উজাড় করার কারণে গাছ কার্বন ডাই-অক্সাইড শোষণ করছে কম। ফলে বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

জলবায়ু পরিবর্তনের প্রভাব

মানব বসতিহীন বরফাচ্ছন্ন মহাদেশ এন্টার্কটিকা। পৃথিবীর মোট জমাটবদ্ধ বরফের ৯০% এন্টার্কটিকা মহাদেশে রয়েছে। বৈশ্বিক উষ্ণায়ন (Global warming) এর ফলে মেরু অঞ্চলের ও পর্বতের চূড়ার বরফ গলে গিয়ে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে। গ্রিনহাউজ প্রভাব পৃথিবীর কয়েকটি দেশে (যথা- কানাডা, রাশিয়া, নরওয়ে, ফিনল্যান্ড, সুইডেন প্রভৃতি) সাফল্য বয়ে আনবে। কারণ ঐসব দেশের লাখ লাখ একর জমি বরফমুক্ত হয়ে চাষাবাদ ও বসবাসযোগ্য হয়ে উঠবে।

বিশ্বব্যাংক বৈশ্বিক উষ্ণায়নের ৫টি ঝুঁকিপূর্ণ দিক চিহ্নিত করেছে। ঝুঁকিগুলো হলো- মরুকরণ, বন্যা, ঝড়, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং কৃষিক্ষেত্রে অধিকতর অনিশ্চয়তা। বন্যা, ঝড় ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ক্যাটাগরিতে বাংলাদেশ বিশ্বের অন্যতম শীর্ষ ঝুঁকিপূর্ণ দেশ। গ্রিনহাউস ইফেক্টের কারণে বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে উপকূলীয় এলাকার এক বিরাট অংশ পানির নিচে তলিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। IPCC ২০০৭ সালে তার সতর্কীকরণে বলেছে ২০৫০ সাল নাগাদ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ৪৫ সে.মি. বাড়লে বাংলাদেশের সমুদ্র উপকূলবর্তী ১০-১৫% ভূমি পানির নিচে চলে যাবে। আনুমানিক ৩.৫ কোটি মানুষ তাদের ঘরবাড়ি, ফসলি জমি হারিয়ে জলবায়ু উদ্বাস্তুতে পরিণত হবে।

সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিতে নিচু দ্বীপরাষ্ট্রগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হবে। মালদ্বীপ ভারত মহাসাগরের অনেকগুলো দ্বীপ নিয়ে গঠিত এমনি একটি দ্বীপরাষ্ট্র। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির ফলে সমুদ্রের উচ্চতা বেড়ে যাওয়ায় ঝুঁকির মধ্যে পড়ে গেছে মালদ্বীপের অস্তিত্ব। সমুদ্রের তলদেশে তলিয়ে যাওয়ার আশঙ্কায় দেশটির সরকার অন্য দেশে জমি ক্রয়ের চিন্তা করছে। ২০০৯ সালের ১৭ অক্টোবর জলবায়ু পরিবর্তনের ফলে সমুদ্রপৃষ্ঠের

উচ্চতা বেড়ে যাওয়ার ঝুঁকির প্রতি বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণের জন্য ভারত মহাসাগরের তলদেশে বৈঠক করেন তৎকালীন মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ নাশিদ ও মন্ত্রিসভা।

MCQ Solution

১. **গ্রিনহাউজ কী?** [৩৭তম বিসিএস/বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর কার্গো হেলপার: ২১]
ⓚ কাঁচের তৈরি ঘর
ⓚ সবুজ ভবনের নাম
ⓖ সবুজ আলোর গাছপালা
ⓘ সবুজ আলোর আলোকিত ঘর **উত্তর: ক**

২. **'Greenhouse' is a -** [BASIC Bank Ltd. Officer: 02]
ⓐ House in which green is grown
ⓑ Green coloured House
ⓒ House in the green
ⓓ Gas **Ans. a**

৩. **গ্রিনহাউজ এফেক্ট বলতে কি বোঝায়?** [১২তম বিসিএস/ রাবি (সি ইউনিট): ১৯-২০]
ⓚ তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি
ⓚ সূর্যালোকের অভাবে সালোকসংশ্লেষণে ঘাটতি
ⓖ উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন
ⓘ প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিম চাষের প্রয়োজনীয়তা **উত্তর: ক**

৪. **The fraction of solar energy reflected from Earth into space is known as -** [Sonali, Janata Bank Ltd. Officer (IT): 19]
ⓐ Insolation ⓑ Albedo
ⓒ Irradiation ⓓ heat loss **Ans. b**

৫. **পরিবেশ দূষণের ক্ষেত্রে, উল্লিখিত গ্যাসসমূহের মধ্যে কোন গ্যাসটি "গ্রিনহাউজ এফেক্ট" এর জন্য প্রধানত দায়ী?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ): ০৭]
ⓚ CO_2 ⓚ H_2S
ⓖ O ⓘ SO_2 **উত্তর: ক**

৬. **যে গ্রুপের সবগুলো অণুই গ্রিনহাউজ গ্যাস?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূ-রসায়নবিদ: ৯৮]
ⓚ CO_2, N_2, O_2
ⓚ CO_2, H_2O, CH_4
ⓖ N_2 H_2O, CH_4
ⓘ CO_2, N_2, CH_4 **উত্তর: খ**

৭. **জীবাশ্ম জ্বালানী দহনের ফলে বায়ুমণ্ডলে যে গ্রিনহাউজ গ্যাসের পরিমাণ সব চাইতে বেশি বৃদ্ধি পাচ্ছে-** [২৬তম বিসিএস]
ⓚ মিথেন
ⓚ জলীয় বাষ্প
ⓖ কার্বন ডাই অক্সাইড
ⓘ ক্লোরো ফ্লোরো কার্বন **উত্তর: গ**

৮. **নিচের গ্রিনহাউজ গ্যাসগুলোর কোনটির অবদান বায়ুমণ্ডলের উষ্ণতা সংরক্ষণে সর্বাধিক?** [জবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ⓚ জলীয় বাষ্প ⓚ কার্বন ডাই অক্সাইড
ⓖ মিথেন ⓘ ক্লোরোফ্লোরো কার্বন **উত্তর: খ**

৯. **বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধির প্রধান কারণ কী?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী): ১২]
ⓚ গাছপালা কমে যাওয়া
ⓚ যানবাহনের সংখ্যা বৃদ্ধি
ⓖ ব্যাপক হারে জনসংখ্যা বৃদ্ধি
ⓘ ভূ-পৃষ্ঠের কার্বনেট শিলার ভাঙন **উত্তর: ক**

১০. **কোনটি গ্রিনহাউজ ইফেক্ট সৃষ্টির সহায়ক?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ⓚ সি.এফ.সি ⓚ সি.এন.জি
ⓖ নিওন ⓘ হিলিয়াম **উত্তর: ক**

১১. **কোনটি গ্রিনহাউজ গ্যাস?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]
ⓚ নাইট্রাস অক্সাইড ⓚ মিথেন
ⓖ কার্বন ডাই-অক্সাইড ⓘ সবগুলো **উত্তর: ঘ**

১২. **নিম্নের কোনটি গ্রিনহাউজ গ্যাস নয়?** [৩৭তম বিসিএস]
ⓚ নাইট্রাস অক্সাইড ⓚ কার্বন ডাই-অক্সাইড
ⓖ অক্সিজেন ⓘ মিথেন **উত্তর: গ**

১৩. **কোনটি গ্রিন হাউজ গ্যাস নয়?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমোটিভ মাস্টার: ২২]
ⓚ CO_2 ⓚ CH_4
ⓖ N_2O ⓘ N_2 **উত্তর: ঘ**

১৪. **'ই-৮' কী?** [ঢাবি (খ ইউনিট): ১৯-২০]
ⓚ ৮টি ধনী দেশ
ⓚ ৮টি গরিব দেশ
ⓖ ৮টি শিল্পোন্নত দেশ
ⓘ ৮টি পরিবেশ দূষণকারী দেশ **উত্তর: ঘ**

১৫. **গ্রিনহাউজ প্রভাব (Greenhouse Effect) এর পরিণতি কী?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ⓚ তাপমাত্রা বৃদ্ধি ⓚ পানির তাপমাত্রা হ্রাস পাওয়া
ⓖ সবুজ গাছের বনায়ন ⓘ মরুকরণ **উত্তর: ক**

১৬. **পৃথিবীর মোট বরফের কত ভাগ এন্টার্কটিকাতে আছে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (আই ইউনিট): ১৫-১৬]
ⓚ ৫০ ⓚ ৭০
ⓖ ৯০ ⓘ ৭৫ **উত্তর: গ**

১৭. **আর্কটিক-এর বরফ গলে যাবার কারণ-** [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ⓚ বৈশ্বিক উষ্ণতা ⓚ প্রলম্বিত গ্রীষ্মকাল
ⓖ ভূমিকম্প ⓘ অতিরিক্ত বৃষ্টিপাত **উত্তর: ক**

১৮. **বৈশ্বিক উষ্ণতার জন্য বেশির ভাগ দায় কার?** [ইবি (জি ইউনিট): ১৪-১৫]
ⓚ সূর্যের ⓚ গাছপালার
ⓖ মানুষের ⓘ সমুদ্রের **উত্তর: গ**

১৯. **বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জন্য কোন গ্যাসটি বেশি দায়ী-** [শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান): ২২]
ⓚ মিথেন ⓚh কার্বন-ডাই-অক্সাইড
ⓖ নাইট্রোজেন ⓖh হিলিয়াম **উত্তর:** খ

২০. **বৈশ্বিক উষ্ণতার কারণ হলো** - [ইবি (সি ইউনিট): ১৩-১৪]
ⓚ বায়ুমণ্ডলে মাত্রাতিরিক্ত কার্বন-ডাইঅক্সাইড জমা হওয়া
খ সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়া
গ অধিক বৃষ্টিপাত
ঘ সৌর বিকিরণ **উত্তর:** ক

২১. **বিশ্ব উষ্ণায়নের লক্ষণ-** [রাবি (নৃবিজ্ঞান বিভাগ): ০৮-০৯]
ক অতি বৃষ্টি খ ঝড়-জলোচ্ছ্বাসের মাত্রা বৃদ্ধি
গ অনাবৃষ্টি ঘ সবগুলোই **উত্তর:** ঘ

২২. **গ্রিনহাউজ প্রতিক্রিয়া এই দেশের জন্য ভয়াবহ আশঙ্কার কারণ হয়ে দাঁড়িয়েছে। এর ফলে** [২২তম বিসিএস]
ক সমুদ্রতলের উচ্চতা বেড়ে যেতে পারে
খ বৃষ্টিপাতের পরিমাণ কমে যেতে পারে
গ ওজোন স্তরের ক্ষতি নাও হতে পারে
ঘ নদ-নদীর পানি কমে যেতে পারে **উত্তর:** ক

২৩. **কোন ক্যাটাগরিতে বাংলাদেশ বৈশ্বিক ঝুঁকিতে অন্তর্ভুক্ত?** [সিজিএ-র অডিটর: ২২]
ক কৃষিক্ষেত্রে অনিশ্চিয়তা খ সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি
গ ভূমিকম্প ঘ মরুকরণ **উত্তর:** খ

২৪. **গ্রিনহাউজ এফেক্টের পরিণতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি কি হবে?** [২৬তম বিসিএস/ ১৯তম বিসিএস/১৫তম বিসিএস]
ক বৃষ্টিপাত কমে যাবে
খ নিম্নভূমি নিমজ্জিত হবে
গ উত্তাপ অনেক বেড়ে যাবে
ঘ সাইক্লোনের প্রবণতা বাড়বে **উত্তর:** খ

২৫. **নিম্নের কোন দুর্যোগটি বাংলাদেশের জনগণের জীবিকা পরিবর্তনের ক্ষেত্রে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে পারে?** [৩৭তম বিসিএস]
ক ভূমিকম্প
খ খরা বা বন্যা
গ ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস
ঘ সমুদ্রের জলস্তরের বৃদ্ধি (Sea level rise) **উত্তর:** ঘ

২৬. **সমুদ্রপৃষ্ঠ ৪৫ cm বৃদ্ধি পেলে ২০৫০ সাল নাগাদ বাংলাদেশে climate refugee হবে?** [৩৬তম বিসিএস]
ক ৩ কোটি খ ৩.৫ কোটি
গ ৪ কোটি ঘ ৪.৫ কোটি **উত্তর:** খ

২৭. **Rise in the sea level will affect which of the following countries most?/ সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি নিচের কোন দেশকে সবচেয়ে বেশি প্রভাবিত করবে?** [FSIBL Officer: 14]
ⓐ Bangladesh ⓑ Indonesia
ⓒ Australia ⓓ Maldives **Ans. d**

২৮. **মালদ্বীপ গঠিত হয়েছে কীভাবে?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম): ১২]
ক একটি বড় দ্বীপ নিয়ে
খ দুইটি ছোট দ্বীপ নিয়ে
গ চারটি দ্বীপ নিয়ে
ঘ অনেকগুলো দ্বীপ নিয়ে **উত্তর:** ঘ

২৯. **Which country organized the first underwater (under sea) Cabinet Meeting in the world?/ কোন দেশে প্রথম সমুদ্রের তলদেশে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়?** [Pubali Bank Ltd. Senior Officer/Officer: 11]
ⓐ Japan ⓑ Maldives
ⓒ Sri Lanka ⓓ Indonesia
ⓔ None of them **Ans. b**

৩০. **জলবায়ু পরিবর্তনের হুমকির ব্যাপকতা তুলে ধরার জন্য কোন দেশটি সমুদ্রের গভীরে মন্ত্রিসভার বৈঠক করেছে?** [৩৫তম বিসিএস/স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১৬]
ক ফিজি খ পাপুয়া নিউগিনি
গ গোয়াম ঘ মালদ্বীপ **উত্তর:** ঘ

৩১. **কোন দেশ সমুদ্রে তলিয়ে যাওয়ার আশংকায় অন্যদেশে জমি ক্রয়ের চিন্তা করছে-** [রাবি (নৃবিজ্ঞান বিভাগ): ০৮-০৯]
ক শ্রীলংকা খ মালদ্বীপ
গ ফিজি ঘ কোনোটিই নয় **উত্তর:** খ

৩২. **Which country has become the world's first country to Ban Deforestation?** [Sonali Bank Ltd. Officer (IT): 16]
ⓐ Denmark ⓑ Norway
ⓒ Netherland ⓓ Poland
ⓔ Japan **Ans. b**

৩৩. **কোন দেশে সবচেয়ে বেশি গাছ রয়েছে?** [রাবি (ই ইউনিট): ১৮-১৯]
ক ব্রাজিল খ রাশিয়া
গ যুক্তরাষ্ট্র ঘ কানাডা **উত্তর:** খ

ধরিত্রী দিবস (Earth day)

২২ এপ্রিল ধরিত্রী দিবস। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় সান্তা বারবারায় তেল উপচে পড়ে ব্যাপক পরিবেশ বিপর্যয় সৃষ্টি হয়। পরিবেশ ধ্বংসের বিরুদ্ধে সোচ্চার হয় মানুষ। এরই পরিপ্রেক্ষিতে মার্কিন সিনেটর গেলর্ড নেলসনের আহবানে ১৯৭০ সালে প্রথমবার ধরিত্রী দিবস পালিত হয়। ২০০৯ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে ২২ এপ্রিলকে International mother Earth day হিসেবে ঘোষণা করে।

এক নজরে পরিবেশ সংক্রান্ত দিবস

বিশ্ব জলাভূমি দিবস	২ ফেব্রুয়ারি
বিশ্ব বন্যপ্রাণী দিবস	৩ মার্চ
আন্তর্জাতিক বন দিবস	২১ মার্চ
বিশ্ব পানি দিবস	২২ মার্চ
বিশ্ব আবহাওয়া দিবস	২৩ মার্চ
বিশ্ব ঐতিহ্য দিবস	১৮ এপ্রিল
আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস	২২ মে
বিশ্ব পরিবেশ দিবস	৫ জুন
বিশ্ব সমুদ্র দিবস	৮ জুন
বিশ্ব বাঘ দিবস	২৯ জুলাই
বিশ্ব হাতি দিবস	১২ আগস্ট
বিশ্ব প্রাণি দিবস	৪ অক্টোবর

রামসার কনভেনশন (Ramsar Convention)

২ ফেব্রুয়ারি, ১৯৭১ ইরানের রামসার শহরে অনুষ্ঠিত সম্মেলনে পৃথিবীর জলাভূমি বিষয়ে প্রথম আন্তর্জাতিক মনোযোগ তৈরি হয়। এতে পৃথিবীর গুরুত্বপূর্ণ জলাভূমিগুলোকে তালিকাভুক্তির প্রক্রিয়া শুরু হয়। ২১ মে, ১৯৯২ সুন্দরবন দেশের প্রথম রামসার অঞ্চল হিসেবে তালিকাভুক্ত হয়। ১০ জুলাই, ২০০০ 'টাঙ্গুয়ার হাওর' দেশের দ্বিতীয় রামসার এলাকা হিসেবে তালিকাভুক্ত হয়।

জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (United Nations Environment Programme - UNEP)

১৯৭২ সালের ৫ - ১৬ জুন সুইডেনের স্টকহোমে 'জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন' (United Nations Conference on the Human Environment: UNCHE) অনুষ্ঠিত হয়। এটি ছিল জাতিসংঘের উদ্যোগে প্রথম পরিবেশ বিষয়ক সম্মেলন। এই সম্মেলনের পরিপ্রেক্ষিতে জন্ম নেয় 'জাতিসংঘ পরিবেশ কর্মসূচি'। কেনিয়ার নাইরোবিতে এর সদর দপ্তর স্থাপিত হয়। 'জাতিসংঘ পরিবেশ কর্মসূচি' ২০০৫ সালে প্রবর্তন করে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ'। এটি জাতিসংঘের পরিবেশ বিষয়ক সর্বোচ্চ সম্মাননা। বাংলাদেশের জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সুদূরপ্রসারী কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় ২৭ সেপ্টেম্বর, ২০১৫ 'পলিসি লিডারশিপ' ক্যাটাগরিতে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার গ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতিসংঘ পরিবেশ কর্মসূচি অনুমোদিত ও সমর্থিত একটি বার্ষিক আন্তর্জাতিক সৌন্দর্য প্রতিযোগিতা 'মিস আর্থ'। এই প্রতিযোগিতার মূল লক্ষ্য পরিবেশ সচেতনতা সৃষ্টি করা।

বিশ্ব জলবায়ু সম্মেলন

(World Climate Conference)

বিশ্ব আবহাওয়া সংস্থা কর্তৃক বিশ্ব জলবায়ু সম্মেলন আয়োজিত হয়। প্রথম বিশ্ব জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৭৯ সালে সুইজারল্যান্ডের জেনেভায়।

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল

Intergovernmental Panel on Climate Change (IPCC)

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (IPCC) জাতিসংঘের একটি পরিবেশবাদী সংস্থা। এটি জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্বোচ্চ সংস্থা। ১৯৮৮ সালে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) ও বিশ্ব আবহাওয়া সংস্থা (WMO) এর মিলিত উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয়।

বাসেল কনভেনশন (Basel Convention)

১৯৮৯ সালের ২২ মার্চ সুইজারল্যান্ডের বাসেলে ঝুঁকিপূর্ণ বর্জ্যের আন্তঃরাষ্ট্রীয় চলাচল ও অপসারণ সংক্রান্ত কনভেনশন গৃহীত হয়।

ধরিত্রী সম্মেলন (Earth Summit)

জাতিসংঘের উদ্যোগে ৩ - ১৪ জুন, ১৯৯২ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে ১৭৮টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় 'জাতিসংঘের পরিবেশ ও উন্নয়ন সম্মেলন' (UNCED)। এই সম্মেলন 'ধরিত্রী সম্মেলন' নামে পরিচিত। সম্মেলনে জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘ কাঠামো সনদ (United Nations Framework Convention on Climate Change - UNFCCC) স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়। ৯ জুন, ১৯৯২ বাংলাদেশ এই সনদে স্বাক্ষর করে। এ সম্মেলনে এজেন্ডা ২১ (জাতিসংঘের টেকসই উন্নয়ন বিষয়ক পরিকল্পনা) গৃহীত হয়। এখানে ২১ বলতে একবিংশ শতাব্দী বোঝানো হয়েছে। প্রথম ধরিত্রী সম্মেলনের ১০ বছর পূর্তি উপলক্ষে ২০০২ সালে দক্ষিণ আফ্রিকার জোহান্সবার্গে বিশ্ব টেকসই উন্নয়ন সম্মেলন (World Summit on Sustainable Development, WSSD) অনুষ্ঠিত হয়। এই সম্মেলন ধরিত্রী সম্মেলন ২০০২ বা রিও+১০ নামে পরিচিত। প্রথম ধরিত্রী সম্মেলনের ২০ বছর পূর্তি উপলক্ষে ২০১২ সালে ব্রাজিলের রিও ডি জেনেরিওতে টেকসই উন্নয়ন বিষয়ক জাতিসংঘ সম্মেলন (United Nations Conference on Sustainable Development - UNCSD) অনুষ্ঠিত হয়। এই সম্মেলন ধরিত্রী সম্মেলন ২০১২ বা রিও+২০ নামে পরিচিত।

জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন

Conference of the Parties - COP

জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘ কাঠামো সনদ (UNFCCC) এর আওতায় ১৯৯৫ সাল থেকে প্রতি বছর একটি করে সম্মেলন অনুষ্ঠিত হয় যা 'জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন' নামে পরিচিত।

COP 1 প্রথম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন। ১৯৯৫ সালে জার্মানির বার্লিনে অনুষ্ঠিত হয়।

COP-15 পঞ্চদশ জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন। ২০০৯ সালে ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে সবুজ জলবায়ু তহবিল গঠনের অঙ্গীকার করা হয়।

COP-16 ষোড়শ জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন। ২০১০ সালে মেক্সিকোর কানকুনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে আনুষ্ঠানিকভাবে 'সবুজ জলবায়ু তহবিল' (Green Climate Fund - GCF) গঠিত হয়। দক্ষিণ কোরিয়ার ইনচনে এর মূলকেন্দ্র। শিল্পোন্নত দেশসমূহের নিকট থেকে তহবিল সংগ্রহ করে জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্থ দেশগুলোকে ক্ষতিপূরণ প্রদানের উদ্দেশ্যে তহবিলটি গঠিত হয়। ২০২০ সাল নাগাদ তহবিলের পরিমাণ প্রতিবছর ১০০ বিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব রয়েছে।

COP 21 ২১তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন। ২০১৫ সালে ফ্রান্সের রাজধানী প্যারিসে ১৯৫টি দেশ ও ১টি সংগঠন (ইউরোপীয় ইউনিয়ন) এর অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। সম্মেলনে পরিবেশ বিষয়ক ঐতিহাসিক 'প্যারিস চুক্তি' (Paris Agreement) এর খসড়া গৃহীত হয়। ২২ এপ্রিল, ২০১৬ চুক্তিটি স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হলে বাংলাদেশ প্রথম দিনেই স্বাক্ষর করে। চুক্তিটি কার্যকর হয় ৪ নভেম্বর, ২০১৬। চুক্তিতে বলা হয়েছে, সব দেশ সম্মিলিতভাবে বৈশ্বিক গড় উষ্ণতা বৃদ্ধি প্রাক-শিল্পযুগের তুলনায় ২° সেলসিয়াসের কম, সম্ভব হলে ১.৫° সেলসিয়াসের মধ্যে রাখার চেষ্টা করবে। সব দেশ তাদের কার্বন নিঃসরণ হ্রাসের পরিমাণ স্বেচ্ছাপ্রণোদিতভাবে নির্ধারণ করবে। কিন্তু ৪ নভেম্বর, ২০২০ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অপ্রত্যাশিত ভাবে চুক্তি থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার করে নেয়। ২০২১ সালে জো বাইডেন প্রেসিডেন্ট হওয়ার প্রথম দিন এক নির্বাহী আদেশে যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্তির কথা নিশ্চিত করেন। ফলে আনুষ্ঠানিকভাবে 'প্যারিস চুক্তি' তে যুক্তরাষ্ট্রের ফেরা ১৯ ফেব্রুয়ারি, ২০২১ সালে কার্যকর হয়।

কিয়োটো প্রটোকল (Kyoto Protocol)

কিয়োটো প্রটোকল পরিবেশ বিষয়ক একটি আন্তর্জাতিক চুক্তি। বৈশ্বিক উষ্ণতা এবং জলবায়ু পরিবর্তন রোধে UNFCCC এর উদ্যোগে জাপানের কিয়োটোতে ১৯৯৭ সালের ১১ ডিসেম্বর একটি প্রটোকল গৃহীত হয় এবং ২০০৫ সালের ১৬ ফেব্রুয়ারি তা কার্যকর হয়। এর ফলে ২০০৮ - ২০১২ সালের মধ্যে প্রথম দায়বদ্ধতা সময়কালে চুক্তিতে স্বাক্ষরকারী শিল্পোন্নত দেশসমূহের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের পরিমাণ ১৯৯০ সালের পর্যায়ের চেয়ে গড়ে ৫.২% হ্রাসের আইনগত বাধ্যবাধকতা আরোপিত হয়। এর পরিপ্রেক্ষিতে বিশ্বের প্রথম দেশ হিসেবে যুক্তরাজ্যে জলবায়ু পরিবর্তন আইন, ২০০৮ প্রণীত হয়। ৩১ ডিসেম্বর, ২০১২ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসের প্রথম প্রতিশ্রুত পর্যায়ের মেয়াদ শেষ হয়। গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে বিশ্বে শীর্ষ দেশ যথাক্রমে চীন, যুক্তরাষ্ট্র, ভারত, রাশিয়া প্রভৃতি। জনপ্রতি গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের অন্যতম শীর্ষদেশ যুক্তরাষ্ট্র এই প্রোটোকলে স্বাক্ষর করলেও পরে কংগ্রেস কর্তৃক অনুসমর্থন না করায় এই প্রোটোকলের বাধ্যবাধকতা হতে মুক্ত হয়ে যায়। ২০১২ সালে আরেক শিল্পোন্নত দেশ কানাডা এই প্রটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়। ২০১২ খ্রিষ্টাব্দে কাতারের দোহায় অনুষ্ঠিত জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলনে দ্বিতীয় প্রতিশ্রুত পর্যায়ের মেয়াদকাল ২০১৩ - ২০২০ খ্রিষ্টাব্দ করা হয়, যা দোহা সংশোধনী নামে পরিচিত। কিয়োটো প্রোটোকলের দ্বিতীয় পর্যায়ের জন্য গৃহীত সংশোধনীতে জাপান, রাশিয়া এবং নিউজিল্যান্ড অংশগ্রহণ থেকে বিরত থাকে। কনভেনশনের শর্ত অনুযায়ী, ১৪৪ টি দেশ কর্তৃক কিয়োটো প্রোটোকলের সংশোধন অনুসমর্থন না করায় অদ্যবধি প্রোটোকলের দ্বিতীয় পর্যায় কার্যকর হতে পারেনি। ফলে বর্তমান প্রেক্ষাপটে কিয়োটো প্রোটোকলের কার্যকারিতা নেই বললেই চলে।

কার্টাগেনা প্রটোকল (Cartagena Protocol)

২৯ জানুয়ারি, ২০০০ কানাডার মন্ট্রিলে জাতিসংঘের জৈব নিরাপত্তা (Biosafety) বিষয়ক চুক্তিটি গৃহীত হয়। এটি কার্যকর হয় ২০০৩ সালের ১১ সেপ্টেম্বর।

V20 (Vulnerable Twenty)

জলবায়ু ঝুঁকি মোকাবেলায় তহবিল গঠন এবং সেই অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করাসহ পারস্পরিক সহযোগিতার অঙ্গীকার নিয়ে ২০১৫ সালের ৮ অক্টোবর পেরুর রাজধানী লিমাতে V20 (Vulnerable Twenty) জোট গঠিত হয়। বাংলাদেশসহ জলবায়ু পরিবর্তনে সর্বাধিক ক্ষতিগ্রস্থ ২০টি দেশ এ জোটের সদস্য। বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী, ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় বিশ্ব সাহায্যের প্রায় ৩০% বাংলাদেশকে প্রদান করার কথা।

MCQ Solution

১. **কোন ঘটনার কারণে ধরিত্রী দিবসের সূচনা হয়?** [ঢাবি (ঘ ইউনিট): ২০-২১]
ⓚ ব্যাপক বায়ু দূষণ
ⓚ জলবায়ু পরিবর্তন
ⓖ ব্যাপক তেল নিঃসরণ
ⓖ পারমাণবিক বিস্ফোরণ **উত্তর: গ**

২. **নিম্নলিখিত কোনটি International mother Earth day (বিশ্ব ধরিত্রী দিবস)?** [৩৬তম বিসিএস/ সাধারণ বীমা কর্পোরেশন জুনিয়র অফিসার: ১৯]
ⓚ ১৮ এপ্রিল ⓚ ২০ এপ্রিল
ⓖ ২২ এপ্রিল ⓖ ২৪ এপ্রিল **উত্তর: গ**

৩. **আন্তর্জাতিক বন দিবস কবে উদযাপিত হয়?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ⓚ ২১ মার্চ ⓚ ২১ আগস্ট
ⓖ ৩১ মার্চ **উত্তর: ক**
সারা পৃথিবীর বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে সফল এবং অনন্য সাধারণ গবেষণা ও উদ্ভাবন এবং মানবকল্যাণমূলক কর্মকাণ্ডের জন্য প্রতি বছর নোবেল পুরস্কার প্রদান করা হয়। নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ১৮৩৩ সালে সুইডেনের স্টকহোমে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে রসায়নবিদ, প্রকৌশলী এবং উদ্ভাবক। ডাইনামাইট (উন্নত মানের বিস্ফোরক) আবিষ্কার করে তিনি বিশাল সম্পত্তির মালিক হয়ে যান। কিন্তু শেষ জীবনে নিজের সবচেয়ে বড় আবিষ্কার ডিনামাইটের ধ্বংসাত্মক ব্যবহার দেখে খুবই অনুতপ্ত হন। এ কারণে মৃত্যুর পূর্বে তিনি তাঁর সম্পত্তির ৯৪% উইল করে যান। উইল মোতাবেক, ১৯০১ সালে প্রবর্তিত হয় 'নোবেল পুরস্কার'। ১৯০১ সাল থেকে পাঁচটি বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হতো। বর্তমানে মোট ৬টি বিষয়ে পুরস্কার প্রদান করা হয়। যথা- পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসাবিজ্ঞান, সাহিত্য, শান্তি এবং অর্থনীতি। অর্থনীতি ছাড়া অন্য বিষয়গুলোতে ১৯০১ সাল থেকে পুরস্কার প্রদান করা হয়। অর্থনীতির জন্য আলফ্রেড নোবেল তাঁর উইলে কোনো অর্থ অনুমোদন করে যাননি। পরবর্তীতে, সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক 'সেভরিগেস রিক্সব্যাংক' এর অর্থায়নে ১৯৬৯ সাল থেকে নোবেলের স্মরণে অর্থনীতিতেও এই পুরস্কার প্রদান করা হয়। আলফ্রেড নোবেলের মৃত্যু দিবস ১০ ডিসেম্বরে নরওয়ের রাজধানী অসলোতে শান্তি পুরস্কার এবং সুইডেনের স্টকহোমে বাকি পুরস্কারগুলো তুলে দেওয়া হয় বিজয়ীদের হাতে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে ১৯৪০ থেকে ১৯৪২ সাল পর্যন্ত পুরস্কার প্রদান বন্ধ ছিল।



আলফ্রেড নোবেল

MCQ Solution

১. **আলফ্রেড নোবেল কোন দেশের নাগরিক ছিলেন?** [বাংলাদেশ প্রতিযোগীতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

Or,

Home Country of Alfred Nobel is- [Bangladesh Bank Senior Officer: 06]

ⓚ ইংল্যান্ড ⓚ নরওয়ে
ⓖ সুইডেন ⓖ আয়ারল্যান্ড **উত্তর:** গ

২. **নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ধনী হয়েছিলেন--** [১৮তম বিসিএস]

ক) জাহাজের ব্যবসা করে
খ) তেলের খনির মালিক হিসেবে
গ) ইস্পাত কারখানার মালিক হিসেবে
ঘ) উন্নত ধরনের বিস্ফোরক আবিষ্কার করে **উত্তর:** ঘ

৩. **ডাইনামাইট আবিষ্কার করেন-** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সহকারী ইনস্ট্রাক্টর (পিইডিপি- ৩): ১২]

ক) উইলিয়াম মারডক খ) আলফ্রেড নোবেল
গ) টমাস আলভা এডিসন ঘ) জোসেফ প্রিস্টলি **উত্তর:** খ

৪. **আলফ্রেড নোবেল কি আবিষ্কার করেছিলেন?** [৩০তম বিসিএস]

Or,

What invention brought Alfred Nobel fame and fortune? [FSIB Ltd. Probationary Officer: 09]

ক) ডিনামাইট খ) বিদ্যুৎ
গ) পোলিও টিকা ঘ) কয়লা **উত্তর:** ক

৫. **নোবেল পুরস্কার প্রবর্তকের মূল আবিষ্কার মুখ্যত কি উদ্দেশ্য ব্যবহৃত হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৮]

ক) শিল্প উন্নয়নের জন্য খ) যোগাযোগের জন্য
গ) সৃষ্টির জন্য ঘ) ধ্বংসের জন্য **উত্তর:** ঘ

৬. **নোবেল পুরস্কার কোন দেশ থেকে দেয়া হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিতাস): ১০]

ক) যুক্তরাষ্ট্র খ) যুক্তরাজ্য
গ) সুইডেন ঘ) বেলজিয়াম **উত্তর:** গ

৭. **The Nobel Prize was introduced in—** [Sylhet Gas Fields Ltd. Assistant Manager (General): 21]

Or,

নোবেল পুরস্কার প্রবর্তন করা হয় কত সালে? [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]

ⓐ 1896 ⓑ 1901
ⓒ 1876 ⓓ 1900 **Ans.** b

৮. **How often are the Nobel Prizes awarded?/ কতদিন পরপর নোবেল পুরস্কার দেওয়া হয়?** [SIBL Probationary Officer: 11]

ⓐ Once a year
ⓑ Twice a year
ⓒ Five times a year
ⓓ Once every two years **Ans.** a

৯. **মোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়?** [বিটিআরসি এর কন্ডাক্টর-ডি: ২২] *Or,*
At present how many disciplines are included for awarding Nobel Prize? [SIBL Trainee Officer: 10]
ⓐ 6 ⓑ 5
ⓒ 7 ⓓ 8 **Ans.** a

১০. **Which is the highest literary award in the world?** [JU (F Unit): 15-16]
ⓐ Nobel prize
ⓑ Booker prize
ⓒ Pulitzer prize
ⓓ Magsaysay award **Ans.** a

১১. **Award of Nobel Prize in literature was started from the year-/ সাহিত্যে নোবেল পুরস্কার প্রবর্তিত হয়-** [IU (B Unit): 17-18]
ⓐ 1901 ⓑ 1911
ⓒ 1913 ⓓ 1917 **Ans.** a

১২. **The Nobel Prize for Economics was introduced in-** [KU (B Unit): 02-03]
Or,
অর্থনীতিতে নোবেল পুরস্কার কোন সালে প্রবর্তিত হয়? [চবি (ডি-১ ও ডি-২ ইউনিট): ১৬-১৭]
ⓐ 1969 ⓑ 1968
ⓒ 1970 ⓓ 1972 **Ans.** a

১৩. **For which of the following disciplines Nobel Prize is awarded?/ নিম্নোক্ত কোন বিষয়গুলোতে নোবেল পুরস্কার দেয়া হয়?** [34th BCS/ Uttara Bank Ltd. Asst. Officer (Cash): 17]
ⓐ Literature, Peace and Economics
ⓑ Physiology or Medicine
ⓒ Physics and Chemistry
ⓓ All of the above **Ans.** d

১৪. **Which of the categories of Nobel Prize was not originally included in the will of Alfred Nobel?** [Bangladesh Bank Asst. Director: 13]
Or,
সুইডিস বিজ্ঞানী আলফ্রেড নোবেল যে বিষয়ে পুরস্কার দিয়ে যাননি? [মেডিকেল: ০৬-০৭]
ⓐ Peace
ⓑ Physics
ⓒ Chemistry
ⓓ Medical Science
ⓔ Economic Science **Ans.** e

নোবেল পুরস্কার মনোনয়ন পদ্ধতি

ক্ষেত্র	প্রার্থী বাছাই	চূড়ান্ত সিদ্ধান্ত ও ঘোষণা
চিকিৎসা (Physiology or Medicine)	প্রত্যেক ক্ষেত্রের জন্য ১টি করে কমিটি অর্থাৎ মোট ৬টি কমিটি কাজ করে।	ক্যারোলিন্সকা ইনস্টিটিউট
পদার্থবিদ্যা (Physics)		রয়েল সুইডিস একাডেমি অব সায়েন্সেস
রসায়ন (Chemistry)		
অর্থনীতি (Economics)		
সাহিত্য (Literature)		সুইডিস একাডেমি
শান্তি (Peace)		নরওয়েজিয়ান নোবেল কমিটি

MCQ Solution

১. **নোবেল পুরস্কারের জন্য প্রার্থী নির্বাচনে কয়টি কমিটি কাজ করে?** [যবিপ্রবি (ডি ইউনিট): ১৯-২০]
ⓚ ৫ ⓛ ৬
ⓖ ৭ ⓘ ৪ **উত্তর:** খ

২. **The Committee of the Norwegian Parliament awards the Nobel prize for-** [PKSF Assistant Manager:16]
ⓐ Peace
ⓑ Physics
ⓒ Medicine
ⓓ Literature
ⓔ Economics **Ans.** a

৩. **নোবেল শান্তি পুরস্কার কোন দেশ থেকে ঘোষণা করা হয়?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর: ১৮]
ⓚ সুইডেন ⓛ নরওয়ে
ⓖ ডেনমার্ক ⓘ বেলজিয়াম **উত্তর:** খ

৪. **নিচের কোন সংস্থাটি শান্তি বিষয়ে নোবেল পুরস্কার ঘোষণা করে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর কার্গো হেলপার: ২১]
ⓚ নোবেল কমিটি অব দ্য নরওয়েজিয়ান পার্লামেন্ট
ⓛ রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্স
ⓖ সুইডিশ একাডেমি
ⓘ কোনোটিই নয় **উত্তর:** ক

৫. **চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার ঘোষণাকারী প্রতিষ্ঠান কোনটি?** [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ⓚ সুইডিশ একাডেমি
ⓛ ক্যারেলিনস্কা ইনস্টিটিউট
ⓖ নরওয়েজিয়ান নোবেল কমিটি
ⓘ রয়েল সুইডিস একডেমি অব সায়েন্সস **উত্তর:** খ

প্রথম নোবেল পুরস্কার বিজয়ী

ক্ষেত্র	সাল	নোবেলবিজয়ী	দেশ
পদার্থ	১৯০১	উইলহেম কনরাড রন্টগেন	জার্মানি
রসায়ন	১৯০১	জ্যাকবস হেনরিকাস ভ্যান্ট হফ	নেদারল্যান্ডস
চিকিৎসা	১৯০১	এমিল ভন বিহরিং	জার্মানি
সাহিত্য	১৯০১	সুলি প্রুধোম	ফ্রান্স
শান্তি	১৯০১	হেনরি ডুনান্ট	সুইজারল্যান্ড
		ফ্রেডারিক পাসি	ফ্রান্স
অর্থনীতি	১৯৬৯	রাগনার ফ্রিশ	নরওয়ে
		জান টিনবার্গেন	নদারল্যান্ডস

MCQ Solution

১. **Who was the first recipient of the Nobel Prize for literature?/সাহিত্যে প্রথম নোবেলজয়ী কে?** [Standard Bank Ltd. Probationary Officer: 10]
ⓐ Shakespeare
ⓑ Anna Seward
ⓒ George Orwell
ⓓ Sully Prudhomme **Ans. d**

বিভিন্ন ক্ষেত্রে নোবেলজয়ী প্রথম নারী

ক্ষেত্র	সময়কাল	নোবেল বিজয়ী	দেশ
পদার্থ	১৯০৩	মেরি কুরি	পোল্যান্ড-ফ্রান্স
রসায়ন	১৯১১		
শান্তি	১৯০৫	বার্থাভন সুটনার	অস্ট্রিয়া-হাঙ্গেরি
সাহিত্য	১৯০৯	সেলমা লাগেরলফ	সুইডেন
চিকিৎসা	১৯৪৭	গার্টি কুরি	যুক্তরাষ্ট্র
অর্থনীতি	২০০৯	ইলিনর অস্ট্রম	

MCQ Solution

১. **Who is the first female recipient of Nobel Prize?** [Bangladesh Forest Industries Development Cor. Asst. Manager: 13] *Or,*
প্রথম নোবেল বিজয়ী নারী কে? [ঢাবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓐ ম্যারি কুরি ⓑ আইরিন কুরি
ⓒ ইউনি ম্যান্ডেলা ⓓ লরা জেনি **Ans. a**

২. **শান্তির জন্য কোন মহিলা প্রথম নোবেল পুরস্কার পান?** [চবি (ডি ইউনিট): ০৮-০৯]
ⓚ আলভা মায়ার ডাল ⓚ অং সান সুচি
ⓖ বার্থাভন সুটনার ⓖ মাদার তেরেসা
ⓤ মাদাম কুরি **উত্তর: গ**

৩. **সাহিত্যে নোবেল পুরস্কারজয়ী প্রথম মহিলা কে?** [ঢাবি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ সেলমা লেগারলফ ⓚ সিগ্রিড উন্দসেট
ⓖ গ্রেজিয়া ডেলেদ্দা ⓖ পার্ল বাক **উত্তর: ক**

৪. **How many women have achieved Nobel Prize in Economics till 2009?/ ২০০৯ সাল পর্যন্ত কতজন মহিলা অর্থনীতিতে নোবেল পুরস্কার পান?** [NCC Bank Probationary Officer: 09]
ⓐ 1 ⓑ 2
ⓒ 3 ⓓ 5 **Ans. a**

৫. **Who is the first woman to win the nobel prize in economics?** [PKSF Asst. Manager: 16]
Or,
কোন মহিলা অর্থনীতিতে প্রথম নোবেল পুরস্কার পান? [জবি (গ/ঘ ইউনিট): ১৩-১৪]
ⓐIrma Adelman ⓑAnn Krueger
ⓒElinor Ostrom ⓓJoan Robinson
ⓔNone of them **Ans. c**

নোবেলজয়ী মুসলিম মনীষী

ক্রম	নোবেলজয়ীর নাম	দেশ	ক্ষেত্র	সাল	মন্তব্য
১	আনোয়ার সাদাত	মিশর	শান্তি	১৯৭৮	
২	আব্দুস সালাম	পাকিস্তান	পদার্থ	১৯৭৯	
৩	নাগিব মাহফুজ	মিশর	সাহিত্য	১৯৮৮	নোবেলজয়ী প্রথম আরব সাহিত্যিক
৪	ইয়াসির আরাফাত	ফিলিস্তিন	শান্তি	১৯৯৪	
৫	আহমেদ জেবাইল	মিশর	রসায়ন	১৯৯৯	
৬	শিরিন এবাদি	ইরান	শান্তি	২০০৩	নোবেলজয়ী প্রথম মুসলিম নারী।
৭	আল বারাদি	মিশর	শান্তি	২০০৫	IAEA এর প্রধান ছিলেন।
৮	ড. মুহাম্মদ ইউনূস	বাংলাদেশ	শান্তি	২০০৬	
৯	ওরহান পামুক	তুরস্ক	সাহিত্য	২০০৬	উপন্যাস 'The White Castle'
১০	তাওয়াক্কল কারমান	ইয়েমেন	শান্তি	২০১১	আরবিয় বসন্তের অগ্রদূত নেত্রী।
১১	মালালা ইউসুফজাই	পাকিস্তান	শান্তি	২০১৪	
১২	আজিজ সানজার	তুরস্ক	রসায়ন	২০১৫	
১৩	আব্দুলরাজাক গুরনাহ	তাঞ্জানিয়া	সাহিত্য	২০২১	সাহিত্যের বিষয়বস্তু শরণার্থীদের দুঃখ-দুর্দশা

MCQ Solution

১. **কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?** [২৭তম বিসিএস]
ⓚ ইয়াসির আরাফাত ⓚ প্রফেসর আব্দুস সালাম
ⓖ আনোয়ার সাদাত ⓖ নাগিব মাহফুজ **উত্তর:** গ

২. **Who was the first Arab writer to win Nobel Prize for literature?/ কোন আরব লেখক সর্বপ্রথম সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [চবি (বি ইউনিট): ২০-২১]
ⓚ তাহা হুসেইন ⓚ নাগিব মাহফুজ
ⓖ খলিল জিবরান ⓖ জুরজি জেডান **উত্তর:** খ

৩. **নোবেল বিজয়ী আরবি ঔপন্যাসিক?** [চবি (বি ২ আরবি): ১৪-১৫]
ⓚ হুসাইন হাইকেল ⓚ নজীব কিলানী
ⓖ নাগিব মাহফুজ ⓖ তুহা হুসাইন **উত্তর:** গ

৪. **নাগীব মাহফুজ কোন সালে নোবেল পুরস্কার লাভ করেন?** [চবি (খ ইউনিট): ০৯-১০]
ⓚ ১৯৭৮ ⓚ ১৯৮০
ⓖ ১৯৮৪ ⓖ ১৯৮৮
ⓤ ১৯৯০ **উত্তর:** ঘ

৫. **নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী -** [বিভিন্ন মন্ত্রণালয়ের তৃতীয় শ্রেণির কর্মচারী: ১৮]
ⓚ সিফাতই রাব্বানী ⓚ জান্নাতুল ফেরদৌস
ⓖ শিরিন এবাদি ⓖ ড.বেনজীর আহমদ **উত্তর:** গ

৬. **Who is the first Muslim women to win the Nobel Peace prize?** [SIBL Probatinary officer: 21] *Or,*
কোন মুসলিম নারী সর্বপ্রথম নোবেল শান্তি পুরস্কার পান? [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ⓚ Monika Ali
ⓚ Shirin Ebadi
ⓖ Mother Teresa
ⓖ Benazir Bhutto **উত্তর:** খ

৭. **Shirin Ebadi, who won the Nobel Peace prize in 2003, is from-** [Bangladesh Bank Asst Director: 13] *Or,*
নোবেল বিজয়ী শিরিন এবাদি কোন দেশের নাগরিক? [চবি (বি১ ইউনিট): ১৪-১৫]
ⓚ তুরস্ক ⓚ ইরান
ⓖ ইংল্যান্ড ⓖ কুয়েত **উত্তর:** খ

৮. **ইরানের মানবাধিকার কর্মী শিরিন এবাদি কোন সালে শান্তি পুরস্কার পেয়েছিলেন--** [সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক: ০৫]
ⓚ ২০০১ সালে ⓚ ২০০২ সালে
ⓖ ২০০৩ সালে ⓖ ২০০৪ সালে **উত্তর:** গ

৯. **২০০৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার কে পেয়েছেন?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট: ০৭]
ⓚ ড. ইউনূস ⓚ অরুন্ধতি রায়
ⓖ হোসে সাবামাগো ⓖ ওরহান পামুক **উত্তর:** ঘ

১০. **সাহিত্যে নোবেল বিজয়ী ওরহান পামুক কোন দেশের নাগরিক?** [চবি (ডি ইউনিট): ১০-১১]
ⓚ ইরান ⓚ গ্রিস
ⓖ রাশিয়া ⓖ তুরস্ক **উত্তর:** ঘ

১১. **হোয়াইট ক্যাসেল উপন্যাসের রচিয়তা কে?** [জাবি (বাংলা বিভাগ): ০৯-১০]
ⓚ ইমরে কারতেজ ⓚ ওরহান পামুক
ⓖ হুয়ান রুলফো ⓖ জে এম কোয়েটজি **উত্তর:** খ

১২. **২০১১ সালে শান্তিতে নোবেল পুরস্কার পাওয়া তাওয়াক্কুল কারমান কোন দেশের নাগরিক?** [বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল): ১১-১২]
ⓚ ইরান ⓚ মিশর
ⓖ তিউনেশিয়া ⓖ ইয়েমেন **উত্তর:** ঘ

১৩. **শরণার্থীদের দুঃখ দুর্দশা নিয়ে সাহিত্য রচনা করে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন-** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার: ২২]
ⓚ লুইজ গ্লিক ⓚ আবদুল রাজাক গুরনাহ
ⓖ গুন্টারগ্রাস ⓖ বব ডিলান **উত্তর:** খ

উপমহাদেশের নোবেলজয়ী ব্যক্তিত্ব

ক্রম	ক্ষেত্র	সাল	নোবেল বিজয়ী	দেশ
১	সাহিত্য	১৯১৩	রবীন্দ্রনাথ ঠাকুর	ভারত
২	পদার্থ	১৯৩০	স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রমন (সিভি রমন)	ভারত
৩	চিকিৎসা	১৯৬৮	এইচ জি খোরানা	ভারত
৪	পদার্থ	১৯৭৯	আব্দুস সালাম	পাকিস্তান
৫	শান্তি	১৯৭৯	মাদার তেরেসা	ভারত
৬	পদার্থ	১৯৮৩	সুব্রামানিয়ান চন্দ্রশেখর	ভারত
৭	অর্থনীতি	১৯৯৮	অমর্ত্য সেন	ভারত
৮	শান্তি	২০০৬	ড. মুহাম্মদ ইউনূস	বাংলাদেশ
৯	রসায়ন	২০০৯	ভি. রামকৃষ্ণ	ভারত
১০	শান্তি	২০১৪	মালালা ইউসুফজাঈ	পাকিস্তান
১১	শান্তি	২০১৪	কৈলাস সত্যার্থী	ভারত
১২	অর্থনীতি	২০১৯	অভিজিত ব্যানার্জী	ভারত

মাদার তেরেসা (Mother Teresa) ১৯১০ সালের ২৬ আগস্ট তৎকালীন অটোমান সাম্রাজ্যে (বর্তমান স্কোপেজ, রিপাবলিক অব নর্থ মেসিডোনিয়ার অন্তর্ভুক্ত) জন্মগ্রহণ করেন। তিনি জাতিতে ছিলেন আলবেনীয়। তিনি ১৯৪৮ সালে ভারতের নাগরিকত্ব লাভ করেন। দুঃস্থ মানবতার সেবার জন্য তিনি ১৯৫০ সালে ভারতের কলকাতায় Missionaries of Charity (মিশনারিজ অফ চ্যারিটি) প্রতিষ্ঠা করেন। ১৯৫২ সালে তিনি কলকাতার কালীঘাটে পুরানো পরিত্যক্ত হিন্দু মন্দিরে নিঃস্ব ও মুমূর্ষু ব্যক্তিদের বিনামূল্যের সেবাসদন 'নির্মল হৃদয়' প্রতিষ্ঠা করেন। মানব সেবায় অসামান্য অবদানের জন্য ১৯৭৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন এবং ১৯৮০ সালে ভারতের সর্বোচ্চ বেসামরিক পদক 'ভারতরত্ন' লাভ করেন। তিনি ছিলেন এশিয়ার প্রথম নোবেলজয়ী নারী। তাঁকে বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মানুষ বলা হয়। মাদার তেরেসাকে 'Living Saint' নামে ডাকা হয়। ১৯৯৭ সালের ৫ সেপ্টেম্বর কলকাতায় ইহলোক ত্যাগ করেন।



মালালা ইউসুফজাই (Malala Yousafzai) ১২ জুলাই, ১৯৯৭ পাকিস্তানের সোয়াত উপত্যাকার মিনগোরায় জন্মগ্রহণ করেন। পাকিস্তানে নারীদের শিক্ষার অধিকার নিয়ে প্রচারাভিযানে কাজ করায় ২০১২ সালে তালেবানরা তাঁকে গুলিতে আহত করে। ২০১৪ সালে বিশ্বের সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসাবে তিনি নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। শিশুর শিক্ষার অধিকারের পক্ষে তাঁর সাহসী আন্দোলনের স্বীকৃতি হিসাবে তাঁকে ওই পুরস্কার দেয়। মালালা ইউসুফজাই জাতীয় যুবশান্তি পুরস্কার (২০১১), শাখারভ পুরস্কার (২০১৩), ক্লিনটন গ্লোবাল সিটিজেন অ্যাওয়ার্ডস (২০১৩), আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার (২০১৩) সহ বহু জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন। ২০১৭ সালে তাঁকে কানাডার সম্মানসূচক নাগরিকত্ব সনদ প্রদান করা হয়। *'I Am Malala: How One Girl Stood Up for Education and was Shot by the Taliban'* তাঁর আত্মজীবনী মূলক গ্রন্থ।



নোবেলজয়ী বাঙালি

নোবেলজয়ী বাঙালি মনীষী ৪ জন। তাঁরা হলেন - রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত্য সেন, ড.মুহাম্মদ ইউনূস এবং অভিজিত ব্যানারর্জী।

অমর্ত্য সেন (Amartya Sen) ১৯৩৩ সালে ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস বাংলাদেশের মানিকগঞ্জ জেলায়। তাঁর বাবা আশুতোষ সেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ছিলেন। অমর্ত্য সেন জনকল্যাণ অর্থনীতি, দুর্ভিক্ষ ও দারিদ্র্যের অন্তর্নিহিত কারণ নিয়ে গবেষণা করেন। সামাজিক চয়ন তত্ত্ব বা কল্যাণ অর্থনীতিতে অবদানের জন্য ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি ট্রিনিটি কলেজ (ক্যামব্রিজ), অক্সফোর্ড এবং হাভার্ড বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। তিনি ভারতের বর্তমান নালন্দা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ছিলেন। নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি দ্বিতীয় বাঙালি, অর্থনীতিতে এশিয়ার প্রথম, উপমহাদেশে সপ্তম। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Poverty and Famine', 'The Idea of Justice', 'Identity and Violence: The illusion of destiny', Home in the World: A Memoir প্রভৃতি।

MCQ Solution


১. **The second Nobel laureate in Asia was -/নোবেলজয়ী দ্বিতীয় এশীয় ব্যক্তিত্ব-** [Rajshahi Krishi Unnayan Bank. Senior Officer: 14]
ⓐ C.V Raman ⓑ Amartya Sen
ⓒ S. Chandrashekhar
ⓓ Rabindranath Tagore **Ans.** a

২. **ভারত উপমহাদেশে বিজ্ঞানে প্রথম নোবেল পুরস্কার পান -** [ইবি (বি ইউনিট): ০৬-০৭] *Or,*
নোবেল পুরস্কারপ্রাপ্ত দক্ষিণ এশীয় প্রথম বিজয়ী বিজ্ঞানী- [ঢাবি (খ ইউনিট): ৯৭-৯৮]
ⓚ এইচ. জি. খোরানা ⓚ আব্দুস সালাম
ⓖ সিভি রমন ⓖ চন্দ্র শেখর **উত্তর:** গ

৩. **নোবেল পুরস্কার প্রাপ্ত দক্ষিণ এশীয় মুসলিম বিজ্ঞানী কে?** [ইবি (বি ইউনিট): ০২-০৩]
ⓚ আব্দুল কালাম ⓚ ড. কুদরত-ই-খুদা
ⓖ ড. আঃ কাদের ⓖ ড. আব্দুস সালাম **উত্তর:** ঘ

৪ **পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার বিজয়ী আব্দুস সালাম ছিলেন কোন দেশের বিজ্ঞানী?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ৯৫]
ⓚ বাংলাদেশ ⓚ ভারত
ⓖ পাকিস্তান ⓖ মিশর **উত্তর:** গ

৫. **এ উপমহাদেশ থেকে এ যাবৎ কতজন নোবেল পুরস্কার পেয়েছেন?** [২৫তম বিসিএস]
ⓚ চারজন ⓚ পাঁচজন
ⓖ ছয়জন ⓖ সাতজন **উত্তর:**
ব্যাখ্যা: উপমহাদেশ থেকে এ যাবৎ ১৪ জন নোবেল পুরস্কার পেয়েছে।



৬. **কোন ব্যক্তি সমগোত্রীয় নন?** [জাবি (ইতিহাস বিভাগ): ০৯-১০]
ⓚ মাদাম কুরি
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ চন্দ্রশেখর ভেংকটরমন
ⓖ অধ্যাপক আব্দুস সালাম **উত্তর: খ**
ব্যাখ্যা: উল্লিখিত চারজন মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর ছাড়া অবশিষ্ট তিনজনই পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেছেন। কিন্তু রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেছেন।

৭. **মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন?** [২৬তম বিসিএস/ পিকেএসএফ সহকারী ব্যবস্থাপক: ১৯]
ⓚ আলবেনিয়া ⓚ মেসেডোনিয়া
ⓖ সার্বিয়া ⓖ ইতালি **উত্তর: খ**

৮. **মাদার তেরেসা কোন দেশে জন্মগ্রহণ করেন?** [৩৬তম বিসিএস/ চবি(বি ইউনিট): ২০-২১] *Or,*
Mother Teresa was born in- [National Bank Ltd. Probationary Officer: 14]
ⓐ England ⓑ India
ⓒ Albania ⓓ Germany **Ans. c**

৯. **Who used to be called a '*Living Saint*'?** [BASIC Bank Ltd. Officer: 02]
ⓐ Mother Teresa
ⓑ Desmond Tutu
ⓒ Pope John Paul
ⓓ Florence Nightingale **Ans. a**

১০. **মাদার তেরেসা পথের অবহেলিত শিশুদের জন্য কোথায় প্রথম আশ্রয় খোলেন?** [ডেন্টাল কলেজ: ০৩-০৪]
ⓚ কলকাতা ⓚ কাবুল
ⓖ বৈরুত ⓖ বাগদাদ **উত্তর: ক**

১১. **মাদার তেরেসা পরিচালিত দাতব্য প্রতিষ্ঠানটির নাম কী?** [ফিমেল সেকেন্ডারি এডুকেশন অফিসার: ৯৯]
ⓚ চ্যারিটি অব মিশনারিজ
ⓚ মিশনারিজ অব চ্যারিটি
ⓖ মাদার তেরেসা প্রতিষ্ঠান
ⓖ চ্যারিটি অব মাদার তেরেসা **উত্তর: খ**

১২. **When was "Missionaries of Charity" established by Mother Teresa?** [Bangladesh Bank Asst. Director (General): 16]
ⓐ 1950 ⓑ 1951
ⓒ 1953 ⓓ 1954 **Ans. a**

১৩. **বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মানুষ** - [পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর: ০২]
ⓚ মার্টিন লুথার কিং ⓚ মাদার তেরেসা
ⓖ প্রিন্সেস ডায়ানা ⓖ নেলসন ম্যান্ডেলা **উত্তর: খ**

১৪. **শান্তির জন্য প্রথম কোন মহিলা নোবেল পুরস্কার পান?** [সাব-রেজিস্ট্রার: ১২]
ⓚ অং সান সুচি ⓚ ইন্দিরা গান্ধী
ⓖ মাদার তেরেসা ⓖ শিরিন এবাদি **উত্তর: গ**
ব্যাখ্যা: প্রশ্নটি সর্বাংশে সঠিক নয়। উল্লিখিত নারীদের মধ্যে শান্তিতে নোবেলজয়ী প্রথম নারী মাদার তেরেসা। উল্লেখ্য, শান্তিতে নোবেলজয়ী প্রথম নারী বার্থাভন সুটনার।

১৫. **মাদার তেরেসা শান্তিতে নোবেল পুরস্কার পান কোন সনে?** [আনসার ও ভিডিপি অধিদপ্তর সার্কেল এ্যাডজুটেন্ট: ০৫]
ⓚ ১৯৭৮ সনে ⓚ ১৯৭৯ সনে
ⓖ ১৯৮০সনে ⓖ ২০০০ সনে **উত্তর: খ**

১৫. **মাদার তেরেসা কর্তৃক প্রতিষ্ঠিত সেবা প্রতিষ্ঠান কোনটি?** [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ⓚ হৃদয়ে মানবিকতা ⓚ নির্মল হৃদয়
ⓖ শুদ্ধতা ⓖ জয়িতা **উত্তর: খ**

১৬. **পাকিস্তান নারী শিক্ষাব্রতী হিসেবে পরিচিত তালেবানদের গুলিতে আহত কিশোরী** - [ঢাবি (চ ইউনিট): ১২-১৩]
ⓚ মালালা এবাদি ⓚ মালালা জারদারী
ⓖ মালালা ইউসুফজাই ⓖ মালালা আফসুন **উত্তর: গ**

১৭. **মালালা ইউসুফজাই ২০১৩ সালে যে পুরস্কারের ভূষিত হয়েছেন তার নাম** - [জবি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ Clinton Global Award
ⓚ Clinton citizens Award
ⓖ Clinton world Citizen Award
ⓖ Clinton Global Citizen Award **উত্তর: ঘ**

১৮. **সবচেয়ে কম বয়সে নোবেল পুরস্কার পেয়েছেন কে?** [মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর জুনিয়র অডিটর: ২২]
ⓚ কৈলাশ সত্যার্থী
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ মালালা ইউসুফজাঈ
ⓖ প্রফেসর আব্দুস সালাম **উত্তর: গ**

১৯. **নোবেল বিজয়ী বাঙালি জ্ঞান সাধকের সংখ্যা কত?** [জাকানইবি (এ ইউনিট): ১৯-২০]
ⓚ ৫ ⓚ ৪
ⓖ ৩ ⓖ ২ **উত্তর: খ**

২০. **নোবেল পুরস্কারপ্রাপ্ত প্রথম বাঙালি কে?** [বাংলাদেশ পুলিশ অপরাধ তদন্ত বিভাগে অফিস সহায়ক: ২১]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ ফজলে হাসান আবেদ
ⓖ মুহম্মদ ইউনুস ⓖ অমর্ত্য সেন **উত্তর: ক**

২১. **২০১৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার বিজয়ী অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় কততম বাঙালি নোবেল বিজয়ী?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক: ২০]
ⓚ প্রথম ⓚ চতুর্থ
ⓖ তৃতীয় ⓖ দ্বিতীয় **উত্তর: খ**

২২. **জন্মসূত্রে বাঙালি যে অর্থনীতিবিদ নোবেল পুরস্কার পান তাঁর নাম-** [রাবি (অর্থনীতি বিভাগ): ০৮-০৯]
ⓚ ড. ইউনূস ⓛ রহমান মোল্লা
ⓖ সামসুল হক ⓘ অমর্ত্য সেন **উত্তর:** ঘ

২৩. **The birth place of professor Amartya Sen was in -** [Pubali Bank Ltd. (Trainee Assistant Teller): 17]
ⓐ Kolkata ⓑ Comilla
ⓒ Chittagong ⓓ Manikganj **Ans.** a

২৪. **নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনের বাবা নিচের কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করতেন?** [ববিপ্রবি (এক ইউনিট): ১৯-২০]
ⓚ ঢাকা বিশ্ববিদ্যালয়
ⓛ কল্যাণী বিশ্ববিদ্যালয়
ⓖ যাদবপুর বিশ্ববিদ্যালয়
ⓘ রাজশাহী বিশ্ববিদ্যালয় **উত্তর:** ক

২৫. **Professor Amartya Sen is associated with -** [6 Govt. Bank & Financial Institutes Senior Officer (General): 19]
ⓐ Biochemistry ⓑ Economics
ⓒ Electronics ⓓ Geology **Ans.** b

২৬. **অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?** [২২তম বিসিএস] *Or,*
Amartya Sen was awarded the Nobel Prize for his work on - [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13]
ⓚ দুর্ভিক্ষ ও দারিদ্র্য ⓛ উন্নয়ন গতিধারা
ⓖ মাইক্রো ক্রেডিট ⓘ বৈদেশিক সাহায্যে **উত্তর:** ক

২৭. **Who is famous for his research works on poverty and famine?/ কে দারিদ্র্য এবং দুর্ভিক্ষের উপর গবেষণার জন্য বিখ্যাত?** [SIBLTrainee Senior Officer: 10]
ⓐ Amartya Sen ⓑ J M Keynes
ⓒ Michel Lift ⓓ William Rosto
ⓔ Michel Patro **Ans.** a

২৮. **'Poverty and Famines' গ্রন্থের রচয়িতা কে?** [ইবি (গ ইউনিট): ১৩-১৪]
ⓚ অমর্ত্য সেন ⓛ গুনার মিরডাল
ⓖ মাইকেল লিফট ⓘ উইলিয়াম রাস্টো **উত্তর:** ক

২৯. **'The Idea of justice' গ্রন্থের রচয়িতা কে?** [৪০তম বিসিএস]
ⓚ অমর্ত্য সেন ⓛ উইলিয়াম রসেটা
ⓖ মাইকেল লিফট ⓘ গুনার মিরডাল **উত্তর:** ক

৩০. **'হোম ইন দ্যা ওয়ার্ল্ড ; আ মেমোয়ার' গ্রন্থের লেখক -** [ঢাবি; অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ২০-২১]
ⓚ নিরদ সি. চৌধুরী ⓛ আনিসুজ্জামান
ⓖ দ্বিজেন শর্মা ⓘ অমর্ত্য সেন **উত্তর:** ঘ

৩১. **অমর্ত্য সেনের মতে গণতান্ত্রিক দেশে যা থাকা কাম্য নয়।** [রাবি (সমাজবিজ্ঞান): ০৫-০৬]
ⓚ স্বৈরাচার ⓛ সামরিক শাসন
ⓖ দুর্নীতি ⓘ দুর্ভিক্ষ **উত্তর:** ঘ

৩২. **অধ্যাপক অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন কত সালে?** [সমন্বিত ৮ ব্যাংক অফিসার (জেনারেল): ২২]
ⓚ ১৯৯৫ সালে ⓛ ১৯৯৬ সালে
ⓖ ১৯৯৭ সালে ⓘ ১৯৯৮ সালে **উত্তর:** ঘ

৩৩. **অধ্যাপক অমর্ত্য সেন কোন অর্থনৈতিক তত্ত্বের অবদানের জন্য নোবেল পুরস্কার পেয়েছেন?** [ঢাবি (খ ইউনিট): ৯৮-৯৯]
ⓚ সামাজিক চয়ন তত্ত্ব ⓛ বর্গা-চাষ তত্ত্ব
ⓖ কৌশল নির্ধারণ ⓘ সাধারণ তত্ত্ব **উত্তর:** ক

৩৪. **কোন ক্ষেত্রে অবদানের জন্য অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার দেয়া হয়েছে?** [রাবি (ডি ইউনিট): ১৮-১৯]
ⓚ উন্নয়ন অর্থনীতি ⓛ আন্তর্জাতিক বাণিজ্য তত্ত্ব
ⓖ কল্যাণ অর্থনীতি ⓘ মজুরি তত্ত্ব **উত্তর:** গ

৩৫. **কোন জন নোবেল পুরস্কার পাননি?** [চবি (ডি-১ ও ডি-২ ইউনিট): ১৫-১৬]
ⓚ সি ভি রমন ⓛ ড. হরগোবিন্দ খোরানা
ⓖ অমর্ত্য সেন ⓘ স্টিফেন হকিং **উত্তর:** ঘ

শান্তিতে নোবেলজয়ী জাতিসংঘের অঙ্গসংগঠন

নোবেল পুরস্কারপ্রাপ্ত সংস্থা বা সংগঠন	সাল
জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR)	১৯৫৪, ১৯৮১
জাতিসংঘ শিশু তহবিল (UNICEF)	১৯৬৫
আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)	১৯৬৯
জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনী	১৯৮৮
জাতিসংঘ	২০০১
আন্তর্জাতিক আণবিক শক্তি এজেন্সি (IAEA)	২০০৫
আবহাওয়া পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (IPCC)	২০০৭
রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা (OPCW)	২০১৩
বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)	২০২০

শান্তিতে নোবেলজয়ী অন্যান্য সংগঠন

আন্তর্জাতিক সংগঠন	সাল
অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (মানবাধিকার সংস্থা)	১৯৭৭
ইউরোপীয় ইউনিয়ন	২০১২
পরমাণু নিরস্ত্রীকরণ প্রচারণা গ্রুপ (ICAN)	২০১৭

একাধিকবার নোবেলজয়ী সংগঠন ও ব্যক্তি

নোবেলজয়ীর নাম	পুরস্কার জয়ের বর্ষ (বিষয়)
আন্তর্জাতিক রেডক্রস কমিটি (ICRC)	১৯১৭, ১৯৪৪, ১৯৬৩ (শান্তি)
জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR)	১৯৫৪, ১৯৮১ (শান্তি)
মেরী কুরি	১৯০৩ (পদার্থ), ১৯১১ (রসায়ন)
লিনাস পাউলিং	১৯৫৪ (রসায়ন), ১৯৬২ (শান্তি)
জন বার্ডিন	১৯৫৬ (পদার্থ), ১৯৭২ (পদার্থ)
ফ্রেডরিক স্যাঙ্গার	১৯৫৮ (রসায়ন), ১৯৮০ (রসায়ন)

MCQ Solution

১. **নিচের কোন সংস্থাটি একাধিকবার নোবেল পুরস্কার লাভ করেছে?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ⓚ রেডক্রস
ⓚ জাতিসংঘ শিশু তহবিল
ⓖ আন্তর্জাতিক শ্রম সংস্থা
ⓖ আন্তর্জাতিক আণবিক শক্তি কমিশন **উত্তর: ক**

২. **The organization received the Nobel Peace Prize for three times is-** [Pubali Bank Ltd. Junior Officer: 19]
ⓐ International Committee of the Red Cross
ⓑ United Nations Organization
ⓒ Transparency International
ⓓ Amnesty International **Ans. a**

৩. **কোন সালে আন্তর্জাতিক শ্রম সংস্থা নোবেল পুরস্কার পেয়েছিল?** [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ: ০১]
ⓚ ১৯২৬ সালে ⓚ ১৯৩৩ সালে
ⓖ ১৯৬৯ সালে ⓖ ১৯৮৯ সালে **উত্তর: গ**

৪. **Which organization won the Nobel Prize for climate change related activities?/** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓐ UNDP ⓑ IPCC
ⓒ UNEP ⓓ UNESCO **Ans. b**

৫. **Which one of the following organizations is Nobel Peace Prize laureate?/ নিচের কোন সংস্থা নোবেল শান্তি পুরস্কারপ্রাপ্ত?** [Mercantile Bank Ltd. Trainee Officer: 13]
ⓐ Grameen Bank
ⓑ ICRC
ⓒ ICDDR
ⓓ Both (a), (b) **Ans. d**

৬. **২০১২ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার পায়-** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ⓚ UNIDO ⓚ WHO
ⓖ EU ⓖ BRAC **উত্তর: গ**

৭. **২০১৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে কোন সংস্থা?** [রাবি (ক ইউনিট): ১৩-১৪]
ⓚ আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল
ⓚ বিশ্ব বুদ্ধিবৃত্তিক সম্পদ সংস্থা
ⓖ রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা
ⓖ জাতিসংঘ শিল্পোন্নয়ন সংস্থা **উত্তর: গ**

৮. **কোন সংস্থা ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে?** [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ⓚ UNESCO ⓚ WFP
ⓖ FAO ⓖ UNICEF **উত্তর: খ**

৯. **কোন বৈজ্ঞানিক সর্বপ্রথম দুইবার নোবেল পুরস্কার পান?** [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ মেরি কুরি
ⓚ আলবার্ট আইনস্টাইন
ⓖ স্যার আইজাক নিউটন
ⓖ আলেকজান্ডার গ্রাহাম বেল **উত্তর: ক**

১০. **নিচের কোন বিজ্ঞানী পদার্থ ও রসায়ন শাস্ত্রে মোট দুবার নোবেল পুরস্কার লাভ করেন?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সহকারী নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ⓚ জন বার্ডেন ⓚ লিনাস পাউলিং
ⓖ ফ্রেডারিক স্যাঙ্গার ⓖ মাদাম কুরি **উত্তর: ঘ**

মরণোত্তর নোবেল বিজয়ী

নোবেল বিজয়ী	ক্ষেত্র	সাল	দেশ
এরিক এক্সেল কার্লফেল্ট	সাহিত্য	১৯৩১	সুইডেন
দ্যাগ হ্যামারশোল্ড	শান্তি	১৯৬১	সুইডেন
রালফ এম স্টেনম্যান	চিকিৎসা	২০১১	কানাডা

MCQ Solution

১. **সাহিত্যের মরণোত্তর একমাত্র নোবেল বিজয়ী-** [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব: ০৫]
ⓚ এরিক কে কার্লফেল্ট ⓚ পার্ল এস.বাক
ⓖ পাবলো নেরুদা ⓖ সল বেলো **উত্তর: ক**

নোবেল পুরস্কার প্রত্যাখ্যান

ক) স্বেচ্ছায়: এ পর্যন্ত দুইজন নোবেলজয়ী স্বেচ্ছায় নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন। যথা-

১	দার্শনিকজ্যঁ পল সার্ত্র	ফ্রান্স	সাহিত্য	১৯৬৪
২	লি ডাক থো	ভিয়েতনাম	শান্তি	১৯৭৩

খ) সরকারের চাপে

ক্রম	ব্যক্তি	দেশ	ক্ষেত্র	সাল
১	কার্ল ভন অসিসকাই	জার্মানি	শান্তি	১৯৩৫
২	রিচার্ড কুহান	জার্মানি	রসায়ন	১৯৩৮
৩	এডলফ বুটেনঅ্যান্ড	জার্মানি	রসায়ন	১৯৩৯
৪	জারহর্দ ডোমাগক	জার্মানি	চিকিৎসা	১৯৩৯
৫	বরিস পেরেসত্রোনক	রাশিয়া	সাহিত্য	১৯৫৮
৬	লিউ জিয়াবো	চীন	শান্তি	২০১০

MCQ Solution

১. **শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখ্যানকারী একমাত্র ব্যক্তি কে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ভলগা): ১৩]
ক) লি ডাক থো খ) মার্টিন লুথার কিং জুনিয়র
গ) স্যার স্যামুয়েলসন ঘ) হরগোবিন্দ খোরানা **উত্তর: ক**

২. **কোন দার্শনিক সাহিত্যে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন?** [চবি (বি ইউনিট): ২০-২১]
ক) পার্ল এস বাক খ) জ্যাঁ পল সার্ত্রে
গ) সল বেলো ঘ) উইনস্টন চার্চিল **উত্তর: খ**

৩. **A Russian author who refused Nobel Prize-** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ১০]
a) Ruskin
b) Maxim Gorky
c) Boris Pasternak
d) Alexander Solzhenitsin **Ans. c**

ফ্যাক্টস অব নোবেল প্রাইজ

- রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পেয়েছেন - ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টোন চার্চিল (১৯৫৩ খ্রি)
- বিজ্ঞানী কিন্তু শান্তিতে নোবেল পেয়েছেন - লিনাস পাউলিং (১৯৬২ খ্রি.)
- মনোবিজ্ঞানী কিন্তু অর্থনীতিতে নোবেল জয় করেন - ড্যানিয়েল ক্যানেম্যান (২০০২ খ্রি.)

MCQ Solution

১. **উল্লিখিত বিজ্ঞানীদের মধ্য যিনি নোবেল শান্তি পুরস্কার প্রাপ্ত -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার: ৯৯]
ক) লাইনাস পলিং খ) আলবার্ট আইনস্টাইন
গ) আব্দুস সালাম ঘ) জর্জ পোর্টার **উত্তর: ক**

২. **মনোবিজ্ঞানী হয়েও অর্থনীতিতে নোবেল পুরস্কার পান কে?** [চবি (বি ইউনিট): ১৭-১৮]
ক) অমর্ত্য সেন (১৯৯৮)
খ) এলিনর অস্ট্রাম (২০০৯)
গ) কোইচি তানাকা (২০০২)
ঘ) ড্যানিয়েল ক্যাহনম্যান (২০০২) **উত্তর: ঘ**

৩. **১৯৯২ সালে শান্তি নোবেল পুরস্কার বিজয়ী রিগোবার্তা মেনচু কোন দেশের নাগরিক?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার: ০৬]
ক) গুয়েতেমালা খ) প্যারাগুয়ে
গ) উরুগুয়ে ঘ) ভেনিজুয়েলা **উত্তর: ক**

৪. **Who among the following won Nobel prize for literature?** [Midland Bank Ltd. Management Trainee Officer: 15]
a) Linus Pauling
b) Samuel Beckett
c) Philip Noel Baker
d) Ralph Bunche **Ans. b**

রামোন ম্যাগসেসে পুরস্কার
Ramon Magsaysay award

রামোন ম্যাগসেসে পুরস্কার প্রথম দেওয়া হয় ১৯৫৮ সালে। এই পুরস্কারটি প্রবর্তন করা হয় ফিলিপাইনের প্রয়াত প্রেসিডেন্ট রামোন ম্যাগসেসেকে স্মরণ করে। এ পুরস্কার এশিয়ার নোবেল পুরস্কার হিসেবে খ্যাত। প্রতিবছর ৬টি শ্রেণিতে এশিয়ার বিভিন্ন ব্যক্তি এবং সংগঠনকে এই পুরস্কার প্রদান করা হয়। যথা- ১) সাংবাদিকতা, সাহিত্য ও যোগাযোগে উদ্ভাবনী কলা ২) শান্তি ও আন্তর্জাতিক সমঝোতা ৩) সরকারি সেবা ৪) জনসেবা ৫) সামাজিক নেতৃত্ব এবং ৬) নতুন নেতৃত্ব। ম্যাগসেসে পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশীদের মধ্যে তাহরুন্নেছা আবদুল্লাহ (সামাজিক নেতৃত্ব, ১৯৭৮), ফজলে হাসান আবেদ (সামাজিক নেতৃত্ব, ১৯৮০), ড. মুহাম্মদ ইউনূস (সামাজিক নেতৃত্ব, ১৯৮৪), ড. এঞ্জেলা গমেজ (সামাজিক উন্নয়ন, ১৯৯৯), সৈয়দা রিজওয়ানা হাসান (২০১২ খ্রি.), ফেরদৌসী কাদরী (২০২১ খ্রি.) এর নাম উল্লেখযোগ্য।



মিলেনিয়াম শান্তি পুরস্কার

বিশ্ব শান্তিতে নারীর অবদানের স্বীকৃতিস্বরূপ মিলেনিয়াম শান্তি পুরস্কার প্রদান হয়। ২০০১ সালে UNDP এই পুরস্কার প্রবর্তন করে।

শাখারভ পুরস্কার

মানবাধিকার এবং মুক্ত চিন্তায় মৌলিক বিকাশে অবদানের জন্য ইউরোপীয় পার্লামেন্ট ১৯৮৮ সালে শাখারভ প্রাইজ ফর ফ্রীডম অব থট বা মুক্ত চিন্তায় 'শাখারভ পুরস্কার' প্রদান করে। রাশিয়ার বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী আন্দ্রে শাখারভের নামানুসারে এ পুরস্কারের নামকরণ করা হয়।

নাইটিঙ্গেল পুরস্কার

আন্তর্জাতিক রেডক্রস কমিটি নার্সিং সেবায় অসাধারণ অবদানের 'নাইটিঙ্গেল মেডেল' প্রদান করে। আধুনিক নার্সিং সেবার অগ্রদূত 'ফ্লোরেন্স নাইটিঙ্গেল' এর স্মরণে এই পদকটি প্রদান করা হয়। ক্রিমিয়ার যুদ্ধ (১৮৫৩-৫৬ খ্রি.) এ যুদ্ধাহতদের সেবায় ফ্লোরেন্স আত্মনিবেদন করে ইতিহাসে অমর হয়ে আছেন। হ্যারিকেন নিয়ে রাতের আঁধারে তিনি ছুটে যেতেন আহতদের দ্বারে দ্বারে। এজন্য তিনি বিশ্বব্যাপী পরিচিতি পান 'The lady with the lamp' নামে। নাইটিঙ্গেলের জন্ম হয় ১৮২০ সালে ইতালির ফ্লোরেন্স শহরে।

ভারতের নাইটেঙ্গেল	সরোজিনী নাইডু
আরবের নাইটেঙ্গেল	উম্মে কুলসুম

MCQ Solution

১. **Ramon Magsaysay award is named after the former president of -/ কোন দেশের প্রাক্তন রাষ্ট্রপতির নামানুসারে রামোন ম্যাগসেসে পুরস্কারের নামকরণ করা হয়?** [Midland Bank Trainee Asst. Officer: 15]
ⓐ Philippines ⓑ Thailand
ⓒ Indonesia ⓓ India **Ans.** a

২. **ম্যাগসেসে পুরস্কারটি কোন দেশ থেকে দেয়া হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ⓚ বাংলাদেশ ⓚ ভারত
ⓖ ফিলিপাইন ⓖ ইন্দোনেশিয়া **উত্তর:** গ

৩. **এশিয়ার নোবেল (Asian nobel prize) নামে খ্যাত-** [নার্সিং ও মিডওয়াইফ অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক) পদ্মভূষণ খ) ম্যাগসেসে
গ) আগাখান পুরস্কার ঘ) পুলিতজার **উত্তর:** খ

৪. **'ম্যাগসেসে' পুরস্কার কোন বিষয়ের সাথে সম্পৃক্ত?** [রাবি (হিসাববিজ্ঞান): ০৭-০৮]
ক) সাহিত্য খ) বিজ্ঞান
গ) মানবকল্যাণ ঘ) অর্থনীতি **উত্তর:** ক

৫. **সামাজিক নেতৃত্বের জন্য ১৯৯৯ সালের ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন?** [ঢাবি (খ ইউনিট): ৯৯-০০]
ক) ড. মুহাম্মদ ইউনুস খ) ফজলে হাসান আবেদ
গ) এঞ্জেলা গোমেজ ঘ) শেখ হাসিনা **উত্তর:** গ

৬. **কে ম্যাগসেসে পুরস্কার বিজয়ী?** [ইবি (গ ইউনিট): ১৩-১৪]
ক) এঞ্জেলা গমেজ খ) অ্যাড. সুলতানা কামাল
গ) বেগম রোকেয়া ঘ) সুফিয়া কামাল **উত্তর:** ক

৭. **পরিবেশের উপর বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ম্যাগসাসে পুরস্কার ২০১২ প্রাপ্ত হন-** [দশম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল): ১৪]
ক) ড. হাসান মাহমুদ
খ) ড. আইনুন নিশাত
গ) সৈয়দা রেজোয়ানা হাসান
ঘ) অধ্যাপক আব্দুল্লাহ আবু সাঈদ **উত্তর:** গ

৮. **Which Bangladeshi Scientist has won the Ramon Magsaysay Award 2021?** [BCIC Assistant Administrative Officer : 21]
ⓐ Jafar Iqbal
ⓑ Firdausi Qadri
ⓒ Jesmin Firdausi
ⓓ Mahmudul Haque **Ans.** b

৯. **বিশ্বশান্তিতে নারীর অবদানের স্বীকৃতিস্বরূপ ২০০১ সালে প্রবর্তিত পুরস্কারের নাম-** [ঢাবি (ঘ ইউনিট): ০৪-০৫]
ক) উইমেন ফর পিস
খ) উইমেন পিস প্রাইজ
গ) মিলেনিয়াম পিস প্রাইজ
ঘ) উইনিফেম পিস প্রাইজ **উত্তর:** গ

১০. **কোন সংস্থা মানবাধিকার এবং গণতন্ত্রের সংগ্রামে অবদানের জন্য Sakharov Prize for Freedom of Thought পুরস্কার দিয়ে থাকে?** [ঢাবি (ঘ ইউনিট): ০৮-০৯]
ক) জাতিসংঘ মানবাধিকার কমিশন
খ) মার্কিন যুক্তরাষ্ট্র সরকার
গ) ইউরোপীয় পার্লামেন্ট
ঘ) কোনোটিই নয় **উত্তর:** গ

১১. **'Nightingale Award' are given for excellence in which profession?** [Mercantile Bank Ltd. MTO: 15]
ⓐ Philanthropy ⓑ Journalism
ⓒ Doctor ⓓ Nursing
ⓔ None of these **Ans.** d

১২. **'লেডি উইথ দ্য ল্যাম্প' হিসেবে পরিচিত কে? (Who is known as 'The lady with the lamp'?)** [৪৩তম বিসিএস /৩৪তম বিসিএস/ ঢাবি (চ ইউনিট): ২০-২১]
ক) হেলেন কেলার খ) ফ্লোরেন্স নাইটিঙ্গেল
গ) মাদার তেরেসা ঘ) সরোজিনী নাইডু **উত্তর:** খ

১৩. **ফ্লোরেন্স নাইটিঙ্গেল কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন?** [চবি (ডি ইউনিট): ১৩-১৪]
ক) জাপান খ) রাশিয়া
গ) ইতালি ঘ) স্পেন **উত্তর:** গ

১৪. **'ফ্লোরেন্স নাইটিঙ্গেল' নামটি কোন যুদ্ধের সাথে জড়িত?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক) ওয়াটার লু'র যুদ্ধ খ) আমেরিকার গৃহযুদ্ধ
গ) ফরাসি বিপ্লব ঘ) ক্রিমিয়ার যুদ্ধ **উত্তর:** ঘ

১৫. **'আরবের নাইটিঙ্গেল' বলা হয় –** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক গ্রেড-২: ০৩]
ক) উম্মে হাফিজা খ) উম্মে কুলসুম
গ) উম্মে সাদিয়া ঘ) উম্মে মারিয়ম **উত্তর:** খ

বুকার পুরস্কার (Booker Prize)

বুকার পুরস্কার (পূর্ব নাম ম্যান বুকার পুরস্কার) একটি মর্যাদাপূর্ণ ব্রিটিশ সাহিত্য পুরস্কার। এটি ইংরেজি সাহিত্যের সবচেয়ে মর্যাদাসম্পন্ন পুরস্কার। প্রতিবছর বিগত ১ বছরে প্রকাশিত শ্রেষ্ঠ ইংরেজি পূর্ণদৈর্ঘ্য উপন্যাসের জন্য এ পুরস্কার প্রদান করা হয়। সর্বকনিষ্ঠ বুকার পুরস্কার বিজয়ী ঔপনাসিক হলেন এলিনর ক্যাটন।

বুকার পুরস্কার প্রাপ্ত বিখ্যাত গ্রন্থ

সাল	লেখক	দেশ	শিরোনাম	ধরন
১৯৯৭	অরুন্ধতী রায়	ভারত	The God of Small Things	উপন্যাস
২০০৬	কিরন দশাই	ভারত	The Inheritance of Loss	উপন্যাস
২০০৮	অরবিন্দ আদিগাও	ভারত	The White Tiger	উপন্যাস
২০১৫	মারলন জেমস	জ্যামাইকা	A Brief History of Seven killings	গবেষণাধর্মী উপন্যাস
২০২১	ড্যামন গালগুট	দক্ষিণ আফ্রিকা	The Promise	উপন্যাস

MCQ Solution

১. **ইংরেজি সাহিত্যের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার কী?** [জবি (ডি ইউনিট): ১৭-১৮]
ⓚ বুকার পুরস্কার
ⓚ অস্কার পুরস্কার
ⓖ ম্যাগসেসে পুরস্কার
ⓘ পুলিৎজার পুরস্কার **উত্তর:** ক

২. **'বুকার' কোন দেশের শ্রেষ্ঠ সাহিত্য পুরস্কার?** [রাবি (নাট্যকলা ও সংগীত বিভাগ): ০৮-০৯]
ⓚ ব্রিটেন ⓚ ফ্রান্স
ⓖ মার্কিন যুক্তরাষ্ট্র ⓘ জাপান **উত্তর:** ক

৩. **Booker prize is a-** [JU (I Unit): 19-20]
ⓐ Peace award (শান্তি পুরস্কার)
ⓑ Literary award (সাহিত্য পুরস্কার)
ⓒ Award for outstanding struggle for democracy and human Rights (গণতন্ত্র ও মানবাধিকারের জন্য অসামান্য অবদানের জন্য পুরস্কার)
ⓓ Population award (জনসংখ্যা বিষয়ক পুরস্কার)
Ans. b

৪. **'Booker Prize' দেয়া হয়-** [ঢাবি (ঘ ইউনিট): ২০-২১]
ⓚ বিজ্ঞানের জন্য ⓚ সাহিত্যের জন্য
ⓖ দর্শনের জন্য ⓘ চিত্রকলার জন্য **উত্তর:** খ

৫. **The youngest winner of the Man Booker Prize is -/ সর্বকনিষ্ঠ ম্যান বুকার পুরস্কার বিজয়ী কে?** [Investment Corporation of Bangladesh. Senior Officer: 14]
ⓐ MacFarlane ⓑ Daniel Glaser
ⓒ Eleanor Catton ⓓ Alstain Niven **Ans.** c

৬. **সাহিত্যে বুকার পুরস্কার পান কোন ভারতীয়?** [তথ্য মন্ত্রণালয়ের টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২): ০৪]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ অরুন্ধতী রায়
ⓖ সুনীল গঙ্গোপাধ্যায় ⓘ ঝুম্পা লাহিড়ী **উত্তর:** খ

৭. **অরুন্ধতী রায় কোন উপন্যাসের জন্য বুকার পুরস্কার পান?** [ঢাবি (খ ইউনিট): ০১-০২]
ⓐ The English Patient
ⓑ Midnight's Dream
ⓒ God of Small Things
ⓓ Interpreter of maladies **Ans.** c

৮. **The author of <u>Inheritance of Loss</u> is-** [IU (B Unit): 15-16]
ⓐ Anita Desai
ⓑ Kiran Desai
ⓒ Monica Ali
ⓓ Mohsin Hamid **Ans.** b

৯. **'The White Tiger' এর লেখক-** [ঢাবি (খ ইউনিট): ০৮-০৯]
ⓐ অরবিন্দ আদিগাও ⓑ অরুন্ধতি রায়
ⓒ অনীতা দেশাই ⓓ শোভা দে **Ans.** a

১০. **'A Brief History of Seven killings' বইটির লেখক কে?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার ওয়াচার কনস্টেবল: ২১]
ⓚ মারলন জেমস ⓚ বব মার্লি
ⓖ জুলিয়ান বার্নেস ⓘ কিরণ দেশাই **উত্তর:** ক

১১. **Which is the biggest literary award of Britain?** [Sonali, Janata Bank Ltd. Officer (IT): 19]
ⓐ David Cohen Award
ⓑ Kalinga Prize
ⓒ Owen Global Prize
ⓓ Golden Bear Award **Ans.** a

আগা খান পুরস্কার

স্থাপত্য শিল্পে অবদানের জন্য আগা খান পুরস্কার প্রদান করা হয়।

MCQ Solution

১. **কোন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ আগা খান পুরস্কার দেয়া হয়?** [বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক বিশ্বশান্তি খ স্থাপত্য শিল্প
গ চিকিৎসা শাস্ত্র ঘ দারিদ্র দূরীকরণ **উত্তর:** খ

পুলিৎজার পুরস্কার

১৯১৭ সালে পুলিৎজার পুরস্কার চালু হয়। যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় পুলিৎজার পুরস্কার প্রদান করে। যুক্তরাষ্ট্রের সাংবাদিক জোসেফ পুলিৎজারের নামানুসারে পুরস্কারের নামকরণ করা হয়। সাংবাদিকতা, সাহিত্য এবং সংগীত বিষয়ে অনন্য অবদানের জন্য পুলিৎজার পুরস্কার প্রদান করা হয়।

MCQ Solution

১. **Pulitzer prize awarded for outstanding work in the field of -** [City Bank Ltd. Trainee Officer: 18]
ⓐ Economics
ⓑ Environmental study
ⓒ Literature and jounalism
ⓓ Science and technology **Ans.** c

২. **কোন ক্ষেত্রে অবদানের জন্য পুলিৎজার (Pulitzer) পুরস্কার দেয়া হয়–** [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ক চলচ্চিত্র খ সাহিত্য
গ সাংবাদিকতা ঘ খেলাধুলা **উত্তর:** গ

৩. **সাংবাদিকতায় পুলিৎজার (Pulitzer) পুরস্কার দেয়া শুরু হয় কোন সালে?** [গণমাধ্যম ইনস্টিটিউটে সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ): ০৩]
ক ১৯১৭ খ ১৯৩০
গ ১৯৩৭ ঘ ১৯৬৫ **উত্তর:** ক

একাডেমি পুরস্কার (Academy Awards)

একাডেমি পুরস্কার বা অস্কার (Oscar) বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে সম্মানজনক পুরস্কার। ১৯২৯ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের হলিউডের *Academy of Motion Picture Arts and Sciences* এই পুরস্কারটি প্রবর্তন করে। রূপালি জগতের বিশেষ অবদানের জন্য প্রতি বছর পরিচালক, অভিনেতা এবং লেখকদের ২৪ টি ক্যাটাগরিতে পুরস্কারের মাধ্যমে সম্মানিত করা হয়। এখন পর্যন্ত মাত্র দু'জন অভিনেতা মরণোত্তর অস্কার জয় করেন। তাঁরা হলেন Peter Finch (১৯৭৬) ও Heath Ledger (২০০৮)। প্রথম অস্কারজয়ী বাংলাদেশি নাফিস বিন জাফর। বাংলাদেশি সফটওয়্যার প্রকৌশলী



নাফিস বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগে দুইবার অস্কার পুরস্কার জয় করেন। যথা-
১) 'পাইরেটস অব দ্য ক্যারিবিয়ান: অ্যাট ওয়ার্ল্ডস এন্ড' চলচ্চিত্রে ডিজিটাল তরল প্রভাব (Digital fluid effects) সংযোজনের জন্য ২০০৮ সালে পুরস্কার পান।
২) '২০১২' চলচ্চিত্রে ড্রপ ডেসস্ট্রাকশন টুলকিটটি প্রথম ব্যবহারের জন্য ২০১৫ সালে পুরস্কার পান।

MCQ Solution

১. **'অস্কার পুরস্কার' কী?** [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে স্টেশন অফিসার : ২২]
ক সাহিত্য পুরস্কার
খ চলচ্চিত্র পুরস্কার
গ নাট্যকার পুরস্কার
ঘ শিশু সাহিত্য পুরস্কার **উত্তর:** খ

২. **'অস্কার' পুরস্কারের অন্য নাম-** [ঢাবি (খ ইউনিট): ১১-১২]
ক গ্র্যামি খ এমি
গ একাডেমি ঘ টনি **উত্তর:** গ

৩. **কোন সালে 'OSCAR' পুরস্কার দেয়া হয়?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক ১৯২৮ খ ১৯৩০
গ ১৯৩৫ ঘ ১৯৫০ **উত্তর:**

৪. **বাংলাদেশি কোন সফটওয়্যার প্রকৌশলী যৌথভাবে ২০০৭ সালে 'অস্কার বৈজ্ঞানিক ও প্রকৌশল পুরস্কার' লাভ করেছেন?** [জবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ক নোরা আলী
খ আবেদ আলী
গ নাফিস বিন জাফর
ঘ আনোয়ার হোসেন **উত্তর:** গ


অর্থনীতি ও যোগাযোগ
Economy and Communication

অর্থনীতি

অর্থ এক ধরনের অমানবীয় বা বস্তুগত সম্পদ। অর্থনীতির ইংরেজি শব্দ Economics গ্রিক শব্দ *Oikonomia* থেকে এসেছে। এর অর্থ 'গৃহ ব্যবস্থাপনা'। অর্থনীতির চর্চা প্রথম শুরু হয় প্রাচীন গ্রিস দেশে। গ্রিক দার্শনিক এরিস্টটল অর্থনীতিকে 'গৃহ পরিচালনার বিজ্ঞান' হিসেবে অভিহিত করেন। অর্থশাস্ত্রের জনক অ্যাডাম স্মিথ অর্থনীতিকে 'সম্পদের বিজ্ঞান' নামে অভিহিত করেন। অধ্যাপক মার্শাল অর্থনীতিকে 'কল্যাণের বিজ্ঞান' হিসাবে অভিহিত করেন।

অর্থনীতিবিদ

অ্যাডাম স্মিথ (১৭২৩ - ১৭৯০ খ্রি.) একজন ব্রিটিশ অর্থনীতিবিদ। তিনি যুক্তরাজ্যের গ্লাসগো বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করতেন। তিনি 'An Inquiry into the Nature and Causes of *the Wealth of Nations*' (১৭৭৬) নামক গ্রন্থে অর্থনীতির মূল বিষয়গুলো সম্পর্কে ধারণা দেন। তাঁর মতে, 'অর্থনীতি এমন একটি বিজ্ঞান যা জাতিসমূহের সম্পদের প্রকৃতি ও কারণ সম্বন্ধে অনুসন্ধান করে'। তিনি অর্থনীতির 'লেইসে ফেয়ার' (Laissez-faire) বা 'অবাধ নীতি' মতবাদ এর প্রবক্তা। লেইসে ফেয়ার' এমন একটি অর্থ ব্যবস্থা যেখানে বাজার নিয়ন্ত্রণে সরকারি হস্তক্ষেপ থাকে না।



আলফ্রেড মার্শাল (১৮৪২ - ১৯২৪ খ্রি.) একজন ব্রিটিশ অর্থনীতিবিদ। তিনি অর্থনীতির 'নিও ক্লাসিক্যাল মতবাদ' এর প্রবক্তা। তাঁর বিখ্যাত গ্রন্থের নাম 'Principles of Economics'। তিনি অর্থনীতিকে 'কল্যাণের বিজ্ঞান' বলে অভিহিত করেন।

ভিলফ্রেদো পারেতো (১৮৪৮ - ১৯২৩ খ্রি.) ইতালীয় অর্থনীতিবিদ এবং দার্শনিক। অর্থশাস্ত্রে তিনি 'প্যারেতো ভারসাম্য' ধারণার জন্য প্রসিদ্ধ। তাঁর বিখ্যাত উক্তি "History is a graveyard of aristocracies (ইতিহাস হলো অভিজাততন্ত্রের সমাধিক্ষেত্র)"।

জন মেনার্ড কেইনস (১৮৮৩ - ১৯৪৬ খ্রি.) একজন ব্রিটিশ অর্থনীতিবিদ। তাঁকে 'সামষ্টিক অর্থনীতি' এর জনক বলা হয়। অর্থনৈতিক ঘটনা সামগ্রিক বা পূর্ণাঙ্গভাবে বিশ্লেষণ করাকে সামষ্টিক অর্থনীতি বলে।

রাগনার ফ্রিশ (১৮৯৫ - ১৯৭৩ খ্রি.) একজন নরওয়েজিয়ান অর্থনীতিবিদ। অর্থনীতির বিভিন্ন তাত্ত্বিক ও বাস্তব ধারণাকে সম্যকরূপে উপলব্ধি করার জন্য তিনি অর্থনীতিকে ব্যষ্টিক অর্থনীতি (Micro Economics) ও সামষ্টিক অর্থনীতি (Macro Economics) নামে দুভাগে বিভক্ত করেন।

স্যার জন হিকস (১৯০৪ - ১৯৮৯ খ্রি.) একজন বিখ্যাত ব্রিটিশ অর্থনীতিবিদ। তিনি ১৯৭২ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন।

পল অ্যান্থনি স্যামুয়েলসন (১৯১৫ - ২০০৯ খ্রি.) একজন মার্কিন অর্থনীতিবিদ। মার্কিনিদের মধ্যে তিনিই সর্বপ্রথম অর্থনীতিতে নোবেল পুরস্কার (১৯৭০ খ্রি.) লাভ করেন। অর্থনীতির ইতিহাসবিদ র‍্যান্ডল ই পার্কার তাঁকে *"Father of Modern Economics"* হিসাবে অভিহিত করেন।

MCQ Solution

১. **অর্থ কোন ধরনের সম্পদ?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ⓚ খনিজ ⓚ মানবীয়
ⓖ প্রাকৃতিক ⓘ অমানবীয় **উত্তর:** ঘ

২. **The word Economics is derived from -** [KU (B Unit): 03-04]
ⓐ Latin ⓑ Arabic
ⓒ Greek ⓓ English **Ans.** c

৩. **অর্থনীতি চর্চা প্রথম শুরু হয় -** [ইবি (সি ইউনিট): ০৫-০৬]
ⓚ প্রাচীন গ্রিসে ⓚ ডেনমার্ক
ⓖ যুক্তরাজ্যে ⓘ প্রাচীন মিশরে **উত্তর:** ক

৪. **অর্থনীতি (অর্থশাস্ত্র)-এর জনক কে?** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (খ ইউনিট): ১৯-২০]
ⓚ অ্যাডাম স্মিথ ⓚ ডেভিড রিকার্ডো
ⓖ জন স্টুয়ার্ট মিল ⓘ কার্ল মার্কস **উত্তর:** ক

৫. **আধুনিক অর্থনীতির জনক কে?** [চবি (বি৭ ইউনিট): ১৪-১৫]
Or,
Who is called the father of modern economics? [সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংক লি: অফিসার: ০৮]
ⓚ অ্যাডাম স্মিথ ⓚ আব্রাহাম লিংকন
ⓖ ডেভিড রিকার্ডো ⓘ মাদার তেরেসা **উত্তর:** ক

৬. **অ্যাডাম স্মিথ কোন দেশের অর্থনীতিবিদ ছিলেন?** [ববি(খ ইউনিট): ১২-১৩]
ⓚ ব্রিটেন ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ জার্মানি ⓘ ফ্রান্স **উত্তর:** ক

৭. **The economist Adam Smith was a professor of---** [Combined 5 Banks Officer (Cash): 22]
ⓐ Oxford University
ⓑ Stirling University
ⓒ Glasgow University
ⓓ Cambridge University **Ans. c**

৮. **Who is the author of the book *'The Wealth of Nations'*?** [স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ঔষধ পরিদর্শক : ২২]
ⓐ Karl Marx ⓑ David Ricardo
ⓒ Adam Smith ⓓ A K Sen **Ans. c**

৯. **এডাম স্মিথের বিখ্যাত গ্রন্থ The Wealth of Nations কত সালে প্রকাশিত হয়?** [জবি (গ ইউনিট): ১১-১২]
ⓚ ১৭৭৬ ⓚ ১৮৮৬
ⓖ ১৬৭৫ ⓖ ১৭৭৫ **উত্তর:** ক

১০. **কোন অর্থনীতিবিদ 'অদৃশ্য হাত' শব্দ দুটি ব্যবহার করেন?** [ঢাবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓚ অমর্ত্য সেন ⓚ অ্যাডাম স্মিথ
ⓖ আলফ্রেড মার্শাল ⓖ ডেভিড রিকার্ডো **উত্তর:** খ

১১. **'লেইসে ফেয়ার' নীতির প্রবক্তা কে?** [ঢাবি (খ ইউনিট): ০০-০১]
ⓚ ডে এস মিল ⓚ ডেভিড রিকার্ডো
ⓖ অ্যাডাম স্মিথ ⓖ জে এম কিন্স **উত্তর:** গ

১২. **'Laissez-faire' বলতে বুঝায়** - [ইবি (সি ইউনিট): ০৯-১০]
ⓚ উৎপাদনের ক্ষেত্রে সরাসরি নিয়ন্ত্রণ বাড়াতে হবে
ⓚ বাজার নিয়ন্ত্রণে সরকারি হস্তক্ষেপ থাকবে না
ⓖ ভোক্তার স্বাধীনতা থাকবে না
ⓖ কেন্দ্রীয় পরিকল্পনা থাকবে **উত্তর:** খ

১৩. **'অর্থনীতি এমন একটি বিজ্ঞান যা জাতিসমূহের সম্পদের প্রকৃতি ও কারণ সম্বন্ধে অনুসন্ধান করে।' উক্তিটি কার?** [রাবি (খ ইউনিট): ১১-১২]
ⓚ এডাম স্মিথ ⓚ অধ্যাপক মার্শাল
ⓖ এল রবিন্স ⓖ রিকার্ডো **উত্তর:** ক

১৪. **কোন অর্থনীতিবিদ অর্থনীতিকে 'সম্পদের বিজ্ঞান' নামে অভিহিত করেন?** [জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (টেক্সটাইল): ২০]
ⓚ অ্যাডাম স্মিথ ⓚ আলফ্রেড মার্শাল
ⓖ এল. রবিনস্ ⓖ কেয়ারন ক্রস **উত্তর:** ক

১৫. **কোন অর্থনীতিবিদ অর্থনীতিকে 'কল্যাণের বিজ্ঞান' হিসেবে অভিহিত করেন?** [ইবি (বি ইউনিট): ১৬-১৭]
ⓚ মার্শাল ⓚ এল রবিনসন
ⓖ কার্ল মার্কস ⓖ অমর্ত্য সেন **উত্তর:** ক

১৬. **'ইতিহাস হলো অভিজাততন্ত্রের সমাধিক্ষেত্র' - কার উক্তি?** [চবি (ডি-১ ইউনিট): ১৫-১৬]
ⓚ প্লেটো ⓚ এরিস্টটল
ⓖ হবস ⓖ প্যারেটো **উত্তর:** ঘ

১৭. **সামষ্টিক অর্থনীতির জনক** - [ঢাবি (খ ইউনিট): ১৮-১৯]
ⓚ রবার্ট ম্যালথাস ⓚ জে এম কেইনস
ⓖ জন স্টুয়ার্ট মিল ⓖ এডাম স্মিথ **উত্তর:** খ

১৮. **অর্থনৈতিক ব্যবস্থার সামগ্রিক বিশ্লেষণকে বলা হয়** - [ঢাবি (খ ইউনিট): ০৪-০৫]
ⓚ ব্যষ্টিক অর্থনীতি ⓚ সামষ্টিক অর্থনীতি
ⓖ বাজার অর্থনীতি ⓖ বাজেট **উত্তর:** খ

১৯. **Sir John Hicks was a(n)-** [NCC Bank Ltd. MTO: 11]
ⓐ Player ⓑ Poet
ⓒ Scientist ⓓ Economist **Ans. d**

২০. **অর্থনীতিকে সর্বপ্রথম ব্যষ্টিক ও সামষ্টিক দুই ভাগে ভাগ করেছেন-** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ র‍্যাগনার ফ্রেশ ⓚ অ্যাডাম স্মিথ
ⓖ জন ডালটন ⓖ জন মেনার্ড কিন্স **উত্তর:** ক

২১. **অর্থনীতিতে কে সর্বপ্রথম মার্কিনিদের মধ্যে নোবেল পুরস্কার লাভ করেন?** [ঢাবি (খ ইউনিট): ৯৮-৯৯]
ⓚ অমর্ত্য সেন ⓚ এডাম স্মিথ
ⓖ স্যামুয়েলসন ⓖ ম্যালথাস **উত্তর:** গ

২২. **Who is considered as the 'father of Modern Economics'?** [Premier Bank Ltd. Trainee Junior Officer: 20]
ⓐ David Ricardo
ⓑ Joseph Stieglitz
ⓒ Paul Samuelson
ⓓ John Maynard Keynes **Ans. c**

উদীয়মান অর্থনীতির দেশ

- দ্য টাইগার অব বাইসাইকেল: ভিয়েতনাম।
- ফোর টাইগারস (4 Tigers) বা
ফোর এশিয়ান টাইগারস (Asian Tigers) বা
ড্রাগন অর্থনীতির দেশ:
সিঙ্গাপুর, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, হংকং।
(Easy Tec: সিতা দহ)।
- পঞ্চম ড্রাগনের (Fifth Dragon) দেশ: চীন।
- ইস্ট এশিয়ান মিরাকল (East Asian Miracle)
জাপান, থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া + ফোর এশিয়ান টাইগারস।

MCQ Solution

১. **যুক্তরাষ্ট্রে কোন তারিখ থেকে অর্থ বৎসর শুরু হয়?** [ইউনিয়ন ব্যাংক প্রবেশনারী অফিসার: ২১]
ⓚ ১ জানুয়ারি ⓚ ১ এপ্রিল
ⓖ ১ জুলাই ⓖ ১ অক্টোবর **উত্তর:** ঘ
ব্যাখ্যা: যুক্তরাষ্ট্রের অর্থবছর (Fiscal Year) ১ অক্টোবর - ৩০ সেপ্টেম্বর।

২. **ইস্ট এশিয়ান মিরাকল বলতে কয়টি দেশকে বোঝায়?** [জবি (বি ইউনিট): ১৪-১৫]
ⓚ ৭টি ⓚ ৫টি
ⓖ ৫টি ⓖ ৮টি **উত্তর:** ঘ

৩. **নিচের কোন দেশ 'এশিয়ান টাইগার' নয়?** [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ⓚ হংকং ⓛ তাইওয়ান
ⓖ ভারত ⓘ দক্ষিণ কোরিয়া **উত্তর:** গ

৪. **'দ্য টাইগার অব বাইসাইকেল' নামে পরিচিত** - [ববি(ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ বাংলাদেশ ⓛ চীন
ⓖ জাপান ⓘ ভিয়েতনাম **উত্তর:** ঘ

৫. **ড্রাগন অর্থনীতিসমূহে নিম্নের কোন দেশগুলো অন্তর্ভুক্ত?** [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ⓚ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও সিঙ্গাপুর
ⓛ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, চীন ও থাইল্যান্ড
ⓖ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও মালয়েশিয়া
ⓘ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও চীন **উত্তর:** ক

৬. **'পঞ্চম ড্রাগনের' (Fifth Dragon) দেশ বলা হয় কোন দেশকে?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার: ০৬]
ⓚ জাপান ⓛ দক্ষিণ কোরিয়া
ⓖ চীন ⓘ তাইওয়ান **উত্তর:** গ

ব্যাংক

- বিশ্বের প্রথম ব্যাংক চীনের 'শান্সি ব্যাংক' (Shansi Bank) - খ্রিষ্টপূর্ব ৬০০ অব্দ।
- বিশ্বের প্রথম সরকারি ব্যাংক ইতালির 'ব্যাংক অব ভেনিস' (Bank of Venice) - ১১৫৭ খ্রি.।

কেন্দ্রীয় ব্যাংক

- বিশ্বের প্রথম কেন্দ্রীয় ব্যাংক সুইডেনের Sveriges Riksbank - ১৬৬৮ খ্রি.।

দেশ	কেন্দ্রীয় ব্যাংক
সুইডেন	Sveriges Riksbank
যুক্তরাজ্য	Bank of England
জার্মানি	German Federal Bank/ Deutsche Bundesbank
ফ্রান্স	Bank of France / Banque de France
সুইজারল্যান্ড	Swiss National Bank
জাপান	Bank of Japan / Nippon Ginko
চীন	People's Bank of China
মালয়েশিয়া	Bank Negara Malaysia
ভারত	Reserve Bank of India (১৯৩৫ খ্রি.): ভারতীয় উপমহাদেশের প্রথম কেন্দ্রীয় ব্যাংক
শ্রীলঙ্কা	Central Bank of Sri Lanka
পাকিস্তান	State Bank of Pakistan
যুক্তরাষ্ট্র	Federal Reserve System

Bank for International Settlements (BIS) কেন্দ্রীয় ব্যাংক গুলোর জন্য একটি ব্যাংক হিসাবে কাজ করে। সুইজারল্যান্ডের বাসেলে এর সদর দপ্তর অবস্থিত।

বহুপাক্ষিক ব্যাংক

বহুপাক্ষিক ব্যাংকের নাম	প্রতিষ্ঠাকাল	সদর দপ্তর
African Development Bank (AfDB)	১৯৬৪	আবিদজান
Asian Development Bank (ADB)	১৯.১২.১৯৬৬	মান্দালুয়ং, মেট্রো ম্যানিলা, ফিলিপাইন
Bank of South	২০০৯	কারাকাস, ভেনিজুয়েলা
Asian Infrastructure Investment Bank (AIIB)	২০১৬	বেইজিং, চায়না

MCQ Solution

১. **Banks were first started in the world in** - [Rajshahi Krishi Unnayan Bank Officer: 14]
ⓐ Italy ⓑ Greece
ⓒ USA ⓓ UK **Ans.** b

২. **বিশ্বের প্রথম ব্যাংক প্রতিষ্ঠিত হয়** - [NBR'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ⓚ ফ্রান্সে ⓛ সুইডেনে
ⓖ ইতালিতে ⓘ চীনে **উত্তর:** ঘ

৩. **পৃথিবীর প্রথম সরকারি ব্যাংক কোনটি?** [বাংলাদেশ কৃষি ব্যাংক লি. সিনিয়র অফিসার: ১৫]
ⓚ ব্যাংক অব ভেনিস ⓛ ব্যাংক অব বার্সিলোনা
ⓖ ব্যাংক অব ইন্ডিয়া ⓘ ব্যাংক অব ইংল্যান্ড **উত্তর:** ক

৪. **Which of the following is the first Central Bank of the world?** [Premier Bank Ltd. Trainee Junior Officer: 20]
ⓐ Bank of England
ⓑ Banque de France
ⓒ Swedish Riksbank
ⓓ Banco de Espana **Ans.** c

৫. **The Riksbank is the central bank of which country?** [PKSF Assistant Manager: 16]
ⓐ Austria ⓑ Norway
ⓒ Sweden ⓓ Poland **Ans.** c

৬. **The Central Bank of the United Kingdom (UK)** - [Uttara Bank Ltd. Assistant Officer: 22]
ⓐ Bank of the UK
ⓑ Bank of England
ⓒ Reserve Bank of the UK
ⓓ Reserve Bank of England **Ans.** b

৭. **সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?** [ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির জুনিয়র অ্যাসিসটেন্ট ম্যানেজার: ১৯]
ⓚ সুইস ন্যাশনাল ব্যাংক
ⓚ ব্যাংক অব সুইজারল্যান্ড
ⓖ রিজার্ভ ব্যাংক অব সুইজারল্যান্ড
ⓘ সেন্ট্রাল ব্যাংব অব সুইজারল্যান্ড **উত্তর: ক**

৮. **ভারতের কেন্দ্রীয় ব্যাংক (Central bank) এর নাম কী?** [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লি. সহকারী ব্যবস্থাপক (প্রশাসন): ২১]
ⓐ Bank of India
ⓑ Reserve Bank of India
ⓒ Central Bank of India
ⓓ None of those **Ans. b**

৯. **ভারতবর্ষের সর্বপ্রথম কেন্দ্রীয় ব্যাংক কোনটি?** [ববি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ হিন্দুস্থান ব্যাংক
ⓚ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
ⓖ রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া
ⓘ ইম্পোরিয়াল ব্যাংক অব ইন্ডিয়া **উত্তর: গ**

১০. **What is the name of the Central Bank of USA?** [Dhaka Bank Ltd. Trainee Officer: 21]
Or,
যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী? [চবি (বি৭ ইউনিট): ১৪-১৫]
ⓐ Bank of America
ⓑ Federal Reserve System
ⓒ Reserve Bank of America
ⓓ State Bank of America **Ans. b**

১১. **The central banking system of the United States is framed by how many Federal Reserve Bank?** [Joint Five Banks & Financial Institution (Officer): 18]
ⓐ 13 ⓑ 12
ⓒ 11 ⓓ 10 **Ans. b**

১২. **The Name of the Central Bank of Malaysia is-** [BU (B Unit): 16-17]
ⓐ Bank of Malaysia
ⓑ Bank Negara Malaysia
ⓒ State Bank of Malaysia
ⓓ Central Bank of Malaysia **Ans. b**

১৩. **What is the name of the Central Bank of China?** [Sonali Bank Ltd. Officer: 18]
ⓐ Bank of china
ⓑ Central Bank of china
ⓒ The People's Bank of china
ⓓ Reserve Bank of china National **Ans. c**

১৪. **Which of the following is not a central bank?** [Bangladesh Bank Assistant Director: 21]
ⓐ Bank of England
ⓑ State Bank of India
ⓒ State Bank of Pakistan
ⓓ Federal Reserve System **Ans. b**

১৫. **The Bank for International Settlements (BIS) is in-** [Combined 5 Banks Officer (Cash): 22]
ⓐ Frankfurt ⓑ New York
ⓖ ৪০ কিলোমিটার ⓖ ৫০ কিলোমিটার **উত্তর: ঘ**

১৪. **EUROSTAR is the name of a-** [Pubali Bank Ltd. Junior Officer/ Officer (Cash): 14]
ⓐ Train service in the EU
ⓑ Bus service in the EU
ⓒ Air service in the EU
ⓓ None of the above **Ans. a**

১৫. **The 'Great Ocean Road' is located -** [BGFCL Assistant Manager (General): 21]
ⓐ Canada ⓑ West Africa
ⓒ North America ⓓ Australia
ⓔ None of these **Ans. d**

সেতু

নাম	অবস্থান
শান্তি সেতু (Peace Bridge)	যুক্তরাষ্ট্র এবং কানাডা সীমানায় নায়াগ্রা নদীর ওপর।
সেসাপেক বে ব্রিজ	মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্র।
Golden Gate Bridge	সানফ্রানসিসকো, যুক্তরাষ্ট্র।

MCQ Solution

১. **What is the total length of World's longest Hong Kong-Zhuhai bridge -** [Sonali Bank Ltd. Officer (Freedom Fighter): 19]
ⓐ 75 km ⓑ 65 km
ⓒ 50 km ⓓ 55 km **Ans. d**

২. **A 25 km long causeway connects Saudi Arabia with which country?** [Janata Bank Ltd. Executive Officer (Morning): 17]
ⓐ Qatar
ⓑ Yemen
ⓒ Bahrain
ⓓ United Arab Emirates **Ans. c**

৩. **Peace Bridge is situated between the borders of-/** [Southeast Bank Ltd. Officer: 11]
ⓐ USA & Canada
ⓑ India & Pakistan
ⓒ Israel & Palestine
ⓓ India & Bangladesh
ⓔ North Korea & South Korea **Ans. a**

৪. **সেসাপেক ব্রিজটি কোথায়?** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ কানাডা ⓖ অস্ট্রেলিয়া **উত্তর: ক**

৫. **গোল্ডেন গেট সেতুটি কোন শহরে অবস্থিত?** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়- সহকারী পরিচালক: ০৬]
ক) নিউইয়র্ক
খ) ফিলাডেলফিয়া
গ) সানফ্রানসিসকো
ঘ) সাউথ ক্যারলিনা **উত্তর: গ**

ডাক যোগাযোগ


পেনি ব্ল্যাক

ডাকটিকিট: পৃথিবীর প্রথম ডাকটিকিট প্রকাশিত হয় ১৮৪০ সালে। যুক্তরাজ্যে প্রকাশিত এই ডাকটিকিট দেখতে পুরো কালো রঙের। রঙের কারণে এর নাম হয়েছে ব্ল্যাক আর ডাকটিকিটের মূল্য মান ১ পেনির হওয়ায় দুটো মিলে 'পেনি ব্ল্যাক' নামকরণ হয়েছে। ব্রিটেনের রানি ভিক্টোরিয়ার প্রতিকৃতি ছিল সেই ডাকটিকিটে। অভ্যন্তরীণ ব্যবহারের জন্য ডাকটিকিটটি তৈরি করা হয়েছিল বলে তাতে ব্রিটেনের নাম উল্লেখ ছিল না। সেই ঐতিহ্যকে সমুন্নত রাখতে ব্রিটিশ ডাক বিভাগ আজও তাদের ডাকটিকিটে নিজের দেশের নাম লেখে না।

MCQ Solution

১. **কোন দেশের ডাকটিকিটে সে দেশের নাম লেখা থাকেনা?** [জবি (বি ইউনিট): ১৫-১৬]
ক) দক্ষিণ কোরিয়া খ) যুক্তরাজ্য
গ) যুক্তরাষ্ট্র ঘ) অস্ট্রিয়া **উত্তর: খ**

মহাবিশ্ব
Universe

জ্যোতির্বি : (Astronomer)


জ্যোতির্বিজ্ঞান বিজ্ঞানের এমন একটি শাখা যাতে মহাবিশ্বে অবস্থিত সকল বিচ্ছিন্ন এবং অবিচ্ছিন্ন বস্তুসমূহের উৎপত্তি, বিবর্তন, গঠ , দূরত্ব এবং গতি নিয়ে আলোচনা করা হয়। অর্থাৎ জ্যোতির্বিজ্ঞান ম বিশ্বে ভ্রাম্যমাণ জ্যোতিষ্ক বিষয়ক বিজ্ঞান। জ্যোতিষ্কসমূহের ইংরেজি নাম Heavenly bodies বা Astronomical bodies বা স্বর্গীয় বস্তু। প্রাচীনকালে মানুষেরা আকাশকেই স্বর্গ মনে করতো, তাই আকাশে বিদ্যমান সববস্তুকে স্বর্গীয় বস্তু বলতো।

টলেমি (Ptolemy) ছিলেন একজন বিখ্যাত রোমান গণিতবিদ ও জ্যোতির্বিদ। ১০০ খ্রিষ্টাব্দে মিশরের আলেকজান্দ্রিয়ায় জন্মগ্রহণ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Almagest'।



মেঘনাদ সাহা (১৮৯৩- ১৯৫৬ খ্রি.) সংক্ষেপে এম. এন সাহা ছিলেন একজন বাঙালি জ্যোতির্পদার্থবিজ্ঞানী (Astrophysicist)। তিনি পদার্থবিজ্ঞানে থার্মাল আয়নাইজেশন (Thermal ionization) তত্ত্বের প্রতিষ্ঠাতা হিসাবে বিখ্যাত। তাঁর আবিষ্কৃত সাহা আয়োনাইজেসন সমীকরণ (Saha ioni ation equation) নক্ষত্রের ভৌত ও রাসায়নিক ধর্মাবলী ব্যাখ্যায় ব্যবহৃত হয়।

জামাল নজরুল ইসলাম (১৯৩৯ - ২০১৩ খ্রি.) বাংলাদেশের একজন বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী। তাঁর জন্ম ঝিনাইদহ শহরে। তিনি মহাবিশ্বের উদ্ভব ও পরিণতি বিষয়ে মৌলিক গবেষণার জন্য খ্যাতি লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Ultimate Fate of the Universe' (১৯৮৩ খ্রি.) কেমব্রিজ বিশ্ববিদ্যালয় প্রেস থেকে প্রকাশিত হলে বিজ্ঞানী মহলে ব্যাপক সাড়া ফেলতে সক্ষম হয়।



বিশ্বতত্ত্ব (Cosmology)

মহাবিশ্বের উৎপত্তি, বিবর্তন এবং চূড়ান্ত পরিণতি নিয়ে গবেষণাকে বিশ্বতত্ত্ব বলে। মহাবিশ্বের উৎপত্তি ও বিকাশ সম্বন্ধে যে সব তত্ত্ব আছে, তার মধ্যে বহুল প্রচলিত হলো 'বিগ ব্যাঙ তত্ত্ব'। কোটি কোটি বছর পূর্বে ছোট অথচ ভীষণ ভারি ও গরম বস্তুপিণ্ড বিস্ফোরিত হয়ে সকল দিকে ছড়িয়ে পড়তে শুরু করে। এই বিস্ফোরণকে 'মহাবিস্ফোরণ' বলা হয়। মহাবিস্ফোরণ সংঘটিত হয়েছিল প্রায় ১৩.৭৫ বিলিয়ন বছর (১৩৭৫ কোটি বছর) পূর্বে এবং এটাই মহাবিশ্বের বয়স। মহাবিস্ফোরণের পর অতি ক্ষুদ্র পদার্থ কণা প্রথমে ছোট ছোট কণায় পরিণত হয়। তারপর ছোট ছোট কণাগুলো কিছুটা ঠাণ্ডা ও একত্রিত হয়ে জ্যোতিষ্কে পরিণত হয়। বেলজিয়ামের জ্যোতির্বিজ্ঞানী জি.লেমেটার (G.Lemaitre) 'বিগ ব্যাঙ' তত্ত্বের প্রবক্তা। হাবল মহাবিশ্ব সম্পর্কে বলেন মহাবিশ্ব প্রতিনিয়তই সম্প্রসারিত হচ্ছে। পদার্থবিজ্ঞানী স্টিফেন হকিং তাঁর বিখ্যাত "*A Brief History of Time*" গ্রন্থে পদার্থবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে 'বিগ ব্যাঙ' তত্ত্বের ব্যাখ্যা উপস্থাপন করেন।

স্টিফেন হকিং



জন্ম	: ৮ জানুয়ারি, ১৯৪২ (অক্সফোর্ড, যুক্তরাজ্য)।
মৃত্যু	: ১৪ মার্চ, ২০১৮ (ক্যামব্রিজ, যুক্তরাজ্য)।
কর্মক্ষেত্র	: পদার্থবিদ, গণিতজ্ঞ।
প্রতিষ্ঠান	: Centre for Theoretical Cosmology, Cambridge University (Director of research) Cambridge University (Lucasian Professor - Mathematics)
পরিচিতি	: A scientist on a wheelchair.
লেখালেখি	: A brief History of time: From the Big Bang to Black Holes (1988) The Universe in a Nutshell (2001) The Grand Design (2010) Brief Answers to the Big Questions (2018)
পুরস্কার	: Albert Einstein award (1978) Presidential Medal of Freedom (2009)
চলচ্চিত্র	: The Theory of Everything (জীবনীভিত্তিক)

MCQ Solution

১. **.......chart the movement of stars and planets.** [Barishal University (B Unit): 11-12]
ⓐ Astronauts ⓑ Astronomers
ⓒ Wizards ⓓ Magicians **Ans. b**

২. **Heavenly body - এর বাংলা পরিভাষা কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]
ⓚ স্বর্গীয় দেহ ⓚ জ্যোতিষ্ক
ⓖ প্রেরিত দূত ⓖ ভারী দেহ **উত্তর: খ**

৩. **One who studies heavenly bodies is called-** [JU (Environmental Science): 13-14]
ⓐ Astrologer ⓑ Astronomer
ⓒ Palmist ⓓ Vintner **Ans. b**

৪. **'টলেমি' কি ছিলেন?** [১৮তম বিসিএস/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বিটা): ১৪]
ক চিকিৎসক খ দার্শনিক
গ জ্যোতির্বিদ ঘ যাদুকর **উত্তর: গ**

৫. **যে বাঙালি বিজ্ঞানী 'ফাদার অব মডার্ন অ্যাসট্রোফিজিকস' হিসেবে পরিচিত** - [ঢাবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ক সত্যেন সাহা খ জগদীশচন্দ্র বসু
গ মেঘনাদ সাহা ঘ এফ আর খান **উত্তর: গ**

৬. **জামাল নজরুল ইসলাম কে?** [৩৪তম বিসিএস]
ক ফুটবল খেলোয়াড় খ অর্থনীতিবিদ
গ কবি ঘ বৈজ্ঞানিক **উত্তর: ঘ**

৭. **The Book titled '*The Ultimate Fate of the Universe*' is written by the scientist-** [DU (D Unit): 18-19]
ⓐ Satyendra Nath Bose
ⓑ Jamal Nazrul Islam
ⓒ Meghnad Saha
ⓓ Abdus Salam
ⓔ C.V. Raman **Ans. b**

৮. **Cosmology deals with** - [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল): ১৭]
ⓐ Cell
ⓑ Cell Formation
ⓒ Creation of the Universe
ⓓ Origin and Growth of Plants **Ans. c**

৯. **Big Bang Theory এর প্রবক্তা কোন বিজ্ঞানী?** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ক নিউটন খ আলবার্ট আইনস্টাইন
গ জর্জ লেমিটিয়ার ঘ স্টিফেন হকিং **উত্তর: গ**

১০. **Stephen Hawking was born in the year-** [ইবি (জি ইউনিট): ১৩-১৪]
ⓐ 1945 ⓑ 1942
ⓒ 1952 ⓓ 1950 **Ans. b**

১১. **স্টিফেন হকিং কোন দেশের বিজ্ঞানী?** [ইবি (বি ইউনিট): ০৫-০৬]
ক ইংল্যান্ড খ আমেরিকা
গ চীন ঘ কোরিয়া **উত্তর: ক**

১২. **স্টিফেন হকিন্স একজন** - [৩৮তম বিসিএস]
ক দার্শনিক খ পদার্থবিদ
গ রসায়নবিদ ঘ কবি **উত্তর: খ**

১৩. **Stephen Hawking received 'Albert Einstein award' at the age of** - [Islamic University (C Unit): 13-14]
ⓐ 35 years ⓑ 42 years
ⓒ 45 years ⓓ 32 years **Ans. a**

১৪. **Stephen Hawking was Director of research at the---** [Janata Bank Ltd.Officer (Cash): 20]
ⓐ National Aeronautics & Space Administration
ⓑ National Institute of Standards & Technology
ⓒ Royal Institute for Theory and Space
ⓓ Centre for Theoretical Cosmology
Ans. d

১৫. **In 1979, Stephen Hawking joined Cambridge University as Lucasian Professor of** - [Jahangirnagar University (F Unit): 15-16]
ⓐ Physics
ⓑ Cosmology
ⓒ Mathematics
ⓓ Applied physics **Ans. c**

১৬. **Stephen Hawking is best known for the study of-** [City Bank Ltd. (Probationary Officer): 16]
ⓐ Comet ⓑ Galaxy
ⓒ Quasars ⓓ Black Holes **Ans. d**

১৭. **'A Brief History of Time' গ্রন্থে বিগ ব্যাং বা মহাবিস্ফোরণ তত্ত্বটি ব্যাখ্যা দিয়েছেন** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ও ড্রাফটসম্যান: ১৮]
ক জি. লেমেটর খ স্টিফেন হকিং
গ আগাস্টা বায়রন ঘ চার্লস ব্যাবেজ **উত্তর: খ**

১৮. **'The Universe in a Nutshell' গ্রন্থটির লেখক কে?** [জবি (খ ইউনিট): ১৫-১৬]
ক আইনস্টাইন খ টমাস মুর
গ স্টিফেন হকিং ঘ ব্রায়ান গ্রিন **উত্তর: গ**

১৯. **বিখ্যাত পদার্থবিদ স্টিফেন হকিং এর প্রকাশিত বইয়ের নাম কী?** [ইবি (জি ইউনিট): ১০-১১]
ⓚ ইউটোপিয়া
ⓛ অল ফর লাভ
ⓜ দ্য গ্রান্ড ডিজাইন
ⓝ দ্য ব্রিফ হিস্টরি অব টাইম **উত্তর:** গ

২০. **Who is the Author of the Book 'Brief Answers to the Big Questions'?** [Uttara Bank Ltd. Probationary Officer: 21]
ⓐ Chadwick
ⓑ Stephen Hawking
ⓒ Albert Einstein
ⓓ Newton **Ans.** b

২১. **'A scientist on a wheelchair' is related with-** [Islamic University (A Unit): 17-18]
ⓐ Stephen Hawking
ⓑ Albert Einstein
ⓒ Copernicus
ⓓ None **Ans.** a

২২. **'থিওরি অব এভরিথিং' একটি** - [ঢাবি (খ ইউনিট): ১৮-১৯]
ⓚ চলচ্চিত্র ⓛ কবিতা
ⓜ উপন্যাস ⓝ নাটক **উত্তর:** ক

২৩. **The motion picture titled "Theory of Everything" is based on the life of-** [Bangladesh Bank Officer (General): 18]
ⓐ Steve Jobs
ⓑ Isaas Newton
ⓒ Albert Einstein
ⓓ Stephen Hawking **Ans.** d

২৪. **বিজ্ঞানী হাবল মহাবিশ্ব সম্পর্কে বলেন-** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল এন্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং): ৯৯]
ⓚ মহাবিশ্বের ছায়াপথগুলো ক্রমেই নিকটে আসছে
ⓛ মহাবিশ্ব প্রতিনিয়তই সম্প্রসারিত হচ্ছে
ⓜ মহাবিশ্ব ভেঙ্গে নতুন মহাবিশ্ব হচ্ছে
ⓝ মহাবিশ্ব স্থির আছে **উত্তর:** খ

জ্যোতিষ্কমণ্ডলী (Luminaries)

বিশ্বব্রহ্মাণ্ডের যাবতীয় বস্তুর শক্তি যে অঞ্চলে ভাসমান অবস্থায় বিন্যস্ত তার নাম মহাকাশ। মহাশূন্যে অবস্থিত বস্তুসমূহকে জ্যোতিষ্ক বলা হয়ে থাকে। জ্যোতিষ্ক ৭ প্রকার। যথা- নক্ষত্র, গ্যালাক্সি, গ্রহ, উপগ্রহ, ছায়াপথ, ধূমকেতু এবং উল্কা।

নক্ষত্র (Stars)

রাত্রিবেলা মেঘমুক্ত আকাশের দিকে তাকালে অনেক আলোক বিন্দু মিটমিট করে জ্বলতে দেখা যায়, এদের নক্ষত্র বলে। নক্ষত্রগুলো প্রকৃতপক্ষে জলন্ত গ্যাসপিণ্ড এবং এদের নিজস্ব আলো ও উত্তাপ আছে। মহাবিশ্বের নক্ষত্রগুলোকে তাদের আলোর তীব্রতা অনুসারে লাল, নীল ও হলুদ এই তিনটি বর্ণে ভাগ করা হয়েছে। অতি বৃহৎ নক্ষত্রের রং লাল, মাঝারি নক্ষত্রের রং হলুদ এবং ছোট নক্ষত্রের রং নীল হয়ে থাকে। আকাশে উজ্জ্বলতম নক্ষত্র লুব্ধক (Sirius)। পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য। সূর্যের নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেন্টারাই (Proxima Centauri)। প্রক্সিমা সেন্টারাই পৃথিবীর দ্বিতীয় নিকটতম নক্ষত্র। পৃথিবী থেকে এর দূরত্ব প্রায় ৪.২৪ আলোকবর্ষ। প্রক্সিমা সেন্টারাই (অন্য নাম আলফা সেন্টাউরি C) নক্ষত্রটি আলফা সেন্টরাই নক্ষত্রপুঞ্জের অংশ।

রক্তিম দৈত্য (Red Giant): নক্ষত্রের জ্বালানি শেষ হয়ে গেলে নক্ষত্রের বহির্ভাগের প্রসারণ শুরু হয়। এই পর্যায়ে তারকার ঔজ্জ্বল্য বেড়ে যায় বহুগুণ। নক্ষত্রের জীবন প্রবাহের তৃতীয় এই ধাপকে বলা হয় রক্তিম দৈত্য।

কৃষ্ণগহবর (Black hole): তিন সৌর ভরের সমান বা বেশি ভরের নক্ষত্রের সুপার নোভা বিস্ফোরণের পর এর অন্তর্বস্তু অনির্দিষ্টভাবে সংকুচিত হতে থাকে। সংকোচনের কারণে আয়তন প্রায় শূন্য এবং ঘনত্ব প্রায় অসীম হওয়ায় মহাকর্ষ ক্ষেত্র এমন প্রবল হয় যে, এ জাতীয় বস্তু থেকে এর মহাকর্ষকে কাটিয়ে কোনো প্রকার আলো বা সংকেতও বেরিয়ে আসতে পারে না। নক্ষত্রের এই অবস্থাকে বলা হয় কৃষ্ণবিবর। জার্মান পদার্থবিদ আইনস্টাইনের 'জেনারেল থিউরি অব রিলেটিভিটি' (১৯১৫ খ্রি.)-তে কৃষ্ণগহ্বরের গঠন সম্পর্কে ইঙ্গিত পাওয়া যায়। এই তত্ত্বে তিনি মহাকর্ষীয় তরঙ্গের ধারণা দেন। দুটি ব্ল্যাকহোল মিলিত হলে অশান্ত ব্ল্যাকহোল তৈরি হয়, সেখান থেকে আসে বৃত্তায়িত মহাকর্ষ তরঙ্গ। ২০১৫ সালের ১৪ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের লাইগোর (LIGO - Laser Interferometer Gravitational-Wave Observatory) সনাক্তকারক যন্ত্রে একটা সংকেত আসে। এটি ছিল ১৩০ কোটি আলোকবর্ষ দূরের দুটি ব্ল্যাকহোলের মিলনের ফলে সৃষ্ট মহাকর্ষীয় তরঙ্গের সংকেত। মহাকার্ষীয় তরঙ্গ সনাক্তকারী গবেষক দলের সদস্য ছিলেন বাংলাদেশি বংশোদ্ভূত পাবনা জেলার সেলিম শাহরিয়ার এবং বরগুনার দীপঙ্কর তালুকদার। দীপঙ্কর তালুকদার ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের ছাত্র ছিলেন। ২০১৯ সালে প্রথমবারের মতো একটি কৃষ্ণগহবরের ছবি তুলতে সক্ষম হন বিজ্ঞানীরা। ছবিটি ধারণ করে ইভেন্ট হরাইজন টেলিস্কোপ। ব্যাকহোলটি মেসিয়ার ৮৭ গ্যালাক্সির কেন্দ্রে অবস্থিত।

নক্ষত্রমণ্ডলী (Constellation): মেঘমুক্ত অন্ধকার রাতে আকাশের দিকে তাকালে মনে হয় কতকগুলো নক্ষত্র মিলে জোট বেঁধেছে। এরূপ নক্ষত্রদলকে নক্ষত্রমণ্ডলী বলে। প্রাচীনকালে জ্যোতির্বিজ্ঞানীরা এক একটি নক্ষত্রদলকে কাল্পনিক রেখা দ্বারা যুক্ত করে বিভিন্ন আকৃতি কল্পনা করে এগুলোকে বিভিন্ন নাম দিয়েছেন। যেমন- সপ্তর্ষিমণ্ডল (Great Bear), কালপুরুষ (Orion) বা আদমসুরত, ক্যাসিওপিয়া (Cassiopeia), লঘুসপ্তর্ষি (Little Bear), বৃহৎ কুক্কুরমণ্ডল বা যুগল মণ্ডল (Canis Major), এরিডানাস (Eridanus) উল্লেখযোগ্য। উত্তর আকাশের কাছাকাছি যে সাতটি উজ্জ্বল নক্ষত্র দেখা যায়, তার নাম সপ্তর্ষিমণ্ডল। সাতজন ঋষির নাম অনুসারে এরা পরিচিত। জ্যামিতিক রেখা দিয়ে এদের যুক্ত করলে প্রশ্নবোধক (?) চিহ্নের মত দেখায়। কালপুরুষকে তীর ধনুক হাতে শিকারির মতো দেখায়। কালপুরুষকে আদমসুরত বলা হয়।

ছায়াপথ (Milky Way)

মহাকাশে কোটি কোটি নক্ষত্র, ধূলিকণা এবং বিশাল বাষ্পকুণ্ড নিয়ে জ্যোতিষ্কমণ্ডলীর যে দল সৃষ্টি হয়েছে, তাকে গ্যালাক্সি বা নক্ষত্রবীথি (Galaxy) বলে। মহাকাশে অসংখ্য গ্যালাক্সি রয়েছে। একটি গ্যালাক্সির ক্ষুদ্র অংশকে ছায়াপথ (Milky Way) বলে। রাতের অন্ধকার আকাশে উত্তর-দক্ষিণে উজ্জ্বল দীপ্ত দীর্ঘপথের মত যে তারকারাশি দেখা যায় তাই ছায়াপথ। একটি ছায়াপথ লক্ষ কোটি নক্ষত্রের সমষ্টি। কোনো ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে একবার ঘুরে আসতে যে সময়ের প্রয়োজন হয়, তাকে কসমিক ইয়ার বলে। পৃথিবীর সবচেয়ে কাছের ছায়াপথের নাম অ্যান্ড্রোমিডা (Andromeda)। পৃথিবী থেকে এর দূরত্ব ২৫ লক্ষ আলোকবর্ষ।

গ্রহ (Planet)

মহাকর্ষ বলের প্রভাবে মহাকাশে কতকগুলো জ্যোতিষ্ক সূর্যের চারিদিকে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পথে পরিক্রমণ করে। এদের নিজেদের কোনো আলো বা তাপ নেই। এরা নক্ষত্র থেকে আলো এবং তাপ পায়। এরা তারার মত মিটমিট করে জ্বলে না। এ সব জ্যোতিষ্ককে গ্রহ বলে। যেমন- পৃথিবী, মঙ্গল, কেপলার-৪৫২বি প্রভৃতি। 'কেপলার-৪৫২ বি' পৃথিবীর মতো গ্রহ। নাসার বিজ্ঞানীরা ২০১৫ সালে কেপলার স্পেস টেলিস্কোপের মাধ্যমে গ্রহটি আবিষ্কার করেন।

উপগ্রহ (Satellite)

মহাকর্ষ বলের প্রভাবে যে জ্যোতিষ্ক বা বস্তু গ্রহকে ঘিরে আবর্তিত হয় তাদের উপগ্রহ বলে। এদের নিজস্ব আলো ও তাপ নেই। উপগ্রহ দুই ধরনের। যথা- প্রাকৃতিক উপগ্রহ এবং কৃত্রিম উপগ্রহ। প্রাকৃতিক কারণে সৃষ্ট উপগ্রহকে প্রাকৃতিক উপগ্রহ বলে। যেমন- চাঁদ পৃথিবীর একমাত্র প্রাকৃতিক উপগ্রহ। মহাশূন্য পাড়ি দেওয়ার জন্য মানব সৃষ্ট উপগ্রহকে কৃত্রিম উপগ্রহ বলে। যেমন- স্পুটনিক-I, ভস্টক-১ ইত্যাদি।

ধূমকেতু (Comet)

মহাকাশে মাঝে মাঝে এক প্রকার জ্যোতিষ্কের আবির্ভাব ঘটে। এ সব জ্যোতিষ্ক কিছু দিনের জন্য উদয় হয়ে আবার অদৃশ্য হয়ে যায়। এ সব জ্যোতিষ্ককে ধূমকেতু বলা হয়। নক্ষত্রের চারপাশে দীর্ঘপথে এগুলো পরিভ্রমণ করে। সূর্যের নিকটবর্তী হলে প্রথমে অস্পষ্ট মেঘের আকারে দেখা যায়।

- জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালি যে ধূমকেতু আবিষ্কার করেন তা হ্যালির ধূমকেতু নামে পরিচিত। হ্যালির ধূমকেতু প্রায় ৭৫ বা ৭৬ বছর পরপর দেখা যায়। ১৯৮৬ সালে হ্যালির ধূমকেতু সর্বশেষ দেখা গেছে। হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে (১৯৮৬ + ৭৬) = ২০৬২ সালে।
- একবিংশ শতাব্দীর প্রথম ধূমকেতু লাইনিয়ার।
- বিংশ শতাব্দীর সবচেয়ে উজ্জ্বল ধূমকেতু Ikeya-Seki।
- জ্যোতির্বিজ্ঞানী এলান হেল ও টমাস বপ ১৯৯৫ সালের ২৩ জুলাই 'হেলবপ' ধূমকেতু আবিষ্কার করেন।
- পি ৬৭ একটি ধূমকেতু।

উল্কা (Meteor)

মহাশূন্যে অজস্র জড়পিণ্ড ভেসে বেড়ায়। এই জড়পিণ্ডগুলো মাধ্যাকর্ষণ বলের আকর্ষণে প্রচণ্ড গতিতে পৃথিবীর দিকে ছুটে আসে। বায়ুর সংস্পর্শে এসে বায়ুর সঙ্গে ঘর্ষণের ফলে এরা জ্বলে ওঠে। এগুলোকে উল্কা বলে। ধূমকেতু সূর্যের কাছাকাছি এসে পড়লে এর প্রচণ্ড উত্তাপ এবং সৌরঝড়ের কারণে সম্মুখভাগ ও অন্তঃস্থল গলে গিয়ে পেছনের দিকে ধূমকেতুর লেজ-এ ছড়িয়ে পড়ে। এই 'লেজ'-এর মধ্যে থাকে অসংখ্য পাথরের টুকরো, ধূলিকণা ও গ্যাস। কোনো ধূমকেতুর অংশবিশেষ কক্ষপথ হতে বিচ্যুত হয়ে পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে ঘর্ষণে জ্বলে ওঠলে তাকে উল্কা বৃষ্টি বলে। ১৬-২২ জুলাই, ১৯৯৪ ধূমকেতু শুমেকার লেভী- ৯ কক্ষপথ থেকে বিচ্যুত হয়ে বৃহস্পতির কক্ষপথে চলে আসে এবং ২১টি খণ্ডে বিভক্ত হয়ে বৃহস্পতি গ্রহে আঘাত হানে।

MCQ Solution

১. **'Galaxy' শব্দের বাংলা পরিভাষা-** [জনতা ব্যাংক লি. অফিসার (ক্যাশ): ২০]
ⓚ গ্রহাণু
ⓛ নক্ষত্রবীথি
ⓖ তারাপুঞ্জ
ⓘ নীহারিকা
উত্তর: খ

২. **জ্যোতিষ্ক কত প্রকার -** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ৯৮]
ক) ৫ প্রকার খ) ৩ প্রকার
গ) ৭ প্রকার ঘ) ৪ প্রকার **উত্তর: গ**

৩. **সূর্য, চাঁদ ও তারা এগুলোকে একত্রে কি বলে?** [চবি (খ ইউনিট): ০৩-০৪]
ক) নক্ষত্র খ) গ্রহ
গ) জ্যোতিষ্ক ঘ) নীহারিকা **উত্তর: গ**

৪. **আকাশে উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?** [১৮তম বিসিএস/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ভলগা): ১৩]
ⓚ ধ্রুবতারা ⓚ প্রক্সিমা সেন্টারাই
ⓖ লুব্ধক ⓖ পুলহ **উত্তর:** গ

৫. **প্রক্সিমা সেন্টারাই হল একটি-** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৪]
ⓚ উপগ্রহ ⓚ নক্ষত্র
ⓖ গ্রহ ⓖ ধূমকেতু **উত্তর:** খ

৬. **সূর্যের নিকটতম নক্ষত্রের নাম-** [৪১তম বিসিএস/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাগীয় সহকারী: ১৯]
ⓚ ভেগা
ⓚ প্রক্সিমা সেন্টাউরি
ⓖ আলফা সেন্টাউরি A
ⓖ আলফা সেন্টাউরি B **উত্তর:** খ

৭. **সূর্য ছাড়া পৃথিবীর নিকটতম নক্ষত্র কোনটি?** [কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার: ০১]
ⓚ বলকাম ⓚ সেটাম
ⓖ নেবুলা ⓖ প্রক্সিমা সেন্টেরাই **উত্তর:** ঘ

৮. **পৃথিবী থেকে প্রক্সিমা সেন্টারাই এর দূরত্ব কত?** [রাবি (এফ ইউনিট): ১৭-১৮]
ⓚ ৩.২ আলোক বর্ষ ⓚ ৪.২ আলোক বর্ষ
ⓖ ৪.৮ আলোক বর্ষ ⓖ ৫.২ আলোক বর্ষ **উত্তর:** খ

৯. **তারাদের জীবন প্রবাহের তৃতীয় অবস্থা কোনটি?** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক: ০৪]
ⓚ হোয়াইট ডোয়ার্ফ ⓚ ব্লাকহোল
ⓖ রেড জায়েন্ট ⓖ নাথিংনেস **উত্তর:** গ

১০. **সূর্যের সবচেয়ে নিকটবর্তী নক্ষত্রের নাম কী?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ⓚ বুধ ⓚ হ্যালি
ⓖ আলফা সেন্টোরি ⓖ চাঁদ **উত্তর:** গ
ব্যাখ্যা: প্রক্সিমা সেন্টেরাই নক্ষত্রটি আলফা সেন্টোরাই নক্ষত্রপুঞ্জের একটি নক্ষত্র।

১১. **ব্ল্যাক হোলের মাধ্যাকর্ষণ কেমন?** [চবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ শক্তিশালী ⓚ দুর্বল
ⓖ হালকা ⓖ কোন অস্তিত্ব নেই **উত্তর:** ক

১২. **কৃষ্ণ গহ্বরের (Black Hole) প্রকৃতি সম্পর্কে প্রধান ধারণা দেন কে?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]
ⓚ নিউটন ⓚ গ্যালিলিও
ⓖ আইনস্টাইন ⓖ স্টিফেন হকিং **উত্তর:** গ

১৩. **কৃষ্ণগহ্বরের বৈশিষ্ট্য কোনটি?** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ⓚ মহাকর্ষীয় ক্ষেত্র অত্যন্ত শক্তিশালী
ⓚ ঘনত্ব অত্যন্ত বেশি
ⓖ ভর অত্যন্ত বেশি
ⓖ উপরের সবকটি **উত্তর:** ঘ

১৪. **The first ever image of a Black Hole at the centre M87 Galaxy could be photographed using a telescope system called-** [Sadharan Bima Corporation Asst. Manager: 19]
ⓐ Hubble Telescope
ⓑ Mount Palomar Observatory
ⓒ Mount Palomar Telescope
ⓓ Event Horizon Telescopes **Ans.** d

১৫. **মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কারক দীপংকর তালুকদারের নিজ জেলা কোনটি?** [১৩তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন: ১৬]
ⓚ বরিশাল ⓚ বরগুনা
ⓖ ঝালকাঠি ⓖ পটুয়াখালী **উত্তর:** খ

১৬. **সপ্তর্ষিমণ্ডল আকাশে কিসের মত দেখায়?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী: ০৪]
ⓚ এস আকৃতির ⓚ যতি আকৃতির
ⓖ জিজ্ঞাসা চিহ্নের মত **উত্তর:** গ

১৭. **Milky way একটি-** [আনসার ও ভিডিপি অধিদপ্তরে সার্কেল এ্যাডজুটেন্ট: ০৫]
ⓚ তারা ⓚ নীহারিকা মণ্ডল
ⓖ সৌরজগৎ ⓖ সুপারনোভা **উত্তর:** খ

১৮. **আদমসুরত বলা হয়-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী): ১২]
ⓚ কালপুরুষকে ⓚ সপ্তর্ষিমণ্ডলকে
ⓖ ক্যাসিওপিয়াকে ⓖ সুরনদীকে **উত্তর:** ক

১৯. **'Nebula' এর বাংলা পারিভাষিক শব্দ-** [রাবি (A5): ১০-১১]
ⓚ নক্ষত্র ⓚ নীহারিকা
ⓖ গ্রহ ⓖ তারকা **উত্তর:** খ

২০. **ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে ঘুরে আসতে যে সময় লাগে তাকে কি বলে?** [২৮তম বিসিএস]
ⓚ সৌর বছর ⓚ কসমিক ইয়ার
ⓖ আলোক বর্ষ ⓖ পলিসার **উত্তর:** খ

২১. **'কসমিক ইয়ার' বলতে কি বুঝায়?** [মহা হিসাব-নিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ)-এর অডিটর: ২২]
ⓚ সূর্যের নিজ অক্ষে আবর্তনকাল
ⓚ পৃথিবীর নিজ অক্ষে আবর্তনকাল
ⓖ নক্ষত্রের নিজ অক্ষে আবর্তনকাল
ⓖ ছায়াপথের নিজ অক্ষে আবর্তনকাল **উত্তর:** ঘ

২২. **পৃথিবী মহাকাশে একটি-** [রাবি (লোকপ্রশাসন বিভাগ): ০২-০৩]
ⓚ জ্যোতিষ্ক ⓚ নীহারিকা
ⓖ নক্ষত্র ⓖ উপগ্রহ **উত্তর:** ক

২৩. **'কেপলার-৪৫২বি' কী?** [৪৪তম বিসিএস/ খুবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ পৃথিবীর মত একটি গ্রহ
ⓚ NASA -এর অত্যাধুনিক টেলিস্কোপ
ⓖ সূর্যের মত একটি নক্ষত্র
ⓖ একটি মহাকাশ যান **উত্তর:** ক

২৪. হ্যালির ধূমকেতু কত বছর পর পর দেখা যায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা): ১২]
ক) ৫৫ বছর খ) ৬৫ বছর
গ) ৭৫ বছর ঘ) ৮৫ বছর **উত্তর: গ**

২৫. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম): ১২]
ক) ৭০ বছর খ) ৬৫ বছর
গ) ৭৬ বছর ঘ) ৮০ বছর **উত্তর: গ**

২৬. হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে- [চবি (বি ইউনিট): ১৮-১৯]
ক) ২০৪২ খ্রিঃ খ) ২০৭২ খ্রিঃ
গ) ২০৫২ খ্রিঃ ঘ) ২০৬২ খ্রিঃ **উত্তর: ঘ**

২৭. 'হ্যালির ধূমকেতু' সর্বশেষ কোন বছর দেখা যায়? [ববি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক) ১৯৫৬ খ) ১৯৬৬
গ) ১৯৭৬ ঘ) ১৯৮৬ **উত্তর: ঘ**

২৮. একবিংশ শতাব্দীর প্রথম ধূমকেতুর নাম কী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ): ০৫]
ক) হ্যালি খ) লারা
গ) উল্কা ঘ) লাইনিয়ার **উত্তর: ঘ**

২৯. 'হেল-বপ' ধূমকেতু আবিষ্কৃত হয়- [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ৯৭]
ক) ১৯৯৩ সালে খ) ১৯৯৭ সালে
গ) ১৯৯৫ সালে ঘ) ১৯৯৪ সালে **উত্তর: গ**

৩০. ৬৭-পি কী? [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ক্যাশিয়ার: ১৫]
ক) উপগ্রহ খ) গ্রহাণু
গ) ধূমকেতু ঘ) মহাকাশ যান **উত্তর: গ**

৩১. 'Meteor' এর পরিভাষা- [ঢাবি (ক ইউনিট): ০৯-১০]
ক) ধূমকেতু খ) ধ্রুবতারা
গ) অগ্নিগোলক ঘ) উল্কা **উত্তর: ঘ**

৩২. উল্কা বৃষ্টি কী? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক) খসে পড়া তারা
খ) মহাকাশ থেকে আসা এক ঝাঁক উজ্জ্বল বস্তু
গ) কোন ধূমকেতুর অংশবিশেষ কক্ষপথ হইতে বিচ্যুত বস্তু কণা যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে ঘর্ষণে জ্বলে ওঠে
ঘ) কোন গ্রহের ভগ্নাবশেষ যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশের ফলে ঘর্ষণে জ্বলে উঠে **উত্তর: গ**

মহাজাগতিক রশ্মি (Cosmic ray)

মহাশূন্য থেকে পৃথিবীর বায়ুমণ্ডলে উচ্চশক্তিসম্পন্ন যে আহিত কণাসমূহ প্রবেশ করে, তাদের সমষ্টিকে মহাজাগতিক রশ্মি বলে। বিজ্ঞানী ভিক্টর ফ্রান্সিস হেস মহাজাগতিক রশ্মি আবিষ্কারের জন্য ১৯৩৬ সালে পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পান।


MCQ Solution

১. 'Cosmic Ray' কে বাংলায় বলা হয়- [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ক) রঞ্জন রশ্মি খ) তেজস্ক্রিয় রশ্মি
গ) ক্যাথড রশ্মি ঘ) মহাজাগতিক রশ্মি **উত্তর: ঘ**

২. মহাশূন্য থেকে আগত রশ্মি বা কণাকে কি বলে? [ইবি (ঘ ইউনিট): ০৩-০৪]
ক) আলফা রে খ) বিটা রে
গ) গামা রে ঘ) কসমিক রে **উত্তর: ঘ**

৩. মহাজাগতিক রশ্মি আবিষ্কার করে কোন বিজ্ঞানী নোবেল পুরস্কার পান? [২০তম বিসিএস]
ক) হেস খ) গোল্ডস্টাইন
গ) রাদারফোর্ড ঘ) আইনস্টাইন **উত্তর: ক**

সৌরজগৎ (Solar System)



সূর্য এবং তার গ্রহ, উপগ্রহ, গ্রহাণুপুঞ্জ, অসংখ্য ধূমকেতু ও অগণিত উল্কা নিয়ে সৌরজগৎ গঠিত।

সূর্য (Sun)

সূর্যের ব্যাস ১৩ লক্ষ ৮৪ হাজার কিমি. এবং ভর প্রায় ১.৯৯ $\times$১০^{৩০} কেজি। আয়তনে সূর্য পৃথিবীর চেয়ে ১৩ লক্ষ বা ১.৩ মিলিয়ন গুণ এবং চাঁদের চেয়ে ২ কোটি ৬০ লক্ষ গুণ বড়। সূর্য প্রচণ্ড রকম উত্তপ্ত একটি নক্ষত্র। এর কেন্দ্রভাগের উত্তাপ প্রায় ১৫০,০০০,০০০° সে. এবং পৃষ্ঠভাগের তাপমাত্রা প্রায় ৬,০০০° সে.। সূর্যের নিজ অক্ষের উপর এক বার আবর্তন করতে ২৫ দিন সময় লাগে। একে সূর্যের আবর্তনকাল বলে। সূর্যের প্রকৃত রঙ সাদা। সূর্যপৃষ্ঠের যে সব স্থানের তাপমাত্রা এর পার্শ্ববর্তী স্থান অপেক্ষা কম, পৃথিবী থেকে সে স্থানগুলো কালো দেখায়, তাদের সৌরকলঙ্ক বলে।

সূর্যের গঠন উপাদান...

উপাদান	শতকরা সংযুক্তির অনুপাত	
	আয়তন	ভর
হাইড্রোজেন	**৯১.২%**	**৭৩.৪৬%**
হিলিয়াম	**৮.৭%**	**২৪.৮৫%**
অন্যান্য	**০.১%**	**১.৬৯%**

সৌরজগতের গ্রহ

সূর্যের ৮টি গ্রহ আছে। সূর্য হতে দূরত্ব অনুযায়ী গ্রহগুলো যেভাবে সাজানো রয়েছে সেগুলো নিচে বর্ণনা করা হল। যথা- বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস এবং নেপচুন। ২০০৬ সালের ২৪ আগস্ট প্লুটো গ্রহের মর্যাদা হারায়। প্লুটোকে বর্তমানে 'বামন গ্রহ' (dwarf planet) এর মর্যাদা দেওয়া হয়। বর্তমানে সৌরজগতের পাঁচটি বামন গ্রহ আছে। যথা- সেরেস, প্লুটো, হাউমিয়া, মেকমেক এবং এরিস। পৃথিবী ছাড়া সৌরজগতের অন্য সকল গ্রহের নাম গ্রিক বা রোমান দেবতার নাম হতে নেওয়া হয়েছে।

গ্রহের নাম	নামের উৎস
বুধ (Mercury)	রোমান বাণিজ্য দেবতা
শুক্র (Venus)	রোমান ভালবাসা ও সৌন্দর্যের দেবী
মঙ্গল (Mars)	রোমান যুদ্ধদেবতা
বৃহস্পতি (Jupiter)	রোমান দেবতাদের রাজা
শনি (Saturn)	রোমান কৃষি দেবতা
ইউরেনাস (Uranus)	গ্রিক স্বর্গের দেবতা
নেপচুন (Neptune)	রোমান সমুদ্র দেবতা

বুধ সৌরজগতের ক্ষুদ্রতম এবং দ্রুততম গ্রহ। এটি সবচেয়ে কম সময়ে সূর্যকে প্রদক্ষিণ করে। সূর্যকে একবার প্রদক্ষিণ করে আসতে বুধের সময় লাগে ৮৮ দিন।

শুক্র সৌরজগতের উষ্ণতম গ্রহ। শুক্রগ্রহে কার্বন-ডাই অক্সাইডের ঘন বায়ুমণ্ডল থাকায় তা তাপ ধরে রাখে। পক্ষান্তরে বুধ গ্রহে কোনো বায়ুমণ্ডল নেই। এজন্য বুধ অপেক্ষা সূর্য হতে দূরবর্তী হওয়া সত্ত্বেও শুক্র গ্রহের তাপমাত্রা অধিক। শুকতারা (Morning Star) ও সন্ধ্যাতারা (Evening star) এর কথা আমরা শুনেছি। শুকতারা বা সন্ধ্যাতারা আসলে কোনো তারা নয়। **শুক্রগ্রহ** ভোরের আকাশে শুকতারা এবং সন্ধ্যার আকাশে সন্ধ্যা তারা নামে পরিচিত। নক্ষত্রের মত জ্বলজ্বল করে বলেই আমরা একে ভুল করে তারা বলি। পৃথিবীর নিকটতম গ্রহ শুক্র। একে পৃথিবীর 'জমজ গ্রহ'ও বলা হয়।

পৃথিবী একটি অভিগত গোলক। অভিগত গোলক অর্থ উত্তর দক্ষিণে সামান্য চাপা এবং পূর্ব-পশ্চিমে সামান্য স্ফীত। আহ্নিক গতির জন্য পৃথিবীর আকৃতি এরূপ হয়েছে। পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য। সূর্যের চারিদিকে একবার ঘুরে আসতে পৃথিবীর সময় লাগে ৩৬৫.২৪২ দিন (৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড)। পৃথিবী থেকে সূর্যের দূরত্ব ৯৩ মিলিয়ন মাইল বা ১৫ কোটি কি.মি.। সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮.৩২ মিনিট বা ৮ মিনিট ১৯ সেকেন্ড বা ৫০০ সে.।

পৃথিবীর .....

ব্যাসার্ধ	গড়	৬৩৭১ কিমি. বা ৩৯৫৮ মাইল
	বিষুবীয়	৬,৩৭৮ কিমি. বা ৩৯৬৩ মাইল
	মেরু অঞ্চলীয়	৬,৩৫৬ কিমি. বা ৩৯৫০ মাইল
পরিধি		৪০,০৭৫ কি.মি. বা ২৪৯০২ মাইল
ভর		৫.৯৭২৩৭ $\times$ ১০^{২৪} কেজি
আপেক্ষিক গুরুত্ব		৫.৫

মঙ্গল গ্রহের মাটিতে প্রচুর পরিমাণে লাল আয়রন অক্সাইড (যাকে 'মরিচা' বলা হয়) বিদ্যমান। পৃথিবী থেকে এই গ্রহটি দেখতে লালচে দেখায়। এজন্য মঙ্গলকে অনেক সময় 'লাল গ্রহ' বলেও অভিহিত করা হয়। গ্রহের বায়ুমণ্ডলের প্রধান উপাদান কার্বন ডাই অক্সাইড (৯৫.৯৭%)। গ্রহটি সূর্যকে ৬৮৭ দিনে আবর্তন করে।

বৃহস্পতি সৌরজগতের বৃহত্তম গ্রহ। সবচেয়ে বড় গ্রহ বলে একে 'গ্রহরাজ' বলা হয়। আয়তনে বৃহস্পতি পৃথিবীর চেয়ে ১,৩০০ গুণ বড়।

শনি সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ। এটি গ্যাসের তৈরি বিশাল এক গোলক। শনিকে ঘিরে আছে হাজার হাজার বলয়।

ইউরেনাস সৌরজগতের তৃতীয় বৃহত্তম গ্রহ। একে 'সবুজ গ্রহ'ও বলা হয়।


নেপচুন সৌরজগতের গ্রহসমূহের মধ্যে সূর্যকে প্রদক্ষিণ করতে সবচেয়ে বেশি সময় নেয়।

সৌরজগতের উপগ্রহ

বুধ এবং শুক্রের কোনো উপগ্রহ নেই। পৃথিবীর একমাত্র উপগ্রহ চাঁদ। মঙ্গল গ্রহের দুটি উপগ্রহ আছে। যথা- ফোবোস এবং ডিমোস। সবচেয়ে বেশি উপগ্রহ আছে শনি গ্রহের (৮২টি)। বৃহস্পতি গ্রহের উপগ্রহ ৭৯ টি। সৌরজগতের উপগ্রহ আকারের ক্রমানুসারে : গ্যানিমেড (বৃহস্পতি) > টাইটান (শনি) > ক্যালিস্টো (বৃহস্পতি) > লো (বৃহস্পতি) > চাঁদ (পৃথিবী) > ....।

চাঁদ (Moon/ Luna)

পৃথিবী হতে চাঁদের দূরত্ব গড়ে ২,৩৮,৮৫৫ মাইল বা ৩,৮৪,৪০০ কি.মি.। আলোর গতিতে চললে পৃথিবী থেকে চাঁদে পৌঁছাতে প্রায় ১.৩ সেকেন্ড সময় লাগবে। আয়তন এবং ব্যাসে পৃথিবী চাঁদের চেয়ে যথাক্রমে ৫০ গুণ এবং ৪ গুণ বড়। চাঁদ প্রতি ২৭.৩২ দিনে (২৭ দিন ৮ ঘন্টায়) পৃথিবীর চারদিকে একটি পূর্ণ আবর্তন সম্পন্ন করে। অন্যদিকে চাঁদ প্রতি ২৯.৫৩ দিনে (২৯ দিন ১২ ঘন্টায়) চন্দ্র কলা পূর্ণ করে অর্থাৎ একই কার্যক্রিয়া আবার ঘটে। পৃথিবী প্রতি মাসে সূর্যের চারদিকে তার নিজ কক্ষপথে প্রায় ৩০° পথ অতিক্রম করে। পৃথিবীকে কেন্দ্র করে আবর্তনশীল চাঁদকে তাই চন্দ্র কলা পূর্ণ করতে ৩৬০° + ৩০° = ৩৯০° পরিক্রমণ করতে হয়।



—————— চাঁদের একবার আবর্তন

.... চন্দ্র কলা

MCQ Solution

১. **সূর্যকে কেন্দ্র করে ঘূর্ণায়মান জ্যোতিষ্কমণ্ডলীকে বলা হয়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক(শিউলী): ১১]
ক নক্ষত্র খ পৃথিবী
গ সৌরজগৎ ঘ বুধ **উত্তর: গ**

২. **কোনটি সৌরজগতের বস্তু নয়?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক পৃথিবী খ ধূমকেতু
গ গ্যালাক্সি ঘ চাঁদ **উত্তর: গ**

৩. **The Sun is a -** [IFIC Bank Ltd. Transaction Service Officer: 19]
ⓐ Star ⓑ Planet
ⓒ Asteroid ⓓ None **Ans. a**

৪. **সূর্যের আয়তন পৃথিবী অপেক্ষা বড়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা): ১১]
ক ১৩ মিলিয়ন গুণ
খ ১০ মিলিয়ন গুণ
গ ১.৩ মিলিয়ন গুণ
ঘ ১.০ মিলিয়ন গুণ **উত্তর: গ**

৫. **সূর্য চন্দ্র অপেক্ষা কত গুণ বড়?** [মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরে প্রদর্শক: ০৪]
ক ২ কোটি ৩০ লক্ষ গুণ
খ ২ কোটি ৪০ লক্ষ গুণ
গ ২ কোটি ৫০ লক্ষ গুণ
ঘ ২ কোটি ৬০ লক্ষ গুণ **উত্তর: ঘ**

৬. **সূর্যপৃষ্ঠের উত্তাপ কত?** [শ্রম অধিদপ্তরে রেজিস্ট্রার: ০০]
ক ৬০০০° সে. খ ১০০০০° সে.
গ ১২০০০° সে. ঘ ৮০০০° সে. **উত্তর: ক**

৭. **সূর্যের নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে -** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের লাইব্রেরিয়ান: ২১]
ক ২৫ ঘণ্টা খ ২৮ ঘণ্টা
গ ২৫ বছর ঘ ২৫ দিন **উত্তর: ঘ**

৮. **সূর্যের মধ্য কোন মৌলিক গ্যাস বেশি রয়েছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর (ননটেক): ০৫]
ক নাইট্রোজেন খ হাইড্রোজেন
গ ইথাইল ঘ হিলিয়াম **উত্তর: খ**

৯. **What is the real color of the sun?** [Forest Industries Development Cor. Asst. Manager: 13]
ⓐ Pure White ⓑ Pure Orange
ⓒ Red ⓓ Blue **Ans. a**

১০. **সৌর জগতের গ্রহ কয়টি?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএকএ: ২০]
ক ৮টি খ ৯টি
গ ১০টি ঘ ১১টি **উত্তর: ক**

১১. **Which of the following is not a name of a Greek god? / নিচের কোনটি গ্রিক দেবতার নাম নয়?** [Shahjalal Islami Bank Ltd. MTO: 11]
ⓐ Pluto ⓑ Earth
ⓒ Jupiter ⓓ Neptune **Ans. b**

১২. **গ্রহটির নামকরণ রোমান যুদ্ধদেবতার নামে হয়েছে -** [ঢাবি (খ ইউনিট): ০৮-০৯]
ক মার্স খ স্যাটার্ন
গ জুপিটার ঘ এপোলো **উত্তর: ক**

১৩. **কোনটি অপর তিনটি থেকে আলাদা?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ৯৫]
ক ধ্রুবতারা খ বুধ
গ শনি ঘ প্লুটো **উত্তর: ক**

১৪. **Which of these is not a planet in the Solar system?/ কোনটি সৌরজগতের গ্রহ নয়?** [Bangladesh Krishi Bank Ltd. Assistant Officer: 07]
ⓐ Mars ⓑ Neptune
ⓒ Venus ⓓ Pluto **Ans. d**

১৫. **নিম্নের কোনটি সৌর জগতের গ্রহ নয়?** [ঢাবি (এক ইউনিট): ১৫-১৬]
ক পৃথিবী খ চাঁদ
গ বৃহস্পতি ঘ শনি
ঙ নেপচুন **উত্তর: খ**

১৬. **কোনটি সৌর জগতের বামন গ্রহ?** [রাবি (ই ইউনিট): ১৬-১৭]
ক মঙ্গল খ শনি
গ প্লুটো ঘ বৃহস্পতি **উত্তর: গ**

১৭. **Which planet is the nearest to sun?** [RU (B Unit): 16-17]
ⓐ Mercury ⓑ Venus
ⓒ Jupiter ⓓ Mars **Ans. a**

১৮. **সূর্যের নিকটতম গ্রহ কোনটি?** [ঢাবি (খ ইউনিট): ১৬-১৭]
ক শনি খ পৃথিবী
গ বুধ ঘ শুক্র **উত্তর: গ**

১৯. **সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. এগ্রিকিউটিভ অফিসার (জেনারেল): ১৭]
ক পৃথিবী খ শনি
গ বুধ ঘ নেপচুন **উত্তর: গ**

২০. **কোন গ্রহকে গ্রহরাজ বলা হয়?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৬]
ক নেপচুন খ পৃথিবী
গ বৃহস্পতি ঘ মঙ্গল **উত্তর: গ**

২১. **Which one is the largest planet in the solar system?** [Eastern Bank Ltd. Officer: 05]

Or,

সৌরজগতের সর্ববৃহৎ গ্রহ কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা, যোয়ারেয়ে): ১৩]
ⓐ Jupiter (বৃহস্পতি)
ⓑ Saturn (শনি)
ⓒ Mars (মঙ্গল)
ⓓ Earth (পৃথিবী) **Ans. a**

২৩. **সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ-** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা): ১৩]
ক বৃহস্পতি খ পৃথিবী
গ শনি ঘ বুধ **উত্তর: গ**

২৪. **সৌরজগতের দ্রুততম গ্রহ হলো-** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ): ০৩]
ক বৃহস্পতি খ শনি
গ বুধ গ শুক্র **উত্তর: গ**

২৫. **সৌরজগতের কোন গ্রহের সূর্যকে প্রদক্ষিণ করতে সবচেয়ে কম সময় লাগে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৬]
ক শুক্র খ বুধ
গ পৃথিবী ঘ বৃহস্পতি **উত্তর: খ**

২৬. **সৌরজগতের উষ্ণতম গ্রহ -** [রাবি (ইউনিট A-১): ২১-২২]
ক শুক্র গ মঙ্গল
খ পৃথিবী ঘ বুধ **উত্তর: ক**

২৭. **পৃথিবীর জমজ নামে পরিচিত কোন গ্রহ?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা): ১০]
ক শনি খ মঙ্গল
গ বুধ ঘ শুক্র **উত্তর: ঘ**

২৮. **'শুকতারা' একটি -** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী গবেষণা কর্মকর্তা: ৯৮]
ক গ্রহ খ উপগ্রহ
গ নক্ষত্র ঘ নীহারিকা **উত্তর: ক**

২৯. **Which of the following planets is known as morning star?** [SIBL Trainee Senior Officer: 16]
ⓐ Mercury ⓑ Venus
ⓒ Mars ⓓ Saturn **Ans. b**

৩০. **কোন গ্রহকে পশ্চিমাকাশে 'সন্ধ্যাতারা' এবং পূর্বাকাশে 'শুকতারা' রূপে দেখা যায়?** [ববি (খ ইউনিট): ১২-১৩]
ক মঙ্গল খ বুধ
গ বৃহস্পতি ঘ শুক্র **উত্তর: ঘ**

৩১. **Which one of the following is the brightest planet of the solar system as seen from the earth?** [Standard Bank Ltd. MTO: 16]
ⓐ Mars ⓑ Venus
ⓒ Mercury ⓓ Uranus
ⓔ None of these **Ans. b**

৩২. **Which one of these planets is nearest to the earth?** [Probashi Kallyan Bank Senior Officer: 21]

Or,

পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাগীয় সহকারী: ১৯]
ক বুধ খ শুক্র
গ বৃহস্পতি ঘ মঙ্গল **উত্তর: খ**

৩৩. **পৃথিবী সৌরজগতের একটি-** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্যাশ সহকারী: ১৪]
ক নক্ষত্র খ গ্রহ
গ উপগ্রহ ঘ জ্যোতিষ্ক **উত্তর: খ**

৩৪. **পৃথিবী সৌরজগতের কত নম্বর গ্রহ? (The earth is the__ nearest planest of the sun.)** [ঢাবি (খ ইউনিট): ২০-২১]
ক অষ্টম (8^{TH}) খ নবম (9^{TH})
গ চতুর্থ (4^{TH}) ঘ তৃতীয় (3^{rd}) **উত্তর: ঘ**

৩৫. **পৃথিবী প্রকৃতপক্ষে একটি-** [সমবায় অধিদপ্তরের (২য় শ্রেণির) গেজেটেড অফিসার: ৯৭]
ক পরিপূর্ণ গোলক খ সমতল ক্ষেত্র
গ অভিগত গোলক ঘ অর্ধবৃত্ত **উত্তর: গ**

৩৬. **পৃথিবীর ব্যাসার্ধ কত?** [রাবি (সি ইউনিট): ১৯-২০]
ক ৬০০০ কি.মি. খ ৩৪৮৬ কি.মি.
গ ৬৪৩৪ কি.মি. ঘ ৪০৭০ কি.মি. **উত্তর: গ**

৩৭. **পৃথিবীর ব্যাস আনুমানিক কত?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ): ০৩]
ক ৪০০০ কি.মি. খ ৪০০০ মাইল
গ ৮০০০ মাইল ঘ ৮ মাইল **উত্তর: গ**
ব্যাখ্যা: ব্যাস = ২ × ব্যাসার্ধ।

৩৮. **পৃথিবীর উত্তর দক্ষিণের ব্যাস কত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৪]
ক ১৫১০৯ কি.মি. খ ১৪৭০২ কি.মি.
গ ১২৭০৯ কি.মি. ঘ ১১৩০৯ কি.মি. **উত্তর: গ**

৩৯. **পৃথিবীর পরিধি হচ্ছে -** [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ০৬]
ক ২৫,০০০ মাইল খ ৩৫০০০ মাইল
গ ৩০,০০০ মাইল ঘ ১৫,০০০ মাইল **উত্তর: ক**

৪০. **What is the approximate circumference of the earth?/পৃথিবীর পরিধি প্রায় -** [Shahjalal Islami Bank Ltd. Officer: 03]
ক 50,000 km খ 25,000 km
গ 16,000 km ঘ 40,000 km **উত্তর: ঘ**

৪১. **How many days the Earth takes to rotate around the Sun to complete one revolution?** [SIBL Probatinary officer: 21]
ⓐ 365.342 days
ⓑ 365.242 days
ⓒ 365.422 days
ⓓ 365.243 days **Ans. b**

৪২. **Average Sp.gr. of the earth- /পৃথিবীর আপেক্ষিক গুরুত্ব-** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূরসায়নবিদ: ৯৮]
ক 3.517 খ 4.517
গ 5.517 ঘ 9.517 **উত্তর: গ**

৪৩. **পৃথিবী হতে সূর্যের গড় দূরত্ব-** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা): ১৩]
ক ১৭ কোটি কি.মি. খ ১৫ কোটি কি.মি.
গ ১০ কোটি কি.মি. ঘ ১৩ কোটি কি.মি. **উত্তর: খ**

৪৪. **পৃথিবী থেকে সূর্যের দূরত্ব কত?** [ঢাবি (ঘ ইউনিট): ৯৯-০০]
ক ১৫০ মিলিয়ন কি.মি.
খ ১০০ মিলিয়ন কি.মি.
গ ১২০ মিলিয়ন কি.মি.
ঘ ২০০ মিলিয়ন কি.মি. **উত্তর: ক**

৪৫. **পৃথিবী থেকে সূর্যের দূরত্ব হলো -** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক ৭৫ মিলিয়ন মাইল
খ ৯০ মিলিয়ন মাইল
গ ৯৩ মিলিয়ন মাইল
ঘ ১২০ মিলিয়ন মাইল **উত্তর: গ**

৪৬. **সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কতক্ষণ সময় লাগে?** [১৮তম বিসিএস]
ক ৮.৩২ মিনিট খ ৯.১২ মিনিট
গ ৭.৯৬ মিনিট ঘ ১০.৬৫ মিনিট **উত্তর: ক**

৪৭. **সূর্য থেকে পৃথিবীতে আলো পৌছাতে সাধারণত কত সময় লাগে?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১৭]
ক ২০০ সে. খ ৩০০ সে.
গ ৪০০ সে. ঘ ৫০০ সে. **উত্তর: ঘ**

৪৮. **যদি সূর্য থেকে হঠাৎ আলো বন্ধ হয়ে যায় তাহলে পৃথিবীর মানুষ কতক্ষণে এ পরিবর্তন প্রত্যক্ষ করবে?** [রাবি (মার্কেটিং): ০২-০৩]
ক তৎক্ষণাৎ
খ ৮মি. পরে
গ ৮ মি. ২০ সে. পরে
ঘ ৮ মি. ৪০ সে. পরে **উত্তর: গ**

৪৯. **Which of the following is called Blue Planet?** [Rupali Bank Ltd. Financial Analysts: 20]
ⓐ Saturn ⓑ Earth
ⓒ Jupiter ⓓ Mars **Ans. b**

৫০. **মঙ্গলগ্রহ কত দিনে সূর্যকে আবর্তন করে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ): ০৫]
ক ৩৬৫ খ ৪২৭
গ ৬৬৭ ঘ ৬৮৭ **উত্তর: ঘ**

৫১. **লাল গ্রহ কাকে বলা হয়?** [১৩তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন: ১৬]
ক মঙ্গল গ্রহ খ বুধ গ্রহ
গ বৃহস্পতি গ্রহ ঘ শনি গ্রহ **উত্তর: ক**

২২. **The Saturn is a _____ ?** [IFIC Bank Ltd.Trainee Senior Officer: 19]
ⓐ Asteroid ⓑ Star
ⓒ Planet ⓓ Meteor **Ans. c**

৫২. **কোন গ্রহের হাজার বলয় আছে?** [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর: ১১]
ক বুধ খ মঙ্গল
গ শনি ঘ বৃহস্পতি **উত্তর: গ**

৫৩. 'সবুজ গ্রহ' বলা হয় কাকে? [স্বাস্থ্য ও সেবা অধিদপ্তরের নকশাকার ড্রাফটম্যান: ২২]
ⓚ বুধ ⓚ শুক্র
ⓖ মঙ্গল ⓖ ইউরেনাস **উত্তর: ঘ**

৫৪. সৌরজগতের কোন গ্রহের সবচেয়ে বেশি উপগ্রহ আছে? [খুবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ শনি ⓚ মঙ্গল
ⓖ বৃহস্পতি ⓖ শুক্র **উত্তর: ক**

৫৫. কোন গ্রহের একটিও উপগ্রহ নেই? [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল): ১১]
ⓚ শুক্র ⓚ পৃথিবী
ⓖ বৃহস্পতি ⓖ ইউরেনাস **উত্তর: ক**

৫৬. সৌরজগতের কোন গ্রহের উপগ্রহ নাই? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI)-এর সাঁটমুদ্রাক্ষরিক: ১৭]
ⓚ পৃথিবী ⓚ বুধ
ⓖ শনি ⓖ বৃহস্পতি **উত্তর: খ**

৫৮. মঙ্গল গ্রহের কয়টি উপগ্রহ আছে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ⓚ ১০টি ⓚ ২টি
ⓖ ৩টি ⓖ ৪টি **উত্তর: খ**

৫৯. ডিমোস কোন গ্রহের উপগ্রহ? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর: ১১]
ⓚ শনি ⓚ বুধ
ⓖ মঙ্গল ⓖ বৃহস্পতি **উত্তর: গ**

৬০. শনির উপগ্রহ কয়টি? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এরোড্রম কর্মকর্তা: ২১]
ⓚ ২ ⓚ ১৪
ⓖ ৭৯ ⓖ ৮২ **উত্তর: ঘ**

৬১. সবচেয়ে বড় উপগ্রহ কোনটি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১]
ⓚ টাইটান ⓚ ফোবস
ⓖ ডিমোস ⓖ ক্যারন **উত্তর: ক**

৬২. পৃথিবীর উপগ্রহ কয়টি? [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক): ১৯]
ⓚ ৩ ⓚ ৭
ⓖ ৫ ⓖ ১ **উত্তর: ঘ**

৬৩. What is the name of earth's moon? [Premier Bank Ltd. Trainee Junior Officer (Cash): 21]
ⓐ Europa ⓑ Leston
ⓒ Luna ⓓ Titan **Ans. c**

৬৪. পৃথিবীর একমাত্র উপগ্রহ - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ⓚ সূর্য ⓚ বুধ
ⓖ চন্দ্র ⓖ শুক্র **উত্তর: গ**

৬৫. পৃথিবী চাঁদের তুলনায় কতগুণ বড়? [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ⓚ ৩৯ ⓚ ৪৯
ⓖ ৫৯ ⓖ ৬৯ **উত্তর: খ**

৬৬. The distance between the earth and the moon is about? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ভূতত্ত্ববিদ: ৯৮]

Or,

পৃথিবী হতে চাঁদের দূরত্ব গড়ে কত মাইল? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অধীক্ষক: ৯৮]
ⓚ 2,39,000 miles
ⓚ 2,49,000 miles
ⓖ 2,59,000 miles
ⓖ 2,69,000 miles **উত্তর: ক**

৬৭. Approximate distance of the moon from the earth- [IFIC Bank Ltd. Probationary Officer: 92]
ⓐ 257×10^2 miles
ⓑ 250×10^3 miles
ⓒ 930×10^5 miles
ⓓ 67×10^6 miles **Ans. b**


৬৮. পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া): ১২]
ⓚ ৩,৮৪,০০০ কিমি.
ⓚ ৩,৯৫,০০০ কিমি.
ⓖ ৪,০৫,০০০ কিমি.
ⓖ ৪,২০,০০০ কিমি. **উত্তর: ক**

৬৯. আলোর গতিতে চললে পৃথিবী থেকে চাঁদে পৌছাতে কত সময় লাগবে? [তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ০৬]
ⓚ ১৫ সেকেন্ড
ⓚ প্রায় ১.৫ সেকেন্ড
ⓖ ১.৫ মিনিট
ⓖ প্রায় ১৫ মিনিট **উত্তর: খ**

৭০. পৃথিবীর চারদিকে চাঁদের একবার ঘুরতে লাগে- [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা): ১৩]
ⓚ ২৭ দিন ⓚ ২৮ দিন
ⓖ ২৯ দিন ⓖ ৩০ দিন **উত্তর: ক**

৭১. কোন গ্রহগুলোকে বলা হয় দানবগ্রহ? [জবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ বৃহস্পতি, শনি, বুধ, শুক্র
ⓚ শনি, মঙ্গল, বৃহস্পতি, ইউরেনাস
ⓖ বৃহস্পতি, ইউরেনাস, শনি, নেপচুন
ⓖ মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস **উত্তর: গ**

সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ





এক নজরে চন্দ্রগ্রহণ এবং সূর্যগ্রহণ

ঘটনা	আলো →			সময় কাল
সূর্যগ্রহণ	সূর্য	চাঁদ	পৃথিবী	অমাবস্যা
চন্দ্রগ্রহণ	সূর্য	পৃথিবী	চাঁদ	পূর্ণিমা

সূর্যগ্রহণ (Solar Eclipse)

অমাবস্যার তিথিতে পৃথিবী, চন্দ্র ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। এ সময় চাঁদ পৃথিবী ও সূর্যের মাঝে অবস্থান করে। ফলে চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে। এ ঘটনাকে সূর্যগ্রহণ বলে।

চন্দ্রগ্রহণ (Lunar Eclipse)

পূর্ণিমার তিথিতে চন্দ্র, পৃথিবী ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। এ সময় পৃথিবী সূর্য ও চাঁদের মধ্যে অবস্থান করে। ফলে পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে। এ ঘটনাকে চন্দ্রগ্রহণ বলে।

MCQ Solution

১. **The word 'solar' is related to -** [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (উপসহকারী পরিচালক): ১৭]
ⓐ Moon ⓑ Sun
ⓒ Mars ⓓ Saturn **Ans. b**

২. **The word 'Lunar' is related to –** [১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন: ১৬]
ⓐ Moon ⓑ Sun
ⓒ Earth ⓓ Mars **Ans. a**

৩. **যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়-** [২৩তম বিসিএস/পায়রা বন্দরে বিভিন্ন পদ: ১৯]
ⓚ চন্দ্রগ্রহণ ⓚ সূর্যগ্রহণ
ⓖ অমাবস্যা ⓖ পূর্ণিমা **উত্তর: খ**

৪. **সূর্যগ্রহণের সময় কোনটি মাঝে অবস্থান করে?** [রাবি (সি ইউনিট): ১৯-২০]
ক) সূর্য খ) চন্দ্র
গ) পৃথিবী ঘ) ধূমকেতু **উত্তর: খ**

৫. **চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে অবস্থান করে-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (গোলাপ): ০৯]
ক) পূর্ণিমা তিথিতে
খ) পূর্ণিমা ও অমাবস্যা উভয় তিথিতে
গ) অমাবস্যা তিথিতে
ঘ) কোনোটিই নয় **উত্তর: গ**

৬. **সূর্যগ্রহণ ঘটে যখন-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ): ০৩]
ক) চাঁদ ও সূর্য এক সরলরেখায় অবস্থান করে
খ) চাঁদ ও পৃথিবী এক রেখায় অবস্থান করে
গ) চাঁদ, সূর্য ও পৃথিবী এক সরলরেখায় অবস্থান করে
ঘ) পৃথিবী, সূর্য ও চাঁদের মাঝে থাকে **উত্তর: গ**

৭. **যখন সূর্য ও চন্দ্রের মধ্যে পৃথিবী অবস্থান করে তখন হয়-** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা): ১১]
ক) সূর্যগ্রহণ খ) চন্দ্রগ্রহণ
গ) পূর্ণিমা ঘ) অমাবস্যা **উত্তর: খ**

৮. **Lunar eclipse occurs on-** [34th BCS]
ⓐ A new moon day
ⓑ A full moon day
ⓒ A half moon day
ⓓ A moonless day **Ans. b**

৯. **চন্দ্রগ্রহণের সময়-** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ক) পৃথিবী, সূর্য ও চন্দ্রের মাঝে অবস্থান করে
খ) চন্দ্র, সূর্য ও পৃথিবীর মাঝে অবস্থান করে
গ) সূর্য, চন্দ্র ও পৃথিবীর মাঝে অবস্থান করে
ঘ) পৃথিবী ও চন্দ্র সোজাসুজি অবস্থান করে **উত্তর: ক**

কৃত্রিম উপগ্রহ ও এর ইতিহাস

ত্রয়োদশ শতাব্দীতে চীনে রকেট সর্বপ্রথম আবিষ্কৃত হয়। এটি ছিল কঠিন জ্বালানি চালিত রকেট - যা মূলত অস্ত্র হিসেবে এবং আতশবাজিতে ব্যবহৃত হতো। ১৯২৬ সালের ১৬ মার্চ মার্কিন অধ্যাপক রবার্ট হাচিংস গডার্ড প্রথম তরল জ্বালানি চালিত রকেট উৎক্ষেপণ করেন।

মহাশূন্যযাত্রার প্রথম পদক্ষেপটির সূচনা হয়েছে ১৯৫৭ সালের ৪ অক্টোবর। এই যাত্রার সূচনা করে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন। তারা মহাশূন্যে স্পুটনিক-১ নামক কৃত্রিম উপগ্রহ

উৎক্ষেপণ করে। স্পুটনিক শব্দের অর্থ Fellow Traveller (ভ্রমণসঙ্গী)। একই বছর ৩ নভেম্বর স্পুটনিক-২ নামক আরেকটি কৃত্রিম উপগ্রহ তারা মহাকাশে পাঠান। এ মহাশূন্যযানের যাত্রী ছিল লাইকা (Laika) নামের একটি কুকুর। প্রথম কৃত্রিম মার্কিন উপগ্রহের নাম এক্সপ্লোরার-১। এই উপগ্রহ ১৯৫৮ সালের ১ ফেব্রুয়ারি মহাকাশে পাঠানো হয়।

মহাশূন্যে প্রথম মানব-মানবী

মহাশূন্যচারী প্রথম	মানব	মানবী
নাম	ইউরি গ্যাগারিন	ভ্যালেন্তিনা তেরেসকোভা
ছবি		
দেশ	সোভিয়েত ইউনিয়ন	সোভিয়েত ইউনিয়ন
মহাশূন্যযান	ভস্টক-১	ভস্টক-৬
সময়কাল	১২ এপ্রিল, ১৯৬১	১৬ জুন, ১৯৬৩

দেশভিত্তিক প্রথম সফল মনুষ্যবাহী মহাশূন্যযান উৎক্ষেপণ

দেশ	মহাশূন্যযান	প্রথম যাত্রী	যাত্রীদের বলা হয়	সময়কাল
রাশিয়া	ভস্টক-১	ইউরি গ্যাগারিন	Cosmonaut	১২ এপ্রিল, ১৯৬১
যুক্তরাষ্ট্র	মার্কারি-রেডস্টোন ৩	অ্যালান শেফার্ড	Astronaut	৫ মে, ১৯৬১
চীন	শেনঝিউ-৫	ইয়াং লিওই	Taikonaut	১৫অক্টোবর, ২০০৩

চন্দ্র অভিযান: চন্দ্রপৃষ্ঠকে স্পর্শকারী প্রথম মহাশূন্যযান লুনা-২। চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী প্রথম মনুষ্যবাহী মহাকাশযান অ্যাপোলো-১১। ১৯৬৯ সালের ২০ জুলাই এটি সফলভাবে চন্দ্রপৃষ্ঠে অবতরণ করে। অ্যাপোলো ১১ চন্দ্রপৃষ্ঠে যে স্থানে অবতরণ করে, সেই স্থানকে শান্ত সমুদ্র (Sea of Tranquility) বলা হয়। এটি প্রকৃতপক্ষে কোনো সমুদ্র নয়। এই অভিযানে অংশ নেন মার্কিন নভোচারী নিল আর্মস্ট্রং, মাইকেল কলিন্স এবং এডউইন অলড্রিন। ২১ জুলাই নিল আর্মস্ট্রং প্রথম মানব হিসেবে চন্দ্রপৃষ্ঠে পা রাখেন। এ সময় তিনি বিখ্যাত একটি মন্তব্য করেন, "That's one small step for [a] man, one giant leap for mankind" (এটি একটি মানুষের জন্য ক্ষুদ্র পদক্ষেপ কিন্তু মানব জাতির জন্য বিশাল অগ্রযাত্রা)। তাঁর কিছুক্ষণ পরই চাঁদে দ্বিতীয় ব্যক্তি হিসেবে পা রাখেন অলড্রিন। মাইকেল কলিন্স দুই সঙ্গীর সঙ্গে চাঁদে পা রাখতে পারেননি। কারণ তিনি চাঁদের কক্ষপথে কমান্ড মডিউলের দায়িত্বে ছিলেন। চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী মনুষ্যবিহীন প্রথম ভারতীয় নভোযান চন্দ্রযান-১। ২০০৮ সালের ১৪ নভেম্বর সফলভাবে চাঁদে অবতরণ করে।

মঙ্গল গ্রহে অভিযান: মঙ্গলগ্রহে অবতরণকারী প্রথম মহাশূন্য অনুসন্ধানী যান মারস-২। মার্কিন রোবোটিক মহাশূন্যযান পাথ ফাইন্ডার ১৯৯৭ সালে মঙ্গলগ্রহে অবতরণ করে। ২০০৩ সালে নাসার বিজ্ঞানীরা মঙ্গলগ্রহের উদ্দেশ্যে দুইটি রোভার (রোবট) 'স্পিরিট' ও 'অরচুনিটি' পাঠায়। মঙ্গলগ্রহে সফল অবতরণের পর নাসাকে অসংখ্য তথ্য ও ছবি পাঠায় রোভার দু'টি। মঙ্গল গ্রহে প্রেরিত 'নাসা'র চতুর্থ রোবটযান 'কিউরিওসিটি রোভার' (সময়কাল: ২০১২ খ্রি.)।

বৃহস্পতি গ্রহে অভিযান: ১৯৮৯ সালে বৃহস্পতি কক্ষপথে মহাকাশযান 'গ্যালিলিও' কে পাঠিয়েছিল নাসা।

কৃত্রিম উপগ্রহের ব্যবহার ও গুরুত্ব

যোগাযোগ উপগ্রহ: মহাশূন্যে পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ স্কোর। বাণিজ্যিক ব্যবহারের জন্য পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ ইনটেলসেট-১ (পূর্ব নাম Early Bird)।

পৃথিবী পর্যবেক্ষণকারী উপগ্রহ: এই উপগ্রহ পৃথিবী পৃষ্ঠের সুস্পষ্ট চিত্র দিতে পারে। ল্যান্ডসেট ১ দূর অনুধাবন (Remote sensing) এর জন্য পাঠানো প্রথম উপগ্রহ। দূর অনুধাবন হলো এমন একটি যান্ত্রিক কৌশল যার মাধ্যমে কোনো লক্ষ্য বস্তু বা প্রপঞ্চের সাথে দূরত্ব বজায় রেখে তথ্য সংগ্রহ করা হয়। বিভিন্ন সংবেদন (Sensors) পদ্ধতি ব্যবহার করে দূর থেকে সংগৃহীত তথ্যাবলী বিশ্লেষণের মাধ্যমে কোনো এলাকা, বস্তু বা প্রপঞ্চ সম্বন্ধে বাস্তব ধারণা লাভ করা যায়।

জ্যোতির্বিদ্যা বিষয়ক উপগ্রহ: এই উপগ্রহে রাখা টেলিস্কোপ বা দূরবীক্ষণ যন্ত্র মহাবিশ্ব সম্পর্কে বিভিন্ন অজানা তথ্য জ্যোতির্বিজ্ঞানীদের দিয়ে থাকে। মহাশূন্য বিভিন্ন চিত্র গ্রহণের জন্য ১৯৯০ সালের ২৪ এপ্রিল হাবল টেলিস্কোপ পৃথিবীর কক্ষপথে স্থাপনের জন্য উৎক্ষেপণ করা হয়।

মহাশূন্যে পর্যটন

মহাকাশে প্রথম পর্যটক মার্কিন ধনকুবের ডেনিস টিটো। মহাকাশে প্রথম নারী পর্যটক ইরানি বংশোদ্ভূত মার্কিনি আনুশেহ আনসারি। দুইবার মহাকাশে পরিদর্শনকারী প্রথম নভোচারী ছিলেন গাস গ্রিসম।

মহাকাশ গবেষণা সংস্থা

National Aeronautics & Space Administration (NASA) মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা। ২৯ জুলাই, ১৯৫৮ এটি প্রতিষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে এর সদর দপ্তর অবস্থিত। মহাকাশ উৎক্ষেপণ কেন্দ্র ফ্লোরিডার কেপ ক্যানভেরালে (পূর্ব নাম কেপ কেনেডি) অবস্থিত।

Japan Aerospace Exploration Agency (JAXA) জাপানি মহাকাশ গবেষণা সংস্থা। ১ অক্টোবর ২০০৩ সালে প্রতিষ্ঠিত হয়।

Roscosmos রাশিয়ার প্রধান ও জাতীয় মহাকাশ সংস্থা। ২৫ ফেব্রুয়ারি, ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয়।

MCQ Solution

১. **কোন দেশ প্রথম রকেট আবিষ্কার করে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মেডিকেল অফিসার: ৮৪]
ক) যুক্তরাষ্ট্র খ) রাশিয়া
গ) চীন ঘ) জাপান **উত্তর: গ**

২. **প্রথম কৃত্রিম উপগ্রহ উড্ডয়ন করে কোন দেশ?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক) যুক্তরাষ্ট্র খ) রাশিয়া
গ) চীন ঘ) জাপান **উত্তর: খ**

৩. **কোন সনে রাশিয়া প্রথম ভূ-উপগ্রহ নিক্ষেপ করে?** [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ক) ১৯৪৮ খ) ১৯৫৭
গ) ১৯৬২ ঘ) ১৯৭২ **উত্তর: খ**

৪. **The first man-made satellite, Sputnik I was launched by the former USSR is -** [Joint Recruitment Test for 8 Banks Senior Officer: 19]

Or,

স্পুটনিক-১ কখন ভূ-উপগ্রহ কক্ষপথে সাফল্যজনকভাবে নিক্ষেপ করা হয়? [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন থানা ও জেলা সমাজসেবা অফিসার: ৯৯]
ক) ১৯৫৭ সালে খ) ১৯৬০ সালে
গ) ১৯৬৬ সালে ঘ) ১৯৬৯ সালে **উত্তর: ক**

৫. **মহাশূন্যে উৎক্ষিপ্ত প্রথম কৃত্রিম উপগ্রহের নাম কী?** [স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী: ০৪]
ক) অ্যাপোলো খ) চ্যালেঞ্জার
গ) স্পুটনিক ঘ) এক্সপ্লোরার **উত্তর: গ**

৬. **Name the first animal to be sent in space:** [NRB Commercial Bank Ltd. Trainee Officer: 22]

Or,

মহাকাশে কোন প্রাণী প্রথম গিয়েছিল? [ইবি (জি ইউনিট): ১৪-১৫]
ক) বানর খ) কুকুর
গ) মানুষ ঘ) কোনটাই নয় **উত্তর: খ**

৭. **মহাশূন্যে প্রথম কোন দেশ কুকুর লাইকা পাঠায়?** [পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক) যুক্তরাষ্ট্র খ) রাশিয়া
গ) চীন ঘ) জাপান **উত্তর: খ**

৮. **প্রথম মহাকাশচারী ব্যক্তি কে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক) নীল আর্মস্ট্রং
খ) স্টিফেন হকিং
গ) ইউরি গ্যাগারিন
ঘ) ভেলেন্টিনা তেরেসকোভা **উত্তর: গ**

৯. **মহাশূন্য প্রথম নভোচারী একজন -** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব: ৯৬]
ক) আমেরিকান খ) ব্রিটিশ
গ) ফরাসি ঘ) রাশিয়ান **উত্তর: ঘ**

১০. **ইউরি গ্যাগারিন কোন মহাকাশযানে চড়ে পৃথিবী পরিভ্রমণ করেন?** [রাবি (অবাণিজ্য): ০৫-০৬]
ক) মাকারি খ) ভস্টক
গ) অ্যাপোলো ঘ) ডিসকভারি **উত্তর: খ**

১১. **মহাকাশের প্রথম মহিলা অভিযাত্রীর নাম কী?** [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ক) মাদাম কুরি
খ) তাসফিয়া রাজভিকো
গ) তাসনুভা গোরবাচেভ
ঘ) ভ্যালেন্তিনা তেরেসকোভা **উত্তর: ঘ**

১২. **'ভেলেনতিনা তেরেসকোভা' জন্মগ্রহণ করেন -** [রাবি (ই ইউনিট): ১৭-১৮]
ক) ৬ মার্চ, ১৯৩৭ খ) ২১ মে, ১৯৫৯
গ) ১৭ মার্চ, ১৯৬২ ঘ) ৪ জুন, ১৯৬৩ **উত্তর: ক**

১৩. **প্রথম মহিলা মহাশূন্যচারী কবে মহাশূন্যে যাত্রা করেন?** [একটি বাড়ি একটি খামার প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক) ১৯৬১ সালের ১২ এপ্রিল
খ) ১৯৬৩ সালের ৪ ডিসেম্বর
গ) ১৯৬৫ সালের ১৬ নভেম্বর
ঘ) ১৯৬৭ সালের ৪ অক্টোবর **উত্তর:**

১৪. **মহাশূন্যে মনুষ্যবাহীযান উৎক্ষেপণকারী তৃতীয় দেশ-** [চবি (ঘ ইউনিট): ০৫-০৬]
ক) জার্মানি খ) জাপান
গ) চীন ঘ) অস্ট্রেলিয়া
ঙ) ফ্রান্স **উত্তর: গ**

১৫. **শান্ত সাগর (Sea of Tranquility) কোথায় অবস্থিত?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব: ১৫]
ক) সূর্যে খ) শনি গ্রহে
গ) চাঁদে ঘ) বুধ গ্রহে **উত্তর: গ**

১৬. **কবে মানুষ প্রথম চাঁদে অবতরণ করে?** [রাবি (এ ইউনিট): ১৪-১৫]
ক) ২০ জুন, ১৯৬৯
খ) ২৫ জুলাই, ১৯৬৮
গ) ২০ জুলাই, ১৯৬৯
ঘ) ২০ আগস্ট, ১৯৬৯ **উত্তর: গ**

১৭. **On July ..... man walked on the Moon for the first time.** [Probashi Kallyan Bank Ltd. (SEO): 18]
ⓐ 19th ⓑ 20th
ⓒ 18th ⓓ 21th **Ans. d**

১৮. চন্দ্রপৃষ্ঠে প্রথম অবতরণকারী মানুষের নাম ও দেশ- [বাতিলকৃত ২৪তম বিসিএস/ পিএসসি'র সহকারী পরিচালক: ১৬]
ক) ইউরি গ্যাগারিন, রাশিয়া
খ) জন গ্লেন, যুক্তরাষ্ট্র
গ) রিচার্ড এলড্রিন, যুক্তরাষ্ট্র
ঘ) নেল আর্মস্ট্রং, যুক্তরাষ্ট্র **উত্তর:** ঘ

১৯. নিল আর্মস্ট্রং যে নভোযানে চড়ে চাঁদে অবতরণ করেন - [ববি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক) এ্যাপোলো ৮ খ) লুনা ০৯
গ) এ্যাপোলো ১১ ঘ) লুনা ১৬ **উত্তর:** গ

২০. "A small step for a man, a giant step for mankind-" said an astranaut. Name the astranaut. / "এটি একজন মানুষের ক্ষুদ্র পদক্ষেপ কিন্তু গোটা মানবজাতির জন্য এক বিশাল অগ্রযাত্রা" কোন নভোচারীর উক্তি? [IFIC Bank Ltd. Probationary officer: 92]
ⓐ Neil Armstrong
ⓑ Edward White
ⓒ Yuri Gagarin
ⓓ Allen Shepherd **Ans.** a

২১. কে চন্দ্রে পা রাখেননি? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (শিক্ষা মন্ত্রণালয়) এর অফিস সহকারী: ২১]
